(ছঃ)-এর কাছে পাঠায়। তারা এসে দ্বীনের বিষয়াদি নিয়ে আলোচনা শুরু করে। এক পর্যায়ে তারা হযরত ঈসা (আঃ)-কে উপাস্য প্রতিপন্ন করার জন্যে প্রবল বাদানুবাদ শুরু করে। ইতোমধ্যে মুবাহালার উপরোক্ত আয়াত নাযিল হয়। এতে রাসূলুল্লাহ্ (ছঃ) প্রতিনিধিদলকে মুবাহালার আহ্বান জানান এবং নিজেও হযরত ফাতিমা, হযরত আলী এবং ইমাম হাসান-হোসাইনকে সাথে নিয়ে মুবাহালার জন্যে প্রস্তুতি নিয়ে আসেন। এ আত্মবিশ্বাস দেখে শোরাহবীল ভীত হয়ে যায় এবং সাথীদ্বয়কে বলতে থাকে, তোমরা জান যে, ইনি আল্লাহর নবী। আল্লাহর নবীর সাথে মুবাহালা করার অর্থ আমাদের ধ্বংস অনিবার্য। তাই মুক্তির জন্য ভিন্ন পথ খোঁজ। সঙ্গীদ্বয় বলল, তোমার মতে মুক্তি কি? সে বলল, আমার মতে নবীর শর্তানুযায়ী সন্ধি করাই উত্তম। অতঃপর এতেই প্রতিনিধি দল সম্মত হয় এবং মহানবী (ছঃ) তাদের উপর জিযিয়া কর ধার্য করে মীমাংসায় উপনীত হন। (ইবনে কাসীর)

أَوْلَى النَّاسِ بِإِبْرٰهِيمَ لَلَّذِينَ اتَّبَعُوهُ وَهٰذَا النَّبِيُّ وَالَّذِينَ آمَنُوا ۗ

আওলান্না-সি বিইব্রা-হীমা লাল্লাযীনাত্ তাবা'উহু অহা-যান্ নাবিয়্যু অল্লাযীনা আ-মানূ;
মানুষের মধ্যে যারা ইব্রাহীমের অনুসারী তারা, এ নবী এবং মুমিনরা ইব্রাহীমের অনুসারী।

وَاللَّهُ وَلِيُّ الْمُؤْمِنِينَ ﴿٦٩﴾ وَدَّتْ طَّائِفَةٌ مِّنْ أَهْلِ الْكِتٰبِ لَوْ يُضِلُّونَكُمْ ۖ وَمَا

অল্লা-হু অলিয়্যুল্ মু'মিনীন্। ৬৯। অদ্দাত্ত্বোয়া — য়িফাতুম্ মিন্ আহ্লিল্ কিতা-বি লাওইয়ুদ্বিল্লূনাকুম্; অমা-
আল্লাহ মু'মিনদের বন্ধু। (৬৯) আহলে কিতাবের একদল তোমাদেরকে পথভ্রষ্ট করতে চায়, কিন্তু তারা নিজেদেরকেই

يُضِلُّونَ إِلَّا أَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُونَ ﴿٧٠﴾ يٰأَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُونَ بِآيٰتِ اللَّهِ

ইয়ুদ্বিল্লূনা ইল্লা~ আন্ফুসাহুম্ অমা-ইয়াশ্'উরূন।৭০। ইয়া~ আহ্লাল্ কিতা-বি লিমা- তাক্ফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি
ভ্রান্ত করছে অথচ তারা তা বুঝেই না। (৭০) হে কিতাবের অনুসারীরা আল্লাহর আয়াতকে কেন অস্বীকার করছ?

وَأَنْتُمْ تَشْهَدُونَ ﴿٧١﴾ يٰأَهْلَ الْكِتٰبِ لِمَ تَلْبِسُونَ الْحَقَّ بِالْبٰطِلِ وَتَكْتُمُونَ

অআন্তুম্ তাশ্হাদূন্। ৭১। ইয়া~ আহ্লাল্ কিতা-বি লিমা তাল্বিসূনাল্ হাক্ব্ক্বা বিল্বা-ত্বিলি অতাক্তুমূনাল্
অথচ তোমরাই তার স্বাক্ষী। ৭(১) হে কিতাবীরা! কেন সত্যকে মিথ্যার সাথে মিলাও আর গোপন করছ।

৭ ع ৮ ১৫ রুকু

الْحَقَّ وَأَنْتُمْ تَعْلَمُونَ ﴿٧٢﴾ وَقَالَتْ طَّائِفَةٌ مِّنْ أَهْلِ الْكِتٰبِ آمِنُوا بِالَّذِي

হাক্ব্ক্বা অ আন্তুম্ তা'লামূন্। ৭২। অক্বা-লাত্ ত্বোয়া — য়িফাতুম্ মিন্ আহ্লিল্ কিতা-বি আ-মিনূ বিল্লাযী ~
সত্যকে, অথচ তোমার জান। (৭২) কিতাবের অনুসারীদের এক দল বলে, মু'মিনদের উপর অবতীর্ণ

أُنْزِلَ عَلَى الَّذِينَ آمَنُوا وَجْهَ النَّهَارِ وَاكْفُرُوا آخِرَهُ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ۚ

উন্যিলা 'আলাল্লাযীনা আ-মানূ অজ্ব্হা ন্নাহা-রি অক্ফুরূ ~ আ-খিরাহূ লা'আল্লাহুম্ ইয়ার্জ্বি'উন্।
বিষয়কে দিনের শুরুতে বিশ্বাস কর আর শেষে প্রত্যাখ্যান কর। হয়ত তারা (ইসলাম থেকে) ফিরবে।

﴿٧٣﴾ وَلَا تُؤْمِنُوا إِلَّا لِمَنْ تَبِعَ دِينَكُمْ ۖ قُلْ إِنَّ الْهُدٰى هُدَى اللَّهِ ۙ أَنْ يُؤْتٰى

৭৩। অলা-তু'মিনূ~ ইল্লা-লিমান্ তাবি'আ দীনাকুম্ ক্বুল্ ইন্নাল্ হুদা-হুদাল্লা-হি আইঁ ইয়ু''তা~
(৭৩) তোমাদের ধর্মের অনুসারী ছাড়া কাকেও বিশ্বাস করো না। আপনি বলে দিন, নিশ্চয়ই প্রকৃত পথ, আল্লাহর পথ; এজন্য যে,

أَحَدٌ مِّثْلَ مَا أُوتِيتُمْ أَوْ يُحَاجُّوكُمْ عِنْدَ رَبِّكُمْ ۗ قُلْ إِنَّ الْفَضْلَ بِيَدِ اللَّهِ ۚ

আহাদুম্ মিছ্লা মা~ ঊতীতুম্ আও ইয়ুহা — জ্জূকুম্ 'ইন্দা রব্বিকুম্; ক্বুল্ ইন্নাল্ ফাদ্ব্লা বিইয়াদিল্লা-হি,
তোমাদের ন্যায় তাদেরকে দেয়া হবে; অথবা রবের নিকট তারা তর্ক করবে। বলুন, নিশ্চয়ই যাবতীয় দয়া আল্লাহর হাতে,

শানেনুযূলঃ আয়াত-৭২ ঃ মুনাফিক আবদুল্লাহ্ ইবনে ছাইফ, আদী ইবনে যাইদ এবং হারেস ইবনে আউফ নিজেদের মধ্যে পরামর্শ করে সিদ্ধান্ত নিল যে, সকালে মুহাম্মদ (ছঃ) এবং তাঁর সহচরবৃন্দের প্রতি ঈমান আনয়ন করবে আর সন্ধ্যায় মোর্তাদ বা ধর্মান্তর হয়ে যাবে এবং এটাই বলে দেব যে, আমাদের তৌরাত কিতাবে পাঠ করে এবং আমাদের আলেমদের নিকট জিজ্ঞেস করে যে সকল নিদর্শন জানতে পারলাম তাতে বুঝতে পারলাম যে, মুহাম্মদ (ছঃ) নবী নন। আমাদের এই চালের মাধ্যমে মুসলমানরাও হয়তো স্বধর্ম ত্যাগ করবে। তখন এ আয়াত অবতীর্ণ হয়, যাতে মুসলমানেরা এ ধোঁকা হতে সাবধান হয়।

يُؤْتِيهِ مَن يَشَاءُ ۗ وَاللَّهُ وَاسِعٌ عَلِيمٌ ﴿٧٤﴾ يَخْتَصُّ بِرَحْمَتِهِ مَن يَشَاءُ ۗ وَاللَّهُ

ইয়ু'তীহি মাইঁ ইয়াশা — য়্; অল্লা-হু ওয়া-সি'উন্ 'আলীম্। ৭৪। ইয়াখ্‌তাছ্‌ছু বিরহ্‌মাতিহী মাইঁ ইয়াশা — য়্; অল্লা-হু
যাকে ইচ্ছা তা দান করেন। আল্লাহ সুপ্রশস্ত, জ্ঞানী। (৭৪) যাকে ইচ্ছা স্বীয় রহমত দ্বারা খাছ করে বেছে নেন; আল্লাহ

ذُو الْفَضْلِ الْعَظِيمِ ﴿٧٥﴾ وَمِنْ أَهْلِ الْكِتَابِ مَنْ إِن تَأْمَنْهُ بِقِنطَارٍ يُؤَدِّهِ

যুল্‌ফাদ্ব্‌লিল্ 'আজীম্। ৭৫। অমিন্ আহ্‌লিল্ কিতা-বি মান্ ইন্ তা''মান্‌হু বিক্বিন্‌ত্বোয়া-রিইঁ ইয়ুআদ্দিহী ~
মহা অনুগ্রহশীল। (৭৫) আর কিতাবের অনুসারীদের মধ্যে এমন লোকও আছে যে রাশি রাশি মাল আমানত রাখলে

إِلَيْكَ وَمِنْهُم مَّنْ إِن تَأْمَنْهُ بِدِينَارٍ لَّا يُؤَدِّهِ إِلَيْكَ إِلَّا مَا دُمْتَ عَلَيْهِ

ইলাইকা, অমিন্‌হুম্ মান্ ইন্ তা''মান্‌হু বিদীনা- রিল্ লা-ইয়ুআদ্দিহী ~ ইলাইকা ইল্লা- মা-দুম্‌তা 'আলাইহি
সে ফেরত দেবে; আবার এমনও আছে- আপনি একটি দীনার আমানত রাখলে যতক্ষণ না দাঁড়িয়ে থাকবেন

قَائِمًا ۗ ذَٰلِكَ بِأَنَّهُمْ قَالُوا لَيْسَ عَلَيْنَا فِي الْأُمِّيِّينَ سَبِيلٌ وَيَقُولُونَ عَلَى اللَّهِ

ক্বা — য়িমা-; যা-লিকা বিআন্নাহুম্ ক্বা-লূ লাইসা 'আলাইনা- ফিল্ উম্মিয়্যীনা সাবীলুন্, অইয়াকূলূনা 'আলাল্লা-হিল্
ফেরত দেবে না,। কেননা, তারা বলে, অশিক্ষিতদের ব্যাপারে আমাদের দায়িত্ব নেই। মূলতঃ তারা জেনেশুনে

الْكَذِبَ وَهُمْ يَعْلَمُونَ ﴿٧٦﴾ بَلَىٰ مَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ وَاتَّقَىٰ فَإِنَّ اللَّهَ يُحِبُّ

কাযিবা অহুম্ ইয়া'লামূন্। ৭৬। বালা-মান্ আওফা- বি'আহ্‌দিহী অত্তাক্বা- ফাইন্নাল্লা-হা ইয়ুহিব্বুল্
আল্লাহ সম্পর্কে মিথ্যা বলে। (৭৬) হ্যাঁ, অবশ্যই যে ওয়াদা পালন করে মুত্তাকী হয়, তবে আল্লাহ্ মুত্তাকীদের পছন্দ

الْمُتَّقِينَ ﴿٧٧﴾ إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ

মুত্তাক্বীন্।৭৭। ইন্নাল্লাযীনা ইয়াশ্‌তারূনা বি'আহ্‌দিল্লা-হি অ আইমা-নিহিম্ ছামানান্ ক্বালীলান উলা — য়িকা
করেন। (৭৭) যারা আল্লাহর সঙ্গেকার ওয়াদা ও নিজেদের শপথকে নগণ্য মূল্যে বিক্রয় করে, আখেরাতে

لَا خَلَاقَ لَهُمْ فِي الْآخِرَةِ وَلَا يُكَلِّمُهُمُ اللَّهُ وَلَا يَنظُرُ إِلَيْهِمْ يَوْمَ الْقِيَامَةِ

লা-খালাক্বা লাহুম্ ফিল্ আ-খিরাতি অলা-ইয়ুকাল্লিমুহুমুল্লা-হু অলা-ইয়ান্‌জুরু ইলাইহিম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি
এদের কোন অংশ নেই। আল্লাহ তাদের সঙ্গে কিয়ামতে না কথা বলবেন, না সুদৃষ্টি দেবেন, আর না পবিত্র

وَلَا يُزَكِّيهِمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٧٨﴾ وَإِنَّ مِنْهُمْ لَفَرِيقًا يَلْوُونَ أَلْسِنَتَهُم

অলা-ইয়ুযাক্কীহিম্ অ লাহুম্ 'আযা-বুন্ আলীম্। ৭৮। অইন্না মিন্‌হুম্ লাফারীক্বাইঁ ইয়াল্‌য়ূনা আল্ সিনাতাহুম
করবেন, তাদের জন্য পীড়াদায়ক আযাব আছে। (৭৮) তাদের মধ্যে একশ্রেণী মুখ বাঁকা করে কিতাব পড়ে

শানেনুযূল ঃ আয়াত-৭৫ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, হযরত আবদুল্লাহ ইবনে সালামের নিকট একজন কোরেশ বংশীয় লোক দু'হাজার দু'শ আশরাফী বা স্বর্ণ মুদ্রা আমানত রেখেছিল। আমানতদাতা ওগুলো পরে ফেরৎ তলব করার সাথে সাথে তিনি সত্বর ওগুলো উপস্থিত করে দিলেন। আর একজন কোরেশী লোক ফখ্‌খাছ ইবনে আযুরা নামক ইহুদীর নিকট একটি দিনার আমানত রেখেছিল। লোকটি যখন পরে তা ফেরৎ চাইল তখন সে প্রত্যাখ্যান করল এবং বলল, যারা ইহুদী নয়, তারা মূর্খ, এবং মূর্খদের সম্পদ আত্মসাৎ করা আমাদের জন্য বৈধ এবং শরীয়তের বিধান মতে এতে আমরা দায়ী হব না। এ বিষয়ে আয়াতটি অবতীর্ণ হয়। রুহুল-মাআনীতে ইবনে জুরাইজ (রাঃ) হতে বর্ণিত আছে, আইয়ামে জাহিলিয়াতের সময় ইহুদীদের সাথে মুসলমানদের ক্রয়-

بِالْكِتٰبِ لِتَحْسَبُوْهُ مِنَ الْكِتٰبِ وَمَا هُوَ مِنَ الْكِتٰبِ ۚ وَيَقُوْلُوْنَ هُوَ مِنْ

বিল্ কিতা-বি লিতাহ্‌সাবূহু মিনাল্ কিতা-বি অমা-হুঅ মিনাল্ কিতা-বি, অইয়াকূলূনা হুঅ মিন্

যেন তাকে কিতাবই মনে কর; অথচ তা কিতাবের অংশ নয়; আর তারা বলে, এটা আল্লাহর

عِنْدِ اللّٰهِ وَمَا هُوَ مِنْ عِنْدِ اللّٰهِ ۚ وَيَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُمْ يَعْلَمُوْنَ ★

'ইনদিল্লা-হি অমা-হুঅ মিন্ 'ইন্‌দিল্লা-হি, অইয়াকূলূনা 'আলাল্লা-হিল্ কাযিবা অ হুম্ ইয়া'লামূন্।

পক্ষ হতে অথচ ওটা আল্লাহর পক্ষ হতে নয়, তারা জেনে-শুনে আল্লাহর উপর মিথ্যারোপ করে।

⑦⑨ مَا كَانَ لِبَشَرٍ اَنْ يُّؤْتِيَهُ اللّٰهُ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ ثُمَّ يَقُوْلَ

৭৯। মা-কা-না লিবাশারিন্ আইঁ ইয়ু''তিয়াহুল্লা-হুল্ কিতা-বা অল্ হুক্‌মা অ নুনুবুওঁয়্যাতা ছুম্মা ইয়াকূলা

(৭৯) কোন ব্যক্তির জন্য এটা সম্ভব নয় যে, আল্লাহ তাকে কিতাব, বিধান ও নবুয়ত দেবেন, আর সে লোকদের বলবে,

لِلنَّاسِ كُوْنُوْا عِبَادًا لِّيْ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ كُوْنُوْا رَبّٰنِيّٖنَ بِمَا كُنْتُمْ

লিন্না-সি কূনূ 'ইবাদা ল্লী মিন্ দূনিল্লা-হি অলা-কিন্ কূনূ রব্বা-নিয়্যীনা বিমা-কুন্‌তুম্

আল্লাহকে বাদ দিয়ে আমার বান্দা হও বরং (বলবে) সকলেই আল্লাহওয়ালা হও যেহেতু তোমরা

تُعَلِّمُوْنَ الْكِتٰبَ وَبِمَا كُنْتُمْ تَدْرُسُوْنَ ⑧⓪ وَلَا يَاْمُرَكُمْ اَنْ تَتَّخِذُوا

তু'আল্লিমূনাল্ কিতা-বা অবিমা-কুন্‌তুম্ তাদ্‌রুসূন্। ৮০। অলা-ইয়া''মুরাকুম্ আন্ তাত্তাখিযুল্

কিতাব শিক্ষা দিচ্ছ এবং শিক্ষা করছ। (৮০) তিনি নির্দেশ দেবেন না যে, তোমরা ফেরেশ্‌তা ও নবীদেরকে

৮ ع ৯ ১৬ রুকু

الْمَلٰٓئِكَةَ وَالنَّبِيّٖنَ اَرْبَابًا ؕ اَيَاْمُرُكُمْ بِالْكُفْرِ بَعْدَ اِذْ اَنْتُمْ مُّسْلِمُوْنَ ⑧① وَاِذْ

মালা — য়িকাতা অ ন্নাবিয়্যীনা আর্‌বা-বা-; আইয়া''মুরুকুম্ বিল্‌কুফ্‌রি বা'দা ইয্ আন্‌তুম্ মুসলিমূন্। ৮১। অইয্

রবরূপে গ্রহণ কর। সেকি তোমাদের নির্দেশ দেবে কুফরী করতে, এ অবস্থায় যে তোমরা মুসলমান? (৮১) (স্মরণ কর) যখন

اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ النَّبِيّٖنَ لَمَآ اٰتَيْتُكُمْ مِّنْ كِتٰبٍ وَّحِكْمَةٍ ثُمَّ جَآءَكُمْ

আখাযাল্লা-হু মীছা-ক্বান নাবিয়্যীনা লামা~ আ-তাইতুকুম্ মিন্ কিতা-বিওঁ অহিক্‌মাতিন্ ছুম্মা জ্বা — য়াকুম্

আল্লাহ নবীদের প্রতিজ্ঞা নিলেন যে, তোমাদেরকে আমি যে কিতাব ও হিকমত দেব, তারপর তোমাদের কাছে যা আছে

رَسُوْلٌ مُّصَدِّقٌ لِّمَا مَعَكُمْ لَتُؤْمِنُنَّ بِهٖ وَلَتَنْصُرُنَّهٗ ؕ قَالَ ءَاَقْرَرْتُمْ وَاَخَذْتُمْ

রাসূলুম্ মুছোয়াদ্দিকুল্ লিমা- মা'আকুম্ লাতু'মিনুন্না বিহী অ লাতান্‌ছুরুন্নাহ্; ক্বা-লা আআক্‌রারতুম্ ওয়া আখায্‌তুম্

তার সমর্থকরূপে রাসূল আসবে, তখন তাকে বিশ্বাস ও সাহায্য করবে। বললেন, তোমরা স্বীকার করলে? আর এ ব্যাপারে

রাসূলুল্লাহ বিক্রয় সংক্রান্ত মু'আমালা চলতে ছিল। কিন্তু পরে কোরেশী কাফেরদের মধ্যে যারা মুসলমান হয়ে যায়, তাঁরা যখন পূর্ব লেন-দেনের কথা উত্থাপন করেন তখন সে মহাজন ইহুদীরা বলে ওঠে, "আমাদের নিকট না তোমাদের কোন আমানত আছে, আর না আমরা তোমাদের প্রাপ্য শোধ করব; যেহেতু তোমরা স্ব-ধর্ম ত্যাগ করেছ' এবং আরও বলতে লাগল যে, এ আদেশ আমাদের তৌরাতে আছে। তখন আল্লাহ তা'আলা বললেন, "তারা জেনে শুনে আল্লাহর প্রতি মিথ্যারোপ করে। শানেনুযূল- আয়াতঃ ৭৯ঃ ঘটনা ইহুদী আলেমরা এবং নাজরানের ঈসায়ীরা নবী করীম (ছঃ)-এর দরবারে উপস্থিত হলে তিনি তাদেরকে ইসলামের দাওয়াত দিলেন, তখন ইহুদীরা বলল, "হে মুহাম্মদ! তোমার আকাঙ্ক্ষা কি আমরা তোমার ইবাদত শুরু করি, যেমন খৃষ্টানরা ঈসা (আঃ)-এর ইবাদত

على ذلكم اصري قالوا اقررنا قال فاشهدوا وانا معكم من الشهدين

'আলা- যা-লিকুম্ ইছ্‌রী; ক্বা-লূ~ 'আক্ব্‌রার্‌না-; ক্বা-লা ফাশ্‌হাদূ অ আনা মা'আকুম্ মিনাশ্ শা-হিদীন্।

আমার ওয়াদা কি গ্রহণ করলে? তারা বলল, স্বীকার করলাম। তিনি বললেন, সাক্ষী থাক তোমাদের সঙ্গে আমিও সাক্ষী রইলাম।

٨٢ فمن تولى بعد ذلك فاولئك هم الفسقون ٨٣ افغير دين الله يبغون

৮২। ফামান্ তাওয়াল্লা-বা'দা যা-লিকা ফাউলা — য়িকা হুমুল্ ফা-সিকূন্। ৮৩। আফাগাইরা দীনিল্লা-হি ইয়াব্‌গূনা

(৮২) এর পরেও যারা অমান্য করবে তারাই ফাসেক। (৮৩) আল্লাহর দ্বীন ছাড়া তারা কি অন্য দ্বীন চায়? অথচ তাকেই

وله اسلم من في السموت والارض طوعا وكرها واليه يرجعون ٨٤ قل

অলাহূ~ আস্‌লামা মান্ ফিস্ সামা-ওয়া-তি অল্‌আর্‌দ্বি ত্বোয়াও'আওঁ অ কারহাওঁ অইলাইহি ইয়ুর্‌জ্বা'উন্। ৮৪। ক্বুল্

মানছে আসমান যমীনের সব কিছু ইচ্ছায় অনিচ্ছায়, তাঁর সমীপে সবাই ফিরবে। (৮৪) বলুন,

امنا بالله وما انزل علينا وما انزل على ابرهيم واسمعيل واسحق و

আ-মান্না- বিল্লা-হি অমা~ উন্‌যিলা 'আলাইনা- অমা~ উন্‌যিলা 'আলা~ইব্রা-হী-মা অ ইসমা-ঈলা অ ইসহা-ক্বা অ

আমরা ঈমান এনেছি আল্লাহ ও আমাদের প্রতি অবতীর্ণ বিষয় এবং যা কিছু নাযিল হয়েছে, ইব্রাহীম, ইসমাঈল, ইসহাক,

يعقوب والاسباط وما اوتي موسى وعيسى والنبيون من ربهم لا

ইয়া'ক্বূবা অল্ আসবা-ত্বি অমা~ ঊতিয়া মূসা- অ'ঈসা- অন্নাবিয়্যূনা মির্ রব্বিহিম্ লা-

ইয়া'কূব ও তাঁর বংশধরের প্রতি অবতীর্ণ বিষয় আর যা মূসা, ঈসা ও নবীদেরকে রবের পক্ষ হতে দেয়া হয়েছে-

نفرق بين احد منهم ونحن له مسلمون ٨٥ ومن يبتغ غير الاسلام

নুফার্‌রিক্বু বাইনা আহাদিম্ মিন্‌হুম্ অনাহ্‌নু লাহূ মুসলিমূন্। ৮৫। অমাইঁ ইয়াব্‌তাগি গাইরাল্ ইসলা-মি

তাদের মাঝে পার্থক্য করি না; আমরা তাঁরই অনুগত। (৮৫) আর যে ইসলাম ছাড়া অন্য দ্বীন অন্বেষণ করে

دينا فلن يقبل منه وهو في الاخرة من الخسرين ٨٦ كيف يهدي

দীনান্ ফা লাইঁ ইয়ুক্ববালা মিন্‌হু, অহুঅ ফিল্ আ-খিরাতি মিনাল্ খা-সিরীন্। ৮৬। কাইফা ইয়াহ্‌দিল

তা কখনও কবূল করা হবে না, আর সে পরকালে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। (৮৬) আল্লাহ্ কিভাবে হেদায়েত

الله قوما كفروا بعد ايمانهم وشهدوا ان الرسول حق وجاءهم

লা-হু ক্বাওমান্ কাফারূ বা'দা ঈমা-নিহিম্ অশাহিদূ~ আন্নার্ রাসূলা হাক্ব্‌ক্বুঁও অজ্বা — আহুমুল্

দেবেন এমন সম্প্রদায়কে যারা ঈমান গ্রহণ, রাসূলকে সত্যরূপে সাক্ষ্যদান এবং স্পষ্ট নিদর্শন আসবার

করে?(ছঃ) বললেন, তওবা নাউযু বিল্লাহ, আমি তো বলছি, তোমাদের মধ্যে যেরূপ দীনদারী ছিল, অর্থাৎ আসমানী কিতাব পাঠ করতে এবং শিক্ষা দিতে এবং তদনুযায়ী আমল করতে, এখন তোমরা আমার সংস্পর্শে থেকে পুনরায় সেই উৎকর্ষতা অর্জন কর; যাতে তোমাদের পরকালের অবস্থাও ঠিক হয়ে যেত। তখন আয়াতটি নাযিল হয়। হযরত হাসান (রাঃ) হতে এটাও বর্ণিত আছে, জনৈক ব্যক্তি রাসূলুল্লাহ (ছঃ)-এর সমীপে আবেদন করল, "আমরা তো কেবল আপনাকে সালামই করি, যেরূপ সালাম আমরা সচরাচর পরস্পরের মধ্যে করে থাকি, আমরা কি আপনাকে সেজদা করব না? যদ্দারা আপনি আমাদের মধ্যে স্বতন্ত্র হয়ে থাকেন।" রাসূলুল্লাহ (ছঃ) এতে বাধা দিয়ে বললেন, কখনও না বরং তোমরা আপন নবীর সম্মান কর এবং হক্বদারের হক্ব নিরীক্ষণ করে লও। কেননা, আল্লাহ ছাড়া আর কাকেও সেজদা করা দুরস্ত নয়। শানেনুযূল- আয়াত ৮৬ ঃ আনসারীদের এক ব্যক্তি মুর্তাদ হয়ে গিয়েছিল। আর

الْبَيِّنٰتُ ۚ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٨٧﴾ أُولٰٓئِكَ جَزَآؤُهُمْ أَنَّ

বাইয়্যিনাত, অল্লা-হু লা- ইয়াহ্‌দিল্ ক্বাওমাজ্জোয়া-লিমীন্। ৮৭। উলা — য়িকা জ্বাযা — য়ুহুম্ আন্না
পরেও কুফ্‌রী করে। আল্লাহ জালিম কাওমকে কখনও হিদায়েত করেন না। (৮৭) এদের প্রতিদান হল, নিশ্চয়ই

عَلَيْهِمْ لَعْنَةَ اللّٰهِ وَالْمَلٰٓئِكَةِ وَالنَّاسِ أَجْمَعِيْنَ ﴿٨٨﴾ خٰلِدِيْنَ فِيْهَا ۚ لَا يُخَفَّفُ

'আলাইহিম্ লা'নাতাল্লা-হি অল্‌মালা — য়িকাতি অন্না-সি আজ্ব্‌মা'ঈন্। ৮৮। খা-লিদীনা ফীহা-, লা-ইয়ুখাফ্‌ফাফু
তাদের প্রতি আল্লাহর লানত আর ফেরেশতা ও সকল মানুষের। (৮৮) ওতে চিরকাল থাকবে; না তাদের আযাব

عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْظَرُوْنَ ﴿٨٩﴾ إِلَّا الَّذِيْنَ تَابُوْا مِنْ بَعْدِ ذٰلِكَ

'আন্‌হুমুল্ 'আযা-বু অলা-হুম্ ইয়ুন্‌জোয়ারূন্। ৮৯। ইল্লাল্লাযীনা তা-বূ মিম্ বা'দি যা-লিকা
কমানো হবে, আর না তাদের অবকাশ দেয়া হবে। (৮৯) তবে তাদের ছাড়া যারা তাওবা করে

وَأَصْلَحُوْا ۟ فَإِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٩٠﴾ إِنَّ الَّذِيْنَ كَفَرُوْا بَعْدَ إِيْمٰنِهِمْ

অআছ্‌লাহূ ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহীম্। ৯০। ইন্নাল্লাযীনা কাফারূ বা'দা ঈমা-নিহিম্
এবং সংশোধিত হয়, আল্লাহ ক্ষমাশীল, দয়াময়। (৯০) যারা ঈমানের পর কুফ্‌রী করে এবং

ثُمَّ ازْدَادُوْا كُفْرًا لَّنْ تُقْبَلَ تَوْبَتُهُمْ ۚ وَأُولٰٓئِكَ هُمُ الضَّآلُّوْنَ ﴿٩١﴾ إِنَّ الَّذِيْنَ

ছুম্মায্‌দা-দূ কুফ্‌রাল্লান্ তুক্ব্‌বালা তাওবাতুহুম্, অউলা — য়িকা হুমুদ্ব দ্বোয়া — ল্লূন্। ৯১। ইন্নাল্লাযীনা
কুফ্‌রীতে বাড়াবাড়ি করে, তাদের তাওবা কখনও কবূল হবে না, এরাই প্রকৃত পথভ্রষ্ট। (৯১) নিশ্চয়ই যারা

كَفَرُوْا وَمَاتُوْا وَهُمْ كُفَّارٌ فَلَنْ يُّقْبَلَ مِنْ أَحَدِهِمْ مِّلْءُ الْأَرْضِ

কাফারূ অমা-তূ অহুম্ কুফ্‌ফা-রুন্ ফালাইঁ ইয়ুক্ব্‌বালা মিন্ আহাদিহিম্ মিল্‌উল্ আরদ্বি
কাফের এবং কাফের অবস্থায় মারা যায়, মুক্তির জন্য কারোর নিকট থেকে বিনিময়ে দুনিয়া ভর সোনাও

ذَهَبًا وَّلَوِ افْتَدٰى بِهٖ ۚ أُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ أَلِيْمٌ وَّمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ۞

যাহাবাওঁ অলাওয়িফ্ তাদা-বিহ্; উলা — য়িকা লাহুম্ 'আযা-বুন্ আলীমুওঁ অমা-লাহুম্ মিন্ না-ছিরীন্।
গৃহীত হবে না,। এদের জন্য রয়েছে পীড়াদায়ক আযাব এবং এদের জন্য কোন সাহায্যকারী নেই।

৯ ع ১১ ১৭ রুকু

অন্য রেওয়ায়েতে বর্ণিত তোমা ও হারেছ নামক দু ব্যক্তি মুর্তাদ হয়ে গিয়েছিল। অতঃপর তারা লজ্জিত হয়ে আপন গোত্রের লোকদেরকে বলল, তোমরা হুযুর (ছঃ)-এর নিকট জিজ্ঞেস করে দেখ, আমাদের জন্য তওবা করার কোন পথ আছে কি না? তখন এ আয়াতটি নাযিল হয়। রাসূলুল্লাহ (ছঃ) এ আয়াত লিপিবদ্ধ করে তাদের স্ব-গোত্রীয় লোকদের নিকট পাঠিয়ে দিলে তারা পুনরায় ইসলাম গ্রহণ করলেন।

শানেনুযূল ঃ আয়াত -৯০ ঃ হযরত ক্বাতাদাহ ও হযরত হাসান (রাঃ) বলেছেন, ইহুদী-নাসারারা প্রথমে রাসূলুল্লাহ ছল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের গুণাবলী ও চারিত্রিক আদর্শের প্রতি ঈমান এনেছিল। কিন্তু পরে অস্বীকার করে এবং কুফরীর উপর দৃঢ় হয়ে যায়, এ প্রসঙ্গে এ আয়াতটি নাযিল হয়।– ফতহুল বায়ান। উপলব্ধি ঃ এ আয়াতে আল্লাহ্ তা'আলা ফিদইয়ার কথা উল্লেখ করে এরশাদ করেন যে, যারা কুফরীর উপর মৃত্যুমুখে পতিত হয় তারা যদি জমিনভর স্বর্ণও ফিদইয়া দেয়, তবু কোন লাভ হবে না, যেমন আবদুল্লাহ্ ইবনে জাদআন সম্পর্কে রাসূলুল্লাহ(ছঃ)-এর কাছে জিজ্ঞেস করা হয়েছিল যে, সে মেহ্‌মানদারী করে, কয়েদীদের মুক্ত করে, অভাবীদের আহার করায়, এসব কি তার কোন কাজে আসবে না, রাসূলুল্লাহ (ছঃ) বললেন, না, যেহেতু সে একদিনও বলেনি যে, হে আল্লাহ! আমাকে কেয়ামতের দিন মাফ করে দিও। এতে বুঝা গেল যে, কাফেররা দুনিয়ায় খয়রাত করুক আর আখেরাতে ফিদইয়া দিক, কোন কিছুই তাদের কোন কাজে আসবে না। আয়াত-৯১ ঃ টীকা ঃ হযরত আনাস (রাঃ) হতে বর্ণিত, কোন জাহান্নামীকে কিয়ামতের দিন যখন বলা হবে, গোটা পৃথিবীটাই সামগ্রিকভাবে যদি তোমার আছে ধরে লওয়া হয়, তবে এই শাস্তি হতে নাজাত লাভের জন্য বিনিময়স্বরূপ তার সবই দিয়ে দিবে তো? তখন সে উত্তরে হ্যাঁ বলবে। আল্লাহ্ তা'আলা বলবেন, পৃথিবীতে এরচেয়ে অনেক সহজ কাজই তোমার নিকট চেয়েছিলাম। তোমার পিতা আদমের পৃষ্ঠদেশ হতে বের করে তোমার নিকট হতে স্বীকৃতি নিয়েছিলাম? আমার সাথে কাকেও অংশিদার সাব্যস্ত না করার, কিন্তু তা তুমি রক্ষা করলে না এবং শরীক করা হতে বিরত থাকলে না।

পারা ৪

﴿٩٢﴾ لَنْ تَنَالُوا الْبِرَّ حَتّٰى تُنْفِقُوْا مِمَّا تُحِبُّوْنَ ۚ وَمَا تُنْفِقُوْا مِنْ شَيْءٍ فَاِنَّ اللّٰهَ

৯২। লান্ তানা-লুল্ বির্‌রা হাত্তা- তুন্‌ফিকূ মিম্মা- তুহিব্বূন্; অমা-তুন্‌ফিকূ মিন্ শাইয়িন্ ফাইন্নাল্লা-হা

(৯২) প্রিয় বস্তু ব্যয় না করলে তোমরা পুণ্য লাভ করতে পারবে না, তোমাদের ব্যয় করা বস্তু সম্পর্কে আল্লাহ

بِهٖ عَلِيْمٌ ﴿٩٣﴾ كُلُّ الطَّعَامِ كَانَ حِلًّا لِّبَنِيْٓ اِسْرَآءِيْلَ اِلَّا مَا حَرَّمَ اِسْرَآءِيْلُ

বিহী 'আলীম্। ৯৩। কুল্লুত্ত্বোয়া'আ-মি কা-না হিল্লাল্ লিবানী ~ ইসরা — য়ীলা ইল্লা-মা-হার্‌রামা ইস্‌রা — য়ীলু

ভাল জানেন। (৯৩) সকল খাদ্য বনী ইসরাঈলের জন্য বৈধ ছিল, শুধু সেসব বস্তু ছাড়া বনী ইসরাঈলরা যা হারাম

عَلٰى نَفْسِهٖ مِنْ قَبْلِ اَنْ تُنَزَّلَ التَّوْرٰىةُ ۗ قُلْ فَاْتُوْا بِالتَّوْرٰىةِ فَاتْلُوْهَآ اِنْ

'আলা- নাফ্‌সিহী- মিন্ ক্বাব্‌লি আন্ তুনায্‌যালাত্ তাওরা-হ্; ক্বূল্ ফা"তূ বিত্তাওরা-তি ফাত্‌লূহা ~ ইন্

করেছিল তার নিজের উপর তাওরাত নাযিল হওয়ার পূর্বে; বলুন, তাওরাত আন এবং পড়ে দেখ যদি

كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٩٤﴾ فَمَنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ مِنْۢ بَعْدِ ذٰلِكَ فَاُولٰٓئِكَ

কুন্‌তুম্ ছোয়া-দ্বিকীন্। ৯৪। ফামানিফ্ তারা 'আলাল্লা-হিল্ কাযিবা মিম্ বা'দি যা-লিকা ফাউলা — য়িকা

তোমরা সত্যবাদি হও। (৯৪) সুতরাং যারা আল্লাহর উপর এর পরও মিথ্যা আরোপ করবে, তারাই

هُمُ الظّٰلِمُوْنَ ﴿٩٥﴾ قُلْ صَدَقَ اللّٰهُ ۗ فَاتَّبِعُوْا مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ۗ وَمَا كَانَ

হুমুজ্জোয়া-লিমূন্। ৯৫। ক্বুল্ ছদাক্বাল্লা-হু ফাত্তাবিউ' মিল্লাতা ইব্রা-হীমা হানীফা-; অমা- কা-না

জালিম। (৯৫) বলুন, আল্লাহ সত্য বলেছেন, সুতরাং তোমরা মিল্লাতে ইব্রাহীমের সরল দ্বীন মেনে চল;

مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٩٦﴾ اِنَّ اَوَّلَ بَيْتٍ وُّضِعَ لِلنَّاسِ لَلَّذِيْ بِبَكَّةَ مُبٰرَكًا وَّ

মিনাল্ মুশ্‌রিকীন্। ৯৬। ইন্না আওওয়ালা বাইতিওঁ উদ্বি'আ লিন্না-সি লাল্লাযী বিবাক্কাতা মুবা- রাকাওঁ অ

তিনি তো মুশরিক নন। (৯৬) মানুষের জন্য সর্বাগ্রে যে ঘর তৈরি হয়েছিল তা বাক্কায়; এটা কল্যাণময় এবং

هُدًى لِّلْعٰلَمِيْنَ ﴿٩٧﴾ فِيْهِ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ مَّقَامُ اِبْرٰهِيْمَ ۚ وَمَنْ دَخَلَهٗ كَانَ اٰمِنًا ۗ

হুদাল্লিল্'আ-লামীন্। ৯৭। ফীহি আ-ইয়া-তুম্ বাইয়্যিনা-তুম্ মাক্বা-মু ইব্রা-হীমা অমান্ দাখালাহূ কা-না আ-মিনা-;

বিশ্ববাসীর জন্য পথ প্রদর্শক। (৯৭) এতে রয়েছে সুস্পষ্ট নিশানা[১] তন্মধ্যে মাকামে ইব্রাহীম অন্যতম। যে এতে আসবে

وَلِلّٰهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ اِلَيْهِ سَبِيْلًا ۗ وَمَنْ كَفَرَ فَاِنَّ اللّٰهَ

অলিল্লা-হি 'আলান্না-সি হিজ্জুল্ বাইতি মানিস্ তাত্বোয়া-'আ ইলাইহি সাবীলা-; অমান্ কাফারা ফাইন্নাল্লা-হা

নিরাপদে থাকবে; সামর্থ্যবানদের উপর এ ঘরের হজ্জ করা কর্তব্য। যে কুফরী করে, সে জেনে রাখুক নিশ্চয়ই আল্লাহ

ওয়াকুফে জিবরাঈল

টীকাঃ (১) এ নিশানা দ্বারা প্রমাণিত হয় যে, এ ঘর আল্লাহর দরবারে গৃহীত এবং এ ঘরকে আল্লাহ তা'আলা নিজের ঘর হিসেবে মনোনীত করেছেন ও মর্যাদা দিয়েছেন।

শানেনুযূল আয়াত ৯২ঃ আয়াত নাযিল হওয়ার পর আন্‌ছারদের মধ্যে সর্বাধিক সম্পদশালী ব্যক্তি হযরত আবু তাল্‌হা আনছারী (রাঃ) মসজিদে নবুবীর সম্মুখস্থ তাঁর ব্যারোহা' নামক প্রিয়তম বাগানটি আল্লাহর রাস্তায় দান করার কথা ঘোষণা করেন। এতদশ্রবণে রাসূলুল্লাহ (ছঃ) অত্যন্ত খুশী হলেন এবং তা তাঁর চাচাত ভাই ও অন্যান্য আত্মীয়-স্বজনদের জন্য ওয়াকফ করে দিলেন। উল্লেখ্য, বাগানটিতে সুমিষ্ট পানি ছিল এবং রাসূলুল্লাহ (ছঃ) তথা হতে পানি পান করতেন । আর এক সময় হযরত ওমর (রাঃ) হযরত আবু মূসা আশআরীকে একজন বাঁদী ক্রয় করে আনতে বললে

غَنِيٌّ عَنِ الْعٰلَمِيْنَ ﴿٩٨﴾ قُلْ يٰۤاَهْلَ الْكِتٰبِ لِمَ تَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ ق

গানিয়্যুন্ 'আনিল্ 'আ-লামীন্। ৯৮। কুল্ ইয়া ~ আহ্‌লাল্ কিতা-বি লিমা তাক্‌ফুরূনা বিআ-ইয়া তিল্লা-হি;
বিশ্ববাসী হতে বেপরোয়া। (৯৮) বলুন, হে কিতাবের অনুসারীরা। কেন আল্লাহর আয়াতকে মান না? আল্লাহ তো

وَاللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا تَعْمَلُوْنَ ﴿٩٩﴾ قُلْ يٰۤاَهْلَ الْكِتٰبِ لِمَ تَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ

অ ল্লা-হু শাহীদুন্ 'আলা- মা- তা'মালূন্। ৯৯। কুল্ ইয়া ~ আহ্‌লাল্ কিতা-বি লিমা তাছুদ্দূনা আন্ সাবীলিল্লা-হি
তোমাদের সকল কর্মের সাক্ষী। (৯৯) বলুন, হে কিতাবের অনুসারীরা! আল্লাহর পথে বিশ্বাসীদেরকে কেন বাধা দিচ্ছ। তোমরা

مَنْ اٰمَنَ تَبْغُوْنَهَا عِوَجًا وَّاَنْتُمْ شُهَدَآءُ ط وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ *

মান্ আ-মানা তাবগূনাহা- 'ইওজ্বাওঁ অআন্‌তুম্ শুহাদা — উ; অমাল্লা-হু বিগা-ফিলিন্ 'আম্মা-তা'মালূন্।
তাদের দ্বীনে বক্রতা অনুপ্রবেশের পথ খোঁজ? অথচ তোমরাই সাক্ষী। আর আল্লাহ তোমরা যা কর সে সম্পর্কে বেখবর নন।

﴿١٠٠﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنْ تُطِيْعُوْا فَرِيْقًا مِّنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ

১০০। ইয়া ~ আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ ~ ইন্ তুত্বী'উ ফারীক্বাম্ মিনাল্লাযীনা উতুল্ কিতা-বা
(১০০) হে মু'মিনরা! তোমরা কিতাবী কোন দলের অনুকরণ করলে তারা তোমাদেরকে

يَرُدُّوْكُمْ بَعْدَ اِيْمَانِكُمْ كٰفِرِيْنَ ﴿١٠١﴾ وَكَيْفَ تَكْفُرُوْنَ وَاَنْتُمْ تُتْلٰى

ইয়ারুদ্দূকুম্ বা'দা ঈমা-নিকুম্ কা-ফিরীন্। ১০১। অকাইফা তাক্‌ফুরূনা অআন্‌তুম্ তুত্‌লা-
ঈমানের পর কুফরীতে ফিরিয়ে নেবে। (১০১) কেমন করে তোমরা কুফরী করছ? অথচ আল্লাহর আয়াত

عَلَيْكُمْ اٰيٰتُ اللّٰهِ وَفِيْكُمْ رَسُوْلُهٗ ط وَمَنْ يَّعْتَصِمْ بِاللّٰهِ فَقَدْ هُدِيَ

'আলাইকুম্ আ-ইয়া-তুল্লা-হি অফীকুম্ রাসূলুহূ; অমাইঁ ইয়া'তাছিম্ বিল্লা-হি ফাক্বাদ্ হুদিয়া
তোমাদের মধ্যে পঠিত হয় আর তোমাদের মাঝে রাসূলও আছেন আর যে দৃঢ়ভাবে ধারণ করে আল্লাহকে, সে অবশ্যই

১০ ع ১০ ১ রুকু

اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿١٠٢﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ حَقَّ تُقٰتِهٖ وَلَا تَمُوْتُنَّ

ইলা- ছিরা-ত্বিম্ মুস্‌তাক্বীম্ ১০২। ইয়া ~ আইয়্যুহাল্ লাযীনা আ-মানুত্ তাকুল্লা-হা হাক্ব্ক্বা তুক্বা- তিহী অলা-তামূতুন্না
সরল পথ প্রাপ্ত হবে। (১০২) হে লোকেরা, তোমরা যারা ঈমান এনেছ আল্লাহকে যথাযথ ভয় কর, আর মুসলমান

اِلَّا وَاَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿١٠٣﴾ وَاعْتَصِمُوْا بِحَبْلِ اللّٰهِ جَمِيْعًا وَّلَا تَفَرَّقُوْا ص

ইল্লা-অআন্‌তুম্ মুস্‌লিমূন্। ১০৩। অ'তাছিমূ বিহাব্‌লিল্লা-হি জ্বামীআওঁ অলা- তাফার্‌রাক্বূ,
না হয়ে কেউ মৃত্যুবরণ করো না। (১০৩) আর তোমরা সবাই একত্রে আল্লাহর রজ্জুকে শক্তভাবে ধর, বিচ্ছিন্ন হয়ো না।

তিনি ক্রয় করে আনলেন। হযরত ওমর তদ্দর্শনে মুগ্ধ হলেন এবং সাথে সাথে এ আয়াতের কথা স্মরণ হওয়া মাত্র বাঁদীকে আজাদ করে দিলেন।

শানেনুযূল ঃ আয়াত-১০০ঃ শম্মাছ ইবনে কায়েছ নামক এক ইহুদী মুসলমানদের কথা শুনলে সর্বদা হিংসায় জলে মরত। একদা আনছারদের আউছ ও খাজরাজ বিখ্যাত গোত্রদ্বয়ের লোকদেরকে এক সমাবেশ দেখে তার হিংসানল দ্বিগুণভাবে জ্বলে উঠল। তখন সে তাদের প্রাগৈতিহাসিক শত্রুতা জাগিয়ে তোলার পথ খোঁজ করতে লাগল। অবশেষে সিদ্ধান্ত নিল যে, উভয় গোত্রের মধ্যে ইসলাম পূর্ব বছরের পর বছর ধরে যে রক্তক্ষয়ী যুদ্ধ চলছিল এবং তৎসম্বন্ধে বীরত্ব ও উত্তেজনা ব্যঞ্জক যে সকল কবিতা তাদের এই ইসলামিক

وَاذْكُرُوا نِعْمَتَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ كُنتُمْ أَعْدَاءً فَأَلَّفَ بَيْنَ قُلُوبِكُمْ

অয্‌কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম্‌ ইয্‌ কুন্‌তুম্‌ আ'দা — য়ান্‌ ফাআল্লাফা বাইনা কু্লূবিকুম্‌
তোমাদের প্রতি আল্লাহর নিয়ামতকে স্মরণ কর যখন তোমরা ছিলে পরস্পর শত্রু, তিনি তোমাদের মনে মায়া

فَأَصْبَحْتُم بِنِعْمَتِهِ إِخْوَانًا وَكُنتُمْ عَلَىٰ شَفَا حُفْرَةٍ مِّنَ النَّارِ فَأَنقَذَكُم

ফাআছ্‌বাহ্‌তুম্‌ বিনি'মাতিহী ~ ইখওয়া-নান্‌, অকুন্‌তুম্‌ 'আলা- শাফা- হুফ্‌রাতিম্‌ মিনান্না-রি ফায়ানক্বাযাকুম্‌
সৃষ্টি করেন, তাঁর অনুগ্রহে তোমরা ভাই ভাই হয়ে গেলে। আর তোমরা ছিলে দোযখের কিনারায়, আল্লাহ তা হতে

مِّنْهَا ۗ كَذَٰلِكَ يُبَيِّنُ اللَّهُ لَكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَهْتَدُونَ ﴿١٠٤﴾ وَلْتَكُن مِّنكُمْ

মিন্‌হা-; কাযা-লিকা ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুম্‌ আ-ইয়া-তিহী লা'আল্লাকুম্‌ তাহ্‌তাদূন্‌। ১০৪। অল্‌ তাকুম্‌ মিন্‌কুম্‌
উদ্ধার করলেন। এ ভাবেই আল্লাহ স্বীয় নিদর্শন বিবৃত করেন, যেন তোমরা পথ পাও। (১০৪) তোমাদের মধ্যে এমন

أُمَّةٌ يَدْعُونَ إِلَى الْخَيْرِ وَيَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنكَرِ ۚ وَ

উম্মাতুই ইয়াদ্‌'উনা ইলাল্‌ খাইরি অ ইয়া''মুরূনা বিল্‌মা'রূফি অ ইয়ান্‌হাওনা 'আনিল্‌ মুন্‌কার্‌; অ
একটি দল হওয়া উচিত যারা কল্যাণের দিকে ডাকবে এবং আদেশ করবে সৎকাজের, এবং মন্দ কাজে নিষেধ করবে।

أُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ﴿١٠٥﴾ وَلَا تَكُونُوا كَالَّذِينَ تَفَرَّقُوا وَاخْتَلَفُوا مِن

উলা — য়িকা হুমুল্‌ মুফ্‌লিহূন্‌। ১০৫। অলা-তাকূনূ কাল্লাযীনা তাফার্‌রাকূ অখ্‌তালাফূ মিম্‌
এরাই সফলকাম। (১০৫) আর তোমরা তাদের মত হয়ো না যারা সুস্পষ্ট বিধান আসার পরেও বিচ্ছিন্ন হয়েছে

بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَاتُ ۚ وَأُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿١٠٦﴾ يَوْمَ تَبْيَضُّ

বা'দি মা-জ্বা — য়াহুমুল্‌ বাইয়্যিনা-ত্‌; অউলা — য়িকা লাহুম্‌ 'আযা-বুন্‌ 'আজীম্‌। ১০৬। ইয়াওমা তাব্‌ইয়াদ্দ্বু
এবং পরস্পর মতভেদ করেছে তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি। (১০৬) সেদিন কতকের চেহারা

وُجُوهٌ وَتَسْوَدُّ وُجُوهٌ ۚ فَأَمَّا الَّذِينَ اسْوَدَّتْ وُجُوهُهُمْ أَكَفَرْتُم بَعْدَ

উজ্বূহুওঁ অতাস্‌ওয়াদ্দু উজ্বূহুন্‌, ফাআম্মাল্‌ লাযী নাস্‌ ওয়াদ্দাত্‌ উজ্বূহুহুম্‌ আকাফার্‌তুম্‌ বা'দা
হবে উজ্জ্বল আর কতকের চেহারা হবে কালো। কালো চেহারার লোকদের বলা হবে, ঈমানের পর কি কুফরী করেছিলে?

إِيمَانِكُمْ فَذُوقُوا الْعَذَابَ بِمَا كُنتُمْ تَكْفُرُونَ ﴿١٠٧﴾ وَأَمَّا الَّذِينَ ابْيَضَّتْ

ঈমা-নিকুম্‌ ফাযূক্বুল্‌ 'আযা-বা বিমা-কুন্‌তুম্‌ তাক্‌ফুরূন্‌। ১০৭। অআম্মাল্‌ লাযীনাব্‌ ইয়াদ্ব্‌ দ্বোয়াত্‌
অতএব, এখন তোমরা শাস্তি ভোগ কর তোমাদের কুফরীর জন্য। (১০৭) উজ্জ্বল চেহারার লোকেরা

ভ্রাতৃত্বমূলক অধিবেশনে আবৃত্তি করে দেয়াই শ্রেয় হবে, যাতে তাদের পূর্ব শত্রুতামূলকভাব গজিয়ে উঠে। অতঃপর সেখানে উক্ত প্রকৃতির কবিতাবৃত্তি হওয়া মাত্রই তাদের প্রাচীন সুপ্ত হিংসানল ধূমায়িত হতে লাগল এবং পরস্পরের মধ্যে তর্কবিতর্ক ও কর্কশালাপ শুরু হয়ে গেল, অবশেষে পরস্পর যুদ্ধের প্রস্তুতি নিল এবং দিন তারিখ ও স্থান ঠিক করে ফেলল। রাসূলুল্লাহ (ছঃ)-এর নিকট যখন এ সংবাদ পৌঁছল, তখন তিনি দ্রুত তাদের নিকট গমনপূর্বক বললেন, এটা কেমন আক্রোশের বিষয় যে, আমি স্বয়ং তোমাদের মধ্য বিদ্যমান রয়েছি এবং তোমরা সকলেই মুসলমানও হয়েছ এবং তোমাদের মধ্যে সুমধুর ঐক্যও সংঘটিত হয়েছে, অতঃপর তোমরা সেই জাহেলিয়াতের দিকে পুনরায় প্রত্যাবর্তন করছ? তৎক্ষণাৎ তাঁরা সম্বিত ফিরে পেলেন এবং বুঝতে পারলেন যে, এ উত্তেজনাটি একটি শয়তানি চক্রান্ত ছিল। অতঃপর তাঁরা পরস্পর আলিঙ্গনাবদ্ধ হয়ে ক্রন্দন করতে করতে

وُجُوهُهُمْ فَفِي رَحْمَةِ اللَّهِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿১০৮﴾ تِلْكَ آيَاتُ اللَّهِ نَتْلُوهَا

উজূ্‌হুহুম্‌ ফাফী রাহ্‌মাতিল্লা-হ্‌; হুম্‌ ফীহা- খা-লিদূন্‌। ১০৮। তিল্‌কা আ-ইয়া-তুল্লা-হি নাত্‌লূহা-

আল্লাহর রহমতে থাকবে, সেখানে তারা স্থায়ী হবে। (১০৮) এটা আল্লাহর আয়াত যা সঠিকভাবে তোমাদের নিকট

عَلَيْكَ بِالْحَقِّ ۗ وَمَا اللَّهُ يُرِيدُ ظُلْمًا لِّلْعَالَمِينَ ﴿১০৯﴾ وَلِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ

'আলাইকা বিল্‌হাক্ব্‌; অমাল্লা-হু ইয়ুরীদু জুল্‌মাল্‌ লিল্‌'আ-লামীন্‌। ১০৯। অলিল্লা-হি মা-ফিস্‌ সামা-ওয়া-তি

পাঠ করি, আর আল্লাহ চান না বিশ্ববাসীর প্রতি জুলুম করতে। (১০৯) আকাশ ও পৃথিবীর যা কিছু আছে

১১ ع ৮ ২ রুকু

وَمَا فِي الْأَرْضِ ۚ وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ﴿১১০﴾ كُنتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ

অমা-ফিল্‌ আরদ্ব্‌; অ ইলাল্লা-হি তুর্‌জ্বাউ'ল্‌ উমূর্‌। ১১০। কুন্‌তুম্‌ খাইরা উম্মাতিন্‌ উখ্‌রিজ্বাত্‌

সবই আল্লাহর। সকল ব্যাপার আল্লাহর কাছেই পেশ হবে। (১১০) তোমরা উত্তম জাতি, মানুষের জন্য

لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنكَرِ وَتُؤْمِنُونَ بِاللَّهِ ۗ

লিন্না-সি তা''মুরূনা বিল্‌মা'রূফি অতান্‌হাওনা 'আনিল্‌ মুন্‌কারি অতু''মিনূনা বিল্লা-হ্‌;

সৃষ্ট হলে। সৎকাজের আদেশ করবে, আর বাধা প্রদান করবে অসৎকাজে আর আল্লাহর প্রতি ঈমান রাখবে।

وَلَوْ آمَنَ أَهْلُ الْكِتَابِ لَكَانَ خَيْرًا لَّهُم ۚ مِّنْهُمُ الْمُؤْمِنُونَ وَأَكْثَرُهُمُ

অলাও আ-মানা আহ্‌লুল্‌ কিতা-বি লাকা-না খাইরাল্লাহুম্‌; মিন্‌হুমুল্‌ মু''মিনূনা অ আক্‌ছারুহুমুল্‌

যদি কিতাবীরা ঈমান আনত, তাদেরই কল্যাণ হত। তাদের মধ্যে কিছু মু'মিন আর অধিকাংশ

الْفَاسِقُونَ ﴿১১১﴾ لَن يَضُرُّوكُمْ إِلَّا أَذًى ۖ وَإِن يُقَاتِلُوكُمْ يُوَلُّوكُمُ الْأَدْبَارَ ثُمَّ

ফা-সিক্বূন্‌। ১১১। লাইঁ ইয়াদ্বুর্‌রূকুম্‌ ইল্লা ~ আযান্‌; অইঁ ইয়ুক্বা-তিলূকুম্‌ ইয়ুঅল্লুকুমুল্‌ আদ্‌বা-রা

ফাসেক। (১১১) কষ্ট দান ছাড়া তারা ক্ষতি করতে পারবে না। আর যদি তোমাদের বিপক্ষে লড়াই করে, তবে যারা পৃষ্ঠ

ثُمَّ لَا يُنصَرُونَ ﴿১১২﴾ ضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ أَيْنَ مَا ثُقِفُوا إِلَّا بِحَبْلٍ مِّنَ اللَّهِ

ছুম্মা লা-ইয়ুনছোয়ারূন্‌। ১১২। দ্বুরিবাত্‌ 'আলাইহিমুয্‌ যিল্লাতু আইনা মা-ছুক্বিফূ ~ ইল্লা-বিহাব্‌লিম্‌ মিনাল্লা-হি

প্রদর্শন করে তারা কোন সাহায্য পাবে না। (১১২) তারা লাঞ্ছিত হয়েছে আল্লাহ ও মানুষের প্রতিশ্রুতি [১] ছাড়া যেখানেই

وَحَبْلٍ مِّنَ النَّاسِ وَبَاءُوا بِغَضَبٍ مِّنَ اللَّهِ وَضُرِبَتْ عَلَيْهِمُ الْمَسْكَنَةُ ۚ

অহাব্‌লিম্‌ মিনান্‌ না-সি অবা — উ বিগাদ্বোয়াবিম্‌ মিনাল্লা-হি অদ্বুরিবাত্‌ 'আলাইহিমুল্‌ মাস্‌কানাহ্‌;

তাদেরকে পাওয়া গেছে, সেখানেই তারা আল্লাহর গজবের পাত্র হয়েছে, তাদের উপর অভাব চাপিয়ে দেয়া হয়েছে,

তওবা করে নিল। তখন আলোচ্য আয়াতটি অবতীর্ণ হয়। (বঃ কোঃ) **টীকা ঃ** (১) নারী, শিশু, বৃদ্ধ ও গীর্জার সাধুদের উপর আক্রমণ না করাই আল্লাহর প্রতিশ্রুতি। সন্ধি ও চুক্তির মাধ্যমে নিরাপত্তা বিধানই মানুষের ওয়াদা।

শানেনুযূল ঃ আয়াত-১১১ ঃ মদীনার ইহুদীরা যখন ইসলামের প্রবল পরাক্রান্ত শত্রু– অবিশ্বাসী কোরাইশদের সাথে সম্মিলিত হয়ে ইসলাম ধ্বংসের জন্য ষড়যন্ত্রে লিপ্ত হয়েছিল, তখন এ আয়াত নাযিল হয়। আল্লাহ তা'আলা রাসূলুল্লাহ (ছঃ)-কে বললেন, তারা এরূপ হীন ষড়যন্ত্রে লিপ্ত হয়ে তা দিয়ে তোমাদেরকে সামান্য কষ্ট দেওয়া ছাড়া আর কোনই অনিষ্ট করতে পারবে না। আর ইহুদীরা সম্মুখ-সংগ্রামে অবতীর্ণ হলে নিশ্চয়ই পরাজিত ও বিধ্বস্ত হবে এবং যার প্ররোচনায় তারা এরূপ অসম সাহসিকতার কার্যে লিপ্ত হবে, তারা কেউই তাদেরকে সাহায্য করবে না। (বঃ কোঃ)

ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ؕ

যা-লিকা বিআন্নাহুম্ কা-নূ ইয়াক্‌ফুরূনা বিআ-ইয়া-তিল্লা-হি অইয়াক্ব্‌তুলূনাল্ আম্‌বিয়া — য়া বিগাইরি হাক্ব্;

তা এ জন্য যে, তারা আল্লাহর আয়াত অস্বীকার করত এবং অন্যায়ভাবে নবীদেরকে হত্যা করত।

ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿۱۱۳﴾ لَيْسُوْا سَوَآءً ؕ مِنْ اَهْلِ الْكِتٰبِ اُمَّةٌ

যা-লিকা বিমা-'আছোয়াও অ কা-নূ ইয়া'তাদূন্। ১১৩। লাইসূ সাওয়া — আন্; মিন্ আহ্‌লিল্ কিতা-বি উম্মাতুন্

আর তা এজন্য যে, তারা সীমালংঘন করত। (১১৩) তারা সকলে সমান নয়, কিতাবের অনুসারীদের একদল ছিল

قَآئِمَةٌ يَّتْلُوْنَ اٰيٰتِ اللّٰهِ اٰنَآءَ الَّيْلِ وَهُمْ يَسْجُدُوْنَ ﴿۱۱۴﴾ يُؤْمِنُوْنَ بِاللّٰهِ

ক্বা — য়িমাতুঁই ইয়াত্‌লূনা আ-ইয়া-তিল্লা-হি আ-না — য়াল্ লাইলি অহুম্ ইয়াস্‌জুদূন্। ১১৪। ইয়ু'মিনূনা বিল্লা-হি

অবিচলিত, তারা রাত জেগে আল্লাহর আয়াত পাঠ করে এবং সেজদা করে। (১) (১১৪) তারা আল্লাহ্ ও

وَالْيَوْمِ الْاٰخِرِ وَيَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَيُسَارِعُوْنَ فِى

অল্ ইয়াওমিল্ আ-খিরি অইয়া"মুরূনা বিল্‌মা'রূফি অইয়ান্‌হাওনা 'আনিল্ মুন্‌কারি অইয়ুসা-রি'ঊনা ফিল্

পারকালে ঈমান রাখে তারা সৎকাজের আদেশ করে আর মন্দ কাজে বাধা দেয়; ভাল কাজে প্রতিযোগিতা করে

الْخَيْرٰتِ ؕ وَاُولٰٓئِكَ مِنَ الصّٰلِحِيْنَ ﴿۱۱۵﴾ وَمَا يَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَلَنْ يُّكْفَرُوْهُ ؕ

খাইরা-ত্; অউলা — য়িকা মিনাছ্ ছোয়া-লিহীন্। ১১৫। অমা- ইয়াফ্'আলূ মিন্ খাইরিন্ ফালাইঁ ইয়ুক্‌ফারূহু;

আর নেক কাজে তারাই পুণ্যবানদের অন্তর্ভুক্ত। (১১৫) তাদেরকে ভাল কাজের প্রতিদান থেকে কখনও বঞ্চিত

وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ ﴿۱۱۶﴾ اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ تُغْنِىَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَآ

অল্লা-হু 'আলীমুম্ বিল্‌মুত্তাক্বীন্। ১১৬। ইন্নাল্লাযীনা কাফারূ লান্ তুগ্‌নিয়া 'আন্‌হুম্ আমওয়া-লুহুম্ অলা ~

ও অস্বীকার করা হবে না। আর আল্লাহ জানেন মুত্তাকীদের সম্পর্কে। (১১৬) যারা কাফের তাদের সম্পদ ও সন্তানাদি

اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَيْـًٔا ؕ وَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿۱۱۷﴾ مَثَلُ

আওলা-দুহুম্ মিনাল্লা-হি শাইয়া-; অউলা — য়িকা আছ্‌হা-বুন্না-রি, হুম্ ফীহা-খা-লিদূন্। ১১৭। মাছালু

কোন কাজে আসবে না আল্লাহর নিকট; এরাই জাহান্নামী; তথায় তারা স্থায়ীভাবে থাকবে। (১১৭) তাদের উপমা

مَا يُنْفِقُوْنَ فِىْ هٰذِهِ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَثَلِ رِيْحٍ فِيْهَا صِرٌّ اَصَابَتْ حَرْثَ

মা- ইয়ুন্‌ফিক্বূনা ফী হা-যিহিল্ হাইয়া-তিদ্দুন্‌ইয়া-কামাছালি রীহিন্ ফীহা-ছিরুরুন্ আছোয়া-বাত্ হার্‌ছা

হচ্ছে তারা পার্থিব জীবনে যা ব্যয় করে তা ঐ হিমেল হাওয়ার ন্যায় যা আঘাত করল এমন লোকদের

শানেনুযূল ঃ আয়াত-১১৩ ঃ হযরত আবদুল্লাহ ইবনে সালাম, ছা'লাবা, আছদ এবং উছাইদ (রাঃ) যখন ইহুদী ধর্ম ত্যাগ করে ইসলাম কবুল করেন এবং নাজরানের চল্লিশজন খৃষ্টান, বিরাশীজন হাবশী এবং অপরাপর আটজন লোক একই সাথে ইসলাম কবুল করেন, তখন ইহুদীরা ইসলাম গ্রহণের কারণে তাদের সমালোচনা আরম্ভ করল যে, এরা আমাদের মধ্যে ধর্মহীন নিকৃষ্ট প্রকৃতির লোক। যদি তারা সম্ভ্রান্ত ও সৎলোক হত তবে স্বীয় বাপ-দাদার ধর্ম বর্জন করত না। তখন আলোচ্য আয়াতটি অবতীর্ণ হয়। নাসায়ী শরীফের বর্ণনা হতে বুঝা যায়, একদা রাসূলুল্লাহ (ছঃ) এশার নামাযে যেতে অনেক বিলম্ব করে ছিলেন, আর এ দিকে সাহাবারা মসজিদে সমবেত হয়ে তাঁর জন্য অপেক্ষা করছিলেন। এ সময় তাদের মধ্যে অস্থিরতা না আসা এবং অবিচলভাবে রাসূলুল্লাহ (ছঃ)-এর জন্য অপেক্ষা করে থাকার উপর প্রশংসা করে এ আয়াতটি অবতীর্ণ হয়।

قَوْمٍ ظَلَمُوا أَنْفُسَهُمْ فَأَهْلَكَتْهُ ۚ وَمَا ظَلَمَهُمُ اللَّهُ وَلَٰكِنْ أَنْفُسَهُمْ يَظْلِمُونَ ✱

ক্বাওমিন্ জোয়ালামূ ~ আন্‌ফুসাহুম্ ফাআহ্‌লাকাত্‌হু; অমা-জোয়ালামাহুমুল্লা-হু অলা-কিন্ আন্‌ফুসাহুম্ ইয়াজ্‌লিমূন্।
শস্যক্ষেত্রকে যারা নিজেদের প্রতি জুলুম করেছে। আল্লাহ জুলুম করেন নি বরং নিজেরাই নিজেদের প্রতি জুলুম করছে।

﴿١١٨﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِنْ دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا

১১৮। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ লা-তাত্তাখিযূ বিত্বোয়া-নাতাম্ মিন্ দূনিকুম্ লা- ইয়া''লূনাকুম্ খাবা-লা-;
(১১৮) হে ঈমানদারেরা! নিজেদের ছাড়া অন্যকে বন্ধুরূপে গ্রহণ করো না, তারা ত্রুটি করবে না

وَدُّوا مَا عَنِتُّمْ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ وَمَا تُخْفِي صُدُورُهُمْ

অদ্দূ মা-'আনিত্তুম্, ক্বাদ্ বাদাতিল্ বাগ্‌দ্বোয়া — উ মিন্ আফ্‌ওয়া-হিহিম্, অমা-তুখ্‌ফী ছুদূরুহুম্
তোমাদের অনিষ্ট করতে, তোমাদের ক্ষতিই তারা চায়; শত্রুতা তাদের মুখ দিয়ে প্রকাশ পায়; কিন্তু মনের গোপন

أَكْبَرُ ۚ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ ۖ إِنْ كُنْتُمْ تَعْقِلُونَ ﴿١١٩﴾ هَا أَنْتُمْ أُولَاءِ

আক্‌বার্; ক্বাদ্ বাইয়্যান্না-লাকুমুল্ আ-ইয়া-তি ইন্ কুন্‌তুম্ তা'ক্বিলূন্। ১১৯। হা ~ আন্‌তুম্ উলা — য়ি
বিষয়টি আরো ভয়াবহ, তোমাদের জন্য আয়াত বর্ণনা করলাম, যদি বুঝ। (১১৯) হ্যাঁ তোমরাই তাদেরকে ভালবাস,

تُحِبُّونَهُمْ وَلَا يُحِبُّونَكُمْ وَتُؤْمِنُونَ بِالْكِتَابِ كُلِّهِ وَإِذَا لَقُوكُمْ قَالُوا

তুহিবূনাহুম্ অলা-ইয়ুহিব্বূনাকুম্ অতু''মিনূনা বিল্‌কিতা-বি কুল্লিহী, অইযা- লাক্বূকুম্ ক্বা-লূ ~
তারা তোমাদের ভালবাসে না, অথচ তোমরা সমস্ত কিতাবে বিশ্বাসী। আর যখন তারা তোমাদের সঙ্গে সাক্ষাত করে তখন বলে-

آمَنَّا وَإِذَا خَلَوْا عَضُّوا عَلَيْكُمُ الْأَنَامِلَ مِنَ الْغَيْظِ ۚ قُلْ مُوتُوا بِغَيْظِكُمْ ۗ

আ-মান্না-; অইযা- খালাও আদ্দূ 'আলাইকুমুল্ আনা- মিলা মিনাল্ গাইজ্; ক্বুল্ মূতূ বিগাইজিকুম্;
আমরা ঈমান এনেছি; কিন্তু যখন পৃথক হয় তখন ক্রোধে দাঁতে আঙুল কাটে। বলুন, তোমাদের ক্রোধে তোমরাই মর;

إِنَّ اللَّهَ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ﴿١٢٠﴾ إِنْ تَمْسَسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ

ইন্নাল্লা-হা আলীমুম্ বিযা-তিছ্ ছুদূর্। ১২০। ইন্ তাম্‌সাস্‌কুম্ হাসানাতুন্ তাসু''হুম্
নিশ্চয়ই আল্লাহ অন্তরের সব কথা জানেন। (১২০) যদি তোমাদের কল্যাণ হয়, তবে তারা কষ্ট পায়,

وَإِنْ تُصِبْكُمْ سَيِّئَةٌ يَفْرَحُوا بِهَا ۖ وَإِنْ تَصْبِرُوا وَتَتَّقُوا لَا يَضُرُّكُمْ

অইন্ তুছিব্‌কুম্ সাইয়্যিয়াতুই ইয়াফ্‌রাহূ বিহা-; অইন্ তাছ্‌বিরূ অতাত্তাক্বূ লা-ইয়াদ্বুরুরুকুম্
আর তোমাদের কষ্টে তারা খুশী হয়। তোমরা ধৈর্য ধরলে আর সংযমী হলে তাদের চক্রান্ত তোমাদের ক্ষতি করতে

আয়াত-১১৭ ঃ অর্থাৎ তদ্রূপ আখেরাতে কাফেরদের দানও বিফল হয়ে যাবে। কেননা, কুফর দান কবুল হওয়ার বিরোধী। তথাপি "যালিম কওমের শস্যক্ষেত্র" বলার কারণ হল, মুসলমানদের কোন পার্থিব ক্ষতি হলে আখেরাতে সে তার বিনিময়ে নেকী অর্জন করবে। অথচ কাফেরদের ভাগ্যে তা জুটবে না। (বঃ কোঃ) শানেনুযূল ঃ আয়াত -১১৮ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, কতিপয় মুসলমান প্রাচীন প্রথা অনুসারে ইহুদীদের সঙ্গে বন্ধুত্ব ও আত্মীয়তা অক্ষুণ্ন রাখতে ছিলেন। আল্লাহ তা'আলা তাদেরকে ফাসাদের ভয় প্রদর্শন পূর্বক এটা হতে নিষেধ করেন এবং এ আয়াতটি নাযিল করেন। অন্য বর্ণনায়, আয়াতটি মদীনার মুনাফিকদের সম্বন্ধে অবতীর্ণ হয়। মুসলমানরা যেন তাদের সঙ্গে বন্ধুত্ব না রাখে।

১২ ع ১১ ৩ রুকু

كَيْدُهُمْ شَيْئًا ۗ إِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ مُحِيطٌ ﴿١٢١﴾ وَإِذْ غَدَوْتَ مِنْ أَهْلِكَ

কাইদুহুম্ শাইয়া-; ইন্নাল্লা-হা বিমা- ইয়া'মালূনা মুহীত্ব্। ১২১। অইয্ গাদাওতা মিন্ আহ্‌লিকা

পারবে না। আল্লাহ তাদের কর্ম বেষ্টন করে আছেন। (১২১) যখন প্রত্যুষে স্বীয় পরিবার হতে বের হয়ে মু'মিনদেরকে

تُبَوِّئُ الْمُؤْمِنِينَ مَقَاعِدَ لِلْقِتَالِ ۗ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿١٢٢﴾ إِذْ هَمَّتْ طَائِفَتَانِ

তুবাও ওয়িউল্ মু'মিনীনা মাক্বা-'ইদা লিল্‌ক্বিতা-ল্; অল্লা-হু সামী'উন্ 'আলীম্। ১২২। ইয্ হাম্মাত্বোয়া — য়িফাতা-নি

যুদ্ধের ঘাঁটিতে স্থাপন করছিলেন; আর আল্লাহ সবকিছু শুনেন, জানেন। (১২২) যখন তোমাদের দু দলের [১] সাহস

مِنْكُمْ أَنْ تَفْشَلَا وَاللَّهُ وَلِيُّهُمَا ۗ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١٢٣﴾ وَ

মিন্‌কুম্ আন্ তাফ্‌শালা-অল্লা-হু অলিয়্যুহুমা-; অ'আলাল্লা-হি ফাল্‌ইয়াতাওয়াক্কালিল মু'মিনূন্। ১২৩। অ

হারাবার উপক্রম হল; অথচ আল্লাহ উভয়ের সহায় ছিলেন; আল্লাহর উপরেই যেন মু'মিন নির্ভর করে। (১২৩) হীনবল

لَقَدْ نَصَرَكُمُ اللَّهُ بِبَدْرٍ وَأَنْتُمْ أَذِلَّةٌ ۖ فَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تَشْكُرُونَ ﴿١٢٤﴾ إِذْ

লাক্বাদ্ নাছোয়ারাকুমুল্লা-হু বিবাদ্‌রিওঁ অআন্‌তুম্ আযিল্লাহ্, ফাত্তাক্বু-ল্লা-হা লা'আল্লাকুম্ তাশ্‌কুরূন্। ১২৪। ইয্

থাকায় আল্লাহ তোমাদেরকে বদরে সাহায্য করেছেন; আল্লাহকে ভয় কর, যেন কৃতজ্ঞ হতে পার। (১২৪) যখন

تَقُولُ لِلْمُؤْمِنِينَ أَلَنْ يَكْفِيَكُمْ أَنْ يُمِدَّكُمْ رَبُّكُمْ بِثَلَاثَةِ آلَافٍ مِنَ الْمَلَائِكَةِ

তা 'ক্বূলু লিল্‌মু'মিনীনা আলাইঁ ইয়াক্‌ফিয়াকুম্ আই ইয়ুমিদ্দাকুম্ রব্বুকুম্ বিছালা-ছাতি আ-লা-ফিম্ মিনাল্ মালা — য়িকাতি

মু'মিনদের বলছিলেন যে, এটা কি যথেষ্ট নয় যে, যখন তোমাদের রবের নিকট থেকে প্রেরিত তিন হাজার ফেরেশতা

مُنْزَلِينَ ﴿١٢٥﴾ بَلَىٰ ۚ إِنْ تَصْبِرُوا وَتَتَّقُوا وَيَأْتُوكُمْ مِنْ فَوْرِهِمْ هَٰذَا يُمْدِدْكُمْ

মুন্‌যালীন্। ১২৫। বালা ~ ইন্ তাছ্‌বিরূ অতাত্তাক্বূ অ ইয়া'তূকুম্ মিন্ ফাওরিহিম্ হা-যা- ইয়ুম্‌দিদ্‌কুম্

দিয়ে তোমাদের সাহায্য করবেন। (১২৫) হ্যাঁ, যদি ধৈর্য ধর, সংযমী হও আর তারা যদি তোমাদের উপর চড়াও হয়,

رَبُّكُمْ بِخَمْسَةِ آلَافٍ مِنَ الْمَلَائِكَةِ مُسَوِّمِينَ ﴿١٢٦﴾ وَمَا جَعَلَهُ اللَّهُ إِلَّا بُشْرَىٰ

রব্বুকুম্ বিখাম্‌সাতি আ-লা-ফিম্ মিনাল্ মালা — য়িকাতি মুসাওয়্যিমীন্। ১২৬। অমা-জ্বা'আলাহুল্লা-হু ইল্লা-বুশ্‌রা-

তবে তোমাদের রব পাঁচ হাজার চিহ্নিত ফেরেশতা দ্বারা তোমাদের সাহায্য করবেন। (১২৬) সুসংবাদ ও মনের প্রশান্তির

لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوبُكُمْ بِهِ ۗ وَمَا النَّصْرُ إِلَّا مِنْ عِنْدِ اللَّهِ الْعَزِيزِ

লাকুম্ অলিতাত্বমায়িন্না ক্বুলূবুকুম্ বিহ্; অমান্ নাছ্‌রু ইল্লা-মিন্ 'ইন্‌দিল্লা-হিল্ 'আযীযিল্

জন্যই আল্লাহ এটা করেছেন; আর সাহায্য তো কেবলমাত্র আল্লাহর পক্ষ থেকেই হয়, যিনি পরাক্রমশালী,

● এক চতুর্থাংশ

টীকাঃ (১) মুনাফিক বাহিনী চলে গেলে আনসারদের দুই গোত্র বনু হারিছা ও বনু সালমা ওহুদ যুদ্ধ পরিচালনায় ভিন্নমত পোষণ করেছিল। এই আয়াত দ্বারা আল্লাহ তাদের সাহস দিলেন। শানেনুযূলঃ আয়াত-১২১ঃ তৃতীয় হিজরীতে মক্কার কাফেররা তিন সহস্র অশ্বারোহী ও পদাতিক বাহিনী নিয়ে মদীনা আক্রমণের উদ্দেশে যাত্রা করল। রাসূলুল্লাহ (ছঃ) এ সংবাদ শ্রবণে ছাহাবীদের সাথে পরামর্শ করে মাঠে নেমে যুদ্ধ করাই ঠিক করলেন। মহাজির ও আনসারদের সমন্বয়ে এক সহস্র সৈন্যের এক বাহিনী নিয়ে ওহুদ প্রান্তে যাত্রা করলেন। এই বাহিনীতে মুনাফিক প্রধান আবদুল্লাহ্ ইবনে উবাইও যোগ দিয়েছিল। বিশৃঙ্খলা সৃষ্টির উদ্দেশে পথিমধ্যে সে তিনশ' লোক নিয়ে সরে পড়ল। অবশিষ্ট সাত শ' ছাহাবী নিয়ে হুযূর (ছঃ)

الْحَكِيمُ ﴿١٢٧﴾ لِيَقْطَعَ طَرَفًا مِّنَ الَّذِينَ كَفَرُوا أَوْ يَكْبِتَهُمْ فَيَنقَلِبُوا خَائِبِينَ

হাকীম্। ১২৭। লিইয়াক্বত্বোয়া'আ ত্বোয়ারাফাম্ মিনাল্লাযীনা কাফারূ ~ আও ইয়াক্‌বিতাহুম্ ফাইয়ানক্বালিবূ খা — য়িবীন্।

বিজ্ঞ। (১২৭) কাফেরদের একদলকে নিশ্চিহ্ন করা অথবা তাদের লাঞ্ছিত করার জন্য; যেন তারা নিরাশ হয়ে যায়।

﴿١٢٨﴾ لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ أَوْ يُعَذِّبَهُمْ فَإِنَّهُمْ

১২৮। লাইসা লাকা মিনাল্ আম্‌রি শাইয়ুন্ আও ইয়াতূবা 'আলাইহিম্ আও ইয়ু'আয্‌যিবাহুম্ ফাইন্নাহুম্

(১২৮) আপনার করণীয় কিছু নেই, হয়ত তিনি তওবা গ্রহণ করবেন কিংবা শাস্তি দেবেন। কেননা, তারা

ظَالِمُونَ ﴿١٢٩﴾ وَلِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ ۚ يَغْفِرُ لِمَن يَشَاءُ وَيُعَذِّبُ

জোয়া-লিমূন্। ১২৯। অলিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্বি ইয়াগ্‌ফিরু লিমাঁই ইয়াশা — উ অইয়ু'আয্‌যিবু

জালিম। (১২৯) আসমান-যমীনের সব কিছুই আল্লাহর নিয়ন্ত্রণে। তিনি যাকে ইচ্ছা ক্ষমা করেন, যাকে ইচ্ছা শাস্তি দেন;

مَن يَشَاءُ ۚ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٣٠﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَأْكُلُوا الرِّبَا

মাঁই ইয়াশা — উ অল্লা-হু গাফূরুর্ রাহীম্। ১৩০। ইয়া ~ আইয়ুহাল্লাযীনা আ-মানূ লা-তা''কুলুর্ রিবা ~

আল্লাহ পরম ক্ষমাশীল, দয়ালু। (১৩০) হে মু'মিনরা! তোমরা চক্রবৃদ্ধি হারে সুদ খেয়ো না;

أَضْعَافًا مُّضَاعَفَةً ۖ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿١٣١﴾ وَاتَّقُوا النَّارَ الَّتِي

আদ্ব'আ-ফাম্ মুদ্বোয়া-'আফাতাওঁ অত্তাকুল্লা-হা লা'আল্লাকুম্ তুফ্‌লিহূন্। ১৩১। অত্তাক্বুন্ না-রাল্ লাতী ~

আল্লাহকে ভয় কর, যেন তোমরা নাযাত পাও। (১৩১) আগুনকে ভয় কর,

أُعِدَّتْ لِلْكَافِرِينَ ﴿١٣٢﴾ وَأَطِيعُوا اللَّهَ وَالرَّسُولَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ

উ'ইদ্দাত্ লিল্‌কা-ফিরীন্। ১৩২। অআত্বী'উল্লা-হা অর্‌রাসূলা লা'আল্লাকুম্ তুর্‌হামূন্।

যা প্রস্তুত করে রাখা হয়েছে কাফেরদের জন্য। (১৩২) আনুগত্য কর আল্লাহ ও রাসূলের যেন অনুগ্রহ প্রাপ্ত হও।

﴿١٣٣﴾ وَسَارِعُوا إِلَىٰ مَغْفِرَةٍ مِّن رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا السَّمَاوَاتُ وَالْأَرْضُ

১৩৩। অসা-রি'উ ~ ইলা- মাগ্‌ফিরাতিম্ মির্ রব্বিকুম্ অজান্নাতিন্ 'আরদ্বুহাস্ সামা-ওয়া-তু অল্ আরদ্বু

(১৩৩) রবের ক্ষমার প্রতি ধাবমান হও প্রতিযোগিতার মনোভাব নিয়ে ঐ জান্নাতের প্রতি যার বিস্তৃতি আসমান ও যমীনের ন্যায়,

أُعِدَّتْ لِلْمُتَّقِينَ ﴿١٣٤﴾ الَّذِينَ يُنفِقُونَ فِي السَّرَّاءِ وَالضَّرَّاءِ وَالْكَاظِمِينَ

উ'ইদ্দাত্ লিল্‌মুত্তাক্বীন্। ১৩৪। আল্লাযীনা; ইয়ুন্‌ফিকূনা ফিস্ সার্‌রা — য়ি অদ্দোয়ার্‌রা — য়ি অল্‌কা-জিমীনাল্

তা মুত্তাকীদের জন্য প্রস্তুত। (১৩৪) যারা ব্যয় করে, সচ্ছল ও অসচ্ছল অবস্থায় আর তারা ক্রোধ দমন করে,

১৩ রুকু ৯ ৪ রুকু

ওহুদ পর্বতকে পিছনে রেখে রণক্ষেত্রে দাঁড়ালেন। আল্লাহ তা'আলা এই সম্বন্ধে পরবর্তী আয়াতসমূহে অতীতের বদর যুদ্ধের সাফল্যের কথা উল্লেখ করে বর্তমান অবস্থার উপর মুসলমানদেরকে সান্ত্বনা প্রদান পূর্বক উৎসাহিত করছেন। (সংক্ষিপ্তকারে জালালাইন হতে গৃহীত) শানেনুযূল ঃ আয়াত-১২৮ ঃ ওহুদের যুদ্ধে কাফেররা যখন পরাজিত হয়ে ময়দান থেকে পালাতে থাকে তখন রাসূলুল্লাহ (ছঃ)-এর নির্দেশ উপেক্ষা করে গিরিপথ রক্ষী তীরন্দাজ সৈন্যরাও তদীয় প্রধান ইবনে যুবাইরের আদেশ লঙ্ঘন করে গিরিপথ শূন্য করে গণীমতের মাল আহরণে লিপ্ত হলেন। তখন গিরিপথ উন্মুক্ত দেখে খালিদ বিন ওলিদের নেতৃত্বে কাফেররা সেই পথে যে কজন তখনও পাহারায় লিপ্ত ছিল তাঁদেরকে শহীদ করে। মুসলমানদের উপর পিছন দিক হতে হামলা করে বসে। তখন পলায়নপর কাফেররা ও ঘুরে দাঁড়ায়। এ অবস্থায় মুসলমানরা কাফেরদের মোকাবিলায় স্থির

الْغَيْظَ وَالْعَافِينَ عَنِ النَّاسِ ۗ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ ۝١٣٥ وَالَّذِينَ

গাইজোয়া অল্ 'আ-ফীনা 'আনিন্ না-সি অল্লা-হু ইয়ুহিব্বুল্ মুহ্‌সিনীন্। ১৩৫। অল্লাযীনা
আর ক্ষমা করে মানুষকে; আল্লাহ সৎকর্মশীলদের ভালবাসেন। (১৩৫) আর তারা যখন

إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوا أَنْفُسَهُمْ ذَكَرُوا اللَّهَ فَاسْتَغْفَرُوا لِذُنُوبِهِمْ

ইযা-ফা'আলূ ফা-হিশাতান্ আও জোয়ালামূ~ আন্‌ফুসাহুম্ যাকারুল্লা-হা ফাস্‌তাগ্‌ফারূ লিযুনূবিহিম্
কোন অন্যায় করে ফেলে বা নিজেদের প্রতি জুলুম করে, তখন আল্লাহকে স্মরণ করে ও স্বীয় পাপের জন্য

وَمَنْ يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا اللَّهُ وَلَمْ يُصِرُّوا عَلَىٰ مَا فَعَلُوا وَهُمْ يَعْلَمُونَ

অমাইঁ ইয়াগ্‌ফিরুয্ যুনূবা ইল্লাল্লা-হু; অলাম্ ইয়ুছির্‌রূ 'আলা-মা-ফা'আলূ অহুম্ ইয়া'লামূন্।
ক্ষমা চায়; আর ক্ষমাই বা কে করতে পারে আল্লাহ ছাড়া? তারা জেনে-শুনে কাজের উপর জিদ ধরে না।

أُولَٰئِكَ جَزَاؤُهُمْ مَغْفِرَةٌ مِنْ رَبِّهِمْ وَجَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ ۝١٣٦

১৩৬। উলা — য়িকা জ্বাযা — উহুম্ মাগ্‌ফিরাতুম্ মির্ রব্বিহিম্ অজ্বান্না-তুন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু
(১৩৬) এরাই তারা, যাদের প্রতিদান হল রবের পক্ষ হতে ক্ষমা এবং চির আবাসযোগ্য জান্নাত, যার নিচ দিয়ে নহর

خَالِدِينَ فِيهَا ۚ وَنِعْمَ أَجْرُ الْعَامِلِينَ ۝١٣٧ قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ سُنَنٌ فَسِيرُوا

খা-লিদীনা ফীহা-; অনি'মা আজ্‌রুল্ 'আ-মিলীন্। ১৩৭। ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাব্‌লিকুম্ সুনানুন্ ফাসীরূ
প্রবাহিত, সেখানে তারা চিরস্থায়ী হবে; কর্মীদের প্রতিদান কতই না সুন্দর! (১৩৭) তোমাদের পূর্বে অনেক ঘটনা ঘটেছে,

فِي الْأَرْضِ فَانْظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِينَ ۝١٣٨ هَٰذَا بَيَانٌ لِلنَّاسِ

ফিল্ আর্‌দ্বি ফান্‌জুরূ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ মুকায্‌যিবীন্। ১৩৮। হা-যা- বাইয়া-নুল্ লিন্না-সি
তাই পৃথিবীতে ঘুরে দেখ যে, মিথ্যাবাদীদের কিরূপ পরিণতি হয়েছে? (১৩৮) এটা মানব জাতির জন্য বিশদ বর্ণনা,

وَهُدًى وَمَوْعِظَةٌ لِلْمُتَّقِينَ ۝١٣٩ وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنْتُمُ الْأَعْلَوْنَ إِنْ

অহুদাওঁ অমাওঁ 'ইজোয়াতুল্ লিল্‌মুত্তাক্বীন্। ১৩৯। অলা-তাহিনূ অলা-তাহ্‌যানূ অআন্‌তুমুল্ আ'লাওনা ইন্
আর হেদায়েত ও উপদেশ মুত্তাক্বীদের জন্য। (১৩৯) আর তোমরা শক্তিহারা ও দুঃখিত হয়ো না, তোমরাই বিজয়ী হবে,

كُنْتُمْ مُؤْمِنِينَ ۝١٤٠ إِنْ يَمْسَسْكُمْ قَرْحٌ فَقَدْ مَسَّ الْقَوْمَ قَرْحٌ مِثْلُهُ ۚ وَتِلْكَ

কুন্‌তুম্ মু''মিনীন্। ১৪০। ইঁ ইয়াম্‌সাস্‌কুম্ ক্বারহুন্ ফাক্বাদ্ মাস্‌সাল্ ক্বাওমা ক্বারহুম্ মিছ্‌লুহ্; অতিল্‌কাল্
যদি তোমরা মু'মিন হও। (১৪০) তোমরা আঘাত পেয়ে থাকলে তারাও তেমনি আঘাত পেয়েছে, এদিনসমূহকে

স্থির থাকতে পারলেন না। ফলে, রাসূলুল্লাহ (ছঃ) এবং তাঁর আপন বিশিষ্ট বন্ধু ও সহচর-হযরত আবু বকর ছিদ্দীক (রাঃ) এবং হযরত ওমর, হযরত আলী (রাঃ) প্রমুখ ছাহাবীবৃন্দসহ সেনা বাহিনী হতে বিচ্ছিন্ন হয় পড়লেন। তখন হুযূর (ছঃ) কাফরদের দ্বারা আক্রান্ত হলে উক্ত ছাহাবীরা রাসূল (ছঃ)কে রক্ষার জন্য প্রাণপণ যুদ্ধ করতে লাগলেন। এ যুদ্ধে রাসূলুল্লাহ (ছঃ)-এর নিচের দন্তপাটি হতে সম্মুখস্থ দন্তদ্বয়ের ডান পার্শ্বস্থ দন্তটি শহীদ হয়ে যায় এবং মাথায়ও মারাত্মক আঘাত লাগে, যার রক্তে চেহারা মোবারক পর্যন্ত রঞ্জিত হয়ে গিয়েছিল। তখন রাসূলুল্লাহ (ছঃ) বললেন, "সেই জাতি কিরূপে সফলকাম হতে পারে যারা স্বীয় নবীর মুখমণ্ডল রক্তে রঞ্জিত করে দিয়েছে।" তখন রাসূল (ছঃ)-কে তাদের প্রতি ক্ষমা প্রদর্শনের দীক্ষার উদ্দেশে আলোচ্য আয়াতটি নাযিল হয়। (বঃ কোঃ) শানেনুযূল ঃ আয়াত-১৪০ঃ ওহুদের যুদ্ধের খবর পেতে বিলম্ব হলে মদীনাবাসী মহিলারা

الْاَيَّامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ ۚ وَلِيَعْلَمَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَيَتَّخِذَ مِنْكُمْ

আই ইয়া-মু নুদা-ওয়িলুহা-বাইনান্না-সি অলিইয়া'লামাল্লা-হুল্ লাযীনা আ-মানূ অইয়াত্তাখিযা মিন্‌কুম্

আমি মানুষের মধ্যে পর্যায়ক্রমে পরিবর্তন ঘটাই; যেন আল্লাহ মু'মিনদেরকে জানতে পারেন এবং কতককে শহীদরূপে গ্রহণ

شُهَدَاءَ ۗ وَاللّٰهُ لَا يُحِبُّ الظّٰلِمِيْنَ ﴿١٤١﴾ وَلِيُمَحِّصَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَيَمْحَقَ

শুহাদা — আ; অ ল্লা-হু লা-ইয়ুহিব্বুজ্ জোয়া-লিমীন্। ১৪১। অলিইয়ুমাহ্‌হিছোয়াল্লা-হুল্লাযীনা আ-মানূ অইয়াম্‌হাক্বাল্

করতে পারেন; আল্লাহ জালেমদের ভালবাসেন না। (১৪১) যেন আল্লাহ মু'মিনদেরকে বিশুদ্ধ করতে পারেন এবং নির্মূল করতে

الْكٰفِرِيْنَ ﴿١٤٢﴾ اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا

কা-ফিরীন্। ১৪২। আম্ হাসিব্‌তুম্ আন্ তাদ্‌খুলুল্ জান্নাতা অলাম্মা- ইয়া'লামিল্লা-হুল্লাযীনা জ্বা-হাদূ

পারেন কাফেরদেরকে। (১৪২) তোমরা কি জান্নাতে প্রবেশ করার ধারণা পোষণ করছ? অথচ আল্লাহ এখনো জানেন নি

مِنْكُمْ وَيَعْلَمَ الصّٰبِرِيْنَ ﴿١٤٣﴾ وَلَقَدْ كُنْتُمْ تَمَنَّوْنَ الْمَوْتَ مِنْ قَبْلِ اَنْ

মিন্‌কুম্ অইয়া'লামাছ্ ছোয়া-বিরীন্। ১৪৩। অলাক্বাদ্ কুন্‌তুম্ তামান্নাওনাল্ মাওতা মিন্ ক্বাব্‌লি আন্

তোমাদের মধ্যে হতে কারা জিহাদ করেছে এবং কারা ধৈর্যশীল? (১৪৩) আর তোমরা তো মরণ কামনা করেছিলে মৃত্যু

১৪ ع ১৪ ৫ রুকু

تَلْقَوْهُ ۖ فَقَدْ رَاَيْتُمُوْهُ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿١٤٤﴾ وَمَا مُحَمَّدٌ اِلَّا رَسُوْلٌ ۚ قَدْ

তাল্‌ক্বাওহু ফাক্বাদ্ রায়াইতুমূহু অআন্‌তুম্ তান্‌জুরূন্। ১৪৪। অমা- মুহাম্মাদুন্ ইল্লা-রাসূলুন্, ক্বাদ্

আসার পূর্বেই, এখন তোমরা তা স্পষ্ট প্রত্যক্ষ করছ। (১৪৪) আর মুহাম্মদ তো একজন রাসূল মাত্র। ইতোপূর্বে

خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ۗ اَفَاۡئِنْ مَّاتَ اَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلٰٓى اَعْقَابِكُمْ ۗ

খালাত্ মিন্ ক্বাব্‌লিহির্ রুসুল্; আফায়িম্ মা-তা আও কু্তিলান্ ক্বালাব্‌তুম্ 'আলা ~ আ'ক্বা-বিকুম্;

অনেক রাসূল গত হয়ে গেছেন, যদি তিনি মৃত্যুবরণ করেন বা নিহত হন, তবে কি তোমরা পুনরায় পিছনে ফিরে যাবে?

وَمَنْ يَّنْقَلِبْ عَلٰى عَقِبَيْهِ فَلَنْ يَّضُرَّ اللّٰهَ شَيْـًٔا ۗ وَسَيَجْزِى اللّٰهُ الشّٰكِرِيْنَ

অমাই ইয়ান্‌ক্বালিব্ 'আলা-'আক্বিবাইহি ফালাই ইয়াদ্দুররাল্লা-হা শাইয়া-; অসাইয়াজ্বযিল্লা-হুশ্ শা-কিরীন্।

আর যে ফিরে যায় সে আল্লাহর কোন ক্ষতি সাধন করতে পারবে না, আর আল্লাহ যারা কৃতজ্ঞ তাদের পুরস্কৃত করবেন।

وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تَمُوْتَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ كِتٰبًا مُّؤَجَّلًا ۗ وَمَنْ ﴿١٤٥﴾

১৪৫। অমা-কা-না লিনাফ্‌সিন্ আন্ তামূতা ইল্লা-বিইয্‌নিল্লা-হি কিতা-বাম্ মুওয়াজ্জ্বালা-; অমাই

(১৪৫) আর আল্লাহর অনুমতি ব্যতিরেকে কারও মৃত্যু হতে পারে না; যেহেতু প্রত্যেকের মেয়াদ নির্ধারিত; আর যে দুনিয়ার

উদ্বিগ্ন হয়ে পড়লেন এবং আগত দু ব্যক্তি হতে হুযুর (ছঃ) নিরাপদে আছেন শুনে একজন নারী বলে উঠলেন, তাঁর নিরাপদ থাকাই যথেষ্ট, অন্যান্য মুসলমানরা শহীদ হলেও কিছু আসে-যায় না। তখন এ আয়াতটি অবতীর্ণ হয়। শানেনুযূল ঃ আয়াত- ১৪৩ঃ ২য় হিজরীতে বদর যুদ্ধে যে সকল ছাহাবা শহীদ হয়েছেন তাঁদের ফযীলত শোনে ছাহাবীরা বদরের ন্যায় কোন যুদ্ধ সংঘটিত হওয়ার কথা কামনা করছিলেন যাতে তাঁরাও কাফেরদের সাথে অনুরূপ যুদ্ধ করে শাহাদত বরণ এবং শহীদের মর্যাদা অর্জন করতে পারেন অথবা জয়যুক্ত হয়ে গাজী হতে পরেন এবং গণীমতের মালের অধিকারী হতে পারেন। যা হোক, পরে যখন ওহুদ যুদ্ধ উপস্থিত হল, তখন মুষ্টিমেয় ছাহাবা ব্যতীত সকলের দৃঢ়তায় দোদুল্যমানতা দেখা দিল। তখন এ আয়াত অবতীর্ণ হয়।

يُرِدْ ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهِ مِنْهَا ۚ وَمَنْ يُرِدْ ثَوَابَ الْآخِرَةِ نُؤْتِهِ مِنْهَا ۚ

ইয়ুরিদ্ ছাওয়া-বাদ্দুন্‌ইয়া-নু''তিহী মিন্‌হা-, ওমাইঁ ইয়ুরিদ্ ছাওয়া-বাল্ আ-খিরাতি নু''তিহী মিন্‌হা-;

সুযোগ চায়, তাকে সেখান থেকেই দিয়ে থাকি; আর যে পরকালের পুরস্কার চায়, আমি তাকে তাই দেই;

وَسَنَجْزِي الشَّاكِرِينَ ﴿١٤٦﴾ وَكَأَيِّنْ مِنْ نَبِيٍّ قَاتَلَ مَعَهُ رِبِّيُّونَ كَثِيرٌ فَمَا

অ সানাজ্‌যিশ্ শা-কিরীন্। ১৪৬। অকাআইয়্যিম্ মিন নাবিয়্যিন্ ক্বা-তালা মা'আহূ রিব্বিয়্যূনা কাছীরুন্, ফামা-

শীঘ্রই কৃতজ্ঞদের প্রতিদান দেব। (১৪৬) কত নবীর সাথী হয়ে বহু আল্লাহ ওয়ালা যুদ্ধ করেছে ; আল্লাহর পথে তাদের

وَهَنُوا لِمَا أَصَابَهُمْ فِي سَبِيلِ اللَّهِ وَمَا ضَعُفُوا وَمَا اسْتَكَانُوا ۗ وَاللَّهُ يُحِبُّ

অহানূ লিমা ~ আছোয়া-বাহুম্ ফী সাবীলিল্লা-হি অমা- দ্বোয়া'উফূ অমাস্‌তাকা-নূ; অল্লা-হু ইয়ুহিব্বুছ্

প্রতি বিপদ আসায় তারা না হীনবল হয়েছে, না হয়েছে দুর্বল, আর না নত হয়েছে; আল্লাহ ধৈর্যশীলদের

الصَّابِرِينَ ﴿١٤٧﴾ وَمَا كَانَ قَوْلَهُمْ إِلَّا أَنْ قَالُوا رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَإِسْرَافَنَا

ছোয়া-বিরীন্। ১৪৭। অমা- কা-না ক্বাওলাহুম্ ইল্লা ~ আন্ ক্বা-লূ রব্বানাগ্ ফির্‌লানা- যুনূবানা- অইস্‌রা-ফানা-

ভালবাসেন। (১৪৭) তাদের কথা ছিল শুধু- হে রব! আমাদের পাপরাশি ও কাজের সীমালংঘনকে

فِي أَمْرِنَا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ ﴿١٤٨﴾ فَآتَاهُمُ اللَّهُ

ফী ~ আম্‌রিনা-অছাব্বিত্ আক্ব্‌দা-মানা- অন্‌ছুরনা- 'আলাল্ ক্বাওমিল্ কা-ফিরীন্। ১৪৮। ফাআ-তা-হুমুল্লা-হু

ক্ষমা করে দিন; পা দৃঢ় করুন ও সাহায্য করুন কাফেরদের মোকাবেলায়। (১৪৮) আল্লাহ তাদেরকে দিয়েছেন

ثَوَابَ الدُّنْيَا وَحُسْنَ ثَوَابِ الْآخِرَةِ ۗ وَاللَّهُ يُحِبُّ الْمُحْسِنِينَ ﴿١٤٩﴾ يَا أَيُّهَا

ছাওয়া-বাদ্ দুন্‌ইয়া- অহুস্‌না ছাওয়া-বিল্ আ-খিরাহ্; অল্লা-হু ইয়ুহ্বিুল্ মুহ্‌সিনীন্। ১৪৯। ইয়া ~ আইয়্যুহাল্

পার্থিব কল্যাণ আর উত্তম পুরস্কার রয়েছে আখেরাতে ; আল্লাহ সৎকর্মশীলদেরকে ভালবাসেন। (১৪৯) হে

১৫ ع ৫ ৬ রুকু

الَّذِينَ آمَنُوا إِنْ تُطِيعُوا الَّذِينَ كَفَرُوا يَرُدُّوكُمْ عَلَىٰ أَعْقَابِكُمْ

লাযীনা আ-মানূ ~ ইন্ তুত্বী'উল্লাযীনা কাফারূ ইয়ারুদ্দূকুম্ 'আলা ~ আ'ক্বা-বিকুম্

ঈমানদারেরা! তোমরা যদি কাফেরদের কথা মান, তবে তারা তোমাদেরকে উল্টা দিকে ফেরাবে;

فَتَنْقَلِبُوا خَاسِرِينَ ﴿١٥٠﴾ بَلِ اللَّهُ مَوْلَاكُمْ ۖ وَهُوَ خَيْرُ النَّاصِرِينَ ﴿١٥١﴾ سَنُلْقِي فِي

ফাতান্‌কালিবূ খা-সিরীন্। ১৫০। বালিল্লা-হু মাওলা-কুম্ অহুওয়া খাইরুন্ না-ছিরীন্। ১৫১। সানুল্‌ক্বী ফী

ফলে তোমরা ক্ষতিগ্রস্ত হবে। (১৫০) বরং আল্লাহই তোমাদের সহায়; তিনি উত্তম সাহায্যকারী। (১৫১) অতিশীঘ্রই কাফেরদের

যেন তিনি পরীক্ষা করতে পারেন। নিশ্চয়ই আপনার রব শাস্তি দানে তৎপর এবং নিঃসন্দেহে তিনি ক্ষমাশীল, দয়ালু।

অর্ধাংশ ২০ ১১ ৭ রুকু

সূরা আ'রাফ
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২০৬
রুকূ ঃ ২৪

الٓمٓصٓ ① كِتٰبٌ اُنْزِلَ اِلَيْكَ فَلَا يَكُنْ فِىْ صَدْرِكَ حَرَجٌ مِّنْهُ لِتُنْذِرَ

১। আলিফ্ লা — ম্ মী — ছোয়া — দ্। ২। কিতা-বুন্ উন্‌যিলা ইলাইকা ফালা-ইয়াকুন্ ফী ছোয়াদ্‌রিকা হারাজুম্ মিন্‌হু লিতুন্‌যিরা

(১) আলিফ, লাম, মীম, ছোয়াদ। (২) আপনার কাছে কিতাব অবতীর্ণ হচ্ছে, এ বিষয়ে আপনার মনে যেন সঙ্কোচ না থাকে; সতর্ক

بِهٖ وَذِكْرٰى لِلْمُؤْمِنِيْنَ ② اِتَّبِعُوْا مَآ اُنْزِلَ اِلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ وَلَا تَتَّبِعُوْا

বিহী অযিক্‌রা-লিল্‌মু"মিনীন্। ৩। ইত্তাবি'উ মা ~ উন্‌যিলা ইলাইকুম্ মির্ রব্বিকুম্ অলা-তাত্তাবি'উ

করবেন এর দ্বারা এবং এটা মু'মিনদের জন্য উপদেশ। (৩) তোমাদের রবের পক্ষ হতে তোমাদের কাছে যা নাযিল হচ্ছে তার অনুসরণ কর।

مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَآءَ ۗ قَلِيْلًا مَّا تَذَكَّرُوْنَ ③ وَكَمْ مِّنْ قَرْيَةٍ اَهْلَكْنٰهَا فَجَآءَهَا

মিন্ দূনিহী ~ আওলিয়া — আ; ক্বালীলাম্ মা-তাযাক্‌কারূন্। ৪। অকাম্ মিন্ ক্বার্‌ইয়াতিন্ আহ্‌লাক্‌না-হা-ফাজ্বা — য়াহা-

অনুসরণ করো না তাঁকে ছেড়ে অন্যদের, তোমরা তো উপদেশ কমই শুন। (৪) আর অনেক জনপদকে আমি ধ্বংস করেছি।

بَأْسُنَا بَيَاتًا اَوْ هُمْ قَآئِلُوْنَ ④ فَمَا كَانَ دَعْوٰىهُمْ اِذْ جَآءَهُمْ بَأْسُنَآ اِلَّآ

বা'সুনা-বাইয়া-তান্ আও হুম্ ক্বা — য়িলূন্। ৫। ফামা-কা-না দা'ওয়া-হুম্ ইয্ জ্বা — য়াহুম্ বা'সুনা ~ ইল্লা ~

তাদের উপর আমার শাস্তি রাতে অথবা দ্বিপ্রহরের বিশ্রাম অবস্থায় এসেছে। (৫) যখন আমার শাস্তি এসেছিল তখন

اَنْ قَالُوْٓا اِنَّا كُنَّا ظٰلِمِيْنَ ⑤ فَلَنَسْئَلَنَّ الَّذِيْنَ اُرْسِلَ اِلَيْهِمْ وَلَنَسْئَلَنَّ

আন্ ক্বা-লূ ~ ইন্না-কুন্না-জোয়া-লিমীন্। ৬। ফালানাস্‌য়ালান্নাল্লাযীনা উর্‌সিলা ইলাইহিম্ অলানাস্‌য়ালান্নাল্

তারা শুধু বলত আমরাই জালিম। (৬) যাদের কাছে রাসূল প্রেরিত হয়েছিল তাদেরকে আমি অবশ্যই জিজ্ঞেস করব আর

الْمُرْسَلِيْنَ ⑥ فَلَنَقُصَّنَّ عَلَيْهِمْ بِعِلْمٍ وَّمَا كُنَّا غَآئِبِيْنَ ⑦ وَالْوَزْنُ يَوْمَئِذِ

মুর্‌সালীন্। ৭। ফালানাক্বুছ্‌ছোয়ান্না 'আলাইহিম্ বি'ইল্‌মিঁও অমা-কুন্না-গা — য়িবীন্। ৮। অল্‌অয্‌নু ইয়াওমায়িযিনিল্

রাসূলদেরকেও। (৭) পূর্ণজ্ঞানের সাথেই তাদের কাছে বর্ণনা করব, আমি তো অনুপস্থিত ছিলাম না। (৮) আর ঐ দিন

الْحَقُّ ۚ فَمَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ فَاُولٰٓئِكَ هُمُ الْمُفْلِحُوْنَ ⑧ وَمَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ

হাক্ব্‌কু, ফামান্ ছাকুলাত্ মাওয়া-যীনুহূ ফাউলা — য়িকা হুমুল্ মুফ্‌লিহূন্। ৯। অমান্ খাফ্‌ফাত্ মাওয়া-যীনুহূ

ওজন হবেই; যাদের পাল্লা ভারী হবে, তারাই হবে ভাগ্যবান। (৯) যাদের পাল্লা হাল্‌কা হবে, তারা তো এমন

আয়াত-২ ঃ এই আয়াতে রাসূলুল্লাহ (ছঃ)-কে সম্বোধন করে বলা হয়েছে যে, এই কোরআন আল্লাহর গ্রন্থ যা আপনার উপর নাযিল হয়েছে। এ কারণে আপনার অন্তরে কোন সঙ্কোচ থাকা উচিত নয়। অন্তরের সংকোচ অর্থ হল, কোরআন পাক ও এর নির্দেশাবলী প্রচারের ক্ষেত্রে কারো ভয়-ভীতি অন্তরায় না হওয়া উচিত যে, মানুষ এর প্রতি মিথ্যারোপ করবে এবং আপনাকে কষ্ট দিবে। (তাফঃ মাযঃ) আয়াত-৮ ঃ সেদিন যে ভাল-মন্দ কাজের ওযন হবে তা সত্য সঠিকভাবেই হবে। এতে কোনরূপ অবকাশ নেই। প্রশ্ন হতে পারে যে, কাজ-কর্ম তো জড়পদার্থ নয় এর ওযন হবে কিভাবে? এর উত্তর হল, পরম করুণাময় আল্লাহ সর্বশক্তিমান। কাজেই আমরা যা করতে পারি না তা আল্লাহ তাআ'লা পারবে না এরূপ ধারণা ঠিক নয়। (মাঃ কোঃ)

فَأُولَٰئِكَ الَّذِينَ خَسِرُوا أَنفُسَهُم بِمَا كَانُوا بِآيَاتِنَا يَظْلِمُونَ ﴿١٠﴾ وَلَقَدْ

ফাউলা — য়িকাল্লাযীনা খাসিরূ ~ আন্ফুসাহুম্ বিমা-কা-নূ-বিআ-ইয়া-তিনা-ইয়াজ্লিমূন্। ১০। অলাক্বাদ্

লোক যারা নিজেদের ক্ষতি করবে, কারণ, তারা আমার আয়াতের প্রতি অবিচার করেছে। (১০) আর আমি

مَكَّنَّاكُمْ فِي الْأَرْضِ وَجَعَلْنَا لَكُمْ فِيهَا مَعَايِشَ ۗ قَلِيلًا مَّا تَشْكُرُونَ

মাক্কান্না-কুম্ ফিল্ আরদ্বি অজ্বা'আল্না-লাকুম্ ফীহা-মা'আ-য়িশ্; ক্বালীলাম্ মা-তাশ্কুরূন্।

তো তোমাদেরকে দুনিয়ায় প্রতিষ্ঠিত করেছি, ওতে জীবিকার ব্যবস্থা করেছি কিন্তু তোমারা তো কমই শোকর কর।

১ ع ১০ ৮ রুকু

وَلَقَدْ خَلَقْنَاكُمْ ثُمَّ صَوَّرْنَاكُمْ ثُمَّ قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوا ﴿١١﴾

১১। অলাক্বাদ্ খালাক্ব্না-কুম্ ছুম্মা ছোয়াওয়্যার্না-কুম্ ছুম্মা ক্বুল্না-লিল্মালা — য়িকাতিস্ জুদূ লিআ-দামা ফাসাজ্বাদূ ~

(১১) আর আমিই তোমাদেরকে সৃষ্টি করেছি, আকৃতি দিয়েছি; অতঃপর ফেরেশতাদেরকে বলেছি আদমকে সিজদা কর; ইবলিস ছাড়া

إِلَّا إِبْلِيسَ لَمْ يَكُن مِّنَ السَّاجِدِينَ ﴿١٢﴾ قَالَ مَا مَنَعَكَ أَلَّا تَسْجُدَ إِذْ

ইল্লা ~ ইব্লীস্; লাম্ ইয়াকুম্ মিনাস্ সা-জ্বিদীন্। ১২। ক্বা-লা মা-মানা'আকা আল্লা-তাস্জুদা ইয্

সকলেই সিজদা করেছে। সে সিজদাকারী ছিল না। (১২) আল্লাহ বললেন, কিসে তোকে সিজদা থেকে বিরত রেখেছে যখন

أَمَرْتُكَ ۖ قَالَ أَنَا خَيْرٌ مِّنْهُ خَلَقْتَنِي مِن نَّارٍ وَخَلَقْتَهُ مِن طِينٍ ﴿١٣﴾ قَالَ فَاهْبِطْ

আমার্তুক; ক্বা-লা আনা-খাইরুম্ মিন্হু খালাক্ব্তানী মিন্ না-রিওঁ অখলাক্ব্তাহূ মিন্ ত্বীন্। ১৩। ক্বা-লা ফাহ্বিত্ব্

আমি হুকুম দিলাম। বলল, আমি তো তার চেয়ে উত্তম, আমাকে অগ্নি দ্বারা সৃষ্টি করেছেন আর তাকে মাটি দিয়ে। (১৩) বললেন,

مِنْهَا فَمَا يَكُونُ لَكَ أَن تَتَكَبَّرَ فِيهَا فَاخْرُجْ إِنَّكَ مِنَ الصَّاغِرِينَ ﴿١٤﴾ قَالَ

মিন্হা-ফামা-ইয়াকূনু লাকা আন্ তাতাকাব্বারা ফীহা-ফাখ্রুজ্, ইন্নাকা মিনাছ্ ছোয়া-গিরীন্। ১৪। ক্বা-লা

এখান হতে নেমে যাও, এখানে থেকে অহংকার করতে পারবে না। নেমে যাও, নিশ্চয়ই তুমি অধমের অন্যতম। (১৪) সে বলল,

أَنظِرْنِي إِلَىٰ يَوْمِ يُبْعَثُونَ ﴿١٥﴾ قَالَ إِنَّكَ مِنَ الْمُنظَرِينَ ﴿١٦﴾ قَالَ فَبِمَا أَغْوَيْتَنِي

আন্জির্নী ~ ইলা-ইয়াওমি ইয়ুব্'আছূন্। ১৫। ক্বা-লা ইন্নাকা মিনাল্ মুন্জোয়ারীন্। ১৬। ক্বা-লা ফাবিমা ~ আগ্ওয়াইতানী

পুনরুত্থান দিবস পর্যন্ত আমাকে অবকাশ দিন। (১৫) তিনি বললেন, নিশ্চয় তুমি অবকাশ প্রাপ্তদের একজন। (১৬) সে বলল,

لَأَقْعُدَنَّ لَهُمْ صِرَاطَكَ الْمُسْتَقِيمَ ﴿١٧﴾ ثُمَّ لَآتِيَنَّهُم مِّن بَيْنِ أَيْدِيهِمْ وَمِنْ

লাআক্ব্'উদান্না লাহুম্ ছিরা-ত্বোয়াকাল্ মুস্তাক্বীম্। ১৭। ছুম্মা লাআ-তিয়ান্নাহুম্ মিম্ বাইনি আইদীহিম্ অমিন্

যেহেতু আমাকে গোমরাহ সাব্যস্ত করলে, আমি ও সরল পথের বাঁকে ওঁৎ পেতে থাকব; (১৭) অতঃপর তাদের সম্মুখ পেছন,

خَلْفِهِمْ وَعَنْ أَيْمَانِهِمْ وَعَن شَمَائِلِهِمْ ۖ وَلَا تَجِدُ أَكْثَرَهُمْ شَاكِرِينَ ﴿١٨﴾ قَالَ

খাল্ফিহিম্ অ'আন্ আইমা-নিহিম্ অ আন্ শামা — য়িলিহিম্; অলা-তাজ্বিদু আক্ছারাহুম্ শা-কিরীন্। ১৮। ক্বা-লাখ্

ডান ও বাম দিক থেকে তাদের নিকট আসব, আপনি তাদের অধিকাংশকে শোকর গুজার পাবেন না। (১৮) বললেন, বের হয়ে

اخْرُجْ مِنْهَا مَذْءُومًا مَّدْحُورًا لَمَنْ تَبِعَكَ مِنْهُمْ لَأَمْلَأَنَّ جَهَنَّمَ مِنْكُمْ أَجْمَعِينَ

রুজ্ মিন্হা- মায্উমাম্ মাদ্হূরা-; লামান্ তাবি'আকা মিন্হুম্ লাআম্লায়ান্না জ্বাহান্নামা মিন্কুম্ আজ্ মা'ঈন্।
যা লাঞ্ছিত ও ধিকৃত অবস্থায়, তাদের মধ্যে যে কেউ তোর অনুসরণ করবে অবশ্যই তোদের সকলকে দিয়েই জাহান্নাম পূর্ণ করব।

وَيَا آدَمُ اسْكُنْ أَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ فَكُلَا مِنْ حَيْثُ شِئْتُمَا وَلَا تَقْرَبَا

১৯। অ ইয়া ~ আ-দামুস্কুন্ আন্তা অযাওজ্ কাল্ জ্বান্নাতা ফাকুলা-মিন্ হাইছু শি''তুমা অলা-তাক্ রবা-
(১৯) হে আদম! তুমি ও তোমার স্ত্রী জান্নাতে থাক অতঃপর যেখান থেকে যা ইচ্ছে খাও; তবে এ গাছের কাছেও

هَٰذِهِ الشَّجَرَةَ فَتَكُونَا مِنَ الظَّالِمِينَ ۝٢٠ فَوَسْوَسَ لَهُمَا الشَّيْطَانُ لِيُبْدِيَ

হা-যিহিশ্ শাজ্বারাতা ফাতাকূনা-মিনাজ্জোয়া-লিমীন্ ২০। ফাঅস্অসা লাহুমাশ্ শাইত্বোয়া-নু লিইয়ুব্দিয়া
যেও না; গেলে জালিমদের অন্তর্ভুক্ত হবে। (২০) অতঃপর শয়তান উভয়কে ধোঁকা দিল, যেন তাদের গোপন

لَهُمَا مَا وُورِيَ عَنْهُمَا مِنْ سَوْآتِهِمَا وَقَالَ مَا نَهَاكُمَا رَبُّكُمَا عَنْ هَٰذِهِ الشَّجَرَةِ

লাহুমা- মা-উরিয়া 'আন্ হুমা- মিন্ সাওআ-তিহিমা-অক্বা-লা মা- নাহা-কুমা- রব্বুকুমা-'আন্ হা-যিহিশ্ শাজ্বারতি
অঙ্গ প্রকাশিত হয়, যা তাদের কাছে গোপন ছিল এবং বলল, তোমাদের রব এ বৃক্ষ সম্পর্কে নিষেধ করছেন, যেন

إِلَّا أَنْ تَكُونَا مَلَكَيْنِ أَوْ تَكُونَا مِنَ الْخَالِدِينَ ۝٢١ وَقَاسَمَهُمَا إِنِّي لَكُمَا لَمِنَ

ইল্লা ~ আন্ তাকূনা- মালাকাইনি আও তাকূনা-মিনাল্ খা-লিদীন্। ২১। অক্বা-সামাহুমা ~ ইন্নী লাকুমা- লামিনান্
তোমরা ফিরিশ্তা বা বাসিন্দা হয়ে না যাও চিরদিনের জন্য। (২১) আর সে উভয়কে কসম দিয়ে বলল, আমি অবশ্যই

النَّاصِحِينَ ۝٢٢ فَدَلَّاهُمَا بِغُرُورٍ ۚ فَلَمَّا ذَاقَا الشَّجَرَةَ بَدَتْ لَهُمَا سَوْآتُهُمَا

না-ছিহীন্। ২২। ফাদাল্লা-হুমা-বিগুরূরিন্ ফালাম্মা- যা-ক্বাশ্ শাজ্বারতা বাদাত্ লাহুমা- সাওআ-তুহুমা-
শুভাকাঙ্ক্ষী। (২২) এভাবে সে ধোঁকায় ফেলল, অতঃপর যখন তারা বৃক্ষের ফল খেলে তাদের লজ্জাস্থান প্রকাশিত

وَطَفِقَا يَخْصِفَانِ عَلَيْهِمَا مِنْ وَرَقِ الْجَنَّةِ ۖ وَنَادَاهُمَا رَبُّهُمَا أَلَمْ أَنْهَكُمَا عَنْ

অ ত্বোয়াফিক্বা-ইয়াখ্ছিফা-নি 'আলাইহিমা- মিওঁ অরাক্বিল্ জান্নাহ্, অ না-দা-হুমা- রব্বুহুমা ~ আলাম্ আন্হাকুমা- 'আন্
হয়ে পড়ল, আর তারা জান্নাতের পাতা দিয়ে তা ঢাকতে লাগল; তখন তাদের রব তাদেরকে বললেন, আমি কি এ বৃক্ষ

تِلْكُمَا الشَّجَرَةِ وَأَقُلْ لَكُمَا إِنَّ الشَّيْطَانَ لَكُمَا عَدُوٌّ مُبِينٌ ۝٢٣ قَالَا رَبَّنَا

তিল্কুমাশ্ শাজ্বারতি অআকুল্ লাকুমা ~ ইন্নাশ্ শাইত্বোয়া-না লাকুমা-'আদুওয়্যুম্ মুবীন্। ২৩। ক্বা-লা-রব্বানা-
হতে নিষেধ করি নি, আমি কি তোমাদের বলিনি যে, শয়তান তোমাদের প্রকাশ্য শত্রু (২৩) তারা বলল, হে আমাদের রব!

আয়াত-১৯ ঃ বৃক্ষটির ব্যাপারে বিভিন্ন জনে বিভিন্ন ধরনের মত ব্যাক্ত করেছেন। কারও মতে গম বৃক্ষ; আর কারও মতে আঙ্গুর বৃক্ষ, অন্য কারও মতে দাড়িম্ব বৃক্ষ অথবা বেদ বৃক্ষ অথবা লেবু বৃক্ষ ছিল।

আয়াত-২০ ঃ শয়তান কুমন্ত্রণা হয়ত বেহেশতের বাইরে থেকে দিয়েছিল, সম্ভবতঃ শয়তানকে আল্লাহ্ সেই ক্ষমতা দিয়েছিলেন; অথবা হয়ত অন্য কোন তদবীরের মাধ্যমে বেহেশতে প্রবেশ করেছিল, যেমন কাসাসুল আম্বিয়ায় সর্পের মুখে ঢুকে প্রবেশের ঘটনাটি বর্ণিত রয়েছে।

ظَلَمْنَآ اَنْفُسَنَا ۚ وَاِنْ لَّمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُوْنَنَّ مِنَ الْخٰسِرِيْنَ

জোয়ালাম্না- আন্ফুসানা- অইল্লাম্ তাগ্ফির্লানা-অতার্হাম্না-লানাকূনান্না মিনাল্ খা-সিরীন্।

আমরা নিজেদের প্রতি যুলুম করেছি, যদি আপনি ক্ষমা না করেন এবং দয়া না করেন, তবে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্ত হব।

قَالَ اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِى الْاَرْضِ مُسْتَقَرٌّ وَّمَتَاعٌ ﴿٢٤﴾

২৪। ক্বা-লাহ্বিত্বূ বা'দ্বুকুম্ লিবা'দ্বিন্ 'আদুওয়্যুন্ অলাকুম্ ফিল্আর্দ্বি মুস্তাক্বার্রুওঁ অমাতা-'উন্

(২৪) তিনি বললেন, তোমরা পরস্পর শত্রুরূপে নেমে যাও, তোমাদের জন্য পৃথিবীতে কিছু সময় বসবাস ও

اِلٰى حِيْنٍ ﴿٢٥﴾ قَالَ فِيْهَا تَحْيَوْنَ وَفِيْهَا تَمُوْتُوْنَ وَمِنْهَا تُخْرَجُوْنَ ﴿٢٦﴾ يٰبَنِيْٓ

ইলা-হীন্। ২৫। ক্বা-লা ফীহা-তাহ্ইয়াওনা অফীহা-তামূতূনা অমিন্হা-তুখ্রজূন্। ২৬। ইয়া-বানী ~

জীবিকা আছে। (২৫) বললেন, সেখানেই জীবন যাপন সেখানেই মৃত্যু, সেথা হতেই বের করে আনা হবে। (২৬) হে আদম

اٰدَمَ قَدْ اَنْزَلْنَا عَلَيْكُمْ لِبَاسًا يُّوَارِىْ سَوْاٰتِكُمْ وَرِيْشًا ۚ وَلِبَاسُ التَّقْوٰى ۙ

আ-দামা ক্বাদ্ আন্যাল্না- 'আলাইকুম্ লিবা-সাইঁ ইয়ুওয়া-রী সাও আ-তিকুম্ অরীশা-; অ লিবা-সুত্তাক্বাওয়া-

সন্তান! আমি তোমাদের জন্য পোশাক সৃষ্টি করেছি লজ্জাস্থান ঢাকবার ও সৌন্দর্যের জন্য আর তাকওয়ার পোশাকই উত্তম।

ذٰلِكَ خَيْرٌ ۚ ذٰلِكَ مِنْ اٰيٰتِ اللّٰهِ لَعَلَّهُمْ يَذَّكَّرُوْنَ ﴿٢٧﴾ يٰبَنِيْٓ اٰدَمَ لَا يَفْتِنَنَّكُمُ

যা-লিকা খাইর্; যা-লিকা মিন্ আ-ইয়া-তিল্লা-হি লা'আল্লাহুম্ ইয়ায্যাক্কারূন্। ২৭। ইয়া-বানী ~ আ-দামা লা- ইয়াফ্তিনান্নাকুমুশ্

এটা আল্লাহ্র নিদর্শনসমূহের অন্যতম যেন উপদেশ গ্রহণ করে। (২৭) হে আদম সন্তান! শয়তান যেন বিপদে না

الشَّيْطٰنُ كَمَآ اَخْرَجَ اَبَوَيْكُمْ مِّنَ الْجَنَّةِ يَنْزِعُ عَنْهُمَا لِبَاسَهُمَا لِيُرِيَهُمَا

শাইত্বোয়া-নু কামা ~ আখ্রজা আবাওয়াইকুম্ মিনাল্ জ্বান্নাতি ইয়ান্যি'উ 'আন্হুমা-লিবা-সাহুমা-লিইয়ুরিয়াহুমা-

ফেলে, যেভাবে সে তোমাদের মাতা- পিতাকে বেহেশত হতে বের করেছিল; সে তাদের লজ্জাস্থান দেখানোর জন্য

سَوْاٰتِهِمَا ۚ اِنَّهٗ يَرٰىكُمْ هُوَ وَقَبِيْلُهٗ مِنْ حَيْثُ لَا تَرَوْنَهُمْ ۚ اِنَّا جَعَلْنَا الشَّيٰطِيْنَ

সাওআ-তিহিমা-; ইন্নাহূ ইয়ার-কুম্ হুঅ অক্বাবীলুহূ মিন্ হাইছু লা- তারাওনাহুম্; ইন্না- জ্বা'আল্নাশ্ শাইয়া-ত্বীনা

তাদেরকে বিবস্ত্র করেছিল। সে ও তার দল তোমাদেরকে এমনভাবে দেখে অথচ তোমরা তাদেরকে দেখ না। যারা ঈমান

اَوْلِيَآءَ لِلَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ ﴿٢٨﴾ وَاِذَا فَعَلُوْا فَاحِشَةً قَالُوْا وَجَدْنَا عَلَيْهَآ

আওলিয়া — য়া লিল্লাযীনা লা-ইয়ু''মিনূন্। ২৮। অইযা- ফা'আলূ ফা-হিশাতান্ ক্বা-লূ অজ্বাদ্না-'আলাইহা ~

আনে না। আমি শয়তানকে তাদের বন্ধু করেছি (২৮) তারা কোন ফাহেশা কাজ করলে বলে আমাদের পিতৃপুরুষকে

اٰبَآءَنَا وَاللّٰهُ اَمَرَنَا بِهَا ۚ قُلْ اِنَّ اللّٰهَ لَا يَاْمُرُ بِالْفَحْشَآءِ ۚ اَتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ

আ-বা — য়ানা অল্লা-হু আমারানা- বিহা-;ক্বুল ইন্নাল্লা-হা লা-ইয়া''মুরু বিল্ ফাহ্শা — ই; আতাক্বূলূনা 'আলাল্লা-হি

এটা করতে দেখেছি' আল্লাহ্ও এর নির্দেশ দিয়েছেন, আল্লাহ্ কখনও কুকর্মের নির্দেশ দেন না। না জেনে কেন আল্লাহ্ সম্পর্কে

২ ع ১৫ ৯ রুকু

মা-লা- তা'লামূন্। ২৯। ক্বুল্ আমারা রব্বী বিল্ক্বিস্‌তি অ আক্বীমূ উজূহাকুম্ 'ইন্দা কুল্লি
এমন কথা বলছ?(২৯) বলুন, রব নির্দেশ দিয়েছেন ন্যায় বিচারের। নামাযের সময় মুখমণ্ডল স্থির রাখ। তাঁরই আনুগত্যে

مَسْجِدٍ وَادْعُوهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ ۚ كَمَا بَدَأَكُمْ تَعُودُونَ ﴿٣٠﴾ فَرِيقًا هَدَىٰ

মাস্‌জ্বিদিওঁ অদ্'উহু মুখ্‌লিছীনা লাহুদ দীন্; কামা- বাদায়াকুম্ তা'উদূন্। ৩০। ফারীক্বান্ হাদা-
বিশুদ্ধচিত্তে একনিষ্ঠাভাবে তাঁকেই ডাক। যে ভাবে তিনি প্রথমে সৃষ্টি করছেন সে ভাবেই তোমরা ফিরবে। (৩০) একদলকে

وَفَرِيقًا حَقَّ عَلَيْهِمُ الضَّلَالَةُ ۗ إِنَّهُمُ اتَّخَذُوا الشَّيَاطِينَ أَوْلِيَاءَ مِن دُونِ

অফারীক্বান্ হাক্ব্ক্বা 'আলাইহিমুদ্ব্ দ্বোয়ালা-লাহ্; ইন্নাহুমুত্ তাখাযুশ্ শাইয়া-ত্বীনা আওলিয়া — য়া মিন্ দূনি
তিনি হিদায়াত করেছেন, অন্য দলের উপর ভ্রষ্টাতা যথার্থ হয়েছে; তারা আল্লাহ ছাড়া শয়তানকে বন্ধু বানিয়েছে;

اللَّهِ وَيَحْسَبُونَ أَنَّهُم مُّهْتَدُونَ ﴿٣١﴾ يَا بَنِي آدَمَ خُذُوا زِينَتَكُمْ عِندَ كُلِّ

ল্লা-হি অইয়াহ্‌সাবূনা আন্না হুম্ মুহ্‌তাদূন্। ৩১। ইয়া বানী ~ আ-দামা খুযূ যীনাতাকুম্ 'ইন্দা কুল্লি
তারা মনে করছে যে তারা সৎপথে রয়েছে (৩১) হে আদম সন্তান! প্রত্যেক নামাযে তোমরা সুন্দর পোশাক পরিধান

مَسْجِدٍ وَكُلُوا وَاشْرَبُوا وَلَا تُسْرِفُوا ۚ إِنَّهُ لَا يُحِبُّ الْمُسْرِفِينَ ﴿٣٢﴾ قُلْ مَنْ حَرَّمَ

৩ ع ৬ ১০ রুকু

মাস্‌জ্বিদিওঁ অকুলূ অশ্‌রাবূ অলা-তুস্‌রিফূ ইন্নাহূ লাইয়ুহিব্বুল্ মুস্‌রিফীন্। ৩২। ক্বুল্ মান্ হার্‌রামা
করবে এবং খাবে কিন্তু অপব্যয় করবে না; তিনি অপব্যয়ীকে নিশ্চয়ই পছন্দ করবেন না। (৩২) বলুন, আল্লাহর বান্দাহর

زِينَةَ اللَّهِ الَّتِي أَخْرَجَ لِعِبَادِهِ وَالطَّيِّبَاتِ مِنَ الرِّزْقِ ۚ قُلْ هِيَ لِلَّذِينَ آمَنُوا

যীনাতাল্লা-হিল্লাতী ~ আখরাজ্বা লি'ইবা-দিহী অত্ত্বাইয়িবা-তি মিনার্ রিয্‌ক্ব্; ক্বুল্ হিয়া লিল্লাযীনা আ-মানূ
জন্য যে সব সুন্দর বস্তু ও পবিত্র খাদ্য দান করেছেন তাহা কে হারাম করেছে? বলুন এটাতো পার্থিব জীবনের।

فِي الْحَيَاةِ الدُّنْيَا خَالِصَةً يَوْمَ الْقِيَامَةِ ۗ كَذَٰلِكَ نُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ

ফিল্ হাইয়া- তিদ্দুন্‌য়া-খা-লিছোয়াতাইঁ ইয়াওমাল্ ক্বিয়া-মাহ্; কাযা-লিকা নুফাছছিলুল্ আ-ইয়া-তি লিক্বাওমিইঁ ইয়া' লামূন্।
বিশেষ করে পরকালে যারা বিশ্বাসী তাদের জন্য। এভাবেই আমি আয়াত বিস্তারিতভাবে বর্ণনা করি জ্ঞানিদের জন্য।

﴿٣٣﴾ قُلْ إِنَّمَا حَرَّمَ رَبِّيَ الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ وَالْإِثْمَ وَالْبَغْيَ

৩৩। ক্বুল্ ইন্নামা- হার্‌রামা রব্বিয়াল্ ফাওয়া-হিশা মা-জোয়াহারা মিন্‌হা-অমা-বাত্বোয়ানা অল্‌ইছ্‌মি অল্‌বাগ্‌ইয়া
(৩৩) বলুন, তোমাদের রব তো হারাম করেছেন সকল ধরনের প্রকাশ্য ও গোপন অশ্লীলতা, পাপ, অযথা বাড়াবাড়ি,

শানেনুযুল ঃ আয়াত-৩১ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে, নারীরা উলঙ্গাবস্থায় তাওয়াফ করত এ প্রসঙ্গে আলোচ্য আয়াত নাযিল হয়। মুসলিম শরীফ সাভী কিতাবে হযরত ইবনে আব্বাস(রাঃ) থেকে বর্ণিত, আরববাসীরা কা'বাগৃহ উলঙ্গাবস্থায় তাওয়াফ করত, দিনে করত পুরুষেরা আর রাতে নারীরা এবং বলত, যে পোশাক নিয়ে আল্লাহর নাফরমানী করছি ঐ পোশাক নিয়ে কিরূপে আল্লাহর ঘর প্রদক্ষিণ করব। তখন এ আয়াতটি নাযিল হয়। আয়াত-৩২ ঃ কতিপয় লোক ছাগদুগ্ধ ইত্যাদি হারাম করে নিয়েছিল। হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন, বর্বর যুগে কতিপয় হালাল বস্তু নিজেদের উপর হারাম করেছিল, এ প্রেক্ষিতে উক্ত আয়াত অবতীর্ণ হয়। (মুসলি শরীফ)

بِغَيْرِ الْحَقِّ وَأَنْ تُشْرِكُوا بِاللَّهِ مَا لَمْ يُنَزِّلْ بِهِ سُلْطَانًا وَأَنْ تَقُولُوا عَلَى اللَّهِ

বিগাইরিল্ হাক্কি অআন্ তুশ্রিকূ বিল্লা-হি মা-লাম্ ইয়ুনায্যিল্ বিহী সুল্ত্বোয়া-নাওঁ অআন্ তাকূলূ 'আলাল্লা-হি
আল্লাহ্র সাথে শরীক করা- যে ব্যাপারে কোন প্রমাণ তিনি নাযিল করেন নি। এবং না জেনে আল্লাহ সম্বন্ধে

مَا لَا تَعْلَمُونَ ۝٣٤ وَلِكُلِّ أُمَّةٍ أَجَلٌ ۖ فَإِذَا جَاءَ أَجَلُهُمْ لَا يَسْتَأْخِرُونَ سَاعَةً وَلَا

মা-লা-তা'লামূন্। ৩৪। অলিকুল্লি উম্মাতিন্ আজ্বালুন্ ফাইযা-জ্বা — য়া আজ্বালুহুম্ লা-ইয়াস্তা' খিরূনা সা-'আতাওঁ অলা-
এমন কিছু বলা। (৩৪) প্রত্যেক জাতির জন্য নির্দিষ্ট সময় আছে সুতরাং নির্দিষ্ট মুহূর্তের জন্য আগ পাছ করতে

يَسْتَقْدِمُونَ ۝٣٥ يَا بَنِي آدَمَ إِمَّا يَأْتِيَنَّكُمْ رُسُلٌ مِنْكُمْ يَقُصُّونَ عَلَيْكُمْ آيَاتِي

ইয়াস্তাক্ব্দিমূন্। ৩৫। ইয়া-বানী ~ আ-দামা ইম্মা- ইয়া" তিয়ান্নাকুম্ রুসুলুম্ মিন্কুম্ ইয়াক্বুছ্ছুনা 'আলাইকুম্ আ-ইয়া-তী
পারবে না। (৩৫) হে আদম সন্তান! তোমাদের মধ্য হতে তোমাদের কাছে রাসূল এসে আমার আয়াত শুনালে

فَمَنِ اتَّقَىٰ وَأَصْلَحَ فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ۝٣٦ وَالَّذِينَ كَذَّبُوا

ফামানিত্তাক্বা- অআছ্লাহা ফালা-খাওফুন্ 'আলাইহিম্ অলা-হুম্ ইয়াহ্যানূন্। ৩৬। অল্লাযীনা কায্যাবূ
যে তাকওয়া অবলম্বন করবে ও সংশোধিত হবে তাদের কোন ভয় নেই, তারা দুঃখিতও হবে না। (৩৬) আমার আয়াতসমূহ যারা

بِآيَاتِنَا وَاسْتَكْبَرُوا عَنْهَا أُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ۝٣٧ فَمَنْ

বিআ-ইয়া-তিনা-অস্তাক্বারূ 'আন্হা ~ উলা — য়িকা আছ্হা-বুন্ না-রি হুম্ ফীহা-খা-লিদূন্। ৩৭। ফামান্
অস্বীকার করেছে এবং অহংকারে তা থেকে মুখ ফিরায় তারাই দোযখে প্রবেশ করবে, সেথায় তারা চিরকাল থাকবে। (৩৭) তার

أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا أَوْ كَذَّبَ بِآيَاتِهِ ۚ أُولَٰئِكَ يَنَالُهُمْ

আজ্লামু মিম্মানিফ্ তারা-'আলাল্লা-হি কাযিবান্ আও কায্যাবা বিআ-ইয়া-তিহ্;উলা — য়িকা ইয়ানা-লুহুম্
চেয়ে বড় জালিম কে, যে আল্লাহ্র উপর মিথ্যা বলে বা তাঁর নিদর্শনকে প্রত্যাখ্যান করে? কিতাবের নির্ধারিত অংশ

نَصِيبُهُمْ مِنَ الْكِتَابِ ۖ حَتَّىٰ إِذَا جَاءَتْهُمْ رُسُلُنَا يَتَوَفَّوْنَهُمْ قَالُوا أَيْنَ مَا

নাছীবুহুম্ মিনাল্ কিতা-ব; হাত্তা ~ ইযা-জ্বা — য়াত্হুম্ রুসুলুনা-ইয়াতাঅফ্ফাওনাহুম্ ক্বা-লূ ~ আইনা মা-
যখন তাদের কাছে পৌছবে। অবশেষে ফিরিশ্তারা তাদের মৃত্যুর সময় বলবেন, আল্লাহ ছাড়া যাদেরকে তোমরা

كُنْتُمْ تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ ۖ قَالُوا ضَلُّوا عَنَّا وَشَهِدُوا عَلَىٰ أَنْفُسِهِمْ أَنَّهُمْ

কুন্তুম্ তাদ্'উনা মিন দূনিল্লা-হ্;ক্বা-লূ দ্বোয়াল্লূ 'আন্না-অশাহিদূ 'আলা~ আন্ফুসিহিম্ আন্নাহুম্
ডাকতে তারা এখন কোথায়? তারা বলবে, তারা উধাও হয়েছে, তখন তারা নিজেরাই স্বীকৃতি দেবে, তারা

كَانُوا كَافِرِينَ ۝٣٨ قَالَ ادْخُلُوا فِي أُمَمٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ مِنَ الْجِنِّ وَ

কা-নূ কা-ফিরীন্। ৩৮। ক্বা-লাদ্ খুলূ ফী ~ উমামিন্ ক্বাদ্ খালাত্ মিন্ ক্বাব্লিকুম্ মিনাল্ জ্বিন্নি অল্
কাফের ছিল। (৩৮) আল্লাহ বলবেন, জাহান্নামে প্রবেশ কর তোমাদের পূর্বের জিন ও

الْإِنسِ فِي النَّارِ ۖ كُلَّمَا دَخَلَتْ أُمَّةٌ لَّعَنَتْ أُخْتَهَا ۖ حَتَّىٰ إِذَا ادَّارَكُوا

ইন্‌সি ফিন্না-র; কুল্লামা- দাখালাত্ উম্মাতুল্ লা'আনাত্ উখ্‌ত্বাহা; হাত্তা~ ইযাদ্দা-রাকূ
মানুষের সঙ্গে যখনই একদল ঢুকবে তখনই তারা অন্যদলকে অভিশাপ দেবে। অবশেষে সবাই তাতে একত্র হয়ে

فِيهَا جَمِيعًا قَالَتْ أُخْرَاهُمْ لِأُولَاهُمْ رَبَّنَا هَٰؤُلَاءِ أَضَلُّونَا فَآتِهِمْ عَذَابًا

ফীহা-জ্বামী'আন্ ক্বা-লাত্ উখ্‌রা-হুম্ লিউ~ লা-হুম্ রব্বানা- হা ~ উলা —য়ি অদ্বোয়াল্লূনা- ফাআ-তিহিম্ 'আযা-বান্
পরবর্তীরা পূর্ব বর্তীদের সম্বন্ধে বলবে, হে আমাদের রব! এরাই আমাদেরকে গোমরা করেছে; এদেরকে দ্বিগুণ- শাস্তি দাও।

ضِعْفًا مِّنَ النَّارِ ۖ قَالَ لِكُلٍّ ضِعْفٌ وَلَٰكِن لَّا تَعْلَمُونَ ﴿٣٩﴾ وَقَالَتْ أُولَاهُمْ

দ্বি'ফাম্ মিনান্ না-র; ক্বা-লা লিকুল্লি দ্বি'ফুওঁ অলা-কিল্লা-তা'লামূন্। ৩৯। অক্বা-লাত্ উলা-হুম্
বলবেন, প্রত্যেকের জন্যই দিগুণ শাস্তি আছে। তবে তোমরা তা জান না। (৩৯) তাদের পূর্ববর্তী লোকেরা পরবর্তী

لِأُخْرَاهُمْ فَمَا كَانَ لَكُمْ عَلَيْنَا مِن فَضْلٍ فَذُوقُوا الْعَذَابَ بِمَا كُنتُمْ

লিউখ্‌রা-হুম্ ফামা-কা-না লাকুম্'আলাইনা- মিন্ ফাদ্বলিন্ ফাযূক্বু-ল্ 'আযা-বা বিমা-কুনতুম্
লোকদের বলবে, আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব নেই, সুতরাং তোমরা আযাব ভোগ করতে থাক, স্বীয়

4 ع ৮ ১১ রুকু

تَكْسِبُونَ ﴿٤٠﴾ إِنَّ الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا وَاسْتَكْبَرُوا عَنْهَا لَا تُفَتَّحُ لَهُمْ

তাক্‌সিবূন্। ৪০। ইন্নাল্লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিনা- অস্‌তাক্‌বারূ 'আন্‌হা- লা-তুফাত্তাহু লাহুম্
কর্মের জন্য। (৪০) নিশ্চয়ই যারা প্রত্যাখ্যান করে আমার আয়াত এবং অহংকার করে মুখ ফিরায়, তাদের জন্য

أَبْوَابُ السَّمَاءِ وَلَا يَدْخُلُونَ الْجَنَّةَ حَتَّىٰ يَلِجَ الْجَمَلُ فِي سَمِّ الْخِيَاطِ ۚ

আব্‌ওয়া-বুস্ সামা —য়ি অলা- ইয়াদ্‌খুলূনাল্ জ্বান্নাতা হাত্তা-ইয়ালিজ্বাল্ জ্বামালু ফী সাম্মিল্ খিয়া-ত্ব্;
গগনদ্বার খোলা হবে না; আর প্রবেশ করতে পারবে না বেহেশতে- যতক্ষন না সূঁচের ছিদ্র দিয়ে উট ঢুকে,

وَكَذَٰلِكَ نَجْزِي الْمُجْرِمِينَ ﴿٤١﴾ لَهُم مِّن جَهَنَّمَ مِهَادٌ وَمِن فَوْقِهِمْ

অকাযা-লিকা নাজ্ব্‌যিল্ মুজ্ব্‌রিমীন্। ৪১। লাহুম্ মিন্ জ্বাহান্নামা মিহা-দুঁও অমিন্ ফাওক্বিহিম্
এভাবে আমি দোষীদের প্রতিফল প্রদান করি। (৪১) জাহান্নামই তাদের জন্য বিছানা ও উপরের

غَوَاشٍ ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الظَّالِمِينَ ﴿٤٢﴾ وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ

গাওয়া-শ্; অকাযা-লিকা নাজ্ব্‌যিজ্জোয়া-লিমীন্। ৪২। অল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি
আচ্ছাদন; এভাবেই আমি জালিমদের প্রতিফল দেই। (৪২) কাকেও সাধ্যাতীত বোঝা দেই না; যারা ঈমান আনে ও সৎকাজ করে

আয়াত - ৪০ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে এ আয়াতের এক তাফসীরে উল্লেখ আছে যে, তাদের আ'মল ও তাদের দোয়ার জন্য আকাশের দরজা খোলা হবে না। অর্থাৎ তাদের দোয়া কবুল করা হবে না এবং তাদের আ'মলকে ঐস্থানে যেতে দেয়া হবে না, যেখানে আল্লাহর নেক বান্দাহদের আ'মলসমূহ সংরক্ষিত রাখা হয়। এর তাফসীরে হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন ঃ কাফেরদের আত্মার জন্য আকাশের দরজা খোলা হবে না। এসব আত্মাকে নিচে নিক্ষেপ করা হবে। অন্যান্য সাহাবী হতেও এরূপ তাফসীর বর্ণিত আছে। (মাঃ কোঃ বাহরে মুহীত) আয়াত-৪১ ঃ উদ্দেশ্য হল, সূঁচের ছিদ্রে উট প্রবেশ করা যেমন অসম্ভব, তেমনি তাদের জান্নাতে প্রবেশ করাও হবে অসম্ভব। এটা তাদের চিরস্থায়ী জাহান্নামের শাস্তি বর্ণনা করা উদ্দেশ্য। (মাঃ কোঃ)

لَا نُكَلِّفُ نَفْسًا إِلَّا وُسْعَهَا أُولَٰئِكَ أَصْحَابُ الْجَنَّةِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٤٣﴾ وَ

লা- নুকাল্লিফু নাফ্সান্ ইল্লা-উস্'আহা ~ উলা —য়িকা আছ্হা-বুল্ জ্বান্নাতি হুম্ ফীহা- খা-লিদূন্। ৪৩। অ
আমি তাদের কাউকে সাধ্যাতীত বোঝা দেই না, তারাই বেহেশতী, সেখানে তারা চিরকাল থাকবে। (৪৩) আর তাদের

نَزَعْنَا مَا فِي صُدُورِهِمْ مِنْ غِلٍّ تَجْرِي مِنْ تَحْتِهِمُ الْأَنْهَارُ ۖ وَقَالُوا الْحَمْدُ

নাযা'না- মা- ফী ছুদূরিহিম্ মিন্ গিল্লিন্ তাজ্ব্রী মিন্ তাহ্তিহিমুল্ আন্হা-রু, অক্বা-লুল্ হামদু
অন্তর হতে সকল দুঃখ দূর করব, তাদের পাশ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত হবে, আর তারা বলবে, সকল প্রশংসা একমাত্র

لِلَّهِ الَّذِي هَدَانَا لِهَٰذَا وَمَا كُنَّا لِنَهْتَدِيَ لَوْلَا أَنْ هَدَانَا اللَّهُ ۖ لَقَدْ

লিল্লা-হিল্লাযী হাদা-না- লিহা-যা- অমা- কুন্না- লিনাহ্তাদিয়া লাওলা ~ আন্ হাদা-নাল্লা-হু লাক্বাদ্
আল্লাহ্রই, যিনি এর পথ দেখালেন, আল্লাহ যদি পথ না দেখাতেন, তবে আমরা কখনও এ পথ পেতাম না। আমাদের

جَاءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۖ وَنُودُوا أَنْ تِلْكُمُ الْجَنَّةُ أُورِثْتُمُوهَا بِمَا كُنْتُمْ

জ্বা —য়াত্ রুসুলু রব্বিনা- বিল্হাক্ব্; অনূ দূ ~ আন্ তিল্কুমুল্ জ্বান্নাতু উরিছ্তুমূহা-বিমা-কুন্তুম্
রবের রাসূলরা সত্যবাণী নিয়ে এসেছিলেন. তাদেরকে বলা হবে, কৃতকর্মের জন্যই তোমাদেরকে এ জান্নাত প্রদান

تَعْمَلُونَ ﴿٤٤﴾ وَنَادَىٰ أَصْحَابُ الْجَنَّةِ أَصْحَابَ النَّارِ أَنْ قَدْ وَجَدْنَا مَا وَ

তা'মালূন্। ৪৪। অনা-দা ~ আছ্হা-বুল্ জান্নাতি আছ্হা-বান্না-রি আন্ ক্বাদ্ অজ্বাদ্না- মা- অ
করা হল। (৪৪) জান্নাতবাসীরা জাহান্নামীদেরকে ডেকে বলবে, আমাদের রব যে প্রতিশ্রুতি আমাদেরকে দিয়েছিলেন,

عَدَنَا رَبُّنَا حَقًّا فَهَلْ وَجَدْتُمْ مَا وَعَدَ رَبُّكُمْ حَقًّا ۖ قَالُوا نَعَمْ ۚ فَأَذَّنَ مُؤَذِّنٌ

'আদানা-রব্বুনা- হাক্ব্ক্বান্ ফাহাল্ অজ্বাত্তুম্ মা- অ'আদা রব্বুকুম্ হাক্ব্ক্বা-; ক্ব-লূ না'আম্, ফাআয্যানা মুয়ায্যিনুম্
আমরা তার সবই বাস্তবে পেয়েছি। তোমরা কি তোমাদের রবের ওয়াদা সত্য পেয়েছ ? তারা বলবে, হাঁ, ঘোষক ঘোষণা

بَيْنَهُمْ أَنْ لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ ﴿٤٥﴾ الَّذِينَ يَصُدُّونَ عَنْ سَبِيلِ اللَّهِ وَ

বাইনাহুম্ আল্লা'নাতুল্লা-হি 'আলাজ্জোয়া-লিমীন্। ৪৫। আল্লাযীনা ইয়াছুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি অ
দেবে যে, জালিমদের উপর আল্লাহর লানত। (৪৫) যারা আল্লাহর পথে বিঘ্ন সৃষ্টি করত এবং তাতে বক্রতা অনুসন্ধান

يَبْغُونَهَا عِوَجًا وَهُمْ بِالْآخِرَةِ كَافِرُونَ ﴿٤٦﴾ وَبَيْنَهُمَا حِجَابٌ ۚ وَعَلَى الْأَعْرَافِ

ইয়াব্গূনাহা- ই'ওয়াজ্বান্ অহুম্ বিল্আ-খিরাতি কা-ফিরূন্। ৪৬। অবাইনাহুমা- হিজ্বা-বুন্ অ 'আলাল্ আ'রা-ফি
করত তারাই পরকালকে অবিশ্বাস করত। (৪৬) উভয়ের (জান্নাত ও জাহান্নামের) মাঝে আছে প্রাচীর, আর আ'রাফের

رِجَالٌ يَعْرِفُونَ كُلًّا بِسِيمَاهُمْ ۚ وَنَادَوْا أَصْحَابَ الْجَنَّةِ أَنْ سَلَامٌ عَلَيْكُمْ ۚ لَمْ

রিজ্বা-লুঁই ইয়া'রিফূনা কুল্লাম্ বিসীমা-হুম অনা-দাও আছ্হা-বাল্ জ্বান্নাতি আন্ সালা-মুন্ 'আলাইকুম লাম্
উপর থাকবে কিছু লোক, যারা প্রত্যেককে তার লক্ষ্যণ দ্বারা চিনবে এবং জান্নাতীদের ডেকে বলবে, শান্তি বর্ষিত হোক তোমাদের

তিন চতুর্থাংশ

ওয়াক্বফে গোফরান

يَدْخُلُوهَا وَهُمْ يَطْمَعُونَ ﴿٤٧﴾ وَإِذَا صُرِفَتْ أَبْصَٰرُهُمْ تِلْقَآءَ أَصْحَٰبِ ٱلنَّارِ

ইয়াদ্‌খুলূহা-অহুম্ ইয়াত্ব্‌মা'উন্। ৪৭। অ ইযা-ছুরিফাত্ আব্‌ছোয়া-রুহুম্ তিল্‌ক্বা — য়া আছ্‌হা-বিন্ না-রি
উপর, তখনও তারা জান্নাতে প্রবেশ করেনি তবে তারা আশা করে। (৪৭) অগ্নিবাসীদের প্রতি তাদের দৃষ্টি ফিরিয়ে

৫ ৪ ১২ রুকু

قَالُوا رَبَّنَا لَا تَجْعَلْنَا مَعَ ٱلْقَوْمِ ٱلظَّٰلِمِينَ ﴿٤٨﴾ وَنَادَىٰٓ أَصْحَٰبُ ٱلْأَعْرَافِ رِجَالًا

ক্বা-লূ রব্বানা- লা-তাজ্‌'আল্‌না- মা'আল্ ক্বাওমিজ্জোয়া-লিমীন্। ৪৮। অনা-দা ~ আছ্‌হা-বুল্ 'আ'রা-ফি রিজ্বা-লাই
দিলে তারা বলবে, হে আমাদের রব! আমাদিগকে এ জালিমদের সাথী করো না। (৪৮) 'আ'রাফবাসীরা লক্ষণ দিয়ে

يَعْرِفُونَهُم بِسِيمَىٰهُمْ قَالُوا مَآ أَغْنَىٰ عَنكُمْ جَمْعُكُمْ وَمَا كُنتُمْ تَسْتَكْبِرُونَ

ইয়া'রিফূনাহুম্ বিসীমা-হুম্ ক্বা-লূ মা ~ আগ্‌না- 'আন্‌কুম্ জ্বাম্'উকুম্ অমা-কুন্‌তুম্ তাস্‌তাক্‌বিরূন্।
যাদেরকে চিনতে সে সব ব্যক্তিদের বলবে, তোমাদের দল ও অহংকার তোমাদের কোন কাজেই আসল না।

﴿٤٩﴾ أَهَٰٓؤُلَآءِ ٱلَّذِينَ أَقْسَمْتُمْ لَا يَنَالُهُمُ ٱللَّهُ بِرَحْمَةٍ ۚ ٱدْخُلُوا ٱلْجَنَّةَ لَا خَوْفٌ

৪৯। আ হা ~ উলা — য়িল্লাযীনা আক্ব্‌সাম্‌তুম্ লা-ইয়ানা-লুহুমুল্লা-হু বিরহ্‌মাহ্; উদ্‌খুলুল্ জ্বান্নাতা লা-খাওফুন্
(৪৯) এরাই কি তারা, যাদের ব্যাপারে তোমারা শপথ করে বলতে যে, আল্লাহ এদের প্রতি রহম করবে না; তোমরা জান্নাতে

عَلَيْكُمْ وَلَآ أَنتُمْ تَحْزَنُونَ ﴿٥٠﴾ وَنَادَىٰٓ أَصْحَٰبُ ٱلنَّارِ أَصْحَٰبَ ٱلْجَنَّةِ أَنْ

'আলাইকুম্ অলা ~ আন্‌তুম্ তাহ্‌যানূন্। ৫০। অনা-দা ~ আছ্‌হা-বুন্না-রি আছ্‌হা-বাল্ জ্বান্নাতি আন্
প্রবেশ কর; তোমাদের নাই কোন ভয় আর নাই কোন দুঃখ। (৫০) জাহান্নামীরা জান্নাতের অধিবাসীদের বলবে, আমাদের

أَفِيضُوا عَلَيْنَا مِنَ ٱلْمَآءِ أَوْ مِمَّا رَزَقَكُمُ ٱللَّهُ ۚ قَالُوٓا إِنَّ ٱللَّهَ حَرَّمَهُمَا عَلَى

আফীদ্বূ 'আলাইনা- মিনাল্ মা — য়ি আও মিম্মা- রাযাক্বাকুমুল্লা-হ্; ক্বা-লূ ~ ইন্নাল্লা-হা হার্‌রামাহুমা- 'আলাল্
উপর কিছু পানি ঢাল বা আল্লাহ্‌র দেয়া থেকে আমাদের কিছু দাও; তারা বলবে, আল্লাহ ও দুটো কাফেরদের উপর

ٱلْكَٰفِرِينَ ﴿٥١﴾ ٱلَّذِينَ ٱتَّخَذُوا دِينَهُمْ لَهْوًا وَلَعِبًا وَغَرَّتْهُمُ ٱلْحَيَوٰةُ ٱلدُّنْيَا ۚ

কা-ফিরীন্। ৫১। আল্লাযীনাত্ তাখাযূ দীনাহুম্ লাহ্‌ওয়াওঁ অলা'ইবাওঁ অগার্‌রাত্‌হুমুল্ হাইয়া-তুদ্দুন্‌ইয়া -
হারাম করেছেন। (৫১) যারা স্বীয় দ্বীন্‌কে খেল-তামাসারূপে গ্রহণ করেছে এবং পার্থিব জীবন যাদেরকে ধোঁকায় রেখেছে,

فَٱلْيَوْمَ نَنسَىٰهُمْ كَمَا نَسُوا لِقَآءَ يَوْمِهِمْ هَٰذَا وَمَا كَانُوا بِـَٔايَٰتِنَا يَجْحَدُونَ

ফাল্‌ইয়াওমা নান্‌সা-হুম্ কামা-নাসূ লিক্বা — য়া ইয়াওমিহিম্ হা-যা- অমা কা-নূ বিআ-ইয়া-তিনা- ইয়াজ্ব্‌হাদূন্।
আজ আমি তাদেরকে ভুলে যাব, যেমন তারা ভুলেছে এ দিনের সাক্ষাৎকে, আর আমার আয়াতকে অস্বীকার করত।

আয়াত-৪৯ ঃ এ বাক্যটি আ'রাফবাসীরা জান্নাতে অবস্থানরত হযরত বেলাল, সুহায়েব ও সালমান (রাঃ) প্রভৃতি দরিদ্র ও গোলাম শ্রেণীর মুসলমানদের প্রতি ইশারা করে দোযখবাসী কাফের সরদারদেরকে বলবে এবং এ কথোপকথন শেষে আ'রাফবাসীদের জান্নাতে প্রবেশের অনুমতি দেয়া হবে। (মুঃ কোঃ)

আয়াত-৫১ ঃ জান্নাতবাসীরা জান্নাতে এবং দোযখবাসীরা দোযখে নিজ নিজ ঠিকানায় পৌছে গেলে বাহ্যতঃ উভয় স্থানের মধ্যে সব দিক দিয়ে বিরাট ব্যবধান হবে। কিন্তু এতদ্‌সত্বেও কোরআন পাকের বহু আয়াত সাক্ষ্য দেয় যে, উভয় স্থানের মাঝখানে এমন কিছু রাস্তা থাকবে, যাতে একে অপরকে দেখতে পারবে এবং পরস্পরের মধ্যে কথা-বার্তা ও প্রশ্নোত্তর হবে। (মাঃ কোঃ)

﴿٥٢﴾ وَلَقَدْ جِئْنٰهُمْ بِكِتٰبٍ فَصَّلْنٰهُ عَلٰى عِلْمٍ هُدًى وَّرَحْمَةً لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ *

৫২। অলাক্বাদ্ জি'না-হুম্ বিকিতা-বিন্ ফাছ্ছোয়াল্না-হু 'আলা-'ইল্মিন্ হুদাওঁ অরহ্মাতাল লিক্বাওমিঁই ইয়ু'মিনূন্।
(৫২) আর, অবশ্যই আমি তাদেরকে দিয়েছি এমন কিতাব যাতে হিদায়াত ও দয়ার জ্ঞান মু'মিনদের জন্য ব্যাখ্যা করেছি।

﴿٥٣﴾ هَلْ يَنْظُرُوْنَ اِلَّا تَاْوِيْلَهٗ ؕ يَوْمَ يَاْتِيْ تَاْوِيْلُهٗ يَقُوْلُ الَّذِيْنَ نَسُوْهُ مِنْ

৫৩। হাল্ ইয়ানয্জুরূনা ইল্লা- তা''ওয়ীলাহ্; ইয়াওমা ইয়া''তী তা''ওয়ীলুহূ ইয়াকু্লুল্লাযীনা নাসূহু মিন্
(৫৩) তারা কি এর পরিণামের অপেক্ষায় রয়েছে? যেদিন পরিণাম প্রকাশিত হবে সেদিন যারা পূর্বেকার কথা ভুলেছিল তারা

قَبْلُ قَدْ جَآءَتْ رُسُلُ رَبِّنَا بِالْحَقِّ ۚ فَهَلْ لَّنَا مِنْ شُفَعَآءَ فَيَشْفَعُوْا لَنَآ اَوْ نُرَدُّ

ক্বাব্লু ক্বাদ্ জা — য়াত্ রুসুলু রব্বিনা- বিল্হাক্ব্; ফাহাল্ লানা-মিন্ শুফা'আ — য়া ফাইয়াশ্ফা'উ লানা ~ আও নুরাদ্দু
বলবে, আমাদের রবের রাসূলরা তো সত্য বাণী এনেছিলেন, কোন সুপারিশকারী কি আছে, যে সুপারিশ করবে অথবা ফিরে

فَنَعْمَلَ غَيْرَ الَّذِيْ كُنَّا نَعْمَلُ ؕ قَدْ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا

ফানা'মালা গাইরাল্লাযী কুন্না-না'মাল্; ক্বাদ্ খাসিরূ ~ আন্ফুসাহুম্ অদ্বোয়াল্লা 'আন্হুম্ মা-কা-নূ
যেতে দেবে যেন কৃত আমলের বিপরীত কিছু করতে পারি? তারা নিজেরাই নিজেদের ক্ষতি করেছে এবং তারা যে মিথ্যা রটনা

৬ ع ৬ ১৩ রুকু

يَفْتَرُوْنَ ﴿٥٤﴾ اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ

ইয়াফ্তারূন্। ৫৪। ইন্না রব্বাকুমুল্লা-হুল্লাযী খালাক্বাস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বোয়া ফী সিত্তাতি আইয়্যা-মিন্
করত তা আজ দূরে সরে গেছে। (৫৪) নিঃসন্দেহে তোমাদের রব আল্লাহ, যিনি ছয়দিনে আকাশ ও পৃথিবী সৃষ্টি করেন;

ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ ۫ يُغْشِي الَّيْلَ النَّهَارَ يَطْلُبُهٗ حَثِيْثًا ۙ وَّالشَّمْسَ

ছুম্মাস্ তাওয়া-'আলাল্ 'আর্শি ইয়ুগ্শিল্ লাইলান্ নাহা-রা ইয়াত্ব্লুবুহূ হাছীছাওঁ অশ্শাম্সা
তারপর তিনি আরশে সমাসীন হন। তিনি দিন দিয়ে রাতকে ঢাকেন, যাতে একে অন্যকে দ্রুত অনুসরণ করে; আর সূর্য,

وَالْقَمَرَ وَالنُّجُوْمَ مُسَخَّرٰتٍ ۭ بِاَمْرِهٖ ؕ اَلَا لَهُ الْخَلْقُ وَالْاَمْرُ ؕ تَبٰرَكَ اللّٰهُ

অল্ক্বামারা অন্নুজূমা মুসাখ্খারা-তিম্ বিআম্রিহ্; আলা-লাহুল্ খাল্ক্বু অল্ আম্র্; তাবা-রাকাল্লা-হু
চন্দ্র ও তারকাসমূহ যা তাঁরই আদেশের অধীন। আল্লাহ মহিমান্বিত, সমগ্র বিশ্বের রব যা তাঁরই সৃষ্টি ও তাঁরই

رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٥٥﴾ اُدْعُوْا رَبَّكُمْ تَضَرُّعًا وَّخُفْيَةً ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ *

রব্বুল্ 'আ-লামীন্। ৫৫। উদ্'উ রব্বাকুম তাদ্বোয়ার্রু'আওঁ অখুফ্ইয়াহ্, ইন্নাহূ লা-ইয়ুহিব্বুল্ মু'তাদীন্।
আদেশের অনুবর্তী। (৫৫) তোমাদের রবকে ডাক সকাতরে এবং গোপনে। তিনি জালিমদের ভালবাসেন না।

টীকা ঃ আয়াত ৫২ঃ জান্নাতবাসীদের মর্যাদা এবং আ'রাফবাসীর কথোপকথন ইত্যাদির বর্ণনা গায়বী সংবাদের অন্তর্গত। যিনি গায়েব জানেন তাঁর সংবাদ ব্যতীত বিবেকের দ্বারা তা অবগত হওয়া সম্ভব নয়। গায়েবের মালিক 'আল্লাহর' নিজেরই ঐ সংবাদসমূহ বলে দেয়া মেহেরবানীস্বরূপ। মানুষ যেন নিজের পরিণাম সম্বন্ধে জানতে পারে এবং পরকালের সফলতা অর্জনের প্রতি আগ্রহী হয়ে যায়। তাই আল্লাহ্ তা'আলা বলেছেন, হে লোক সকল। এ সমস্ত বাণীকে মূল্যহীন ভেবো না। কারণ, আমি তোমাদের নিকট এমন একটি কিতাব অর্থাৎ কোরআন মজীদ প্রেরণ করেছি যাতে ঐ সব কিছু বিস্তারিতভাবে বর্ণনা করেছি। তাতে পরকালের এ সকল অবস্থাও বর্ণিত আছে যে, হাশরে অবিশ্বাসীরা হতভাগ্য ও তাদের অন্তর অন্ধ;

﴿٥٥﴾ وَلَا تُفْسِدُوا فِي الْأَرْضِ بَعْدَ إِصْلَاحِهَا وَادْعُوهُ خَوْفًا وَطَمَعًا ۚ إِنَّ

৫৬। অলা- তুফ্সিদূ ফিল্ আরদ্বি বা'দা ইছ্লা-হিহা- অদ্'উহু খাওফাওঁ অত্বোয়ামা'আ-; ইন্না
(৫৬) আর দুনিয়ায় তোমরা শান্তির পর অশান্তি সৃষ্টি করো না ভয় ও আশা নিয়ে তোমরা তাঁকে ডাক; নিশ্চয়ই

رَحْمَتَ اللَّهِ قَرِيبٌ مِّنَ الْمُحْسِنِينَ ﴿٥٦﴾ وَهُوَ الَّذِي يُرْسِلُ الرِّيٰحَ بُشْرًا

রহ্মাতাল্লা-হি ক্বারীবুম্ মিনাল্ মুহ্সিনীন্ ৫৭। অহুঅল্লাযী ইয়ুর্সিলুর্ রিয়া-হা বুশ্রাম্
আল্লাহর রহমত সৎকর্মশীলদের নিকটবর্তী। (৫৭) আর তিনিই স্বীয় রহমতের বৃষ্টি বর্ষণের পূর্বে বাতাসকে সুসংবাদদাতা

بَيْنَ يَدَيْ رَحْمَتِهِ ۖ حَتَّىٰ إِذَا أَقَلَّتْ سَحَابًا ثِقَالًا سُقْنَاهُ لِبَلَدٍ مَّيِّتٍ فَأَنزَلْنَا

বাইনা ইয়াদাই রহ্মাতিহ্; হাত্তা ~ ইযা ~ আক্বাল্লাত্ সাহা-বান্ ছিক্বা-লান্ সুক্ব্না-হু লিবালাদিম্ মাইয়্যিতিন্ ফাআন্যাল্না-
হিসেবে প্রেরণ করেন; শেষে যখন তা ভারী মেঘ বহন করে আসে তখন ঐ মেঘমালাকে নির্জীব ভূখণ্ডের দিকে পাঠাই;

بِهِ الْمَاءَ فَأَخْرَجْنَا بِهِ مِن كُلِّ الثَّمَرَاتِ ۚ كَذَٰلِكَ نُخْرِجُ الْمَوْتَىٰ لَعَلَّكُمْ

বিহিল মা — য়া ফাআখ্ রাজ্ব্না-বিহী মিন্ কুল্লিছ্ ছামারা-ত্; কাযা-লিকা নুখ্রিজুল মাওতা- লা'আল্লাকুম্
পরে তা হতে বৃষ্টি বর্ষণ করি; অতঃপর তা দিয়ে সর্বপ্রকার ফল ফলাই; এভাবে আমি মৃতকে জীবিত করে উঠাব, যেন তোমরা

تَذَكَّرُونَ ﴿٥٧﴾ وَالْبَلَدُ الطَّيِّبُ يَخْرُجُ نَبَاتُهُ بِإِذْنِ رَبِّهِ ۖ وَالَّذِي خَبُثَ

তাযাক্কারূন্। ৫৮। অল্ বালাদুত্ব্ ত্বোয়াইয়্যিবু ইয়াখ্রুজু নাবা-তুহূ বিইয্নি রব্বিহী অল্লাযী খাবুছা
তা থেকে উপদেশ গ্রহণ কর। (৫৮) আর রবের নির্দেশে উত্তম ভূমিতে ফসল উৎপন্ন হয় এবং নিকৃষ্ট ভূমিতে

لَا يَخْرُجُ إِلَّا نَكِدًا ۚ كَذَٰلِكَ نُصَرِّفُ الْآيَاتِ لِقَوْمٍ يَشْكُرُونَ ﴿٥٨﴾ لَقَدْ أَرْسَلْنَا

৭ ع ৫ 14 রুকু

লা-ইয়াখ্রুজু ইল্লা- নাকিদা-; কাযা-লিকা নুছোয়ার্রিফুল্ আ-ইয়া-তি লিক্বাওমিই ইয়াশ্কুরূন্। ৫৯। লাক্বাদ্ আরসাল্না-
খুব কম ফসল উৎপন্ন হয়; নিশ্চয়ই আমি এভাবে কৃতজ্ঞদের জন্য আয়াত বর্ণনা করি। (৫৯) নূহ্কে তার কাওমের

نُوحًا إِلَىٰ قَوْمِهِ فَقَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُم مِّنْ إِلَٰهٍ غَيْرُهُ ۖ إِنِّي

নূহান্ ইলা-ক্বাওমিহী ফাক্ব-লা ইয়া-ক্বাওমি'বুদুল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন গাইরুহ্ ; ইন্নী ~
নিকট প্রেরণ করেছি, তিনি বলেছেন, হে কাওম! আল্লাহ্র ইবাদাত কর, তিনি ছাড়া তোমাদের কোন ইলাহ্ নেই;

أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿٥٩﴾ قَالَ الْمَلَأُ مِن قَوْمِهِ إِنَّا لَنَرَاكَ فِي

আখা-ফু 'আলাইকুম্ 'আযা-বা ইয়াওমিন্ 'আজীম্। ৬০। ক্ব-লাল্ মালাউ মিন্ ক্বাওমিহী ~ ইন্না-লানারা-কা ফী
আমি তোমাদের উপর কঠিন দিনের শাস্তির ভয় করি। (৬০) তাঁর কাওমের সর্দাররা বলল, আমরা তোমাকে স্পষ্ট

আর তাঁরাই ভাগ্যবান যার ওতে বিশ্বাস করে এবং এ কিতাবকে পথ প্রদর্শক ও রহমতের উপায় ভেবে তার কল্যাণের অংশীদার হয় এবং তার কোন অংশেই সন্দেহভাজন হয় না। অবিশ্বাসীদেরকে বহুবার বলা হয়েছে যে, ইহকালীন নেয়ামত ও আমোদ-প্রমোদ বর্জন করে তোমাদেরকে অন্য জগতে পাড়ি দিতে হবে। সেখানে আপন কৃত কর্মের পুরস্কার ও শাস্তি ভোগের জন্য মরণোত্তর পুনরায় জীবিত করা হবে। তখন হতভাগ্যদের ইহকালের নেয়ামতের পরিবর্তে কণ্টক, শীতল পানির পরিবর্তে উষ্ণ পানি পান করানো হবে এবং শিখায়িত আগুনে তাদেরকে দগ্ধিভূত হতে হবে। কিন্তু তারা এর প্রতি ভ্রূক্ষেপও করে নি এবং আরও বলে যে, যখন ঐসব কিছু প্রত্যক্ষ করব তখনই মানব। আলোচ্য আয়াতে তাদের এ উক্তির প্রতি ইঙ্গিত করা হয়েছে।

ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٦١﴾ قَالَ يٰقَوْمِ لَيْسَ بِيْ ضَلٰلَةٌ وَّلٰكِنِّيْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ

দ্বোয়ালা-লিম্ মুবীন্। ৬১। ক্ব-লা ইয়া-ক্বওমি লাইসা বী দ্বোয়ালা-লাতুওঁ অলা-কিন্নী রাসূলুম্ মির্ রব্বিল্ 'আ-লামীন্।
ভ্রান্তিতে দেখছি। (৬১) বললেন, হে আমার কাওম! আমি বিপথে নই, আমি তো বিশ্ব- প্রতিপালকের রাসূল।

اُبَلِّغُكُمْ رِسٰلٰتِ رَبِّيْ وَاَنْصَحُ لَكُمْ وَاَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٦٢﴾ اَوَ

৬২। উবাল্লিগুকুম্ রিসা-লা-তি রব্বী অ আন্ছোয়াহু লাকুম্ অআ'লামু মিনাল্লা-হি মা-লা-তা'-লামূন্। ৬৩। আও
(৬২) আমি রবের বাণী পৌছাই ও সদুপদেশ দেই, এবং আমি আল্লাহর পক্ষ হতে যা জানি, তোমরা তা জান না। (৬৩) তোমরা

عَجِبْتُمْ اَنْ جَآءَكُمْ ذِكْرٌ مِّنْ رَّبِّكُمْ عَلٰى رَجُلٍ مِّنْكُمْ لِيُنْذِرَكُمْ

'আজিব্তুম্ আন্ জ্বা — য়াকুম্ যিক্রুম্ মির্ রব্বিকুম্ 'আলা-রাজু্লিম্ মিন্কুম্ লিইয়ুন্যিরাকুম্
কি বিস্মিত হচ্ছ যে, রবের পক্ষ হতে তোমাদের একজনের মাধ্যমে তোমাদের কাছে উপদেশ এসেছে? যেন সতর্ক করেন

وَلِتَتَّقُوْا وَلَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٦٣﴾ فَكَذَّبُوْهُ فَاَنْجَيْنٰهُ وَالَّذِيْنَ مَعَهٗ فِى الْفُلْكِ

অলিতাত্তাক্বূ অলা'আল্লাকুম্ তুর্হামূন্। ৬৪। ফাকায্যাবূহু ফাআন্জ্বাইনা-হু অল্লাযীনা মা'আহূ ফিল্ফুল্কি
আর তোমরা সতর্ক হও এবং রহমত পাও। (৬৪) তারা তাঁকে মিথ্যাবাদী বলে, আমি তখন তাঁকে এবং তাঁর নৌকার

৮ ع ৬ ১৫ রুকু

وَاَغْرَقْنَا الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا عَمِيْنَ ﴿٦٤﴾ وَاِلٰى عَادٍ

অআগ্রাক্ব্নাল্ লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা-; ইন্নাহুম্ কা-নূ ক্বাওমান্ 'আমীন্। ৬৫। অইলা- 'আ-দিন্
সঙ্গীদের উদ্ধার করি আর যারা অস্বীকার করেছিল আমার আয়াতকে, তাদেরকে ডুবিয়েছি, তারা ছিল অন্ধ জাতি। (৬৫) আমি আদ

اَخَاهُمْ هُوْدًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ اَفَلَا تَتَّقُوْنَ

আখা-হুম্ হূদা-; ক্ব-লা ইয়া-ক্বওমি'বুদুল্লা-হা মা- লাকুম্ মিন্ ইলা-হিন্ গাইরুহু; আফালা-তাত্তাক্বূন্।
জাতির কাছে তাদের ভাই হূদকে পাঠালাম, তিনি বললেন, হে কওম আল্লাহ্র ইবাদাত কর, তিনি ছাড়া ইলাহ্ নেই; সুতরাং তোমরা কি সতর্ক হবে না?

﴿٦٥﴾ قَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖۤ اِنَّا لَنَرٰىكَ فِيْ سَفَاهَةٍ وَّاِنَّا لَنَظُنُّكَ

৬৬। ক্ব-লাল্ মালাউল্লাযীনা কাফারূ মিন্ কওমিহী ~ ইন্না-লানারা-কা ফী সাফা-হাতিওঁ অইন্না-লানাজুন্নু্কা
(৬৬) তাঁর কাওমের কাফের প্রধানরা বলল, আমরা তোমাকে নির্বোধ দেখছি এবং নিশ্চয়ই তোমাকে আমরা

مِنَ الْكٰذِبِيْنَ ﴿٦٦﴾ قَالَ يٰقَوْمِ لَيْسَ بِيْ سَفَاهَةٌ وَّلٰكِنِّيْ رَسُوْلٌ مِّنْ رَّبِّ الْعٰلَمِيْنَ

মিনাল্ কা-যিবীন্। ৬৭। ক্ব-লা ইয়া-ক্বওমি লাইসা বী সাফা-হাতুওঁ অলা-কিন্নী রাসূলুম্ মির্ রব্বিল্ 'আ-লামীন্।
মিথ্যাবাদী মনে করি। (৬৭) সে বলল, হে আমার কাওম! আমি নির্বোধ নই বরং আমি একজন রাসূল বিশ্ব-রবের।

আয়াত-৬৫ ঃ হযরত হূদ (আঃ) ছিলেন আ'দ জাতিরই একজন। আল্লাহ্ তাআ'লা তাকে আ'দ জাতির নিকট নবী করে পাঠান। আ'দ সম্প্রদায়ের তেরটি পরিবার ছিল। আম্মান হতে শুরু করে হাযরামাওত ও ইয়ামেন পর্যন্ত তাদের বসতি ছিল। তাদের ক্ষেত-খামারগুলো অত্যন্ত সজীব ও শস্য-শ্যামল ছিল। সব রকম বাগান ছিল। তারা হযরত হূদ (আঃ) এর দাওয়াত প্রত্যাখ্যান করায় আল্লাহ পাক তাদের উপর আযাব নাযিল করেন। প্রথমতঃ তিন বছর পর্যন্ত উপর্যুপরি বৃষ্টি বন্ধ থাকে। তাদের শস্যক্ষেত্র শুষ্ক বালুকাময় মরুভূমিতে পরিণত হয়। অতঃপর আট দিন সাত রাত পর্যন্ত তাদের উপর প্রবল ঘূর্ণিঝড়ের আযাব বইতে থাকে। মানুষ ও জীব-জন্তু শূন্যে উড়তে থাকে। এভাবে আ'দ জাতিকে সমূলে ধ্বংস করে দেয়া হয়। (মাঃ কোঃ)

أُبَلِّغُكُمْ رِسٰلٰتِ رَبِّىْ وَاَنَا لَكُمْ نَاصِحٌ اَمِيْنٌ ﴿٦٨﴾ اَوَعَجِبْتُمْ اَنْ جَآءَكُمْ

৬৮। উবাল্লিগুকুম্ রিসা-লাতি রব্বী অ আনা লাকুম্ না-ছিহুন্ আমীন্। ৬৯। আও'আজিব্তুম্ আন্ জ্বা — য়াকুম্

(৬৮) আমি রবের বাণী তোমাদের কাছে পৌঁছাই, আমি বিশ্বস্ত উপদেশদানকারী। (৬৯) তোমরা কি আশ্চর্য হচ্ছ যে, তোমাদের

ذِكْرٌ مِّنْ رَّبِّكُمْ عَلٰى رَجُلٍ مِّنْكُمْ لِيُنْذِرَكُمْ ۚ وَاذْكُرُوْٓا اِذْ جَعَلَكُمْ

যিক্রুম্ মির্ রব্বিকুম্ 'আলা-রাজু্লিম্ মিন্কুম্ লিইয়ুন্যিরাকুম্; অয্কুরূ ~ ইয্ জ্বা'আলাকুম্

কাছে তোমাদের একজনের মাধ্যমে রবের তরফ থেকে সতর্ক করণার্থে উপদেশ এসেছে? আর স্মরণ কর, তিনি তোমাদেরকে

خُلَفَآءَ مِنْ بَعْدِ قَوْمِ نُوْحٍ وَّزَادَكُمْ فِى الْخَلْقِ بَصْۜطَةً ۚ فَاذْكُرُوْٓا اٰلَآءَ اللّٰهِ

খুলাফা — য়া মিম্ বা'দ্বি ক্বওমি নূহিঁও অযা-দাকুম্ ফিল্ খাল্ক্বি বাছ্ত্বোয়াতান্ ফায্কুরূ ~ আ-লা — য়াল্লা-হি

নূহ্ জাতির পরে তাদের স্থলাভিষিক্ত করেছেন এবং স্বাস্থ্যবান করেছেন. অতএব তোমরা আল্লাহ্র নিয়ামত স্মরণ রাখ,

لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٦٩﴾ قَالُوْٓا اَجِئْتَنَا لِنَعْبُدَ اللّٰهَ وَحْدَهٗ وَنَذَرَ مَا كَانَ يَعْبُدُ

লা'আল্লাকুম্ তুফ্লিহূন্। ৭০। ক্ব-লূ ~ আজি্'তানা-লিনা'বুদাল্লা-হা অহ্দাহূ অ নাযারা মা- কা-না ইয়া'বুদু

যেন সফলকাম হও। (৭০) তারা বলল, তুমি কি এসেছ, যেন আমরা আল্লাহ্র ইবাদাত করি আর বাপ-দাদারা যার

اٰبَآؤُنَا ۚ فَأْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٧٠﴾ قَالَ قَدْ وَقَعَ

আ-বা — উনা-; ফা'তিনা- বিমা- তা'ইদুনা ~ ইন্ কুন্তা মিনাছ্ ছোয়া-দিক্বীন্। ৭১। ক্ব-লা ক্বদ্ অক্বা'আ

এবাদাত করত তা ছেড়ে দেই? সত্যবাদী হলে যার ভয় দেখাচ্ছ তা নিয়ে আস্। (৭১) তিনি বললেন, রবের শাস্তি

عَلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ رِجْسٌ وَّغَضَبٌ ۚ اَتُجَادِلُوْنَنِىْ فِىْٓ اَسْمَآءٍ سَمَّيْتُمُوْهَآ

'আলাইকুম্ মির্ রব্বিকুম্ রিজ্সুঁও অগাদ্বোয়াব্; আতুজ্বা-দিলূনানী ফী ~ আস্মা — য়িন্ সাম্মাইতুমূহা ~

ও ক্রোধ তোমাদের উপর পতিত, তবে কি তোমরা আমার সঙ্গে এমন বিষয় নিয়ে তর্ক কর যা তোমাদের পিতৃপুরুষরা

اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ مَّا نَزَّلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ۚ فَانْتَظِرُوْٓا اِنِّىْ مَعَكُمْ مِّنَ

আন্তুম্ অ আ-বা — উকুম্ মা-নায্যালাল্লা-হু বিহা-মিন্ সুল্ত্বোয়া-ন্; ফান্তাজিরূ ~ ইন্নী মা'আকুম্ মিনাল্

রেখে গেছে, যে সম্বন্ধে আল্লাহ্ না কোন সনদ পাঠিয়েছেন? সুতরাং প্রতীক্ষা কর, আমিও তোমাদের সাথে প্রতীক্ষা

الْمُنْتَظِرِيْنَ ﴿٧١﴾ فَاَنْجَيْنٰهُ وَالَّذِيْنَ مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَقَطَعْنَا دَابِرَ الَّذِيْنَ كَذَّبُوْا

মুন্তাজিরীন্। ৭২। ফাআন্জ্বাইনা-হু অল্লাযীনা মা'আহূ বিরহ্মাতিম্ মিন্না-অক্বাত্বোয়া'না- দা-বিরাল্লাযীনা কায্যাবূ

করছি। (৭২) অবশেষে তাঁকে ও তাঁর সঙ্গীদেরকে স্বীয় অনুগ্রহে রক্ষা করেছি, আর যারা আমার আয়াতকে অস্বীকার করেছে

আয়াত-৬৮ ঃ সত্যিকারের হিতৈষী এ জন্যই যে, তৌহীদ ও ঈমানের মধ্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তোমাদেরই কল্যাণ রয়েছে, যা তিনি তোমাদেরকে নিঃস্বার্থভাবে শিক্ষা দিচ্ছেন। কাফেররা হযরত হুদ (আঃ)-এর নবুওয়াত এ জন্যই অস্বীকার করত যে, তাদের বিশ্বাস ছিল মানুষ কখনও নবী হতে পারে না। হযরত হুদ (আঃ) তাদের এ ধারণা রদ কল্পে বলেছেন, তোমরা এতে বিস্ময়বোধ কর না যে, তোমাদের নিকট তোমাদের প্রতিপালকের পক্ষ হতে কোন ঐশী-বাণী সমাগত হয়েছে একজন মানুষের মাধ্যমে, যেন তিনি তোমাদেরকে আল্লাহ্র আযাব হতে ভয় প্রদর্শন করেন, কারণ এটা কোন আশ্চর্যের বিষয় নয়। মানুষ হওয়া নবী হওয়ার খেলাপ কখনও নয়।

১৬ রুকু

بِاٰيٰتِنَا وَمَا كَانُوْا مُؤْمِنِيْنَ ﴿٧٣﴾ وَاِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا قَالَ يٰقَوْمِ اعْبُدُوا

বিআ-ইয়া-তিনা- অমা-কা-নূ মু''মিনীন্। ৭৩। অইলা-ছামূদা আখা-হুম্ ছোয়া-লিহা- । ক্ব-লা ইয়া-ক্বওমি'বুদু

এবং মুমিন ছিল না তাদেরকে উৎখাত করেছি (৭৩) আর সামূদ জাতির কাছে পাঠিয়েছি সালেহকে, তিনি বললেন, হে কাওম!

اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ قَدْ جَآءَتْكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ هٰذِهٖ نَاقَةُ اللّٰهِ

ল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন্ গাইরুহূ; ক্বদ্ জ্বা — য়াত্কুম্ বাইয়্যিনাতুম্ মির্ রব্বিকুম্; হা-যিহী না-ক্বাতুল্লা-হি

আল্লাহ্র ইবাদাত কর, তিনি ছাড়া ইলাহ্ নাই, রবের পক্ষ হতে তোমাদের কাছে স্পষ্ট আয়াত এসেছে, এটা আল্লাহ্র উষ্ট্রী,

لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ

লাকুম্ আ-ইয়াতান্ ফাযারূহা-তা''কুল্ ফী ~ আরদ্বিল্লা-হি অলা- তামাস্সূহা-বিসূ — য়িন্ ফাইয়া''খুযাকুম্

তোমাদের জন্য নিদর্শন; আল্লাহ্র যমীনে ছেড়ে দাও যেন খেয়ে বেড়ায়, কুমতলবে স্পর্শ কর না, করলে তোমাদেরকে

عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٤﴾ وَاذْكُرُوْٓا اِذْ جَعَلَكُمْ خُلَفَآءَ مِنْۢ بَعْدِ عَادٍ وَّبَوَّاَكُمْ فِى

'আযা-বুন্ আলীম্। ৭৪। অয্কুরূ ~ ইয্ জ্বা'আলাকুম্ খুলাফা — য়া মিম্ বা'দি 'আ-দিওঁ অ বাওয়্যায়াকুম্ ফিল্

মর্মন্তুদ শাস্তি পেতে হবে। (৭৪) আর স্মরণ কর 'আদ জাতির পর তোমাদেরকে তিনি তাদের স্থলাভিষিক্ত করেছেন, দুনিয়ার

الْاَرْضِ تَتَّخِذُوْنَ مِنْ سُهُوْلِهَا قُصُوْرًا وَّتَنْحِتُوْنَ الْجِبَالَ بُيُوْتًا فَاذْكُرُوْٓا

আরদ্বি তাত্তাখিযূনা মিন্ সুহূলিহা-ক্বু ছূরাওঁ অতান্হিতূনাল্ জ্বিবা-লা বুইয়ূতান্ ফায্কুরূ ~

বুকে আবাদ করেছেন, তোমরা মাটি দিয়ে প্রাসাদ নির্মাণ করেছ, পাহাড় কেটে বাসগৃহ নির্মাণ করেছ। অতএব তোমরা

اٰلَآءَ اللّٰهِ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٧٥﴾ قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا

আ-লা — য়াল্লা-হি অলা-তা'ছাও ফিল্ আরদ্বি মুফ্সিদীন্। ৭৫। ক্বা-লাল্ মালাউল্ লাযীনাস্ তাক্বারূ

আল্লাহ্র নিয়ামত স্মরণ কর, যমীনে বিপর্যয় সৃষ্টি কর না। (৭৫) তার দলের অহংকারী সর্দাররা তাদের কাওমের সব

مِنْ قَوْمِهٖ لِلَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِمَنْ اٰمَنَ مِنْهُمْ اَتَعْلَمُوْنَ اَنَّ صٰلِحًا مُّرْسَلٌ

মিন্ ক্বওমিহী লিল্লাযীনাস্ তুদ্ব'ইফূ লিমান্ আ-মানা মিন্ হুম্ আতা'লামূনা আন্না ছোয়া-লিহাম্ মুর্সালুম্

দরিদ্র লোকদের মধ্যে যারা ঈমান এনেছিল,তাদেরকে বলল, তোমরা কি জান যে, সালেহ তার রবের প্রেরিত? তারা

مِّنْ رَّبِّهٖ قَالُوْٓا اِنَّا بِمَآ اُرْسِلَ بِهٖ مُؤْمِنُوْنَ ﴿٧٦﴾ قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا

মির্ রব্বিহ্; ক্বা-লূ ~ ইন্না- বিমা ~ উর্সিলা বিহী- মু'মিনূন্। ৭৬। ক্ব-লাল্লাযীনাস্ তাক্বারূ ~ ইন্না-

বলল, যা নিয়ে সে প্রেরিত, আমরা তাঁর প্রতি ঈমান এনেছি । (৭৬) অহংকারীরা বলল, যার প্রতি তোমরা ঈমান

আয়াত-৭৪ ঃ আলোচ্য আয়াতসমূহ হতে কতিপয় মৌলিক ও শাখাগত মাসআলা জানা যায়। এক ঃ দ্বীনের মূল বিশ্বাসসমূহে সব পয়গাম্বরই একমত। সকল পয়গম্বরেরই দাওয়াত ছিল এক আল্লাহর ইবাদত করা এবং এর বিরোধীতা করার কারণে ইহকাল ও পরকালের শাস্তির ভয় প্রদর্শন করা। দুই ঃ পূর্ববর্তী উম্মতদের ইতিহাস হতে জানা যায় যে, গোত্রের অধিকাংশ বিত্তশালী ও প্রধানরা পয়গাম্বরদের দাওয়াত প্রত্যাখান করেছে ফলে তারা ইহাকালেও ধ্বংস হয়েছে এবং পরকালেও শাস্তির যোগ্য হয়েছে। তিন ঃ আল্লাহর নেয়া'মতসমূহ দুনিয়াতে কাফেরদেরকেও দান করা হয়। চার ঃ সুউচ্চ প্রাসাদ ও বৃহদাকার অট্টালিকা নির্মাণ করাও আল্লাহর নেয়া'মত ও বৈধ। (মাঃ কোঃ)

بِالَّذِيْٓ اٰمَنْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٧٧﴾ فَعَقَرُوا النَّاقَةَ وَعَتَوْا عَنْ اَمْرِ رَبِّهِمْ وَقَالُوْا

বিল্লাযী ~ আ-মান্তুম্ বিহী কা-ফিরূন্। ৭৭। ফা'আক্বারুন্ না-ক্বাতা অ'আতাও 'আন্ আম্‌রি রব্বিহিম্ অক্বা-লূ

এনেছ আমরা তার অমান্যকারী। (৭৭) অতঃপর তারা উষ্ট্রীটিকে হত্যা করল এবং রবের নির্দেশ অমান্য করে বলল,

يٰصٰلِحُ ائْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الْمُرْسَلِيْنَ ﴿٧٨﴾ فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا

ইয়া-ছোয়া-লিহু"তিনা-বিমা-তা'ইদুনা ~ ইন্ কুন্‌তা মিনাল্ মুর্‌সালীন্। ৭৮। ফাআখাযাত্‌হুমুর্ রাজ্‌ফাতু ফাআছ্‌বাহূ

হে সালেহ! তুমি রাসূল হয়ে থাকলে যার ভয় তুমি আমাদেরকে দেখাচ্ছ তা এনে দেখাও। (৭৮) অতঃপর তারা ভূমিকম্পে পতিত হয়,

فِيْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٧٩﴾ فَتَوَلّٰى عَنْهُمْ وَقَالَ يٰقَوْمِ لَقَدْ اَبْلَغْتُكُمْ رِسَالَةَ رَبِّيْ وَ

ফী দা-রিহিম্ জ্বা-ছিমীন্।৭৯। ফাতাঅল্লা 'আন্‌হুম্ অক্ব-লা ইয়া-ক্বওমি লাক্বাদ্ আব্‌লাগ্‌তুকুম্ রিসা-লাতা রব্বী অ

ফলে স্বীয় গৃহেই তারা উপুড় হয়ে পড়ে রইল। (৭৯) অতঃপর তিনি তাদের কাছ হতে ফিরে বললেন, হে জাতি! আমি রবের বাণী তোমাদের কাছে পৌঁছেয়েছি

نَصَحْتُ لَكُمْ وَلٰكِنْ لَّا تُحِبُّوْنَ النّٰصِحِيْنَ ﴿٨٠﴾ وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖٓ

নাছোয়াহ্‌তু লাকুম্ অলা-কিল্ লা-তুহিব্বূনান্ না-ছিহীন্। ৮০। অলূত্বোয়ান্ ইয্ ক্ব-লা লিক্বাওমিহী ~

'আর উপদেশ দিয়েছি, কিন্তু তোমরা উপদেশকারীদের ভাল জান না। (৮০) আর আমি লূতকেও পাঠিয়েছি। তিনি তার

اَتَاْتُوْنَ الْفَاحِشَةَ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ مِّنَ الْعٰلَمِيْنَ ﴿٨١﴾ اِنَّكُمْ لَتَاْتُوْنَ

আতা"তূ নাল্ ফা-হিশাতা মা- সাবাক্বাকুম্ বিহা-মিন্ আহাদিম্ মিনাল্ 'আ-লামীন্। ৮১। ইন্নাকুম্ লাতা"তূনার্

কাওমকে বললেন, তোমরা কি এমন দুষ্কর্ম কর যা তোমাদের পূর্বে এ বিশ্বে কেউই করে নি। (৮১) তোমরা তো যৌন

الرِّجَالَ شَهْوَةً مِّنْ دُوْنِ النِّسَآءِ ؕ بَلْ اَنْتُمْ قَوْمٌ مُّسْرِفُوْنَ ﴿٨٢﴾ وَمَا كَانَ

রিজ্বা-লা শাহ্‌অতাম্ মিন্ দূনিন্ নিসা — ই; বাল্ আন্‌তুম্ ক্বাওমুম্ মুস্‌রিফূন্। ৮২। অমা- কা-না

ক্ষুধা নিবারণের জন্য নারীর স্থলে পরুষ গ্রহণ কর, তোমরা বড়ই সীমালংঘনকারী। (৮২) আর তাঁর সম্প্রদায়

جَوَابَ قَوْمِهٖٓ اِلَّآ اَنْ قَالُوْٓا اَخْرِجُوْهُمْ مِّنْ قَرْيَتِكُمْ ۚ اِنَّهُمْ اُنَاسٌ يَّتَطَهَّرُوْنَ *

জ্বাঅ-বা ক্বওমিহী ~ ইল্লা ~ আন্ ক্ব-লূ ~ আখ্‌রিজূহুম্ মিন্ ক্বর্‌ইয়াতিকুম্, ইন্নাহুম্ উনা-সুই ইয়াতাত্বোয়াহ্‌হারূন্।

এ ছাড়া কোন উত্তরই দিতে পারল না যে, তাঁরা বলল, এদেরকে বের কর, তোমাদের এলাকা হতে। এরা পবিত্র লোক হতে চায়।

﴿٨٣﴾ فَاَنْجَيْنٰهُ وَاَهْلَهٗٓ اِلَّا امْرَاَتَهٗ ؗ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٨٤﴾ وَاَمْطَرْنَا

৮৩। ফাআন্‌জ্বাইনা-হু অআহ্‌লাহূ ~ ইল্লাম্‌রায়াতাহূ কা-নাত্ মিনাল্ গা-বিরীন্। ৮৪। অআম্‌ত্বোয়ার্‌না

(৮৩) তাঁর স্ত্রী ছাড়া তাঁকে ও তাঁর পরিবারকে উদ্ধার করলাম, স্ত্রী ছিল ভ্রষ্টদের একজন। (৮৪) আমি তাদের উপর

আয়াত-৭৯ ঃ সালেহ (আঃ) তাঁর জাতির কাফেরদেরকে পূর্ব হতেই আযাবের ব্যাপারে সাবধান করেছিলেন। বৃহস্পতিবার ভোরে সালেহ (আঃ)-এর কথানুযায়ী সকলের মুখমণ্ডল গভীর হলুদ রঙ ধারণ করল। দ্বিতীয় দিন ভবিষ্যদ্বাণী অনুযায়ী সকলের মুখমণ্ডল লাল এবং তৃতীয় দিন ঘোর কাল হয়ে গেল। এ কাহিনী কোরআন পাকে বর্ণিত হয়েছে। (মাঃ কোঃ, কাঃ আঃ)

আয়াত-৮০ ঃ লুত (আঃ)-কে আল্লাহ তাআ'লা নবুয়্যত দান করে জর্দান ও বায়তুল মুকাদ্দাসের মধ্যবর্তী সামূদের অধিবাসীদের হেদায়েতের জন্য পাঠান। তারা আল্লাহর অজস্র নেয়া'মত লাভ করার পর সমকামিতার ন্যায় জঘন্য পাপে লিপ্ত হয়। এ কারণে আল্লাহর আদেশে জিবরাঈল (আঃ) তাদের গোটা শহরকে উল্টিয়ে দেন। আল্লাহর আযাব আসার পূর্বেই লুত (আঃ) ও তাঁর অনুসারীদেরকে দেশ ত্যাগের নির্দেশ দেন। (মাঃ কোঃ)

১০ ع ১২ ১৭ রুকু

عَلَيْهِمْ مَطَرًا ۖ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِينَ ﴿٨٥﴾ وَإِلَىٰ مَدْيَنَ أَخَاهُمْ

'আলাইহিম্ মাত্বোয়ারা-; ফান্‌জুর্ কাইফা কা-না 'আ-ক্বিবাতুল্ মুজ্‌রিমীন্। ৮৫। অইলা-মাদ্‌ইয়ানা আখা-হুম্

পাথরের বৃষ্টি বর্ষণ করলাম, অপরাধীদের পরিণতি কেমন হয়েছিল। (৮৫) আর আমি মাদ্‌ইয়ান্‌বাসীদের কাছে তাদের

شُعَيْبًا ۗ قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَٰهٍ غَيْرُهُ ۖ قَدْ جَاءَتْكُمْ بَيِّنَةٌ

শু'আইবা-ক্ব-লা ইয়া-ক্বওমি'বুদুল্লা- হা মা- লাকুম্ মিন্ ইলা-হিন্ গাইরুহু; ক্বাদ্ জ্বা — য়াত্‌কুম্ বাইয়্যিনাতুম্

ভাই শুআইবকে পাঠাই। তিনি বললেন, হে কাওম্! আল্লাহর ইবাদাত কর, তিনি ছাড়া আর কোন ইলাহ্ নেই। রবের পক্ষ

مِنْ رَبِّكُمْ ۖ فَأَوْفُوا الْكَيْلَ وَالْمِيزَانَ وَلَا تَبْخَسُوا النَّاسَ أَشْيَاءَهُمْ وَلَا

মির্ রব্বিকুম্ ফাআওফুল্ কাইলা অল্ মীযা-না অলা-তাব্‌খাসুন্না-সা আশ্‌ইয়া — য়াহুম্ অলা-

হতে তোমাদের কাছে স্পষ্ট প্রমাণ এসেছে অতএব তোমরা মাপ ও ওজন যথাযথভাবে দেবে; মানুষকে তাদের প্রাপ্যের কম দেবে না;

تُفْسِدُوا فِي الْأَرْضِ بَعْدَ إِصْلَاحِهَا ۚ ذَٰلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿٨٦﴾ وَلَا

তুফ্‌সিদূ ফিল্ আরদ্বি বা'দা ইছ্‌লা-হিহা-; যা-লিকুম্ খাইরুল্লাকুম্ ইন্ কুন্‌তুম্ মু''মিনীন্। ৮৬। অলা-

আর শান্তি স্থাপনের পর পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করও না; এটাই তোমাদের জন্য কল্যাণ, যদি তোমরা মু'মিন হও।

تَقْعُدُوا بِكُلِّ صِرَاطٍ تُوعِدُونَ وَتَصُدُّونَ عَنْ سَبِيلِ اللَّهِ مَنْ آمَنَ بِهِ

তাক্ব্‌'উদূ বিকুল্লি ছিরা-ত্বিন্ তূ'ইদূনা অতাছুদ্দূনা 'আন্ সাবীলিল্লা-হি মান্ আ-মানা বিহী

(৮৬) যারা বিশ্বাসী তাদেরকে ভয় প্রদর্শনের জন্য তোমরা পথে বসে থাকবে না। আর বাধা দেবে না আল্লাহ্‌র পথে, ওতে বক্রতা

وَتَبْغُونَهَا عِوَجًا ۚ وَاذْكُرُوا إِذْ كُنْتُمْ قَلِيلًا فَكَثَّرَكُمْ ۖ وَانْظُرُوا كَيْفَ كَانَ

অতাবগূনাহা-'ইওয়াজ্বান্ অয্‌কুরূ ~ ইয্ কুন্‌তুম্ ক্বলীলান্ ফাকাছ্‌ছারাকুম্ অন্‌জুরূ কাইফা কা-না

তালাস করবে না, এবং স্মরণ কর, যখন তোমরা সংখ্যায় অল্প ছিল, তিনি তোমাদের সংখ্যা বৃদ্ধি করেছেন। লক্ষ্য কর,

عَاقِبَةُ الْمُفْسِدِينَ ﴿٨٧﴾ وَإِنْ كَانَ طَائِفَةٌ مِنْكُمْ آمَنُوا بِالَّذِي أُرْسِلْتُ بِهِ

'আ-ক্বিবাতুল্ মুফ্‌সিদীন্। ৮৭। অইন্ কা-না ত্বোয়া — য়িফাতুম্ মিন্‌কুম্ আ-মানূ বিল্লাযী ~ উর্‌সিল্‌তু বিহী-

দুষ্কৃতিকারীদের পরিণাম কেমন হয়েছে। (৮৭) আমাকে যা দিয়ে পাঠান হয়েছে, যদি তোমাদের একদল তার প্রতি ঈমান আনে

وَطَائِفَةٌ لَمْ يُؤْمِنُوا فَاصْبِرُوا حَتَّىٰ يَحْكُمَ اللَّهُ بَيْنَنَا ۚ وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ ☆

অত্বোয়া — রিফাতুল্ লাম্ ইয়ু''মিনূ ফাছ্‌বিরূ হাত্তা-ইয়াহ্‌কুমাল্লা-হু বাইনানা-অহুঅ খাইরুল্ হা-কিমীন্।

এবং অন্য দল ঈমান না আনে; তবে ধৈর্য ধারণ কর, যে পর্যন্ত না আল্লাহ মীমাংসা করে দেন, তিনিই উত্তম মীমাংসাকারী।

আয়াত-৮৫ ঃ হযরত শোয়ায়েব (আঃ) যে সম্প্রদায়ের প্রতি প্রেরিত হয়েছিলেন। কোরআন পাকে কোথাও তাদেরকে আহলে মাদইয়ান এবং কোথাও আছহাবে আইকাহ বলা হয়েছে। অধিকাংশ তাফসীরবিদদের মতে আছহাবে মাদ ইয়ান' ও 'আছহাবে আইকাহ' পৃথক পৃথক জাতি। হযরত শোয়ায়েব (আঃ) প্রথমতঃ তাদের এক জাতির নিকট প্রেরিত হন। তারা ধ্বংস হয়ে যাওয়ার পর অপর জাতির নিকট প্রেরিত হন। আছহাবে আইকাহ ধ্বংস হয় এইভাবে যে, প্রথমে কয়েকদিন তাদের বস্তিতে ভীষণ গরম পড়ে। ফলে গোটা জাতি ছটফট করতে থাকে। অতঃপর নিকটস্থ একটি গভীর জঙ্গলের উপর গাঢ় মেঘমালা দেখা যায়, ফলে জঙ্গলে ছায়া পড়ে এবং শীতল বাতাস বইতে থাকে। ফলে সকলে সেদিকে ধাবিত হয়। তখন মেঘমালা হতে অগ্নি বৃষ্টি আরম্ভ হয় এবং নিচের দিক থেকে শুরু হয় ভূমিকম্প। ফলে সকলেই ধ্বংস হয়ে যায়। (মাঃ কোঃ)

www.eelm.weebly.com

٨٨ قَالَ الْمَلَاُ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا مِنْ قَوْمِهٖ لَنُخْرِجَنَّكَ يٰشُعَيْبُ وَالَّذِيْنَ

৮৮। ক্বা-লাল্ মালাউল্লাযীনাস্ তাক্বারূ মিন্ ক্বওমিহী লানুখ্রিজান্নাকা ইয়া-শু'আইবু অল্লাযীনা
(৮৮) তার কাওমের অহংকারী সর্দাররা বলল, হে শুয়াইব! আমরা অবশ্যই বের করে দেব তোমাকে ও তোমার সাথের

اٰمَنُوْا مَعَكَ مِنْ قَرْيَتِنَآ اَوْ لَتَعُوْدُنَّ فِيْ مِلَّتِنَا ؕ قَالَ اَوَلَوْ كُنَّا كٰرِهِيْنَ ۞

আ-মানূ মা'আকা মিন্ ক্বর্ইয়াতিনা ~ আও লাতা'উদুন্না ফী মিল্লাতিনা-; ক্বা-লা আও লাও কুন্না-কা-রিহীন্।
ঈমানদারদেরকে আমাদের জনপদ হতে বা তোমরা অবশ্যই আমাদের মিল্লাতে ফিরে আসবে। বলল, আমরা তা ঘৃণা করলেও কি?

٨٩ قَدِ افْتَرَيْنَا عَلَى اللّٰهِ كَذِبًا اِنْ عُدْنَا فِيْ مِلَّتِكُمْ بَعْدَ اِذْ نَجّٰىنَا اللّٰهُ

৮৯। ক্বদিফ্তারাইনা-'আলাল্লা-হি কাযিবান্ ইন্ 'উদ্না-ফী মিল্লাতিকুম্ বা'দা ইয্ নাজ্জা-নাল্লা-হু
(৮৯) অবশ্যই আমরা আল্লাহর প্রতি মিথ্যা আরোপকারী হয়ে যাব যদি তোমাদের মিল্লাতে ফিরে যাই তোমাদের ধর্ম হতে

مِنْهَا ؕ وَمَا يَكُوْنُ لَنَآ اَنْ نَّعُوْدَ فِيْهَآ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ رَبُّنَا ؕ وَسِعَ رَبُّنَا

মিন্হা-; অমা-ইয়াকূনূ লানা ~ আন্না'উদা ফী হা ~ ইল্লা ~ আঁই ইয়াশা — য়াল্লা-হু রব্বুনা-; অসি'আ রব্বুনা-
আল্লাহ আমাদের উদ্ধারের পর আমাদের রব আল্লাহর ইচ্ছা ছাড়া কিছুতেই তাতে ফিরে যেতে পারি না; সব কিছু আমাদের

كُلَّ شَيْءٍ عِلْمًا ؕ عَلَى اللّٰهِ تَوَكَّلْنَا ؕ رَبَّنَا افْتَحْ بَيْنَنَا وَبَيْنَ قَوْمِنَا بِالْحَقِّ وَ

কুল্লা শাইয়িন্ 'ইল্মা-; 'আলাল্লা-হি তাওয়াক্কাল্না-; রব্বানাফ্তাহ্ বাইনানা- অবাইনা ক্বওমিনা-বিল্হাক্ব্ক্বি অ
রবের জ্ঞানায়ত্ত; আল্লাহ্র উপরই আমরা নির্ভর করি; হে রব! আমাদের ও জাতির মধ্যে যথাযথভাবে মীমাংসা কর, তুমিই

اَنْتَ خَيْرُ الْفٰتِحِيْنَ ٩٠ وَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ لَئِنِ اتَّبَعْتُمْ

আন্তা খাইরুল্ ফা-তিহীন্। ৯০। অক্বা-লাল্ মালাউল্লাযীনা কাফারূ মিন্ ক্বওমিহী লায়িনিত্ তাবা'তুম্
উত্তম মীমাংসাকারী। (৯০) আর তার জাতির কাফির প্রধানরা বলল, তোমরা যদি শুয়াইবকে অনুসরণ কর,

شُعَيْبًا اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ٩١ فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِيْ دَارِهِمْ

জ্বা — য়াত্‌হা- রীহুন্ 'আ-ছিফুওঁ অজ্বা — য়াহুমুল্ মাওজু মিন্ কুল্লি মাকা-নিওঁ অজোয়ান্নূ ~ আন্নাহুম্ উহীতোয়া বিহিম্

বায়ু আসলে সকল স্থান হতে তরঙ্গ আসে তখন তারা মনে করে যে, তারা বিপদে বেষ্টিত হয়ে পড়েছে, তখন তারা সকলে আল্লাহ্‌র

بِهِمْ دَعَوُا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ لَئِنْ أَنْجَيْتَنَا مِنْ هَٰذِهِ لَنَكُونَنَّ مِنَ

দা'আ'উল্লা-হা মুখ্‌লিছীনা লাহুদ্দীনা লায়িন্ আন্‌জ্বাইতানা-মিন্ হা-যিহী লানাকূনান্না মিনাশ্

আনুগত্যে আন্তরিকভাবে আল্লাহ্‌কে ডেকে বলে, তুমি যদি আমাদেরকে এ বিপদ থেকে রক্ষা কর, তবে অবশ্যই আমরা

الشَّاكِرِينَ ﴿٢٣﴾ فَلَمَّا أَنْجَاهُمْ إِذَا هُمْ يَبْغُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ يَا أَيُّهَا

শা-কিরীন্। ২৩। ফালাম্মা ~ আন্‌জ্বা-হুম্ ইযা-হুম্ ইয়াব্‌গূনা ফিল্ আর্‌দ্বি বিগইরিল্ হাক্ব.; ইয়া ~ আইয়্যুহান্

তোমার কৃতজ্ঞ হব। (২৩) তারপর যখন আমি তাদেরকে রক্ষা করি তখন তারা যমীনে অন্যায়ভাবে বিদ্রোহ করে; হে মানুষ!

النَّاسُ إِنَّمَا بَغْيُكُمْ عَلَىٰ أَنْفُسِكُمْ مَتَاعَ الْحَيَاةِ الدُّنْيَا ثُمَّ إِلَيْنَا مَرْجِعُكُمْ

না-সু ইন্নামা-বাগ্‌ইয়ুকুম্ 'আলা ~ আন্‌ফুসিকুম্ মাতা-'আল্ হা-ইয়া-তিদ্দুন্‌ইয়া-ছুম্মা ইলাইনা-মার্‌জ্বি'উকুম্

তোমাদের বিদ্রোহ তোমাদের উপরেই বর্তিবে, পার্থিব জীবনের সুখ মাত্র ক্ষণিকের; তারা পরে আমারই কাছে আসবে, আমি

فَنُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ﴿٢٤﴾ إِنَّمَا مَثَلُ الْحَيَاةِ الدُّنْيَا كَمَاءٍ أَنْزَلْنَاهُ مِنَ

ফানুনাব্বিউকুম্ বিমা-কুন্‌তুম্ তা'মালূন। ২৪। ইন্নামা-মাছালুল্ হা ইয়া-তিদ্ দুন্‌ইয়া-কামা — য়িন্ আন্‌যাল্‌না-হু মিনাস্

অবশ্যই তোমাদের কৃতকর্ম তোমাদেরকে জানিয়ে দেব। (২৪) পার্থিব জীবনের উপমা এরূপ, তোমাদের যেমন আমি

السَّمَاءِ فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ الْأَرْضِ مِمَّا يَأْكُلُ النَّاسُ وَالْأَنْعَامُ حَتَّىٰ إِذَا

সামা — য়ি ফাখ্‌তালাত্বোয়া বিহী নাবা-তুল্ আর্‌দ্বি মিম্মা- ইয়া''কুলুন্না-সু অল্ আন'আ-ম্ হাত্তা ~ ইযা ~

আকাশ হতে পানি নাযিল করি, ফলে তা দ্বারা মাটিতে তরুলতা গজায়, যা হতে মানুষ ও পশু আহার করে থাকে, যখন যমীন

أَخَذَتِ الْأَرْضُ زُخْرُفَهَا وَازَّيَّنَتْ وَظَنَّ أَهْلُهَا أَنَّهُمْ قَادِرُونَ عَلَيْهَا أَتَاهَا

আখাযাতিল্ আর্‌দ্বু যুখ্‌রুফাহা- অয্‌যাইয়্যানাত্ অজোয়ান্না আহ্‌লুহা ~ আন্নাহুম্ ক্বা-দিরূনা 'আলাইহা ~ আতা-হা ~

শোভা ও রূপ ধারণ করে থাকে তখন মালিকেরা নিজেদেরকে কর্তৃত্বশীল মনে করে; তখন রাত বা দিনে আমার

আয়াত-২৪ ঃ পানি মাটির সঙ্গে মিলিত হলে এতে উদ্ভিধ জন্মে, যা মানুষ ও পশুরা আহার করে। এখানে মানুষের পার্থিব জীবনের উদাহরণে আকাশের যে পানির কথা বলা হয়েছে এটা যেন পতির শুক্রবিশেষ, আর যমীন অর্থে স্ত্রীর গর্ভাশয়কে বলা হয়েছে। অনন্তর উদ্ভিদ পানির সংস্পর্শে জন্ম লাভ করে মুক্ত বাতাসে যেমন পতপত করতে থাকে। তেমনি মানুষও ভূমিষ্ট হয়ে যৌবন তরঙ্গে দীপ্তমান হতে থাকে। অতঃপর ঘাস যেমন কিছু দিন পর হলুদ বর্ণ ধারণ করে জরাজীর্ণ হয়ে পড়ে এবং আস্তে আস্তে চূর্ণ-বিচূর্ণ হয়ে মাটির সাথে বিলীন হয়ে যায়। তেমনি মানুষের যৌবনেরও অবসান ঘটে বৃদ্ধ হয় এবং ধীরে ধীরে মৃত্যুর পথে পাড়ি জমিয়ে ভূগর্ভস্থ হয়ে যায়। সে যত দীর্ঘ দিনই আমোদ প্রমোদে লিপ্ত থেকে ইহজীবন ভোগ করুক না কেন, এর কোন নাম নিশান পর্যন্তও অবশিষ্ট থাকে না।

أَمْرُنَا لَيْلًا أَوْ نَهَارًا فَجَعَلْنٰهَا حَصِيْدًا كَأَنْ لَّمْ تَغْنَ بِالْأَمْسِ ۚ كَذٰلِكَ

আম্‌রুনা- লাইলান্‌ আও নাহা-রন্‌ ফাজা'আল্‌না-হা- হাছীদান্‌ কাআল্লাম্‌ তাগ্‌না বিল্‌আম্‌স্‌; কাযা-লিকা

নির্দেশ আসে, ফলে আমি তা এমন নিশ্চিহ্ন করে দিই যেন পূর্বে তার কোন অস্তিত্বই ছিল না। এভাবে আমি চিন্তাশীল

نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿٢٥﴾ وَاللّٰهُ يَدْعُوْٓا اِلٰى دَارِ السَّلٰمِ ۖ وَيَهْدِيْ مَنْ

নুফাছ্‌ছিলুল্‌ আ-ইয়া-তি লিকৃওমিইঁ ইয়াতাফাক্কারূন্‌।২৫। অল্লা-হু ইয়াদ্‌'উ — ইলা-দা-রিস্‌ সালা-ম্‌; অইয়াহ্‌দী মাইঁ

সম্প্রদায়ের জন্য নিদর্শন বর্ণনা করি। (২৫) আর আল্লাহ্‌ ডাকেন চির শান্তির বাসস্থানের দিকে এবং তিনি যাকে ইচ্ছা

يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٢٦﴾ لِلَّذِيْنَ اَحْسَنُوا الْحُسْنٰى وَزِيَادَةٌ ۚ وَلَا يَرْهَقُ

ইয়াশা — য়ু ইলা-ছিরা-ত্বিম্‌ মুস্‌তাক্বীম্‌। ২৬। লিল্লাযীনা আহ্‌সানুল্‌ হুস্‌না-অযিইয়া-দাহ্‌; অলা-ইয়ার্‌হাক্ব্‌

সরল পথ প্রদর্শন করেন। (২৬) আর যারা সৎকর্ম করে তাদের জন্য উত্তম বস্তু রয়েছে এবং এর অতিরিক্ত আল্লাহ্‌র দীদার, হীনতা ও

وُجُوْهَهُمْ قَتَرٌ وَّلَا ذِلَّةٌ ۚ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٧﴾ وَالَّذِيْنَ

উজ্‌হাহুম্‌ ক্বাতারুওঁ অলা-যিল্লাহ্‌; উলা — য়িকা আছ্‌হা-বুল্‌ জান্নাতি হুম্‌ ফীহা-খা-লিদূন্‌। ২৭। অল্লাযীনা

দীনতা তাদের চেহারা আচ্ছন্ন করবে না। তারাই জান্নাতের অধিবাসী সেখানে তারা অনন্তকাল থাকবে। (২৭) আর যারা পাপ

كَسَبُوا السَّيِّاٰتِ جَزَآءُ سَيِّئَةٍ ۢ بِمِثْلِهَا ۙ وَتَرْهَقُهُمْ ذِلَّةٌ ۚ مَا لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ

কাসাবুস্‌ সাইয়্যিয়া-তি জ্বাযা ~ উ সাইয়্যিয়াতিম্‌ বিমিছ্‌লিহা-অতার্‌হাক্ব্‌হুম্‌ যিল্লাহ্‌; মা-লাহুম্‌ মিনাল্লা-হি মিন্‌

অর্জনকারী তাদের জন্য রয়েছে সমপরিমাণ প্রতিফল, হীনতা তাদেরকে আচ্ছন্ন করবে, তাদেরকে আল্লাহ্‌ হতে

عَاصِمٍ ۚ كَاَنَّمَآ اُغْشِيَتْ وُجُوْهُهُمْ قِطَعًا مِّنَ الَّيْلِ مُظْلِمًا ۚ اُولٰٓئِكَ اَصْحٰبُ

'আ-ছিমিন্‌ কাআন্নামা ~ উগ্‌শিয়াত্‌ উজূহুহুম্‌ ক্বিতোয়া'আম্‌ মিনাল্লাইলি মুজ্‌লিমা-; উলা — য়িকা আছ্‌হা-বুন্না-রি

রক্ষা করার মত কেউ নেই। তাদের চেহারা এমন হবে, যেন রাতের আঁধারে আচ্ছাদিত; তারা চিরকাল জাহান্নামের

النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٨﴾ وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ نَقُوْلُ لِلَّذِيْنَ اَشْرَكُوْا

হুম্‌ ফীহা-খ-লিদূন্‌।২৮।অইয়াওমা নাহ্‌শুরুহুম্‌ জ্বামী'আন ছুম্মা নাকূলু লিল্লাযীনা আশ্‌রাকূ মাকা-নাকুম্‌ আনতুম্‌

অধিবাসী। (২৮) স্মরণ কর সেদিন সবাইকে একত্রিত করব; পরে মুশরিকদের বলব, তোমরা ও তোমাদের শরীকরা

مَكَانَكُمْ اَنْتُمْ وَشُرَكَآؤُكُمْ ۚ فَزَيَّلْنَا بَيْنَهُمْ وَقَالَ شُرَكَآؤُهُمْ مَّا كُنْتُمْ اِيَّانَا

অশুরাকা — উকুম্‌ ফাযাইয়্যাল্‌না-বাইনাহুম্‌ অক্ব-লা শুরাকা — উহুম্‌ মা- কুন্‌তুম্‌ ইয়্যা-না-

নিজ নিজ স্থানে থাক; তাদেরকে পরস্পর থেকে পৃথক করব; তাদের শরীকরা বলবে, তোমরা তো আমাদের ইবাদত

تَعْبُدُوْنَ ﴿٢٩﴾ فَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ۢ بَيْنَنَا وَبَيْنَكُمْ اِنْ كُنَّا عَنْ عِبَادَتِكُمْ لَغٰفِلِيْنَ ☆

তা'বুদূন্‌। ২৯। ফাকাফা-বিল্লা-হি শাহীদাম্‌ বাইনানা-অবাইনাকুম্‌ ইন্‌ কুন্না-'আন্‌ 'ইবা-দাতিকুম্‌ লাগ-ফিলীন্‌।

কর নি। (২৯) আমাদের ও তোমাদের সাক্ষী আল্লাহ্‌ই যথেষ্ট, তোমাদের উপাসনা সম্পর্কে আমরা সম্পূর্ণ বেখবর

www.eelm.weebly.com

هُنَالِكَ تَبْلُوا كُلُّ نَفْسٍ مَّا أَسْلَفَتْ وَرُدُّوا إِلَى اللَّهِ مَوْلَاهُمُ الْحَقِّ وَضَلَّ ﴿٣٠﴾

৩০। হুনা-লিকা তাব্লূ কুল্লু নাফ্সিম্ মা ~ আস্লাফাত্ অরুদ্দূ ~ ইলাল্লা-হি মাওলা-হুমুল্ হাক্বক্বি অদ্বোয়াল্লা

(৩০) তথায় প্রত্যেকে আপন পূর্ব কৃতকর্ম সম্বন্ধে জানবে এবং তারা তাদের যথার্থ মাওলার কাছে যাবে এবং তাদের

عَنْهُم مَّا كَانُوا يَفْتَرُونَ ﴿٣١﴾ قُلْ مَن يَرْزُقُكُم مِّنَ السَّمَاءِ وَالْأَرْضِ أَمَّن

'আন্হুম্ মা-কা-নূ ইয়াফ্তারূন্। ৩১। ক্বুল্ মাইঁ ইয়ার্যুক্বুকুম্ মিনাস্ সামা — য়ি অল্ আর্দ্বি আম্মাইঁ

বানানো উপাস্যরা তাদের অগোচর হয়ে যাবে। (৩১) বলুন, কে তোমাদেরকে আসমান ও যমীন নিয়ন্ত্রনাধিন হতে রিযিক

يَمْلِكُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَمَن يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ

ইয়াম্লিকুস্ সাম্'আ অল্ আব্ছোয়া-রা অমাইঁ ইয়ুখ্রিজুল্ হাইয়্যা মিনাল্ মাইয়্যিতি অইয়ুখ্রিজুল্ মাইয়্যিতা

প্রদান করে? শ্রবণশক্তি ও দৃষ্টি শক্তি কার অধীনে? কে বের করেন জীবিতকে মৃত হতে এবং মৃতুকে জীবিত হতে;

مِنَ الْحَيِّ وَمَن يُدَبِّرُ الْأَمْرَ ۚ فَسَيَقُولُونَ اللَّهُ ۚ فَقُلْ أَفَلَا تَتَّقُونَ *

মিনাল্ হাইয়্যি অমাইঁ ইয়ুদাব্বিরুল্ আম্র্; ফাসাইয়াক্বূলূনাল্লা-হু ফাক্বুল্ আফালা-তাত্তাক্বূন্।

কেই বা সমস্ত কিছু নিয়ন্ত্রণ করেন? তখন তারা অবশ্যই বলবে, আল্লাহ্, বলুন, তবুও কি তোমরা সাবধান হবে না?

فَذَٰلِكُمُ اللَّهُ رَبُّكُمُ الْحَقُّ ۖ فَمَاذَا بَعْدَ الْحَقِّ إِلَّا الضَّلَالُ ۖ فَأَنَّىٰ تُصْرَفُونَ ﴿٣٢﴾ *

৩২। ফাযা-লিকুমুল্লা-হু রব্বুকুমুল্ হাক্বক্বু ফামা-যা-বা'দাল্ হাক্বক্বি ইল্লাদ্দোয়ালা-লু ফাআন্না-তুছ্রাফূন্।

(৩২) সুতরাং তিনিই আল্লাহ তোমাদের সত্য রব; সত্য প্রকাশ পাওয়ার পর ভ্রান্তি ছাড়া কি আছে? অতএব কোথায় ফিরে যাচ্ছ?

كَذَٰلِكَ حَقَّتْ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِينَ فَسَقُوا أَنَّهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٣٣﴾ قُلْ هَلْ مِن

৩৩। কাযা-লিকা হাক্বক্বাত্ কালিমাতু রব্বিকা 'আলাল্লাযীনা ফাসাক্বূ ~ আন্নাহুম্ লা-ইয়ু''মিনূন্। ৩৪। ক্বুল্ হাল্ মিন্

(৩৩) এভাবে ফাসিকদের ব্যাপারে আপনার রবের বাণী সত্য হয়েছে যে, তারা ঈমান আনবে না। (৩৪) আপনি বলুন, তোমাদের

شُرَكَائِكُم مَّن يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ ۚ قُلِ اللَّهُ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ

শুরাকা — য়িকুম্ মাইঁ ইয়াব্দাউল্ খল্ক্ব ছুম্মা ইয়ু'ঈদুহ্; ক্বুলিল্লা-হু ইয়াব্দাউল্ খল্ক্ব ছুম্মা ইয়ু'ঈদুহূ

শরীকদের মাঝে কেউ কি এমন আছে, যে প্রথমে সৃষ্টি করে এটা পুনর্বার সৃষ্টি করবে? [1] বলুন, যে আল্লাহ্ প্রথমে সৃষ্টি করে তিনিই পুনর্বার সৃষ্টি করতে

فَأَنَّىٰ تُؤْفَكُونَ ﴿٣٤﴾ قُلْ هَلْ مِن شُرَكَائِكُم مَّن يَهْدِي إِلَى الْحَقِّ ۚ قُلِ اللَّهُ

ফাআন্না-তু''ফাকূন্। ৩৫। ক্বুল্ হাল্ মিন্ শুরাকা — য়িকুম্ মাইঁ ইয়াহ্দী ~ ইলাল্ হাক্বক্বি, কুলিল্লা-হু

পারবেন, কোথায় যাচ্ছ? (৩৫) আপনি বলুন, তোমাদের উপাস্যদের মাঝে কেউ কি আছে, যে তোমাদেরকে হক পথে চালাবে? আপনি বলুন, আল্লাহই

আয়াত-৩৪ ঃ টীকা ঃ (১) এ আয়াতে সৃষ্টি সম্বন্ধীয় উল্লিখিত কথাটির তাৎপর্য ও ব্যাখ্যা বিশ্লেষণ অন্যান্য আয়াতসমূহে বর্ণিত আছে। এখানে তৎপ্রতি প্রশ্নাকারের মাধ্যমে ইঙ্গিত সহকারে বক্তব্যের ইতি টানা হয়। এটি একটি স্বতঃসিদ্ধ বিধান যে, শ্রোতার নিকট যদি কোন কথা জানা থাকে অথবা কোন বিষয়ে শ্রোতা যদি চিন্তা করে, তবে এটা তার নিকট প্রতিভাত হয়ে যায়। তখন যারা সুবক্তা তারা বিষয়টি প্রশ্নাকারে বর্ণনা করে পরিসমাপ্তি ঘটান যদ্দারা শ্রোতার হৃদয়ে বিরাট প্রতিক্রিয়া সৃষ্টি হয়। শ্রোতৃমণ্ডলী যদিও পুনর্বার সৃষ্ট হওয়াতে অবিশ্বাসী ছিল তবুও এ বিষয় যেহেতু দলীল প্রমাণে সাব্যস্ত হয়েছে, তাই এ বিষয়সমূহকে তাদের স্বীকৃত বস্তুরূপে পরিগণিত করে এদেরকে আল্লাহ তা'আলা প্রশ্নাকারে বর্ণনা করেন।

রুকু ৪/১০ মান্জিল ৩

يَهْدِيٓ إِلَى ٱلْحَقِّ ۗ أَفَمَن يَهْدِيٓ إِلَى ٱلْحَقِّ أَحَقُّ أَن يُتَّبَعَ أَمَّن لَّا يَهِدِّيٓ إِلَّآ

ইয়াহ্দী লিল্হাক্ব্; আফামাইঁ ইয়াহ্দী ~ ইলাল্ হাক্ব ক্বি আহাক্ব ক্ব্ আইঁ ইয়ুত্তাবা'আ আম্মাল লা-ইয়াহিদ্দী ~ ইল্লা ~

সত্য পথে চালান। যিনি সত্য পথে চালান তিনি কি অধিক অনুসরণযোগ্য, না কি সে, যাকে পথ না দেখালে পথ চলতে

أَن يُهْدَىٰ ۖ فَمَا لَكُمْ كَيْفَ تَحْكُمُونَ ﴿٣٦﴾ وَمَا يَتَّبِعُ أَكْثَرُهُمْ إِلَّا ظَنًّا ۚ إِنَّ

আইঁ ইয়ুহ্দা- ফামা-লাকুম্ কাইফা তাহ্কুমূন্। ৩৬। অমা-ইয়াত্তাবি'উ আক্ছারুহুম্ ইল্লা-জোয়ান্না-;ইন্নাজ

পারে না। সেহেতু তোমাদের কি হল? তোমাদের বিচার কিরূপ হবে? (৩৬) তারা তাদের ধারণার উপর অনুসরণ করে চলে।

ٱلظَّنَّ لَا يُغْنِي مِنَ ٱلْحَقِّ شَيْـًٔا ۚ إِنَّ ٱللَّهَ عَلِيمٌۢ بِمَا يَفْعَلُونَ ﴿٣٧﴾ وَمَا كَانَ هَٰذَا

জোয়ান্না লা-ইয়ুগ্নী মিনাল্ হাক্ব ক্বি শাইয়া-; ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিমা-ইয়াফ্'আলূন্ ।৩৭। অমা-কা-না হা-যাল্

কল্পনা তো সত্যের জন্য একটুও ফলপ্রসূ নয়। নিশ্চয় আল্লাহ তাদের কৃতকর্ম সম্পর্কে অবহিত। (৩৭) আর এ কুরআন

ٱلْقُرْءَانُ أَن يُفْتَرَىٰ مِن دُونِ ٱللَّهِ وَلَٰكِن تَصْدِيقَ ٱلَّذِي بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيلَ

ক্বুর্আ-নু আইঁ ইয়ুফ্তারা- মিন্ দূনিল্লা-হি অলা-কিন্ তাছ্দীক্বল্লাযী বাইনা ইয়াদাইহি অতাফ্ছীলাল্

আল্লাহ ছাড়া আর কারো রচনা নহে, বরং এটা তো এর পূর্বে অবতরণকারী গ্রন্থের সত্যায়নকারী ও ব্যাখ্যাগ্রন্থ; এতে কোন

ٱلْكِتَٰبِ لَا رَيْبَ فِيهِ مِن رَّبِّ ٱلْعَٰلَمِينَ ﴿٣٨﴾ أَمْ يَقُولُونَ ٱفْتَرَىٰهُ ۖ قُلْ فَأْتُوا۟

কিতা-বি লা-রাইবা ফীহি মির্ রব্বিল্ 'আ-লামীন্। ৩৮। আম্ ইয়াক্বূলূনাফ্ তারাহ্; ক্বুল্ ফা''তূ

সন্দেহ নেই যে, এটা সারা জাহানের রবের পক্ষ হতে অবতীর্ণ। (৩৮) তারা কি বলে যে, এটা তার রচনা? বলুন, তবে

بِسُورَةٍ مِّثْلِهِۦ وَٱدْعُوا۟ مَنِ ٱسْتَطَعْتُم مِّن دُونِ ٱللَّهِ إِن كُنتُمْ صَٰدِقِينَ ﴿٣٩﴾ بَلْ

বিসূরাতিম্ মিছ্লিহী অদ্'উ মানিস্ তাত্বোয়া'তুম্ মিন্ দূনিল্লা-হি ইন্ কুন্তুম্ ছোয়া-দিক্বীন্। ৩৯। বাল্

তোমরা অনুরূপ একটি সূরা আন এবং ডেকে নাও আল্লাহ ছাড়া যাকেই পার, যদি তোমরা সত্যবাদী হও। (৩৯) বরং তারা যা

كَذَّبُوا۟ بِمَا لَمْ يُحِيطُوا۟ بِعِلْمِهِۦ وَلَمَّا يَأْتِهِمْ تَأْوِيلُهُۥ ۚ كَذَٰلِكَ كَذَّبَ ٱلَّذِينَ

কায্যাবূ বিমা-লাম্ ইয়ুহীত্বূ বি'ইল্মিহী অলাম্মা-ইয়া''তিহিম্ তা''ওয়ী লুহ্; কাযা-লিকা কায্যাবাল্লাযীনা

জানে না তাই তারা অস্বীকার করে। এটার ব্যাখ্যাও এখনও তাদের কাছে আসে নি। এভাবে এদের পূর্ববর্তীলোকেরাও মিথ্যারোপ

مِن قَبْلِهِمْ ۖ فَٱنظُرْ كَيْفَ كَانَ عَٰقِبَةُ ٱلظَّٰلِمِينَ ﴿٤٠﴾ وَمِنْهُم مَّن يُؤْمِنُ بِهِۦ

মিন্ ক্বাব্লিহিম্ ফান্জুর্ কাইফা কা-না'আ-ক্বিবাতুজ্জোয়া-লিমীন্। ৪০। অমিন্হুম্ মাইঁ ইয়ু''মিনু বিহী

করেছিল, সুতরাং দেখুন, জালিমদের পরিণাম কি (ভয়াবহ) হয়েছে? (৪০) আর তাদের একদল এ কোরআন

وَمِنْهُم مَّن لَّا يُؤْمِنُ بِهِۦ ۚ وَرَبُّكَ أَعْلَمُ بِٱلْمُفْسِدِينَ ﴿٤١﴾ وَإِن كَذَّبُوكَ

অমিন্হুম্ মাল্লা-ইয়ু''মিনু বিহ্; অরব্বুকা আ'লামু বিল্ মুফ্সিদীন্। ৪১। অইন্ কায্যাবূকা

বিশ্বাস করে আর অন্য দল বিশ্বাস করে না; আপনার রব বিপর্যয়কারীদের ব্যাপারে জানেন। (৪১) আপনার প্রতি মিথ্যা

4 ع ১০ ৯ রুকু

فَقُلْ لِّيْ عَمَلِيْ وَلَكُمْ عَمَلُكُمْ ۚ اَنْتُمْ بَرِيْٓـُٔوْنَ مِمَّآ اَعْمَلُ وَاَنَا بَرِيْٓءٌ مِّمَّا

ফাকুল্লী 'আমালী অলাকুম্ 'আমালুকুম্ আন্তুম্ বারী — য়ূনা মিম্মা ~ আ'মালু অআনা বারী — উম্ মিম্মা-
আরোপ করলে আপনি বলুন, আমার কর্ম আমার, তোমাদের কর্ম তোমাদের, আমার কর্মে তোমরা দায়ী নও, তোমাদের কর্মে

تَعْمَلُوْنَ ۝٤٢ وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُوْنَ اِلَيْكَ ۗ اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ وَلَوْ كَانُوْا لَا

তা'মালূন্ ।৪২। অমিন্হুম্ মাইঁ ইয়াস্তামি'উনা ইলাইক্; আফা আন্তা তুস্মি'উছ্ ছুম্মা অলাও কা-নূ লা-
আমি দায়ী নই। (৪২) আর এমন অনেক আছে যারা আপনার প্রতি কান রাখে, তারা না বুঝলেও কি আপনি বধিরকে

يَعْقِلُوْنَ ۝٤٣ وَمِنْهُمْ مَّنْ يَّنْظُرُ اِلَيْكَ ۗ اَفَاَنْتَ تَهْدِى الْعُمْىَ وَلَوْ كَانُوْا لَا

ইয়া'ক্বিলূন্। ৪৩। অমিন্হুম্ মাইঁ ইয়ান্জুরু ইলাইক্; আফা আন্তা তাহ্দিল 'উম্ইয়া অলাও কা-নূ লা-
শ্রবণ করাবেন? (৪৩) তাদের কেউ কেউ আপনার প্রতি দৃষ্টি রাখে তারা না দেখলেও কি আপনি অন্ধকে পথ প্রদর্শন

يُبْصِرُوْنَ ۝٤٤ اِنَّ اللّٰهَ لَا يَظْلِمُ النَّاسَ شَيْـًٔا وَّلٰكِنَّ النَّاسَ اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ*

ইয়ুব্ছিরূন্। ৪৪। ইন্নাল্লা-হা লা-ইয়াজ্লিমুন্ না-সা শাইয়াওঁঅলা-কিন্নান্না-সা আন্ফুসাহুম্ ইয়াজ্লিমূন্।
করবেন? (৪৪) নিশ্চয়ই আল্লাহ মানুষের প্রতি কোন জুলুম করেন না, বরং মানুষই নিজেদের প্রতি জুলুম করে।

وَيَوْمَ يَحْشُرُهُمْ كَاَنْ لَّمْ يَلْبَثُوْٓا اِلَّا سَاعَةً مِّنَ النَّهَارِ يَتَعَارَفُوْنَ بَيْنَهُمْ ۗ ۝٤٥

৪৫। অ ইয়াওমা ইয়াহ্শুরুহুম্ কাআল্ লাম্ ইয়াল্বাছূ ~ ইল্লা-সা-'আতাম্ মিনান্নাহা-রি ইয়াতা'আ-রাফূনা বাইনাহুম্;
(৪৫) যেদিন তাদেরকে একত্র করবেন ১ সেদিনের কথা স্মরণ কর, তখন তাদের মনে হবে যেন দিনের এক মুহূর্তই অবস্থান করেছে,

قَدْ خَسِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِلِقَآءِ اللّٰهِ وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ ۝٤٦ وَاِمَّا نُرِيَنَّكَ

ক্বদ্ খাসিরাল্লাযীনা কায্যাবূ বিলিক্বা — য়িল্লা-হি অমা-কা-নূ মুহ্তাদীন্। ৪৬। অইম্মা-নুরিইয়ান্নাকা
তারা পরস্পরকে চিনবে। নিঃসন্দেহে তারা ক্ষতিগ্রস্ত যারা আল্লাহ্র দর্শনকে মানে নি আর তারা সৎ পথ প্রাপ্ত নয়। (৪৬) তাদেরকে শাস্তি

بَعْضَ الَّذِىْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ اللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا

বা'দ্বোয়াল্লাযী না'ইদুহুম্ আওনাতাঅফ্ফাইন্নাকা ফাইলাইনা-মার্জ্বি'উহুম্ ছুম্মাল্লা-হু শাহীদুন্ 'আলা-মা-
দেয়ার ওয়াদার কিছু আপনাকে দেখাই বা আপনাকে মৃত্যু দেই, সর্বাবস্থায় তাদের প্রত্যাবর্তন তো আমার কাছেই। আল্লাহ তাদের

يَفْعَلُوْنَ ۝٤٧ وَلِكُلِّ اُمَّةٍ رَّسُوْلٌ ۚ فَاِذَا جَآءَ رَسُوْلُهُمْ قُضِىَ بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْ

ইয়াফ্'আলূন্। ৪৭। অলিকুল্লি উম্মাতির্ রাসূলুন্ ফাইযা-জ্বা — আ রসূলুহুম্ কুদ্বিয়া বাইনাহুম্ বিল্ক্বিস্তি অহুম্
কৃতকর্মের সাক্ষী। (৪৭) প্রত্যেক জাতির জন্য রাসূল ছিল; আর যখন তাদের নিকট রাসূল আসল, তখন ন্যায়সঙ্গত নিষ্পত্তি হল, তারা

আয়াত-৪৪ঃ এটি এজন্যই বলা হয়েছে যে, মানুষের কৃতকর্ম তাদের প্রতিই আরোপ করা হয়। এ কারণেই আল্লাহ তা'আলা পাপীদের তাদের কু-কর্মের জন্য আযাবে নিক্ষেপ করবেন। আয়াত-৪৫ঃ টীকাঃ (১) অর্থাৎ মুশরিকদের যখন কিয়ামতের দিন একত্রিত করাবেন। সেদিন তারা পরস্পর পরিচিতি হবে। আর সে দিনের ভয়াবহতা ও দুর্যোগের কারণে পৃথিবী ও কবরের জীবনকে তাদের নিকট এক-আধ ঘন্টার সমান মনে হবে, যদিও তারা ঐ দু জগতে শত সহস্র বছর অবস্থান করে থাকুক। সেদিন পরস্পরকে চেনা সত্ত্বেও চিনবে না। কেউই কারও কোন সমস্যা সৃষ্টি করতে সক্ষম হবে না। তাই এ জানা-শুনা কাজে আসবে না, কেউই কারও কোন উপকারও করতে পারবে না। ফলে তাদের দুঃখ কষ্ট দ্বিগুণ হবে।

لَا يُظْلَمُونَ ﴿٤٨﴾ وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٤٩﴾ قُلْ لَا أَمْلِكُ

লা-ইয়ুজ্‌লামূন্ । ৪৮ । অইয়াকূ্লূনা মাতা-হা-যাল্ অ'দু ইন্ কুন্‌তুম্ ছোয়া-দ্বিক্বীন । ৪৯ । কুল্ লা ~ আম্‌লিকু

অত্যাচারিত হল না । (৪৮) আর তারা বলে, সত্যবাদী হলে বল, এ ওয়াদা কবে? (৪৯) আপনি বলুন, আল্লাহ্‌র ইচ্ছা

لِنَفْسِي ضَرًّا وَلَا نَفْعًا إِلَّا مَا شَاءَ اللَّهُ ۗ لِكُلِّ أُمَّةٍ أَجَلٌ ۚ إِذَا جَاءَ أَجَلُهُمْ فَلَا

লিনাফ্‌সী দ্বোয়ার্‌রাওঁ অলা-নাফ্'আন্ ইল্লা-মা-শা — আল্লা-হ্; লিকুল্লি উম্মাতিন্ আজ্বাল্ ; ইযা-জ্বা — আ আজ্বালুহুম্ ফালা-

ছাড়া আমি তোমার নিজের জন্যও ভাল-মন্দের কোন অধিকার রাখি না । প্রত্যেক জাতির জন্য একটি নির্দিষ্ট সময়

يَسْتَأْخِرُونَ سَاعَةً ۖ وَلَا يَسْتَقْدِمُونَ ﴿٥٠﴾ قُلْ أَرَأَيْتُمْ إِنْ أَتَاكُمْ عَذَابُهُ بَيَاتًا

ইয়াস্‌তা''খিরূনা সা-'আতাওঁ অলা-ইয়াস্‌তাক্বদিমূন্ । ৫০ । কুল্ আরআইতুম্ ইন্ আতা-কুম্ 'আযা বুহূ-বাইয়া-তান্

আছে । তাদের নিকট সময় আসলে মুহূর্তও আগ-পাছ হবে না । (৫০) বলূন তোমরা কি ভেবে দেখেছ, তাঁর শাস্তি

أَوْ نَهَارًا مَاذَا يَسْتَعْجِلُ مِنْهُ الْمُجْرِمُونَ ﴿٥١﴾ أَثُمَّ إِذَا مَا وَقَعَ آمَنْتُمْ بِهِ ۚ

আও নাহা-রাম্ মা-যা-ইয়াস্‌তা'জ্বিলু মিন্‌হুল্ মুজ্‌রিমূন্ । ৫১ । আছুম্মা ইযা-মা-অক্বা'আ আ-মান্‌তুম্ বিহ্;

রাতে বা দিনে আসলে তখন কি অপরাধিরা কামনা করবে । (৫১) তবে কি ঘটবার পর তার প্রতি বিশ্বাস

آلْآنَ وَقَدْ كُنْتُمْ بِهِ تَسْتَعْجِلُونَ ﴿٥٢﴾ ثُمَّ قِيلَ لِلَّذِينَ ظَلَمُوا ذُوقُوا عَذَابَ

আ —ল্‌আ-না অক্বাদ্ কুন্‌তুম্ বিহী তাস্‌তাজ্বিলূন । ৫২ । ছুম্মা ক্বীলা লিল্লাযীনা জোয়ালামূ যূক্বূ 'আযা-বাল্

করবে, তোমরাই তো এর জন্য তাড়াহুড়া করছিলে । (৫২) পরে জালিমদের বলা হবে স্বাদ গ্রহণ কর চির শাস্তির ।

الْخُلْدِ هَلْ تُجْزَوْنَ إِلَّا بِمَا كُنْتُمْ تَكْسِبُونَ ﴿٥٣﴾ وَيَسْتَنْبِئُونَكَ أَحَقٌّ هُوَ ۖ

খুল্‌দি হাল্ তুজ্‌যাওনা ইল্লা-বিমা-কুন্‌তুম্ তাক্‌সিবূন । ৫৩ । অ ইয়াস্‌তাম্‌বিঊনাকা আহাক্বুন্ হুঅ;

তোমরা যা করতে তার কর্মফলই তোমাদেরকে দেয়া হবে । (৫৩) তারা আপনার কাছে জানতে চায়, তা কি সত্য?

قُلْ إِي وَرَبِّي إِنَّهُ لَحَقٌّ ۖ وَمَا أَنْتُمْ بِمُعْجِزِينَ ﴿٥٤﴾ وَلَوْ أَنَّ لِكُلِّ نَفْسٍ

কুল্ ঈ অরব্বী ~ ইন্নাহূ লাহাক্বুন্ ; অমা ~ আন্‌তুম্ বিমু'জ্বিযীন্ । ৫৪ । অলাও আন্না লিকুল্লি নাফ্‌সিন্

আপনি বলূন, হাঁ, আমার রবের শপথ । তা অবশ্যই সত্য । আর তোমরা তা এড়াতে পারবে না । (৫৪) পৃথিবীর সব কিছু

ظَلَمَتْ مَا فِي الْأَرْضِ لَافْتَدَتْ بِهِ ۗ وَأَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَأَوُا الْعَذَابَ ۚ

জোয়ালামাত্ মা-ফিল্ আরদ্বি লাফ্‌তাদাত্ বিহ্; অআসার্‌রুন্ নাদা-মাতা লাম্মা- রাআউল্ 'আযা-বা

জালিমের হলে প্রত্যেকেই তা মুক্তিপণ দিত; আর তারা আযাব দেখলে অনুশোচনা গোপন করবে । আর তাদের মধ্যে

وَقُضِيَ بَيْنَهُمْ بِالْقِسْطِ ۚ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿٥٥﴾ أَلَا إِنَّ لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَ

অক্বুদ্বিয়া-বাইনাহুম্ বিল্ ক্বিস্‌ত্বি অহুম্ লা-ইয়ুজ্‌লামূন্ । ৫৫ । আলা ~ ইন্না লিল্লা-হি মা-ফিস সামা-ওয়া-তি অল্

ন্যায়ভাবে মীমাংসা করা হবে । আর তারা জুলুমের স্বীকার হবে না । (৫৫) সাবধান! আসমান-যমীনের সবকিছুই আল্লাহর ;

ওয়াক্‌ফুন্নবী (ছাঃ)

ওয়াক্‌ফুন্নবী (ছাঃ) ৫

ع ১৩/১০ রুকু

الْأَرْضِ ۗ أَلَا إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٥٥﴾ هُوَ يُحْيِي وَيُمِيتُ وَ

আরদ্ব; আলা ~ ইন্না অ'দাল্লা-হি হাক্ব্ক্বুওঁ অলা-কিন্না আক্‌ছারাহুম্ লা-ইয়া'লামূন্। ৫৬। হুঅ ইয়ুহ্য়ী অ

শ্রবণ কর; নিশ্চয়ই আল্লাহর ওয়াদা হক, কিন্তু তাদের অধিকাংশ এটা অবগত নয়। (৫৬) তিনিই জীবন ও মৃত্যু দান করেন,

إِلَيْهِ تُرْجَعُونَ ﴿٥٦﴾ يَا أَيُّهَا النَّاسُ قَدْ جَاءَتْكُمْ مَوْعِظَةٌ مِنْ رَبِّكُمْ

ইয়ুমীতু অইলাইহি তুরজ্বা'উন। ৫৭। ইঁয়া ~ আইয়্যুহান্না-সু ক্বদ্ জ্বা — আত্‌কুম্ মাও'ইজোয়াতুম্ মির্ রব্বিকুম্

এবং তাঁর নিকটই তোমাদের প্রত্যাবর্তন স্থল (৫৭) হে মানুষ! তোমাদের নিকট এসেছে উপদেশ তোমাদের রবের পক্ষ

وَشِفَاءٌ لِمَا فِي الصُّدُورِ وَهُدًى وَرَحْمَةٌ لِلْمُؤْمِنِينَ ﴿٥٧﴾ قُلْ بِفَضْلِ اللَّهِ وَ

অশিফা — উল্ লিমা ফিছ্ ছুদূরি অহুদাওঁ অরহ্‌মাতুল্লিল্ মু''মিনীন্ ৫৮। ক্বুল্ বিফাদ্বলিল্লা-হি অ

হতে এবং অন্তর রোগের ওষুধ এসেছে; মু'মিনদের জন্য হেদায়েত ও রহমত। (৫৮) বলুন, (এ কোরআন) আল্লাহ্‌র অনুগ্রহ

بِرَحْمَتِهِ فَبِذَٰلِكَ فَلْيَفْرَحُوا هُوَ خَيْرٌ مِمَّا يَجْمَعُونَ ﴿٥٨﴾ قُلْ أَرَأَيْتُمْ مَا أَنْزَلَ اللَّهُ

বিরহ্‌মাতিহী ফাবিযা-লিকা ফাল্ ইয়াফ্‌রাহূ ; হুওয়া খাইরুম্ মিম্মা- ইয়াজ্‌ মা'উন্। ৫৯। ক্বুল্ আরায়াইতুম্ মা ~ আন্‌যালাল্লা-হু

ও দয়ায়, এতে যেন সন্তুষ্ট হয়। তাদের পুঞ্জীভূত ধন হতে এটা উত্তম। (৫৯) বলুন, তোমাদের রায় কি, আল্লাহ তোমাদের

لَكُمْ مِنْ رِزْقٍ فَجَعَلْتُمْ مِنْهُ حَرَامًا وَحَلَالًا قُلْ آللَّهُ أَذِنَ لَكُمْ ۖ أَمْ عَلَى اللَّهِ

লাকুম্ মির্ রিয্‌ক্বিন্ ফাজ্‌'আল্‌তুম্ মিনহু হারা-মাওঁ অহালা-লা-; ক্বুল্ আ — ল্লা-হু আযিনা লাকুম্ আম্ 'আলাল্লা-হি

জন্য যে রিযিক দিয়েছেন তার কিছু হারাম করেছেন কিছু হালাল করেছেন? বলুন, এটা আল্লাহ্‌র আদেশ, না তোমরা আল্লাহর

تَفْتَرُونَ ﴿٥٩﴾ وَمَا ظَنُّ الَّذِينَ يَفْتَرُونَ عَلَى اللَّهِ الْكَذِبَ يَوْمَ الْقِيَامَةِ ۗ إِنَّ اللَّهَ

তাফ্‌তারূন্। ৬০। অমা-জোয়ান্নুল্লাযীনা ইয়াফ্‌তারূনা 'আলাল্লা-হিল্ কাযিবা ইয়াওমাল্ ক্বিয়া-মাহ্; ইন্নাল্লা-হা

উপর অপবাদ দিচ্ছ। (৬০) আর যারা আল্লাহর প্রতি মিথ্যারোপ করে, পরকাল সম্পর্কে তাদের ধারণা কি? নিশ্চয়ই আল্লাহ

لَذُو فَضْلٍ عَلَى النَّاسِ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَشْكُرُونَ ﴿٦٠﴾ وَمَا تَكُونُ فِي شَأْنٍ وَمَا

লাযূ ফাদ্বলিন্ 'আলান্না-সি অলা-কিন্না আক্‌ছারাহুম্ লা-ইয়াশ্‌কুরূন্। ৬১। অমা-তাকূনু ফী শা''নিওঁ অমা-

মানুষের প্রতি বিরাট অনুগ্রহশীল, কিন্তু তাদের অধিকাংশই অকৃতজ্ঞ। (৬১) আর আপনি যে অবস্থায়ই থাকেন

ع ৬ ৭ ১১ রুকু

تَتْلُو مِنْهُ مِنْ قُرْآنٍ وَلَا تَعْمَلُونَ مِنْ عَمَلٍ إِلَّا كُنَّا عَلَيْكُمْ شُهُودًا إِذْ

তাত্‌লূ মিন্‌হু মিন্ ক্বুর্‌আ-নিওঁ অলা-তা'মালূনা মিন 'আমালিন্ ইল্লা-কুন্না-'আলাইকুম্ শুহূদান্ ইয্

এবং, সে বিষয়ে কোরআনের যা কিছু পড়েন, তোমরা যে কাজই কর আমি তোমাদের সে কাজের সাক্ষী, যখন তোমরা

আয়াত-৫৭ঃ প্রকৃতপক্ষে কুরআন সর্বরোগের নিরাময়, তা অন্তরের রোগই হোক কিংবা দেহেরই হোক। তবে আত্মিক রোগের ধ্বংসকারিতা মানুষের দৈহিক রোগ অপেক্ষা বেশি মারাত্মক এবং এর চিকিৎসাও কারো সাধ্যের ব্যাপার নয়। হাদীসের বর্ণনা ও উম্মতের আলেম সম্প্রদায়ের অসংখ্য অভিজ্ঞতাই এটির প্রমাণ যে, কুরআন মজিদ যেমন আত্মার ব্যাধির জন্য অব্যর্থ মহৌষধ, তেমনি দৈহিক ব্যাধির জন্যও উত্তম চিকিৎসা। (মাঃ কোঃ, তাফঃ রূঃ মাঃ) আয়াত-৫৮ঃ এ আয়াতে দুটি বিষয়কে আনন্দের উপকরণ সাব্যস্ত করা হয়েছে। একটি আল্লাহর ফযল এবং অপরটি তার রহমত। রাসূলুল্লাহ (ছঃ) বলেছেন, ফযল এর মর্ম হল কুরআন এবং রহমতের মর্মার্থ হল, কুরআন অধ্যয়ন এবং তদানুযায়ী আ'মল করার তাওফীক লাভ। (মাঃ কোঃ)

تُفِيضُونَ فِيهِ ۚ وَمَا يَعْزُبُ عَن رَّبِّكَ مِن مِّثْقَالِ ذَرَّةٍ فِي الْأَرْضِ وَلَا فِي

তুফীদ্বূনা ফীহ্; অমা-ইয়া'যুবু 'আর্ রব্বিকা মিম্ মিছ্ক্বা-লি যার্‌রতিন্ ফিল্ আরদ্বি অলা-ফিস্

এটাতে লিপ্ত হও। আর আসমান ও যমীনের সূক্ষ্ম কোন বস্তুও আপনার প্রতিপালকের অগোচরে নয়;

السَّمَاءِ وَلَا أَصْغَرَ مِن ذَٰلِكَ وَلَا أَكْبَرَ إِلَّا فِي كِتَابٍ مُّبِينٍ ﴿٦٢﴾ أَلَا إِنَّ

সামা—য়ি অলা ~ আছ্‌গরা মিন্ যা-লিকা অলা ~ আক্‌বারা ইল্লা-ফী কিতা-বিম্ মুবীন্। ৬২। আলা ~ ইন্না

তদপেক্ষা ক্ষুদ্রতর বৃহত্তর কোন বস্তু নেই যা সুস্পষ্ট কিতাবে লিপিবদ্দ্ধ নেই (৬২) সাবধান! নিশ্চয়ই

أَوْلِيَاءَ اللَّهِ لَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٦٣﴾ الَّذِينَ آمَنُوا وَكَانُوا

আওলিয়া—আল্লা-হি লা-খওফুন 'আলাইহিম্ অলা-হুম্ ইয়াহ্‌যানূন্। ৬৩। আল্লাযীনা আ-মানূ অকা-নূ

আল্লাহ্‌র বন্ধুদের কোন ভয় নেই আর তারা দুঃখিতও হবে না। (৬৩) আর যারা ঈমান এনেছে এবং ও সংযমী

يَتَّقُونَ ﴿٦٤﴾ لَهُمُ الْبُشْرَىٰ فِي الْحَيَاةِ الدُّنْيَا وَفِي الْآخِرَةِ ۚ لَا تَبْدِيلَ لِكَلِمَاتِ

ইয়াত্তাক্বূন্।৬৪। লাহুমুল্ বুশ্‌রা-ফিল্ হা-ইয়া-তিদ্দুন্‌ইয়া-অফিল্ আ-খিরাহ্; লা-তাব্‌দীলা লিকালিমা-তিল্

হয়েছে। ৬৪। তাদের জন্য সুসংবাদ রয়েছে দুনিয়ার জীবনে ও আখেরাতের জীবনে আর আল্লাহ্‌র কথার কোন

ওয়াক্‌ফে লাযেম

اللَّهِ ۚ ذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿٦٥﴾ وَلَا يَحْزُنكَ قَوْلُهُمْ ۘ إِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا ۚ

লা-হ্; যা-লিকা হুঅল্ ফাওযুল্ 'আজীম্। ৬৫। অলা-ইয়াহ্‌যুন্‌কা ক্বাওলুহুম্ ইন্নাল্ 'ইয্‌যাতা লিল্লা-হি জ্বামী'আ-;

পরিবর্তন নেই; এটাই বড় সাফল্য। (৬৫) আর তাদের কথা আপনাকে যেন দুঃখ না দেয়; সকল সম্মান আল্লাহ্‌র;

هُوَ السَّمِيعُ الْعَلِيمُ ﴿٦٦﴾ أَلَا إِنَّ لِلَّهِ مَن فِي السَّمَاوَاتِ وَمَن فِي الْأَرْضِ ۗ وَمَا يَتَّبِعُ

হুঅস্ সামী'উল্ 'আলীম। ৬৬। আলা ~ ইন্না লিল্লা-হি মান্ ফিস্ সামা-ওয়া-তি অমান্ ফিল্ আর্‌দ্ব; অমা-ইয়াত্তাবি'উল্

তিনি সব শুনেন, জানেন। (৬৬) স্মরণ কর, আকাশ মণ্ডল ও পৃথিবীতে যা কিছু আছে সবই আল্লাহর মালিকানাধীন; আর যারা

الَّذِينَ يَدْعُونَ مِن دُونِ اللَّهِ شُرَكَاءَ ۚ إِن يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَإِنْ هُمْ إِلَّا

লাযীনা ইয়াদ্'ঊনা মিন্ দূনিল্লা-হি শুরাকা—আ; ইঁ ইয়াত্তাবি'ঊনা ইল্লাজ্জোয়ান্না অইন্ হুম্ ইল্লা-

আল্লাহকে বাদ দিয়ে শরীকদের উপাসনা করে, তারা কিসের অনুসরণ করে? তারা তো শুধু ধারণার অনুসরণ করে এবং কেবল মিথ্যাই

يَخْرُصُونَ ﴿٦٧﴾ هُوَ الَّذِي جَعَلَ لَكُمُ اللَّيْلَ لِتَسْكُنُوا فِيهِ وَالنَّهَارَ مُبْصِرًا ۚ إِنَّ

ইয়াখ্‌রুছূন্। ৬৭। হুঅল্লাযী জ্বা'আলা লাকুমুল্ লাইলা লিতাস্‌কুনূ ফীহি অন্নাহা-রা মুব্‌ছিরা-; ইন্না

বলে। (৬৭) তিনি সেই সত্তা যিনি সৃষ্টি করেছেন তোমাদের বিশ্রামের জন্য রাত ও দেখবার জন্য সৃষ্টি করেছেন দিন; নিশ্চয়ই

فِي ذَٰلِكَ لَآيَاتٍ لِّقَوْمٍ يَسْمَعُونَ ﴿٦٨﴾ قَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا ۗ سُبْحَانَهُ ۖ هُوَ الْغَنِيُّ ۖ

ফী যা-লিকা লাআ-ইয়া-তিল্ লিক্বওমিঁই ইয়াস্‌মা'ঊন্। ৬৮। ক্বা-লুত্তাখযাল্লা-হু অলাদান্ সুব্‌হা-নাহ্;- হুঅল্ গনিয়্যু;

যারা শুনে তাদের জন্য এতে নিদর্শন আছে। (৬৮) তারা বলে, আল্লাহ সন্তান গ্রহণ করেছেন। তিনি পবিত্র! তিনি অভাব মুক্ত!

لَهُ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۗ اِنْ عِنْدَكُمْ مِّنْ سُلْطٰنٍ بِهٰذَا ۗ

লাহূ মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্ব; ইন্ 'ইন্দাকুম্ মিন্ সুল্ত্বোয়া-নিম্ বিহা-যা-;
আকাশ মণ্ডল ও পৃথিবীতে যা কিছু আছে সব তাঁরই মালিকানাধীন। নিশ্চয়ই তোমাদের কাছে কোন সনদ নেই এর সপক্ষে।

اَتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٦٩﴾ قُلْ اِنَّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ

'আতাক্বূলূনা 'আলাল্লা-হি মা-লা- তা'লামূন্। ৬৯। ক্বুল্ ইন্নাল্লাযীনা ইয়াফ্তারূনা 'আলাল্লা-হিল্ কাযিবা
তোমরা কি যে বিষয় জান না তা আল্লাহ্র ব্যাপারে বলছ (৬৯) বলুন, নিশ্চয়ই আল্লাহ্র ব্যাপারে মিথ্যা রচনাকারী কখনও

لَا يُفْلِحُوْنَ ﴿٧٠﴾ مَتَاعٌ فِي الدُّنْيَا ثُمَّ اِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ نُذِيْقُهُمُ الْعَذَابَ

লা-ইয়ুফ্লিহূন্। ৭০। মাতা-'উন্ ফিদ্দুন্ইয়া-ছুম্মা ইলাইনা-মারজি'উহুম্ ছুম্মা নুযীক্বুহুমুল্ 'আযা-বাশ্
সফল হবে না। (৭০) এটা পার্থিব সম্পদমাত্র, তারা আমার কাছেই আসবে। তখন আমি তাদের অবিশ্বাসের কারণে

الشَّدِيْدَ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ﴿٧١﴾ وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ نُوْحٍ ۘ اِذْ قَالَ لِقَوْمِهٖ يٰقَوْمِ

শাদীদা বিমা- কা-নূ ইয়াক্ফুরূন্। ৭১। অত্লু 'আলাইহিম্ নাবাআ নূহ্। ইয্ ক্বা-লা লিক্বওমিহী ইয়া-ক্বওমি
কঠোর শাস্তি দিব। (৭১) আপনি তাদেরকে শুনিয়ে দিন নূহের বৃত্তান্ত; যখন সে তার কাওমকে বলল, হে আমার

اِنْ كَانَ كَبُرَ عَلَيْكُمْ مَّقَامِيْ وَتَذْكِيْرِيْ بِاٰيٰتِ اللّٰهِ فَعَلَى اللّٰهِ تَوَكَّلْتُ

ইন্ কা-না কাবুরা 'আলাইকুম্ মাক্বা-মী অতায্কীরী বিআ-ইয়া-তিল্লা-হি ফা'আলাল্লা-হি তাঅক্কাল্তু
কাওম! আমার অবস্থান ও আল্লাহর নিদর্শন দ্বারা আমার উপদেশ তোমাদের খারাপ লাগলে আল্লাহ্র উপরেই আমার

فَاَجْمِعُوْٓا اَمْرَكُمْ وَشُرَكَآءَكُمْ ثُمَّ لَا يَكُنْ اَمْرُكُمْ عَلَيْكُمْ غُمَّةً ثُمَّ اقْضُوْٓا

ফাআজ্মি'উ ~ আম্রাকুম্ অশুরাকা — আকুম্ ছুম্মা লা-ইয়াকুন্ আম্রুকুম্ 'আলাইকুম্ গুম্মাতান্ ছুম্মাক্বদ্বূ ~
ভরসা। এখন তোমরাও তোমাদের শরীকদের নিয়ে কর্ম স্থির কর; পরে যেন নিজেদের কর্মের ব্যাপারে সংশয় না হয়, আমার

اِلَيَّ وَلَا تُنْظِرُوْنِ ﴿٧٢﴾ فَاِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَاَلْتُكُمْ مِّنْ اَجْرٍ ۗ اِنْ اَجْرِيَ اِلَّا عَلَى

ইলাইয়্যা অলা-তুন্যিরূন্। ৭২। ফাইন্ তাঅল্লাইতুম্ ফামা-সাআল্তুকুম্ মিন্ আজ্র্; ইন্ আজ্রিয়া ইল্লা-'আলা
ব্যাপারেও স্থির কর, আমাকে সুযোগ দিও না। (৭২) তারপর মুখ ফিরালে আমি তো তোমাদের কাছে পারিশ্রমিক চাই না, আমার

اللّٰهِ ۙ وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿٧٣﴾ فَكَذَّبُوْهُ فَنَجَّيْنٰهُ وَمَنْ مَّعَهٗ فِي

ল্লা-হি অউমিরতু আন্ আকূনা মিনাল্ মুস্লিমীন্। ৭৩। ফাকায্যাবূহু ফানাজ্জাইনা-হু অমাম্ মা'আহূ ফিল্
পাওনা তো আল্লাহ্র কাছে, আর আমি আদিষ্ট হয়েছি মুসলিম হওয়ার। (৭৩) আর তারা তাকে (নূহকে) মিথ্যুক বলে; তাই

الْفُلْكِ وَجَعَلْنٰهُمْ خَلٰٓئِفَ وَاَغْرَقْنَا الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ

ফুল্কি অজ্বা'আল্না-হুম্ খলা — য়িফা অআগ্রাক্বনাল্লাযীনা কায্যাবূ বিআ-ইয়া-তিনা-ফান্জুর কাইফা কা-না
আমি তাকে ও তার নৌকার সঙ্গীদেরকে উদ্ধার করি; তাদেরকে খলীফা করি, আর আয়াত অস্বীকারকারীদের ডুবিয়ে দিই, দেখুন,

عَاقِبَةُ الْمُنْذَرِيْنَ ﴿٧٤﴾ ثُمَّ بَعَثْنَا مِنْ بَعْدِهٖ رُسُلًا اِلٰى قَوْمِهِمْ فَجَآءُوْهُمْ

'আ-ক্বিবাতুল্ মুন্‌যারীন্। ৭৪। ছুম্মা বা'আছ্‌না মিম্ বা'দিহী রুসুলান্ ইলা- ক্বাওমিহিম্ ফাজ্বা — উহুম্

সতর্কপ্রাপ্তদের পরিণাম কিরূপ হল? (৭৪) তারপর আমি বহু রাসূল তাদের সম্প্রদায়ের প্রতি পাঠাই; তারা প্রমাণাদিসহ

بِالْبَيِّنٰتِ فَمَا كَانُوْا لِيُؤْمِنُوْا بِمَا كَذَّبُوْا بِهٖ مِنْ قَبْلُ ؕ كَذٰلِكَ نَطْبَعُ عَلٰى

বিল্ বাইয়্যিনা-তি ফামা-কা-নূ লিইয়্যু'মিনূ বিমা-কায্‌যাবূ বিহী মিন্ ক্বাব্‌ল্; কাযা-লিকা নাত্‌বা'উ 'আলা-

এসেছে; কিন্তু তারা যা পূর্বে অস্বীকার করত তা বিশ্বাস করতে পারে নি, এভাবে আমি সীমালংঘনকারীদের

قُلُوْبِ الْمُعْتَدِيْنَ ﴿٧٥﴾ ثُمَّ بَعَثْنَا مِنْ بَعْدِهِمْ مُّوْسٰى وَهٰرُوْنَ اِلٰى فِرْعَوْنَ

ক্বুলূবিল্ মু'তাদীন। ৭৫। ছুম্মা বা'আছ্‌না মিম্ বা'দিহিম্ মূসা-অহা-রূনা ইলা-ফির্'আওনা

মনে ছাপ লাগিয়ে দেই। (৭৫) তারপর আমি মূসা ও হারূনকে ফিরাউন ও তার পারিষদবর্গের কাছে আমার আয়াতসহ

وَمَلَا۟ئِهٖ بِاٰيٰتِنَا فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿٧٦﴾ فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ

অমালায়িহী বিআ-ইয়া-তিনা-ফাস্‌তাক্‌বারূ অকা-নূ ক্বাওমাম্ মুজ্‌রিমীন।৭৬। ফালাম্মা-জ্বা — আহুমুল্ হাক্ব্‌ক্বু

প্রেরণ করি, আর তারা অহংকারী ও অপরাধী সম্প্রদায় ছিল। (৭৬) অতঃপর তাদের কাছে আমার পক্ষ থেকে হক

مِنْ عِنْدِنَا قَالُوْٓا اِنَّ هٰذَا لَسِحْرٌ مُّبِيْنٌ ﴿٧٧﴾ قَالَ مُوْسٰٓى اَتَقُوْلُوْنَ لِلْحَقِّ لَمَّا

মিন্ 'ইন্‌দিনা-ক্বা-লূ ~ ইন্না হা-যা- লাসিহ্‌রুম্ মুবীন্। ৭৭। ক্বা-লা মূসা ~ আতাক্বূলূনা লিল্‌হাক্ব্‌ক্বি লাম্মা-

আসলে বলে, নিশ্চয়ই এটা তো প্রকাশ্য যাদু। (৭৭) মূসা বলল, আগত সত্য সম্পর্কে কি তোমরা এমন বলছ?

جَآءَكُمْ ؕ اَسِحْرٌ هٰذَا ؕ وَلَا يُفْلِحُ السّٰحِرُوْنَ ﴿٧٨﴾ قَالُوْٓا اَجِئْتَنَا لِتَلْفِتَنَا عَمَّا

জ্বা — আকুম্; আসিহ্‌রুন্ হা-যা-; অলা-ইয়ুফ্‌লিহুস্ সা-হিরূন্। ৭৮। ক্বা-লূ ~ আজি'তানা-লিতাল্‌ফিতানা-'আম্মা-

এটা কি যাদু? আর যাদুকররা তো সফল হয় না। (৭৮) তারা বলল, তুমি কি এ জন্য এসেছ যে, পিতৃপুরুষদেরকে

وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا وَتَكُوْنَ لَكُمَا الْكِبْرِيَآءُ فِى الْاَرْضِ ؕ وَمَا نَحْنُ لَكُمَا

অজ্বাদ্‌না-'আলাইহি আ-বা — আনা-অতাকূনা লাকুমাল্ কিব্‌রিয়া — উ ফিল্ আরদ্ব্; অমা-নাহ্‌নু লাকুমা-

যাতে পেলাম তা হতে বিচ্যুত করতে ও যমীনে তোমাদের দুজনের পতিপত্তির জন্য; আমরা তোমাদেরকে বিশ্বাস

بِمُؤْمِنِيْنَ ﴿٧٩﴾ وَقَالَ فِرْعَوْنُ ائْتُوْنِيْ بِكُلِّ سٰحِرٍ عَلِيْمٍ ﴿٨٠﴾ فَلَمَّا جَآءَ السَّحَرَةُ

বিমু'মিনীন্। ৭৯। অক্বা-লা ফির'আউনু'তূনী বিকুল্লি সা-হিরিন্ 'আলীম্। ৮০। ফালাম্মা ~ জ্বা — আস্ সাহারাতু

করব না। ৭৯। ফিরাউন বলল, সকল অভিজ্ঞ যাদুকরকে নিয়া আস। (৮০) তারপর যখন যাদুকররা আসল তখন

قَالَ لَهُمْ مُّوْسٰٓى اَلْقُوْا مَآ اَنْتُمْ مُّلْقُوْنَ ﴿٨١﴾ فَلَمَّآ اَلْقَوْا قَالَ مُوْسٰى مَا جِئْتُمْ بِهِ

ক্বা-লা লাহুম্ মূসা ~ আল্‌ক্বূ মা ~ আন্‌তুম্ মুল্‌ক্বূন্। ৮১। ফালাম্মা ~ আল্‌ক্বাও ক্বা-লা মূসা-মা-

মূসা বলল, যা নিক্ষেপ করার তোমরা নিক্ষেপ কর। (৮১) তারা নিক্ষেপ করলে মূসা বলল, তোমাদের আনিত সবই

السِّحْرُ ۖ إِنَّ اللَّهَ سَيُبْطِلُهُ ۖ إِنَّ اللَّهَ لَا يُصْلِحُ عَمَلَ الْمُفْسِدِينَ ﴿٨٢﴾ وَيُحِقُّ اللَّهُ

জ্বি,"তুম্ বিহিস্ সিহ্র; ইন্নাল্লা-হা সাইয়ুব্ ত্বিলুহ; ইন্নাল্লা-হা লা-ইয়ুছলিহু 'আমালাল্ মুফ্সিদীন্।৮২। অইয়ুহিক্ব্ কু,ল্লা-হুল্

তো যাদু। নিশ্চয়ই আল্লাহ এটা এখনই বাতিল করবেন, আল্লাহ দুষ্কৃতীদের কাজ সার্থক করেন না। (৮২) আল্লাহ স্বীয়

الْحَقَّ بِكَلِمَاتِهِ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُونَ ﴿٨٣﴾ فَمَا آمَنَ لِمُوسَىٰ إِلَّا ذُرِّيَّةٌ مِّن قَوْمِهِ

হাক্ব্ক্ব বিকালিমা-তিহী অলাও কারিহাল্ মুজ্ রিমূন্।৮৩। ফামা ~ আ-মানা লিমূসা ~ ইল্লা- যুর্রিয়্যাতুম্ মিন্ ক্বওমিহী

কথানুযায়ী সত্যকে সত্য করেন। যদিও অপরাধীরা তা পছন্দ করে না। (৮৩) স্বগোত্রীয় যারা ছিল তাদের মধ্যে কিছু ছাড়া

৮ রুকু ১২/১৩ ع

عَلَىٰ خَوْفٍ مِّن فِرْعَوْنَ وَمَلَئِهِمْ أَن يَفْتِنَهُمْ ۚ وَإِنَّ فِرْعَوْنَ لَعَالٍ فِي الْأَرْضِ ۚ

'আলা-খওফিম্ মিন্ ফির'আওনা অমালায়িহিম্ আইয়্যাফ্তিনাহুম্; অইন্না ফির'আউনা লা'আ-লিন্ ফিল্ আরদ্বি

আর কেউই মূসাকে বিশ্বাস করে নি ফেরাউন ও তার পরিষদের নির্যাতনের ভয়ে। যমীনে ফিরাউন শক্তিশালী ছিল,

وَإِنَّهُ لَمِنَ الْمُسْرِفِينَ ﴿٨٤﴾ وَقَالَ مُوسَىٰ يَا قَوْمِ إِن كُنتُمْ آمَنتُم بِاللَّهِ فَعَلَيْهِ

অইন্নাহূ লামিনাল্ মুস্রিফীন্।৮৪। অক্বা-লা মূসা-ইয়াক্বওমি ইন্ কুন্তুম্ আ-মান্তুম্ বিল্লা-হি ফা'আলাইহি

আর ছিল সীমালংঘনকারী। (৮৪) মূসা বলল, হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহ্কে বিশ্বাস কর, তবে মুসলিম হও,

تَوَكَّلُوا إِن كُنتُم مُّسْلِمِينَ ﴿٨٥﴾ فَقَالُوا عَلَى اللَّهِ تَوَكَّلْنَا ۚ رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً

তাঅক্কালূ ~ ইন্ কুন্তুম মুস্লিমীন্।৮৫। ফাক্বা-লূ 'আলাল্লা-হি তাওয়াক্কাল্না- রব্বানা-লা-তাজ্ 'আল্না-ফিত্নাতাল্

এবং তাঁরই উপর নির্ভর কর। (৮৫) তারপর তারা বলল, আল্লাহ্র উপর নির্ভর করলাম; হে রব! আমাদেরকে জালিমদের

لِّلْقَوْمِ الظَّالِمِينَ ﴿٨٦﴾ وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكَافِرِينَ ﴿٨٧﴾ وَأَوْحَيْنَا إِلَىٰ

লিল্ক্বওমিজ্জোয়া-লিমীন্।৮৬। অনাজ্জিনা-বিরহ্মাতিকা মিনাল্ ক্বওমিল্ কা-ফিরীন্।৮৭। অআওহাইনা ~ ইলা-

নির্যাতন কেন্দ্র বানিও না। (৮৬) নিজ দয়ায় কাফের হতে আমাদেরকে মুক্ত কর। (৮৭) মূসা ও তাঁর ভ্রাতার কাছে

مُوسَىٰ وَأَخِيهِ أَن تَبَوَّآ لِقَوْمِكُمَا بِمِصْرَ بُيُوتًا وَاجْعَلُوا بُيُوتَكُمْ قِبْلَةً وَ

মূসা- অআখীহি আন্ তাবাওয়্যাআ-লিক্বওমিকুমা-বিমিছ্রা বুইয়ূতাওঁ অজ্ 'আলূ বুইয়ূতাকুম্ কিব্লাতাওঁ অ

অহী প্রেরণ করলাম যে, স্বগোত্রীয়দের জন্য মিসরে গৃহস্থাপন কর,এবং তোমাদের বাসগৃহসমূহকে এবাদত গৃহ কর,

أَقِيمُوا الصَّلَاةَ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ ﴿٨٨﴾ وَقَالَ مُوسَىٰ رَبَّنَا إِنَّكَ آتَيْتَ فِرْعَوْنَ

আক্বীমুছ্ ছলা-হ্; অবাশ্শিরিল্ মু''মিনীন্।৮৮। অক্ব-লা মূসা-রব্বানা ~ ইন্নাকা আ-তাইতা ফির'আউনা

নামায কায়েম কর, এবং মু'মিনদের সুসংবাদ দাও। (৮৮) মুসা বলল, হে আমাদের রব! ফিরাউন ও তার সভাষদকে

وَمَلَأَهُ زِينَةً وَأَمْوَالًا فِي الْحَيَاةِ الدُّنْيَا رَبَّنَا لِيُضِلُّوا عَن سَبِيلِكَ ۖ رَبَّنَا اطْمِسْ

অমালায়াহূ যীনাতাওঁ অআম্ওয়া-লান্ ফিল্ হা-ইয়া-তিদ্দুন্ইয়া-রব্বানা-লিইয়ুদ্বিল্লূ আন্ সাবীলিকা রব্বানাত্ব্ মিস্

এ দুনিয়ায় শোভা ও সম্পদ প্রদান করেছি, হে আমাদের রব! যে জন্য তোমার পথ হতে বিভ্রান্ত করে, হে আমাদের রব!

عَلٰٓى اَمْوَالِهِمْ وَاشْدُدْ عَلٰى قُلُوْبِهِمْ فَلَا يُؤْمِنُوْا حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ☆

'আলা ~ আম্‌ওয়া-লিহিম্ অশ্‌দুদ্ 'আলা-কু্‌লূবিহিম্ ফালা-ইয়ু''মিনূ হাত্তা-ইয়ারাউল্ 'আযা-বাল্ আলীম্।
তাদের সম্পদ বিনষ্ট কর, তাদের হৃদয়ে মোহর কর, কেননা, তারা মর্মন্তুদ শাস্তি না দেখা পর্যন্ত ঈমান আনবে না।

(٨٩) قَالَ قَدْ اُجِيْبَتْ دَّعْوَتُكُمَا فَاسْتَقِيْمَا وَلَا تَتَّبِعٰٓنِّ سَبِيْلَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ☆

৮৯। ক্বা-লা ক্বদ্ উজ্বীবাত্ দা'অতুকুমা-ফাস্‌তাক্বীমা-অলা-তাত্তাবি'আ — ন্নি সাবীলাল্লাযীনা লা-ইয়া'লামূন্।
(৮৯) আল্লাহ বললেন, তোমাদের দোয়া গৃহীত হল, অতএব, তোমরা দৃঢ় থাক, অজ্ঞদের পথ অনুসরণ করো না।

(٩٠) وَجٰوَزْنَا بِبَنِيْٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ فَاَتْبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُوْدُهٗ بَغْيًا وَّعَدْوًا ؕ

৯০। অজ্বা-অয্‌না- বিবানী ~ ইস্‌রা — ঈলাল্ বাহ্‌রা ফাআত্‌বা'আহুম্ ফির'আউনু অজু্‌নূদুহূ বাগ্‌ইয়াওঁ অ'আদ্‌ওয়া-;
(৯০) আর আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করালাম, ফিরাউন ও তার সৈন্যরা বিদ্বেষ ও বাড়াবাড়ি করে পশ্চাদ্ধাবন করল,

حَتّٰٓى اِذَآ اَدْرَكَهُ الْغَرَقُ ۙ قَالَ اٰمَنْتُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا الَّذِيْٓ اٰمَنَتْ بِهٖ بَنُوْٓا

হাত্তা ~ ইযা ~ আদ্‌রকাহুল্ গরাকু্, ক্বা-লা আ-মান্‌তু আন্নাহূ লা ~ ইলা-হা ইল্লাল্লাযী ~ আ-মানাত্ বিহী বানূ~
পরিশেষে যখন সে ডুবল, তখন বলল, আমি ঈমান নিলাম যে, সে ছাড়া আর কোন ইলাহ নেই যার প্রতি ঈমান এনেছে বনী

اِسْرَآءِيْلَ وَاَنَا مِنَ الْمُسْلِمِيْنَ (٩١) آٰلْـٰٔنَ وَقَدْ عَصَيْتَ قَبْلُ وَكُنْتَ مِنَ الْمُفْسِدِيْنَ ☆

ইস্‌রা ~ ঈলা অ আনা মিনাল্ মুস্‌লিমীন্। ৯১। আল্‌আ — না অকৃদ্ আ'ছোয়াইতা ক্বব্‌লু অকুন্‌তা মিনাল্ মুফ্‌সিদীন।
ইসরাঈল এবং আমি মুসলিম। (৯১) এখন ঈমান এনেছ অথচ ইতিপূর্বে তুমিই অমান্য করেছ এবং বিপর্যয়কারী ছিলে।

(٩٢) فَالْيَوْمَ نُنَجِّيْكَ بِبَدَنِكَ لِتَكُوْنَ لِمَنْ خَلْفَكَ اٰيَةً ؕ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ عَنْ

৯২। ফাল্‌ইয়াওমা নুনাজ্জীকা বিবাদানিকা লিতাকূনা লিমান্ খল্‌ফাকা আ-ইয়াহ্; অইন্না কাছীরাম মিনান্ না-সি 'আন্
(৯২) আজ আমি তোমার দেহ রক্ষা করব, যেন তুমি পরবর্তীদের জন্য নিদর্শন হয়ে থাক। বাস্তবিক পক্ষে অধিকাংশ লোক

৯
ع
১০
১৪
রুকু

اٰيٰتِنَا لَغٰفِلُوْنَ (٩٣) وَلَقَدْ بَوَّاْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ مُبَوَّاَ صِدْقٍ وَّرَزَقْنٰهُمْ مِّنَ

আ-ইয়া-তিনা- লাগ-ফিলূন্।৯৩। অলাক্বদ্ বাওয়্যা''না-বানী ~ ইস্‌রা — ঈলা মুবাওয়্যা আছিদ্‌ক্বিওঁ অরাযাক্ব্‌না-হুম্ মিনাত্ব্
আমার আয়াত হতে গাফিল। (৯৩) আর আমি বনী ইস্রাঈলকে উত্তম ভূমিতে আবাস ও উৎকৃষ্ট রিযিক দিয়েছি; তারা

الطَّيِّبٰتِ ۚ فَمَا اخْتَلَفُوْا حَتّٰى جَآءَهُمُ الْعِلْمُ ؕ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ

ত্বোইয়্যিবা-তি ফামাখ্ তালাফূ হাত্তা-জ্বা — আ হুমুল্ 'ইল্‌ম্; ইন্না রব্বাকা ইয়াক্ব্‌দ্বী বাইনাহুম্ ইয়াওমাল্
অতঃপর তাদের নিকট ইলম্ পৌছার পর তারা বিভেদ সৃষ্টি করল; আপনার রব তাদের মতভেদযুক্ত বিষয়ে

الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ (٩٤) فَاِنْ كُنْتَ فِيْ شَكٍّ مِّمَّآ اَنْزَلْنَآ اِلَيْكَ

ক্বিয়া-মাতি ফী মা-কা-নূ ফীহি ইয়াখ্‌তালিফূন্। ৯৪। ফাইন্ কুন্‌তা ফী শাক্কিম্ মিম্মা ~ আন্‌যাল্‌না ~ ইলাইকা
কিয়ামতের দিন মীমাংসা করে দেবেন। (৯৪) আপনার প্রতি নাযিলকৃত বিষয়ের প্রতি যদি আপনার সন্দেহ হয়, তবে

فَسْئَلِ الَّذِيْنَ يَقْرَءُوْنَ الْكِتٰبَ مِنْ قَبْلِكَ ۚ لَقَدْ جَآءَكَ الْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا

ফাস্আলিল্লাযীনা ইয়াক্ব্‌রাঊনাল্ কিতা-বা মিন্ ক্বব্‌লিকা লাক্বদ্ জ্বা — আকাল্ হাক্ব্‌ক্বু মির্ রব্বিকা ফালা-
জিজ্ঞেস করুন আপনার পূর্বের কিতাব পাঠকদের, নিশ্চয়ই আপনার কাছে আপনার রবের পক্ষ হতে সত্যই এসেছে।

تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿٩٥﴾ وَلَا تَكُوْنَنَّ مِنَ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ فَتَكُوْنَ

তাকূনান্না মিনাল্ মুম্‌তারীন্। ৯৫। অলা-তাকূনান্না মিনাল্লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিল্লা-হি ফাতাকূনা
সুতরাং আপনি সন্দেহমুক্ত থাকুন। (৯৫) সুতরাং আপনি কখনও আল্লাহ্‌র নিদর্শন প্রত্যাখ্যানকারীদের মধ্যে গণ্য হবেন না,

مِنَ الْخٰسِرِيْنَ ﴿٩٦﴾ اِنَّ الَّذِيْنَ حَقَّتْ عَلَيْهِمْ كَلِمَتُ رَبِّكَ لَا يُؤْمِنُوْنَ ﴿٩٧﴾ وَلَوْ

মিনাল খ-সিরীন। ৯৬। ইন্নাল্লাযীনা হাক্ব্‌ক্বাত 'আলাইহিম্ কালিমাতু রব্বিকা লা-ইয়ু''মিনূন্। ৯৭। অলাও
নচেৎ ক্ষতিগ্রস্তদের শামিল হবেন। (৯৬) নিশ্চয়ই যাদের ব্যাপারে রবের বাক্য সাব্যস্ত তারা ঈমান আনবে না। (৯৭) তাদের

جَآءَتْهُمْ كُلُّ اٰيَةٍ حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٩٨﴾ فَلَوْلَا كَانَتْ قَرْيَةٌ اٰمَنَتْ

জ্বা — আতহুম্ কুল্লু আ-ইয়াতিন্ হাত্তা- ইয়ারাউল্ 'আযা-বাল্ আলীম্।৯৮। ফালাওলা-কা-নাত্ ক্বার্‌ইয়াতুন্ আ-মানাত্
কাছে সব নিদর্শন আসলেও, যতক্ষণ না তারা মর্মন্তুদ শাস্তি দেখবে। (৯৮) কোন জনপদের ঈমান কাজে আসে নি একমাত্র

فَنَفَعَهَآ اِيْمَانُهَآ اِلَّا قَوْمَ يُوْنُسَ ۗ لَمَّآ اٰمَنُوْا كَشَفْنَا عَنْهُمْ عَذَابَ الْخِزْيِ فِي

ফানাফা'আহা ~ ঈমা-নুহা ~ ইল্লা-ক্বাওমা ইয়ূনুস; লাম্মা ~ আ-মানূ কাশাফ্‌না-'আন্‌হুম 'আযা-বাল্ খিয্‌ইয়ি ফিল্
ইউনুসের সম্প্রদায় ছাড়া। তারা যখন ঈমান আনল তখন আমি তাদেরকে মুক্ত করলাম পার্থিব জীবনে হীন শাস্তি

الْحَيٰوةِ الدُّنْيَا وَمَتَّعْنٰهُمْ اِلٰى حِيْنٍ ﴿٩٩﴾ وَلَوْ شَآءَ رَبُّكَ لَاٰمَنَ مَنْ فِي الْاَرْضِ كُلُّهُمْ

হাইয়া-তিদ্দুন্‌ইয়া-অমাত্তা'না-হুম্ ইলা-হীন্। ৯৯। অলাও শা — আ রব্বুকা লাআ-মানা মান্ ফিল্ আর্‌দ্বি কুল্লুহুম্
হতে এবং একটি সময় পর্যন্ত তাদেরকে ভোগ করতে দিলাম। (৯৯) আপনার রবের ইচ্ছা হলে যমীনের সবাই ঈমান

جَمِيْعًا ۗ اَفَاَنْتَ تُكْرِهُ النَّاسَ حَتّٰى يَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿١٠٠﴾ وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ

জ্বামী'আ-; আফাআন্‌তা তুক্‌রিহুন না-সা হাত্তা-ইয়াকূনু মু''মিনীন্। ১০০। অমা-কা-না লিনাফ্‌সিন্ আন
আনত, তবে কি আপনি মানুষকে মু'মিন হওয়ার জন্য জবরদস্তি করবেন। (১০০) আল্লাহ্‌র নির্দেশ ছাড়া ঈমান

تُؤْمِنَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ۗ وَيَجْعَلُ الرِّجْسَ عَلَى الَّذِيْنَ لَا يَعْقِلُوْنَ ﴿١٠١﴾ قُلِ انْظُرُوْا

তু''মিনা ইল্লা-বিইয্‌নিল্লা-হ; অইয়াজ্ব'আলুর্ রিজ্‌সা 'আলাল্লাযীনা লা-ইয়া'ক্বিলূন্। ১০১। কু্‌লিন্‌জুরূ
আনা কারও পক্ষেই সম্ভব নয়। তিনি তাদের উপর অপবিত্রতা স্থাপন করেন যারা নির্বোধ।(১০১) আপনি বলুন,

مَاذَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۗ وَمَا تُغْنِي الْاٰيٰتُ وَالنُّذُرُ عَنْ قَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ ★

মা-যা-ফিস্ সামা-ওয়া-তি অল্ আর্‌দ্ব; অমা-তুগ্‌নিল্ আ-ইয়া-তু অন্ নুযুরু আন্ ক্বাওমিল্ লা-ইয়ু''মিনূন্।
আকাশ ও যমীনে যা আছে তা দেখ। আর নিদর্শন ও ভীতি প্রদর্শন,যারা ঈমান আনে না তাদের কোন উপকার আসে না।

www.eelm.weebly.com

﴿١٠١﴾ فَهَلْ يَنْتَظِرُوْنَ اِلَّا مِثْلَ اَيَّامِ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِهِمْ ؕ قُلْ فَانْتَظِرُوْٓا اِنِّىْ

১০২। ফাহাল্ ইয়ান্তাজিরূনা ইল্লা-মিছ্লা আইয়্যা-মিল্লাযীনা খালাও মিন্ ক্বব্লিহিম্; ক্বুল্ ফান্তাজিরূ ~ ইন্নী

(১০২) এরা কি কেবল সেই লোকদের পূর্বেকার অনুরূপ ঘটনার প্রতীক্ষায় আছে যারা তাদের পূর্বে গত হয়েছে? আপনি বলুন, তোমরা

مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿١٠٢﴾ ثُمَّ نُنَجِّىْ رُسُلَنَا وَالَّذِيْنَ اٰمَنُوْا كَذٰلِكَ ج حَقًّا

মা'আকুম্ মিনাল্ মুন্তাজিরীন্ ১০৩। ছুম্মা নুনাজ্জী রুসুলানা-অল্লাযীনা আ-মানূ কাযা-লিকা হাক্ব্ক্বান্

অপেক্ষায় থাক, আমিও তোমাদের সাথে অপেক্ষায় থাকি। (১০৩) পরিশেষে রাসূল ও মুমিনদেরকে এভাবেই উদ্ধার করি;

১০
ع ১১
১৫
রুকু

عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٣﴾ قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ فِىْ شَكٍّ مِّنْ دِيْنِىْ

'আলাইনা-নুন্জ্বিল্ মু'মিনীন্। ১০৪। ক্বুল ইয়া-আইয়্যুহান্না-সু ইন্ কুন্তুম্ ফী শাক্‌কিম্ মিন্ দীনী

মু'মিনদেরকে উদ্ধার করা আমারই দায়িত্ব (১০৪) বলুন, হে মানুষ! যদি তোমরা আমার দ্বীনের ব্যাপারে সংশয়ী হও,

فَلَآ اَعْبُدُ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ اَعْبُدُ اللّٰهَ الَّذِىْ يَتَوَفّٰىكُمْ ج صلے

ফালা ~ আ'বুদুল্লাযীনা তা'বুদূনা মিন্ দূনিল্লা-হি অলা-কিন্ আ'বুদুল্লাহাল্লাযী ইয়া তাওয়াফ্‌ফা-কুম্

তবে আমি তাদের এবাদত করি না যাদের এবাদত তোমরা কর আল্লাহকে ছেড়ে বরং আমি ইবাদত করি আল্লাহ্‌র, যিনি

وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٤﴾ وَاَنْ اَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا ج وَلَا تَكُوْنَنَّ

অউমিরতু আন্ আকূনা মিনাল্ মু''মিনীন্। ১০৫। অআন্ আক্বিম্ অজ্‌হাকা লিদ্দীনি হানীফান্ অলা-তাকূনান্না

তোমাদের মৃত্যু দেন, আমি আদিষ্ট হয়েছি মু'মিন হওয়ার জন্য। (১০৫) আপনি চেহারাকে একনিষ্ঠভাবে দ্বীনে স্থাপন

مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٠٥﴾ وَلَا تَدْعُ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ج فَاِنْ

মিনাল্ মুশ্‌রিকীন্। ১০৬। অলা-তাদ্'উ মিন্ দূনিল্লা-হি মা-লা-ইয়ান্‌ফা'উকা অলা-ইয়াদ্বুর্‌রুকা ফাইন্

করুন, মুশরিক হবেন না। (১০৬) আল্লাহ ছাড়া অন্য কাকেও ডাকবেন না, যা না উপকার করে, আর না অপকার; এমন কাজ

فَعَلْتَ فَاِنَّكَ اِذًا مِّنَ الظّٰلِمِيْنَ ﴿١٠٦﴾ وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗۤ اِلَّا

ফা'আল্‌তা ফাইন্নাকা ইযাম্ মিনাজ্ জোয়া-লিমীন। ১০৭। অ ইঁ ইয়াম্‌সাস্‌কাল্লা-হু বিদ্বুররিন্ ফালা-কা-শিফা লাহূ ~ ইল্লা-

করলে আপনি জালিমদের দলভুক্ত হবেন। (১০৭) আর আল্লাহ আপনাকে কোন কষ্টে ফেললে তিনি ছাড়া মুক্ত করার

هُوَ ج وَاِنْ يُّرِدْكَ بِخَيْرٍ فَلَا رَآدَّ لِفَضْلِهٖ ط يُصِيْبُ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ط وَهُوَ

হুঅ অইঁ ইয়ুরিদ্‌কা বিখইরিন্ ফালা-র — দ্দা লিফাদ্বলিহ্; ইয়ুছীবু বিহী মাইঁ ইয়াশা — উ মিন্ 'ইবা-দিহ্; অহুওয়াল্

কেউ নেই। এবং তিনি মঙ্গল চাইলে তা রদ করারও কেউ নেই। তিনি তাঁর বান্দাদের যাকে যা ইচ্ছা তাকে তা দেন। তিনি

الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿١٠٧﴾ قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ قَدْ جَآءَكُمُ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ ج فَمَنِ

গফূরুর্ রহীম্। ১০৮। ক্বুল্ ইয়া ~ আইয়্যুহান্না-সু ক্বাদ্ জ্বা — আকুমুল্ হাক্ব্ক্বু মির্ রব্বিকুম্ ফামানিহ্

ক্ষমাশীল, পরম দয়ালু। (১০৮) আপনি বলুন, হে মানুষ! তোমাদের কাছে এসেছে রবের পক্ষ হতে সত্য; অতএব যে

اهْتَدَىٰ فَإِنَّمَا يَهْتَدِي لِنَفْسِهِ ۖ وَمَن ضَلَّ فَإِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۖ وَمَا أَنَا عَلَيْكُم

তাদা- ফাইন্নামা- ইয়াহ্তাদী লিনাফ্সিহী অমান্ দ্বোয়াল্লা ফাইন্নামা-ইয়াদ্বিল্লু 'আলাইহা-; অমা ~ আনা 'আলাইকুম্
সুপথ পায় সে তো নিজের হিতের জন্যই পায়। আর যে ভ্রষ্ট হয় ভ্রষ্টতা তারই ঘাড়ে। আমি তোমাদের উপর কর্মবিধায়ক

১১ ع ৬ ১৬ রুকু

بِوَكِيلٍ ﴿١٠٩﴾ وَاتَّبِعْ مَا يُوحَىٰ إِلَيْكَ وَاصْبِرْ حَتَّىٰ يَحْكُمَ اللَّهُ ۚ وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ

বিওয়াকীল্। ১০৯। অত্তাবি' মা- ইয়ূহা ~ ইলাইকা অছ্বির্ হাত্তা-ইয়াহ্কুমাল্লা-হু অহুঅ খইরুল্ হা-কিমীন্।
নই। (১০৯) আপনার কাছে আসা অহীর অনুসরণ করুন, আল্লাহ্র নির্দেশ পর্যন্ত ধৈর্য ধরুন, তিনি উত্তম নির্দেশদাতা।

সূরা হূদ
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম
পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১২৩
রুকূ ঃ ১০

﴿١﴾ الر ۚ كِتَابٌ أُحْكِمَتْ آيَاتُهُ ثُمَّ فُصِّلَتْ مِن لَّدُنْ حَكِيمٍ خَبِيرٍ ﴿٢﴾ أَلَّا

১। আলিফ্ লা — ম্ র-কিতাবুন্ উহ্কিমাত্ আ-ইয়া-তুহূ ছুম্মা ফুছ্ছিলাত্ মিল্লাদুন্ হাকীমিন্ খবীর্। ২। আল্লা-
(১) আলিফ লাম র, কিতাবের আয়াত সুদৃঢ়; পরে বিজ্ঞ, মহাজ্ঞানীর পক্ষ হতে সুবিন্যস্ত যে। (২) তোমরা আল্লাহরই

تَعْبُدُوا إِلَّا اللَّهَ ۚ إِنَّنِي لَكُم مِّنْهُ نَذِيرٌ وَبَشِيرٌ ﴿٣﴾ وَأَنِ اسْتَغْفِرُوا رَبَّكُمْ ثُمَّ تُوبُوا

তা'বুদূ ~ ইল্লাল্লা-হ্; ইন্নানী লাকুম্ মিন্হু নাযীরুঁও অবাশীর্। ৩। অআনিস্ তাগ্ফিরূ রব্বাকুম্ ছুম্মা তূবূ ~
দাসত্ব করবে, নিশ্চয়ই আমি তার পক্ষ হতে সাবধানকারী ও সুসংবাদদাতা। (৩) আর তোমরা ক্ষমা চাও রবের কাছে, তারপর

إِلَيْهِ يُمَتِّعْكُم مَّتَاعًا حَسَنًا إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى وَيُؤْتِ كُلَّ ذِي فَضْلٍ فَضْلَهُ ۖ وَإِن

ইলাইহি ইয়ুমাত্তি'কুম্ মাতা-'আন্ হাসানান্ ইলা ~ আজ্বালিম্ মুসাম্মাঁও অইয়ু'তি কুল্লা যী ফাদ্বলিন্ ফাদ্বলাহ্; অইন্
তাঁর দিকে রুজু হও, তিনি তোমাদেরকে নির্দিষ্ট কালের জন্য উত্তম ভোগ্য প্রদান করবেন, প্রত্যেক গুণীকে তিনি অনুগ্রহ করবেন;

تَوَلَّوْا فَإِنِّي أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ كَبِيرٍ ﴿٤﴾ إِلَى اللَّهِ مَرْجِعُكُمْ ۖ وَهُوَ عَلَىٰ

তাওয়াল্লাও ফাইন্নী ~ আখা-ফু 'আলাইকুম্ 'আযা-বা ইয়াওমিন্ কাবীর্। ৪। ইলাল্লা-হি মার্জ্বিউ'কুম্ অহুঅ 'আলা-
আর যদি তোমরা বিমুখ হও, তবে আমি তোমাদের উপর বড় দিনের আযাবের আশঙ্কা করি। (৪) আল্লাহর কাছে তোমাদের প্রত্যাবর্তন

كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٥﴾ أَلَا إِنَّهُمْ يَثْنُونَ صُدُورَهُمْ لِيَسْتَخْفُوا مِنْهُ ۚ أَلَا حِينَ

কুল্লি শাইয়িন্ ক্বাদীর্। ৫। আলা ~ ইন্নাহুম্ ইয়াছ্নূনা ছুদূরহুম্ লিইয়াস্তাখ্ফূ মিন্হ্; আলা-হীনা
করতে হবে, তিনি সর্বশক্তিমান। (৫) ওহে! নিশ্চয়ই তারা তাঁর (আল্লাহর) থেকে লুকানোর জন্য তারা বক্ষ ভাজ করে, ওহে!

يَسْتَغْشُونَ ثِيَابَهُمْ يَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ ۚ إِنَّهُ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ

ইয়াস্তাগ্শূনা ছিয়া-বাহুম্ ইয়া'লামু মা-ইয়ুসিররূনা অমা-ইউ'লিনূনা, ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিছ্ ছুদূর্।
যখন তারা কাপড় গায়ে দেয় তখন তারা যা গোপন করে ও প্রকাশ করে, তিনি তা জানেন, তিনি অন্তরের সব বিষয় সম্যক অবহিত।

পারা ১২

وَمَا مِن دَآبَّةٍ فِى ٱلْأَرْضِ إِلَّا عَلَى ٱللَّهِ رِزْقُهَا وَيَعْلَمُ مُسْتَقَرَّهَا وَ

৬। অমা-মিন্ দা — ব্বাতিন্ ফিল্ আর্দ্বি ইল্লা-'আলাল্লা-হি রিয্‌ক্বুহা- অইয়া'লামু মুস্‌তাক্বাররহা- অ
(৬) আর যমীনে বিচরণশীল প্রাণীর জীবিকাই দায়িত্ব আল্লাহর, [১] আর তিনি জানেন তার দীর্ঘস্থায়ী অবস্থিতি ও

مُسْتَوْدَعَهَا ۚ كُلٌّ فِى كِتَٰبٍ مُّبِينٍ ۝ وَهُوَ ٱلَّذِى خَلَقَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضَ

মুস্‌তাওদা'আহা-; কুল্লুন্ ফী কিতাবিম্ মুবীন্। ৭। অহুওয়াল্লাযী খালাক্বস্ সামা-ওয়া-তি অল্‌আর্দ্বোয়া
স্বল্পকালীন অবস্থিতির স্থান সম্পর্কে সুস্পষ্ট গ্রন্থে সব কিছুই রয়েছে। (৭) আর তিনিই আসমান ও যমীনকে সৃষ্টি করেছেন,[২]

فِى سِتَّةِ أَيَّامٍ وَكَانَ عَرْشُهُۥ عَلَى ٱلْمَآءِ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا ۗ وَلَئِن

ফী সিত্তাতি আইয়্যা-মিওঁ অ কা-না 'আর্‌শুহূ 'আলাল্ মা — য়ি লিইয়াব্‌লুঅকুম্ আইয়্যুকুম্ আহসানু 'আমালা-; অ লায়িন্
ছয়দিনে, আর তখন তাঁর আরশ ছিল পানির উপর। তোমাদের মধ্য কে উত্তম আচরণকারী তা পরীক্ষা করার জন্য,

قُلْتَ إِنَّكُم مَّبْعُوثُونَ مِنۢ بَعْدِ ٱلْمَوْتِ لَيَقُولَنَّ ٱلَّذِينَ كَفَرُوٓا۟ إِنْ هَٰذَآ إِلَّا

ক্বুল্‌তা ইন্নাকুম্ মাব্'উছূনা মিম্ বা'দিল মাওতি লাইয়াক্বূলান্নাল্লাযীনা কাফারূ ~ ইন্ হা-যা ~ ইল্লা-
আর যদি আপনি বলেন যে, নিশ্চয়ই 'মৃত্যুর পর তোমরা পুনরুত্থিত হবে, তখন কাফেরা অবশ্যই বলবে, এটি তো

سِحْرٌ مُّبِينٌ ۝ وَلَئِنْ أَخَّرْنَا عَنْهُمُ ٱلْعَذَابَ إِلَىٰٓ أُمَّةٍ مَّعْدُودَةٍ لَّيَقُولُنَّ مَا

সিহ্‌রুম্ মুবীন্। ৮। অলায়িন্ আখ্‌খার্‌না-'আন্‌হুমুল্ 'আযা-বা ইলা ~ উম্মাতিম্ মা'দূদাতিল্ লাইয়াক্বূলুন্না মা-
স্পষ্ট যাদু। (৮) আর আমি আযাব নির্দিষ্ট কালের জন্য স্থগিত রাখলে অবশ্যই তারা বলবে, কিসে তা স্থগিত করেছে?

يَحْبِسُهُۥٓ ۗ أَلَا يَوْمَ يَأْتِيهِمْ لَيْسَ مَصْرُوفًا عَنْهُمْ وَحَاقَ بِهِم مَّا كَانُوا۟ بِهِۦ

ইয়াহ্‌বিসুহ্; আলা-ইয়াওমা ইয়া''তীহিম্ লাইসা মাছ্‌রূফান্ 'আন্‌হুম্ অহা-ক্বা বিহীম্ মা-কানূ বিহী
স্মরণ রেখ, যেদিন তা আসবে সেদিন তা তাদের উপর থেকে ফিরান যাবে না, তাদেরকে তা বেষ্টন করবেই যা নিয়ে

ع ১/৪/১ রুকু

يَسْتَهْزِءُونَ ۝ وَلَئِنْ أَذَقْنَا ٱلْإِنسَٰنَ مِنَّا رَحْمَةً ثُمَّ نَزَعْنَٰهَا مِنْهُ ۚ إِنَّهُۥ

ইয়স্‌তাহ্‌যিয়ূন্। ৯। অলায়িন্ আযাক্বনাল্ ইন্‌সা-না মিন্না-রহ্‌মাতান্ ছুম্মা নাযা'না-হা মিন্‌হু, ইন্নাহূ
বিদ্রূপ করত। (৯) আর যদি আমি মানুষকে রহমতের স্বাদ দিয়ে পুনর্বার তা ছিনিয়ে নেই, তবে সে অবশ্যই নিরাশ

لَيَـُٔوسٌ كَفُورٌ ۝ وَلَئِنْ أَذَقْنَٰهُ نَعْمَآءَ بَعْدَ ضَرَّآءَ مَسَّتْهُ لَيَقُولَنَّ ذَهَبَ ٱلسَّيِّـَٔاتُ

লাইয়ায়ূসুন্ কাফূর্। ১০। অলায়িন্ আযাক্বনা-হু না'মা — য়া বা'দা দ্বোয়াররা — য়া মাস্‌সাত্‌হু লাইয়াক্বূ লান্না যাহাবাস্ সাইয়্যিয়া-তু
ও অকৃতজ্ঞ হয়। (১০) আর যদি আমি দুঃখের পরে সুখের স্বাদ দেই, তবে সে বলে, আমা হতে বিপদ কেটেছে, তখন

আয়াত-৬ ঃ টীকা ঃ (১) ভূপৃষ্ঠে বিচরণকারী বলে উক্ত আয়াতে সকল প্রাণীকেই বুঝান হয়েছে। কারণ, আকাশচারী পাখীরাও খাদ্য সংগ্রহের নিমিত্তে ভূপৃষ্ঠে অবতরণ করে থাকে। আবার সমুদ্রের তলদেশেও যেহেতু মাটি রয়েছে তাই সামুদ্রিক প্রাণীকেও ভূপৃষ্ঠে বিচরণশীল বলা যেতে পারে। মোটকথা, সব ধরনের প্রাণীকূলের রিযিকের দায়িত্বই আল্লাহর উপর। উল্লেখ্য যে, আল্লাহর উপর এহেন গুরুদায়িত্ব চাপিয়ে দেওয়ার মত কোন শক্তি নেই। বরং তিনি নিজেই অনুগ্রহ করে এই দায়িত্ব গ্রহণ করেছেন। (মাঃ কোঃ)
আয়াত-৭ ঃ টীকা ঃ (২) মহান আল্লাহ সৃষ্টির প্রথমেই সবুজ রং এর ইয়াকুত পাথর তৈরি করেন এবং গভীর দৃষ্টির ফলে এটি পানিতে পরিণত হয়। অতঃপর এ পানিকে বায়ুরাশির উপর স্থাপন করে আকাশকে এটির উপর প্রতিষ্ঠিত করেন। (মুঃ কোঃ)

عَنِّي ۚ إِنَّهُ لَفَرِحٌ فَخُورٌ ﴿١١﴾ إِلَّا الَّذِينَ صَبَرُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَٰئِكَ لَهُم

'আন্নী; ইন্নাহূ লাফারিহুন্ ফাখূর। ১১। ইল্লাল্লাযীনা ছোয়াবারূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-ত; উলা — য়িকা লাহুম্

সে উৎফুল্ল ও দাম্ভিক হয়ে ওঠে। (১১) কিন্তু যারা ধৈর্যশীল সৎকর্মশীল হয়েছে (তারা এরূপ হয় না); তাদেরই জন্য

مَّغْفِرَةٌ وَأَجْرٌ كَبِيرٌ ﴿١٢﴾ فَلَعَلَّكَ تَارِكٌ بَعْضَ مَا يُوحَىٰ إِلَيْكَ وَضَائِقٌ بِهِ

মাগ্‌ফিরাতুঁও অআজ্‌রুন্ কাবীর্। ১২। ফালা'আল্লাকা তা-রিকুম্ বা'দ্বোয়া মা-ইয়ূহা ~ ইলাইকা অদ্বোয়া — য়িকুম্ বিহী

ক্ষমা ও শ্রেষ্ঠ পুরস্কার। (১২) তবে কি আপনি বাদ দিতে চান তার কিছু যা আপনার প্রতি ওহীর মাধ্যমে প্রেরিত হয়?

صَدْرُكَ أَن يَقُولُوا لَوْلَا أُنزِلَ عَلَيْهِ كَنزٌ أَوْ جَاءَ مَعَهُ مَلَكٌ ۚ إِنَّمَا أَنتَ

ছোয়াদ্‌রুকা আইঁ ইয়াকূলূ লাওলা ~ উন্‌যিলা 'আলাইহি কান্‌যুন্ আও জ্বা — য়া মা'আহূ মালাক্; ইন্নামা ~ আন্‌তা

আর এতে আপনার মন সংকুচিত হবে, এজন্য যে, তারা বলে, তার কাছে কেন ধনভাণ্ডার অবতীর্ণ হয় না, বা সঙ্গে ফেরেশতা

نَذِيرٌ ۚ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ وَكِيلٌ ﴿١٣﴾ أَمْ يَقُولُونَ افْتَرَاهُ ۖ قُلْ فَأْتُوا بِعَشْرِ

নাযীর; অল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িঁও অকীল্। ১৩। আম্ ইয়াকূলূনাফ্ তারা-হ্; কুল্ ফা''তূ বি'আশ্‌রি

আসে না? আপনি তো সাবধানকারী; আল্লাহ সার্বিক কর্তৃত্বশীল। (১৩) অথবা তারা কি বলে যে, সে নিজেই তার

سُوَرٍ مِّثْلِهِ مُفْتَرَيَاتٍ وَادْعُوا مَنِ اسْتَطَعْتُم مِّن دُونِ اللَّهِ إِن كُنتُمْ صَادِقِينَ ٭

সুঅরিম্ মিছ্‌লিহী মুফ্‌তারাইয়া-তিঁও অদ্‌উ' মানিস্ তাত্বোয়া'তুম্ মিন্ দূনিল্লা-হি ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্।

(কোরআনের) রচয়িতা? বলুন, তবে দশটি সূরা রচনা করে আন এবং আল্লাহ্ ছাড়া যাকে পার ডাক, যদি সত্যবাদী হও।

﴿١٤﴾ فَإِلَّمْ يَسْتَجِيبُوا لَكُمْ فَاعْلَمُوا أَنَّمَا أُنزِلَ بِعِلْمِ اللَّهِ وَأَن لَّا إِلَٰهَ إِلَّا هُوَ ۖ

১৪। ফাইল্লাম্ ইয়াস্‌তাজ্বীবূ লাকুম্ ফা'লামূ ~ আন্নামা ~ উন্‌যিলা বি'ইল্‌মিল্লা-হি অআল্লা ~ ইলা-হা ইল্লা- হুঅ,

(১৪) তোমাদের ডাকে তারা সাড়া না দিলে জেনে রেখ, তা আল্লাহর জ্ঞান দ্বারা অবতীর্ণ; তিনি ছাড়া আর কোন ইলাহ নেই।

فَهَلْ أَنتُم مُّسْلِمُونَ ﴿١٥﴾ مَن كَانَ يُرِيدُ الْحَيَاةَ الدُّنْيَا وَزِينَتَهَا نُوَفِّ

ফাহাল্ আন্‌তুম্ মুস্‌লিমূন্। ১৫। মান্ কা-না ইয়ুরীদুল্ হাইয়া-তাদ্ দুন্‌ইয়া- অযীনাতাহা- নুওয়াফ্‌ফি

সুতরাং তোমরা মুসলিম হবে কি? (১৫) যে কেউ পার্থিব জীবন ও তার শোভা কামনা করে, আমি দুনিয়াতেই তাদের

إِلَيْهِمْ أَعْمَالَهُمْ فِيهَا وَهُمْ فِيهَا لَا يُبْخَسُونَ ﴿١٦﴾ أُولَٰئِكَ الَّذِينَ لَيْسَ لَهُمْ فِي

ইলাইহিম্ আ'মা-লাহুম্ ফীহা-অহুম্ ফীহা-লা-ইয়ুব্‌খাসূন্। ১৬। উলা — য়িকাল্লাযীনা লাইসা লাহুম্ ফিল্

কর্মফল দিয়ে দিই, আর সেখানে তাদেরকে কম দেয়া হয় না। (১৬) পরকালে দোযখ ছাড়া তাদের জন্য আর কিছুই নেই,

শানেনুযূল ঃ আয়াত-১৪ ঃ কারো মতে আলোচ্য আয়াতটি ইহুদী খৃষ্টানদের ব্যাপারে নাযীল হয়েছে। আর কার মতে , ঐ সব আয়াত মুনাফিক সম্বন্ধে নাযিল হয়েছে, যারা রাসূলুল্লাহ্ (ছঃ)-এর সঙ্গে যুদ্ধে যেত শুধুমাত্র লুটের মাল সঞ্চয়ের উদ্দেশে, পরকাল ও নেকী অর্জনের বিন্দুমাত্র উদ্দেশও তাদের থাকত না। আর কেউ বলেন, রিয়াকার বা লৌকিকতা প্রদর্শনকারীদের ব্যাপারে এ আয়াতটি নাযিল করা হয়েছে। কিন্তু আয়াতটি সার্বিক অর্থে রাখা সঙ্গত হবে যে, এতে কাফের, মুনাফিক ও রিয়াকার মু'মিন সবই অন্তর্ভুক্ত হবে। আশরাফুল ওলামা হযরত থানবী (রঃ) বলেন, এটাই উত্তম হবে যে, আয়াতটিকে কেবল অবিশ্বাসীদের জন্যই বিশিষ্ট অর্থবোধক হিসেবে সাব্যস্ত করে রাখা। কেননা, আয়াতটির শেষ বাক্য এদিকের ইঙ্গিত বহন করছে। যদিও বাক্যটিকে সে সব মুসলমানদের

জু্রুযা-।৯।আম্ হাসিব্তা আন্না আছ্হা-বাল্ কাহ্ফি অর্রক্বীমি কা-নূ মিন্ আ-ইয়া-তিনা- 'আজ্বাবা-
পরিণত করব। (৯) আপনি কি গুহার অধিবাসী ও রাকীমের অধিবাসীদের আমার বিস্ময়কর নিদর্শন বলে মনে করেন?

۝١٠ اِذْ اَوَى الْفِتْيَةُ اِلَى الْكَهْفِ فَقَالُوْا رَبَّنَآ اٰتِنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً وَّهَيِّئْ لَنَا

১০।ইয্ আওয়াল্ ফিত্ইয়াতু ইলাল্ কাহ্ফি ফাক্ব-লূ রব্বানা ~ আ-তিনা-মিল্লাদুন্কা রাহ্মাতাঁও অহাইয়ি" লানা-
(১০) যখন যুবকরা গুহায় গিয়ে বলল, হে আমাদের রব! তোমার থেকে আমাদেরকে অনুগ্রহ দাও, আমাদের কার্য যথাযথ

مِنْ اَمْرِنَا رَشَدًا ۝١١ فَضَرَبْنَا عَلٰٓى اٰذَانِهِمْ فِى الْكَهْفِ سِنِيْنَ عَدَدًا ۝١٢ ثُمَّ

মিন্ আম্রিনা- রশাদা-। ১১। ফাদ্বোয়ারব্না-'আলা ~ আ-যা- নিহিম্ ফিল্ কাহ্ফি সিনীনা 'আদাদা-। ১২। ছুম্মা
হওয়ার ব্যবস্থা কর। (১১) অতঃপর আমি তাদেরকে কয়েক বছর পর্যন্ত গুহায় ঘুমন্ত অবস্থায় রাখলাম। (১২) অতঃপর

১ ع ১২ ১৩ রুকু

بَعَثْنٰهُمْ لِنَعْلَمَ اَىُّ الْحِزْبَيْنِ اَحْصٰى لِمَا لَبِثُوْٓا اَمَدًا ۝١٣ نَحْنُ نَقُصُّ عَلَيْكَ

বা'আছ্না-হুম্ লিনা'লামা আই ইয়্যুল্ হিয্বাইনি আহ্ছোয়া-লিমা-লাবিছূ ~ আমাদা-। ১৩। নাহ্নু নাকুছ্ছু 'আলাইকা
তাদেরকে জাগালাম, যেন জানি যে, দু দলের মধ্যে কে অবস্থানকাল নির্ণয় করতে সমর্থ হয়। (১৩) আপনার কাছে তাদের বর্ণনা

نَبَاَهُمْ بِالْحَقِّ ۗ اِنَّهُمْ فِتْيَةٌ اٰمَنُوْا بِرَبِّهِمْ وَزِدْنٰهُمْ هُدًى ۝١٤ وَّرَبَطْنَا عَلٰى قُلُوْبِهِمْ

নাবায়াহুম্ বিল্হাক্ব; ইন্নাহুম্ ফিত্ইয়াতুন্ আ-মানূ বিরব্বিহিম্ অযিদ্না-হুম্ হুদা-। ১৪। অ রবাত্ব্না- 'আলা-ক্বু্লূ বিহিম্
যথাযথ দিচ্ছি ; তারা ছিল যুবক, রবের প্রতি বিশ্বাসী, তাদের হেদায়েত বৃদ্ধি করলাম। (১৪) তাদের মন শক্ত করলাম;

اِذْ قَامُوْا فَقَالُوْا رَبُّنَا رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَنْ نَّدْعُوَا۟ مِنْ دُوْنِهٖٓ اِلٰهًا

ইয্ ক্বা-মূ ফাক্ব-লূ রব্বুনা-রব্বুস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্বি লান্ নাদ্'উঅ মিন্ দূনিহী ~ ইলা-হাল্
তারা উঠে দাঁড়িয়ে বলল, আমাদের রব আসমান যমীনের রব। আর কখন ও তাকে ছাড়া অন্য কোন ইলাহ আহ্বান

لَّقَدْ قُلْنَآ اِذًا شَطَطًا ۝١٥ هٰٓؤُلَآءِ قَوْمُنَا اتَّخَذُوْا مِنْ دُوْنِهٖٓ اٰلِهَةً ۗ لَوْلَا يَاْتُوْنَ

লাক্বদ্ ক্বু্ল্না ~ ইযান্ শাত্বোয়াত্বোয়া-। ১৫। হা ~ উলা —য়ি ক্বওমুনাত্তাখাযূ মিন্ দূনিহী ~আ-লিহাহ্; লাওলা- ইয়া"তূনা
করব না, করলে অত্যন্ত গর্হিত হব; (১৫) এরা তো আমাদেরই জাতি, এরা তাঁকে ছেড়ে বহু ইলাহ্ বানিয়েছে, কেন তারা

عَلَيْهِمْ بِسُلْطٰنٍۢ بَيِّنٍ ۗ فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا ﴿١٦﴾ وَاِذِ

'আলাইহিম্ বিসুল্ত্বোয়া-নিম্ বাইয়িনিন্; ফামান্ আজ্লামু মিম্মানিফ্তার– 'আলাল্লা-হি কাযিবা- । ১৬। অ ইযি"

স্পষ্ট প্রমাণ আনে না? তবে তার চেয়ে বড় জালিম আর কে হতে পারে, যে আল্লাহ্ সম্পর্কে মিথ্যারোপ করে? (১৬) যখন

اعْتَزَلْتُمُوْهُمْ وَمَا يَعْبُدُوْنَ اِلَّا اللّٰهَ فَاْوٗٓا اِلَى الْكَهْفِ يَنْشُرْ لَكُمْ رَبُّكُمْ مِّنْ

তাযাল্তুমূহুম্ অমা-ইয়া'বুদূনা ইল্লাল্লা-হা ফা"যূ ~ ইলাল্ কাহ্ফি ইয়ান্শুর্ লাকুম্ রব্বুকুম্ মির্

তাদের ও আল্লাহ ছাড়া অন্য ইলাহ্ থেকে ভিন্ন হয়েছ। তখন গুহায় আশ্রয় লও, রব তোমাদের জন্য দয়া বিস্তার করবেন

رَّحْمَتِهٖ وَيُهَيِّئْ لَكُمْ مِّنْ اَمْرِكُمْ مِّرْفَقًا ﴿١٧﴾ وَتَرَى الشَّمْسَ اِذَا طَلَعَتْ تَّزٰوَرُ

রহ্মাতিহী অ ইয়ুহাইয়ি"য়ে; লাকুম্ মিন্ আম্রিকুম্ মির্ফাক্ব- ।১৭। অতারা শ্ শাম্সা ইযা- ত্বোয়ালা'আত্ তাযা-অরু

এবং; তোমাদের জন্য তোমাদের কর্মকে সহায়ক করবেন। (১৭) আর উদয়কালে সূর্যকে তাদের গুহা থেকে ডান দিকে

عَنْ كَهْفِهِمْ ذَاتَ الْيَمِيْنِ وَاِذَا غَرَبَتْ تَّقْرِضُهُمْ ذَاتَ الشِّمَالِ وَهُمْ فِيْ

'আন্ কাহ্ফিহিম্ যা-তাল্ ইয়ামীনি অ ইযা-গরবাত্ তাক্ব্ রিদ্ব্ হুম্ যা-তাশ্ শিমা-লি অহুম্ ফী

হেলতে দেখবে এবং যখন অস্ত যায় তখন তা তাদেরকে বাম দিক দিয়ে অতিক্রম করে, অথচ তারা সে গুহার প্রশস্ত স্থানে

فَجْوَةٍ مِّنْهُ ۗ ذٰلِكَ مِنْ اٰيٰتِ اللّٰهِ ۗ مَنْ يَّهْدِ اللّٰهُ فَهُوَ الْمُهْتَدِ ۚ وَمَنْ يُّضْلِلْ

ফাজ্ব্ অতিম্ মিন্হু যা-লিকা মিন্ আ-ইয়া-তিল্লা-হ্; মাইইঁয়াহ্দিল্লা-হু ফাহুওয়াল্ মুহ্তাদি অমাই ইঁয়ুদ্বলিল্

থাকে। এটি আল্লাহর নিদর্শন। আল্লাহ্ যাকে হেদায়েত দেন সে-ই হেদায়েত প্রাপ্ত হয়; যাকে তিনি বিপথগামী করেন,

২ ع ৫ 14 রুকু

فَلَنْ تَجِدَ لَهٗ وَلِيًّا مُّرْشِدًا ﴿١٨﴾ وَتَحْسَبُهُمْ اَيْقَاظًا وَّهُمْ رُقُوْدٌ ۖ وَّنُقَلِّبُهُمْ

ফালান্ তাজ্বিদা লাহূ অলিয়্যাম্মুর্শিদা- । ১৮। অতাহ্সাবুহুম্ আইক্ব-জোয়াঁও অহুম্ রুকূ্দুঁও অ নুকাল্লিবুহুম্

সে তার পথ প্রদর্শক, অভিভাবক পাবেন না;(১৮) তাদেরকে দেখলে জাগ্রত মনে করবেন, অথচ তারা ছিল নিদ্রিত। আর

ذَاتَ الْيَمِيْنِ وَذَاتَ الشِّمَالِ ۖ وَكَلْبُهُمْ بَاسِطٌ ذِرَاعَيْهِ بِالْوَصِيْدِ ۚ لَوِ اطَّلَعْتَ

যা-তাল্ ইয়ামীনি অযা-তাশ্ শিমা-লি অকাল্বুহুম্ বা-সিত্বু্ন্ যির-'আইহি বিল্অছীদ্; লাওয়িত্ত্ব্ত্বোয়ালা'তা

তাদেরকে আমি পার্শ্ব পরিবর্তন করাতাম। আর তাদের কুকুরটির সামনের পদদ্বয় গুহার মুখের দিকে প্রসারিত ছিল।

عَلَيْهِمْ لَوَلَّيْتَ مِنْهُمْ فِرَارًا وَّلَمُلِئْتَ مِنْهُمْ رُعْبًا ﴿١٩﴾ وَكَذٰلِكَ بَعَثْنٰهُمْ

'আলাইহিম্ লাওয়াল্লাইতা মিন্হুম্ ফির-রঁও অলামুলি"তা মিন্হুম্ রু'বা- । ১৯। অ কাযা-লিকা বা'আছ্না-হুম্

আপনি যদি দেখতেন, তবে পলায়ন করতেন, আর তাদের ভয়ে আতঙ্কগ্রস্ত হতেন।(১৯) এ'ভাবে জাগালাম যেন তারা পরস্পর

আয়াত-১৭ ঃ সহীহ মতানুসারে আস্হাবে কাহাফ বর্তমানে জীবিত নেই। আস্হাবে কাহাফের জাগরণ, শহরে আশ্চর্য ঘটনার জানাজানি এবং বাদশাহ বায়দুসীসের কাছে পৌঁছে সাক্ষাত করার পর বাদশাহের নিকট হতে তারা বিদায় গ্রহণ করে এবং নিজেদের শয়ন স্থলে গিয়ে শয়ন করে এবং আল্লাহ তাআ'লা তখনই তাদের মৃত্যুদান করেন। (তাফঃ মাযঃ, মাঃ কোঃ) আয়াত-১৮ ঃ ইবনে আতিয়্যা (রঃ) বলেছেন যে, একটি কুকুর যখন সৎলোক ও গুণীদের সংসর্গের কারণে কোরআন মজীদের বিশেষ আলোচ্য বিষয় হওয়ায় মর্যাদা লাভ করেছে, তখন অনুমান করা যেতে পারে যে, যে সকল ঈমানদার লোক আল্লাহর ওলী ও সৎলোকদের ভালবাসে, তাদের মর্যাদা কতটুকু হবে? এ ঘটনায় তাদের জন্য সান্ত্বনা রয়েছে যারা আ'মলে কাঁচা অথচ রাসূল (ছঃ)-কে ভালবাসে। (কুরতুবী, মাঃ কোঃ)

لِيَتَسَاءَلُوا بَيْنَهُمْ ۚ قَالَ قَائِلٌ مِّنْهُمْ كَمْ لَبِثْتُمْ ۖ قَالُوا لَبِثْنَا يَوْمًا أَوْ بَعْضَ

লিইয়াতাসা — য়ালূ বাইনাহুম্; ক্বা-লা ক্ব — য়িলুম্ মিন্হুম্ কাম্ লাবিছ্তুম্ ; ক্ব-লূ লাবিছ্না-ইয়াওমান্ আও বা'দ্বোয়া
জিজ্ঞাসাবাদ করে, তাদের মধ্য হতে একজন বলল, তোমরা কতকাল এখানে ছিলে? বলল, আমরা একদিন বা কিছু সময়।

يَوْمٍ ۚ قَالُوا رَبُّكُمْ أَعْلَمُ بِمَا لَبِثْتُمْ فَابْعَثُوا أَحَدَكُم بِوَرِقِكُمْ هَٰذِهِ إِلَى

ইয়াওম্; ক্ব-লূ রব্বুকুম্ আ'লামু বিমা-লাবিছ্তুম্; ফাব্আছূ ~ আহাদাকুম্ বিওয়ারিকি্কুম্ হা-যিহী ~ ইলাল্
কেউ বলল, তোমাদের রবই তোমাদের অবস্থানকাল সম্পর্কে ভাল জানেন। এখন তোমরা একজনকে এ মুদ্রা দিয়ে নগরে

الْمَدِينَةِ فَلْيَنظُرْ أَيُّهَا أَزْكَىٰ طَعَامًا فَلْيَأْتِكُم بِرِزْقٍ مِّنْهُ وَلْيَتَلَطَّفْ وَلَا

মাদীনাতি ফাল্ইয়ান্জুর্ আই ইয়ুহা ~ আয্কা-ত্বোয়া'আ-মান্ ফাল্ইয়া''তিকুম্ বিরিয্কি্ম্ মিন্হু অল্ইয়াতালাত্ত্বোয়াফ্ অলা-
প্রেরণ কর; সে যেন যাচাই করে দেখে আমাদের জন্য উত্তম খাদ্য নিয়ে আসে এবং সে যেন সুকৌশলে কাজ করে; আর

يُشْعِرَنَّ بِكُمْ أَحَدًا ﴿٢٠﴾ إِنَّهُمْ إِن يَظْهَرُوا عَلَيْكُمْ يَرْجُمُوكُمْ أَوْ يُعِيدُوكُمْ فِي

ইয়ুশ্'ইরান্না বিকুম্ আহাদা-। ২০। ইন্নাহুম্ ইঁ ইয়াজ্হারূ 'আলাইকুম্ ইয়ারজু্মূকুম্ আও ইয়ু'ঈ দূকুম্ ফী
কাকেও যেন তোমাদের ব্যাপারে না জানায়। (২০) তোমাদের ব্যাপারে জানলে হত্যা করবে বা মুরতাদ বানাবে, এমন

مِلَّتِهِمْ وَلَن تُفْلِحُوا إِذًا أَبَدًا ﴿٢١﴾ وَكَذَٰلِكَ أَعْثَرْنَا عَلَيْهِمْ لِيَعْلَمُوا أَنَّ وَعْدَ اللَّهِ

মিল্লাতিহিম্ অলান্ তুফ্লিহূ ~ ইযান্ আবাদা-।২১।অ কাযা-লিকা আ'ছার্না-'আলাইহিম্ লিইয়া'লামূ ~ আন্না অ'দাল্লা-হি
ঘটলে তোমরা সফল হতে পারবে না। (২১) আর এভাবে তাদেরকে প্রকাশ করলাম যেন তারা বুঝতে পারে যে, আল্লাহর

حَقٌّ وَأَنَّ السَّاعَةَ لَا رَيْبَ فِيهَا إِذْ يَتَنَازَعُونَ بَيْنَهُمْ أَمْرَهُمْ ۖ فَقَالُوا ابْنُوا

হাক্কু্ ক্বু্ঁও অআন্নাস্সা-'আতা লা-রইবা ফীহা-ইয্ ইয়াতানা-যা'ঊনা বাইনাহুম্ আম্রহুম্ ফাক্ব-লুব্নূ
প্রতিশ্রুতি সত্য। কেয়ামত সম্বন্ধে কোন সন্দেহ নেই। তারা যখন পরস্পর বিবাদে লিপ্ত তখন বলল, তাদের ওপর সৌধ নির্মাণ

عَلَيْهِم بُنْيَانًا ۖ رَّبُّهُمْ أَعْلَمُ بِهِمْ ۚ قَالَ الَّذِينَ غَلَبُوا عَلَىٰ أَمْرِهِمْ لَنَتَّخِذَنَّ

'আলাইহিম্ বুন্ইয়া-না-; রব্বুহুম্ আ'লামু বিহিম্ ; ক্ব-লাল্লাযীনা গলাবূ 'আলা ~ আম্রিহিম্ লানাত্তাখিযান্না
করে দাও; তাদের রবই তাদের ব্যাপারে ভাল জানেন; যারা ঐ ব্যাপারে জয়ী হল-বলল, অবশ্যই আমরা তাদের পাশে

عَلَيْهِم مَّسْجِدًا ﴿٢٢﴾ سَيَقُولُونَ ثَلَاثَةٌ رَّابِعُهُمْ كَلْبُهُمْ وَيَقُولُونَ خَمْسَةٌ سَادِسُهُمْ

'আলাইহিম্ মাস্জ্বিদা-। ২২। সাইয়াক্বূলূনা ছালা-ছাতুর র-বি'উহুম্ কাল্বুহুম্ অইয়াক্বূলূনা খাম্সাতুন্ সাদিসুহুম্
মসজিদ বানাব। (২২) তাদের মধ্যে কেউ কেউ বলবে, তারা তিনজন ছিল,চতুর্থ হল তাদের কুকুর; কেউ বলবে, তারা ছিল পাঁচ,

كَلْبُهُمْ رَجْمًا بِالْغَيْبِ ۖ وَيَقُولُونَ سَبْعَةٌ وَثَامِنُهُمْ كَلْبُهُمْ ۚ قُل رَّبِّي أَعْلَمُ

কাল্বুহুম্ রাজ্ব্মাম্ বিল্গইবি অ ইয়াক্বূলূনা সাব্'আতুঁও অ ছা-মিনুহুম্ কাল্বুহুম্; ক্বু্র্ রব্বী ~ আ'লামু
ষষ্ঠ হল কুকুর; অদৃশ্যে পাথর নিক্ষেপের মত; কেউ বলবে সাত, অষ্টম হল তাদের কুকুর; বলুন, রবই কেবলমাত্র তাদের সংখ্যা

بِعِدَّتِهِمْ مَّا يَعْلَمُهُمْ إِلَّا قَلِيلٌ ۚ فَلَا تُمَارِ فِيهِمْ إِلَّا مِرَاءً ظَاهِرًا وَلَا تَسْتَفْتِ

বি'ইদ্দাতিহিম্ মা-ইয়া'লামুহুম্ ইল্লা-ক্বলীল্; ফালা-তুমা-রি ফীহিম্ ইল্লা-মির — য়ান্ জোয়া-হিরঁও অলা-তাস্‌তাফ্‌তি

ভাল জানেন, তাদের সংখ্যা অতি কম লোকই জানে। সাধারণ আলোচনা ছাড়া তাদের বিষয়ে তর্ক করবেন না। তাদের

فِيهِم مِّنْهُمْ أَحَدًا ﴿٢٢﴾ وَلَا تَقُولَنَّ لِشَيْءٍ إِنِّي فَاعِلٌ ذَٰلِكَ غَدًا ﴿٢٣﴾ إِلَّا أَن

ফীহিম্ মিন্‌হুম্ আহাদা- ।২৩। অলা-ত্বাকূ্লান্না লিশাইয়িন্ ইন্নী ফা-'ইলুন্ যা-লিকা গদা- । ২৪। ইল্লা ~ আইঁ

কাউকে প্রশ্নও করবেন না। (২৩) আর কোন ব্যাপারেই বলবেন না যে, 'আমি তা আগামী কাল করব।' (২৪) তবে আল্লাহ

يَشَاءَ اللَّهُ ۚ وَاذْكُر رَّبَّكَ إِذَا نَسِيتَ وَقُلْ عَسَىٰ أَن يَهْدِيَنِ رَبِّي لِأَقْرَبَ

ইয়াশা — য়াল্লা-হু অয্‌কুর্ রব্বাকা ইযা-নাসীতা অক্বুল্ 'আসা ~ আইঁ ইয়াহ্‌দিয়ানি রব্বী লিআক্ব্‌রবা

ইচ্ছা করলে; ভুলে গেলে আপনার রবকে স্মরণ করে বলুন, সম্ভবত আমার রব আমাকে এর চেয়ে অধিক নিকটতর

مِنْ هَٰذَا رَشَدًا ﴿٢٤﴾ وَلَبِثُوا فِي كَهْفِهِمْ ثَلَاثَ مِائَةٍ سِنِينَ وَازْدَادُوا تِسْعًا ﴿٢٥﴾ قُلِ اللَّهُ

মিন্ হা-যা-রশাদা- ।২৫। অ লাবিছূ ফী কাহ্‌ফিহিম্ ছালা-ছা মিয়াতিন্ সিনীনা অয্‌দা-দূ তিস্'আ- । ২৬। কুলিল্লা-হু

পথ প্রদর্শন করবেন।(২৫) তারা তাদের গুহায় তিনশ' এবং আরও নয় বছর পর্যন্ত অবস্থান করেছিল। (২৬) বলুন, তাদের

أَعْلَمُ بِمَا لَبِثُوا ۖ لَهُ غَيْبُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ۖ أَبْصِرْ بِهِ وَأَسْمِعْ ۚ مَا لَهُم مِّن

আ'লামু বিমা-লাবিছূ লাহূ গইবুস্ সামা-ওয়া-তি অল্ আরদ্ব্; আব্‌ছির্ বিহী অআস্‌মি' মা-লাহুম্ মিন্

অবস্থান আল্লাহই সম্যক অবগত, আকাশ ও পৃথিবীর অদৃশ্য জ্ঞান একমাত্র তাঁরই। কত সুন্দর দ্রষ্টা ও শ্রোতা! তিনি ছাড়া

دُونِهِ مِن وَلِيٍّ وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا ﴿٢٦﴾ وَاتْلُ مَا أُوحِيَ إِلَيْكَ مِن

দূনিহী মিওঁ অলিয়্যিওঁ অলা-ইয়ুশ্‌রিকু ফী হুক্‌মিহী ~ আহাদা- । ২৭। অত্‌লু মা ~ উহিয়া ইলাইকা মিন্

তাদের কোন বন্ধু নেই। তিনি কাকেও স্বীয় কর্তৃত্বে অংশীদার বানান না। (২৭) আপনার রবের কিতাবের প্রত্যাদেশ পাঠ করে

كِتَابِ رَبِّكَ ۖ لَا مُبَدِّلَ لِكَلِمَاتِهِ وَلَن تَجِدَ مِن دُونِهِ مُلْتَحَدًا ﴿٢٧﴾ وَاصْبِرْ

কিতা-বি রব্বিক;লা-মুবাদ্দিলা লিকালিমা-তিহী অলান্ তাজ্বিদা মিন্.দূনিহী মুল্‌তাহাদা- । ২৮। অছ্‌বির্

তাদেরকে শ্রবণ করান; তাঁর বাক্য পরিবর্তন করার কেউ নেই; তাঁকে ছাড়া কোন আশ্রয় পাবেন না। (২৮) আপনি নিজেকে

نَفْسَكَ مَعَ الَّذِينَ يَدْعُونَ رَبَّهُم بِالْغَدَاةِ وَالْعَشِيِّ يُرِيدُونَ وَجْهَهُ ۖ وَلَا تَعْدُ

নাফ্‌সাকা মা'আল্লাযীনা ইয়াদ্'উনা রব্বাহুম্ বিল্‌গদা-তি অল্'আশিয়্যি ইয়ুরীদূনা অজ্‌হাহূ অলা-তা'দু

তাদের সঙ্গে ধৈর্য সহকারে রাখুন যারা ইবাদত করে নিজেদের রবের; সন্তুষ্টি লাভের উদ্দেশে সকাল-সন্ধ্যায়; আর পার্থিব

৩ রুকু ৫ ১৫ রুকূ

আয়াত-২২ ঃ ছহীহ্ হাদীসে হযরত ইবনে আব্বাস (রাঃ) আসহাবে কাহাফের নাম বর্ণনা করেন- মুকসালমীনা, তাম্‌লীখা, মারতূনূস, সানূনূস, সারিনূতূস, যুনওয়াস, কাইয়াস্তাতিয়ূনূস আর অষ্টমটি হল ক্বিত্‌মীর। (মাঃ কোঃ) ২। এ আয়াত হতে প্রতীয়মান হয় যে, বিরোধপূর্ণ ব্যাপারে দীর্ঘ আলোচনা হতে বিরত থাকা উচিত। কোন বিষয়ে মতবিরোধ দেখা দিলে জরুরি বিষয়গুলো বর্ণনা করা উচিত। এর পরও কেউ অনাবশ্যক আলোচনায় জড়িয়ে পড়লে, তবে তার সাথে সাধারণ আলোচনা করে বিতর্ক শেষ করা বাঞ্ছনীয়। (মাঃ কোঃ) আয়াত-২৪ ঃ আগামীকে কোন কাজ করার ইচ্ছা প্রকাশ করলে 'ইনশাআল্লাহ' বলা মুস্তাহাব। ইন্‌শাআল্লাহ বলতে ভুলে গেলে, যখন স্মরণ হবে তখনই বলে নিবে। অবশ্য কেবল বরকত লাভ ও গোলামীর স্বীকারোক্তির জন্যই এ বাক্য বলা উদ্দেশ্য কোন শর্তারোপ করা উদ্দেশ্য নয়। (মাঃ কোঃ)

• তিন চতুর্থাংশ

عَيْنٰكَ عَنْهُمْۚ تُرِيْدُ زِيْنَةَ الْحَيٰوةِ الدُّنْيَاۚ وَلَا تُطِعْ مَنْ اَغْفَلْنَا قَلْبَهٗ عَنْ ذِكْرِنَا

'আইনা-কা 'আন্হুম্ তুরীদু যীনাতাল্ হাইয়া-তিদ্ দুন্ইয়া-অলা-তুত্বি'মান্ আগ্ফাল্না-ক্বল্বাহূ 'আন্ যিক্রিনা-
জীবনের শোভা চেয়ে তাদের থেকে দৃষ্টি ফিরাবেন না। যার মনকে আমার স্মরণ থেকে গাফেল করেছি, যে প্রবৃত্তির অনুসরণ

وَاتَّبَعَ هَوٰىهُ وَكَانَ اَمْرُهٗ فُرُطًا ﴿٢٩﴾ وَقُلِ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ فَمَنْ شَآءَ فَلْيُؤْمِنْ

অত্তাবা'আ হাওয়া-হু অ কা-না আম্রুহূ ফুরুত্বোয়া-। ২৯। অকুলিল্ হাক্বু মির্ রব্বিকুম্ ফামান্ শা — য়া ফাল্ ইয়ু"মিঁও
করে, যার কার্য সীমার বাইরে তার আনুগত্য করবেন না। (২৯) বলুন, সত্য (দীন) হল তোমার রবের, সুতরাং যার ইচ্ছা

وَّمَنْ شَآءَ فَلْيَكْفُرْ اِنَّآ اَعْتَدْنَا لِلظّٰلِمِيْنَ نَارًا اَحَاطَ بِهِمْ سُرَادِقُهَا وَاِنْ

অমান্ শা — য়া ফাল্ ইয়াক্ফুর্ ইন্না ~ আ'তাদ্না-লিজ্জ্বোয়া-লিমীনা না-রান্ আহা-ত্বোয়া বিহিম্ সুরা-দিকুহা-; অ ইঁ
বিশ্বাস করুক কিংবা যার ইচ্ছা কুফরী করুক; নিশ্চয়ই আমি জালিমদের জন্য অগ্নি তৈরি করে রেখেছি; যার তাঁবু তাদেরকে

يَّسْتَغِيْثُوْا يُغَاثُوْا بِمَآءٍ كَالْمُهْلِ يَشْوِى الْوُجُوْهَ بِئْسَ الشَّرَابُ وَسَآءَتْ

ইয়াস্তাগীছূ ইয়ুগা-ছূ বিমা — য়িন্ কাল্মুহ্লি ইয়াশ্ওয়িল্ উজূহ্; বি'সাশ্ শারা-ব্; অসা — য়াত্
ঘিরে রাখবে। তারা পানীয় চাইলে গলিত তামার মত পানি দেয়া হবে, যা মুখমণ্ডল দগ্ধ করবে। কতই না নিকৃষ্ট সে পানীয়!

مُرْتَفَقًا ﴿٣٠﴾ اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اِنَّا لَا نُضِيْعُ اَجْرَ مَنْ اَحْسَنَ

মুর্তাফাক্বা-। ৩০। ইন্নাল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি ইন্না-লা-নুদ্বী'উ আজ্রা মান্ আহ্সানা
কতই না খারাপ সে আবাস!(৩০) নিঃসন্দেহে যারা ঈমান আনে ও নেক আমল করে তাদের ভাল কাজের প্রতিদান বিনষ্ট

عَمَلًا ﴿٣١﴾ اُولٰٓئِكَ لَهُمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِىْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ يُحَلَّوْنَ فِيْهَا

'আমালা-।৩১। উলা — য়িকা লাহুম্ জান্না-তু 'আদ্নিন্ তাজ্রী মিন্ তাহ্তিহিমুল্ আন্হা-রু ইয়ুহাল্লাওনা ফীহা-
করি না। (৩১) তাদের জন্য রয়েছে অনন্তকাল বসবাসের উপযোগী জান্নাত যার পাদদেশ দিয়ে ঝর্ণাধারা সদা প্রবাহিত।

مِنْ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّيَلْبَسُوْنَ ثِيَابًا خُضْرًا مِّنْ سُنْدُسٍ وَّاِسْتَبْرَقٍ مُّتَّكِـِٕيْنَ

মিন্ আসা-ওয়ির মিন্ যাহাবিঁও অ ইয়াল্বাস্না ছিয়াবান্ খুদ্বরাম্ মিন্ সুন্দুসিঁও অ ইস্তাব্রক্বিম্ মুত্তাক্বিয়ীনা
তাদেরকে সোনার কঙ্কন পরানো হবে এবং পরিধান করবে সবুজ-সূক্ষ্ম ও মোটা রেশমী বস্ত্র। পরে তারা সুসজ্জিত পালঙ্কের

৪ ع ৯ ১৬ রুকু

فِيْهَا عَلَى الْاَرَآئِكِ نِعْمَ الثَّوَابُ وَحَسُنَتْ مُرْتَفَقًا ﴿٣٢﴾ وَاضْرِبْ لَهُمْ مَّثَلًا

ফীহা-'আলাল্ আর — য়িক্; নি'মাছ্ ছাওয়া-ব্; অহাসুনাত্ মুর্তাফাক্বা-। ৩২। অদ্বরিব্ লাহুম্ মাছালার্
উপর উপবেশন করবে। কতই না সুন্দর প্রতিদান, সুখময়-নিকেতন! (৩২) আর আপনি তাদেরকে দু ব্যক্তির উপমা প্রদান

رَّجُلَيْنِ جَعَلْنَا لِاَحَدِهِمَا جَنَّتَيْنِ مِنْ اَعْنَابٍ وَّحَفَفْنٰهُمَا بِنَخْلٍ وَّجَعَلْنَا بَيْنَهُمَا

রাজু্লাইনি জা'আল্না-লিআহাদিহিমা-জান্নাতাইনি মিন্ আ'না-বিঁও অ হাফাফ্না-হুমা-বিনাখ্লিঁও অ জা'আল্না-বাইনাহুমা-
করুন, একজনকে আমি দুটি আঙ্গুর বাগান দিলাম এবং এ দুটিকে খেজুর গাছ দিয়ে বেষ্টন করলাম, উভয়ের মাঝে শস্যক্ষেত্রও

زَرْعًا ﴿٣٣﴾ كِلْتَا الْجَنَّتَيْنِ آتَتْ أُكُلَهَا وَلَمْ تَظْلِمْ مِنْهُ شَيْئًا ۙ وَفَجَّرْنَا خِلَالَهُمَا نَهَرًا

যার্'আ- ।৩৩। কিল্তাল্ জ্বান্নাতাইনি আ-তাত্ উকুলাহা- অ লাম্ তাজ্লিম্ মিন্হু শাইয়াঁও অ ফাজ্জার্না-খিলা-লাহুমা-নাহর-।
প্রদান করলাম। (৩৩) উভয় বাগানই ফল প্রদান করল, ত্রুটি করে নি; আর তার ফাঁকে ফাঁকে নহর প্রবাহিত করলাম।

﴿٣٤﴾ وَكَانَ لَهُ ثَمَرٌ ۚ فَقَالَ لِصَاحِبِهِ وَهُوَ يُحَاوِرُهُ أَنَا أَكْثَرُ مِنْكَ مَالًا وَأَعَزُّ نَفَرًا

৩৪। অ কা-না লাহূ ছামারুন্ ফাক্ব-লা লিছোয়া- হিবিহী অ হুঅ ইয়ুহা-ওয়িরুহূ ~ আনা-আক্ছারু মিন্কা মা-লাওঁ অ আ'আয্যু নাফার-।
(৩৪) এবং তার আরও বহু সম্পদ ছিল, কথায় কথায় সে তার সঙ্গীকে বলল, তোমার চেয়ে আমি সম্পদশালী ও জনবলে শ্রেষ্ঠ।

﴿٣٥﴾ وَدَخَلَ جَنَّتَهُ وَهُوَ ظَالِمٌ لِنَفْسِهِ ۚ قَالَ مَا أَظُنُّ أَنْ تَبِيدَ هَٰذِهِ أَبَدًا ﴿٣٦﴾ وَمَا

৩৫। অ দাখালা জ্বান্নাতাহূ অ হুঅ জোয়া-লিমুল্ লিনাফ্সিহী ক্ব-লা মা ~ আজুন্নু আন্ তাবীদা হা-যিহী ~ আবাদা-। ৩৬। অমা~
(৩৫) সে জালিম অবস্থায় বাগানে প্রবেশ করে বলল, আমার ধারণা এটি ধ্বংস হবে না। (৩৬) আর আমি কেয়ামত

أَظُنُّ السَّاعَةَ قَائِمَةً وَلَئِنْ رُدِدْتُ إِلَىٰ رَبِّي لَأَجِدَنَّ خَيْرًا مِنْهَا مُنْقَلَبًا ﴿٣٧﴾ قَالَ

আজুন্নুস্ সা'আতা ক্ব—য়িমাতাঁও অলায়ির্ রুদিত্তু ইলা-রব্বী লাআজ্বিদান্না খইরম্ মিন্হা- মুন্ক্বলাবা-।৩৭। ক্ব-লা
হবার ধারণাও করি না, আর যদি আমাকে কখনও রবের কাছে ফিরিয়ে নেয়া হয়ই তবে সেখানে এতদপেক্ষা উত্তম স্থানই পাব। (৩৭) তার বন্ধু

لَهُ صَاحِبُهُ وَهُوَ يُحَاوِرُهُ أَكَفَرْتَ بِالَّذِي خَلَقَكَ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُطْفَةٍ ثُمَّ

লাহূ ছোয়া-হিবুহূ অ হুঅ ইয়ুহা-ওয়িরুহূ ~ আকাফার্তা বিল্লাযী খলাক্বকা মিন্ তুরা-বিন্ ছুম্মা মিন্ নুত্ব্ফাতিন্ ছুম্মা
তাকে বলল, তাঁকে কি তুমি অস্বীকার করছ যিনি তোমাকে মাটি হতে পরে শুক্র হতে সৃষ্টি করেছেন এবং পরে তোমাকে

سَوَّاكَ رَجُلًا ﴿٣٨﴾ لَٰكِنَّا هُوَ اللَّهُ رَبِّي وَلَا أُشْرِكُ بِرَبِّي أَحَدًا ﴿٣٩﴾ وَلَوْلَا إِذْ دَخَلْتَ

সাওয়্যা-কা রাজুলা-। ৩৮। লা-কিন্না হুওয়াল্লা-হু রব্বী অলা ~উশ্রিকু বিরব্বী ~আহাদা-। ৩৯। অ লাওলা ~ ইয্ দাখাল্তা
মানুষ বানিয়েছেন? (৩৮) কিন্তু আল্লাহই আমার রব, কাকেও আমি রবের সাথে শরীক করি না। (৩৯) আর তুমি উদ্যানে

جَنَّتَكَ قُلْتَ مَا شَاءَ اللَّهُ لَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ ۚ إِنْ تَرَنِ أَنَا أَقَلَّ مِنْكَ مَالًا وَ

জ্বান্নাতাকা কুল্তা মা-শা — য়াল্লা-হু লা-কু ওয়্যাতা ইল্লা- বিল্লা-হি ইন্ তারনি আনা-আক্বল্লা মিন্কা মা-লাঁও ওয়া
প্রবেশ করে কেন বললে না, আল্লাহ যা চান তা-ই হয়ে থাকে, আল্লাহর শক্তিই আসল শক্তি? যদিও আমাকে ধনে-জনে তোমার

وَلَدًا ﴿٤٠﴾ فَعَسَىٰ رَبِّي أَنْ يُؤْتِيَنِ خَيْرًا مِنْ جَنَّتِكَ وَيُرْسِلَ عَلَيْهَا حُسْبَانًا مِنَ

অলাদা-। ৪০। ফা'আসা-রব্বী ~ আঁই ইয়ু'তিয়ানি খইরম্ মিন্ জ্বান্নাতিকা অইয়ুর্সিলা 'আলাইহা- হুস্বা-নাম্ মিনাস্
অপেক্ষা কম দেখছ; (৪০) হয়ত আমার রব তোমার উদ্যান অপেক্ষা ভাল কিছু আমাকে দিবেন, আর তাতে আসমানী

আয়াত-৩৯ঃ শুআ'বুল ঈমানে হযরত আনাস (রাঃ)এর রেওয়ায়েতক্রমে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ (ছঃ) বলেন ঃ কোন পছন্দনীয় বস্তু দেখার পর "মা শাআল্লাহ লা- হাওলা অলা-কুউঅতা ইল্লা বিল্লাহ" বলে দেয়া কোন বস্তু দেখে এই কলেমা পাঠ করলে তা 'চোখলাগা' বা বদ-নযর হতে নিরাপদ থাকবে। যা হোক, মু'মিন নেক্কার লোকটি তার অকৃতজ্ঞ সঙ্গীকে বলল, সম্পদ তো আল্লাহরই দান। অহংকার ও অকৃতজ্ঞতার জন্য বিপদ আসার আশংকা রয়েছে। আল্লাহ যে কোন সময় তাঁর নেয়া'মত ছিনিয়ে নিতে পারেন। (তাফঃ মাহঃ হাঃ) আয়াত-৪০ ঃ অর্থাৎ আসমান থেকে হয়ত অগ্নি বর্ষিত হবে, অথবা আসমান থেকে অন্য কোন বিপদ নাযিল হবে। (মাঃ কোঃ)

السَّمَاءِ فَتُصْبِحَ صَعِيدًا زَلَقًا ﴿٤١﴾ أَوْ يُصْبِحَ مَاؤُهَا غَوْرًا فَلَنْ تَسْتَطِيعَ لَهُ طَلَبًا ﴿٤٢﴾ وَ

সামা — য়ি ফাতুছ্বিহা ছোয়া'ঈদান্ যালাক্ব-।৪১। আও ইয়ুছ্বিহা মা — য়ুহা-গওরান্ ফালান্ তাস্তাত্বী 'আ লাহূ ত্বোয়ালাবা-।৪২। অ

বালা পাঠাবেন, যেন তা উদ্ভিদ শূন্য হয়। (৪১) বা তার পানি অন্তর্হিত হবে, যা চাইতেও পারবে না। (৪২) পরে

أُحِيطَ بِثَمَرِهِ فَأَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلَىٰ مَا أَنْفَقَ فِيهَا وَهِيَ خَاوِيَةٌ عَلَىٰ عُرُوشِهَا

উহীত্বোয়া বিছামারিহী ফাআছ্বাহা ইয়ুক্বাল্লিবু কাফ্ফাইহি 'আলা-মা ~ আন্ফাক্ব ফীহা-অ হিয়া খ-ওয়িয়াতুন্ 'আলা-উরূশিহা-

তার সম্পদ বিপর্যয়ে বেষ্টিত হল, তাতে ব্যয়ের জন্য সে আক্ষেপ করল, আর তা মঞ্চে পড়ে রইল; তখন সে বলতে

وَيَقُولُ يَا لَيْتَنِي لَمْ أُشْرِكْ بِرَبِّي أَحَدًا ﴿٤٣﴾ وَلَمْ تَكُنْ لَهُ فِئَةٌ يَنْصُرُونَهُ مِنْ دُونِ اللَّهِ

অ ইয়াক্বূলু ইয়া-লাইতানী লাম্ উশ্রিক্ বিরব্বী ~ আহাদা-।৪৩। অলাম্ তাকুল্লাহূ ফিয়াতুঁই ইয়ান্ছুরূ নাহূ মিন্ দূনিল্লা-হি

লাগল হায়! যদি আমি রবের শরীক না করতাম! (৪৩) আর তার পক্ষে আল্লাহ ছাড়া কোন সাহায্যকারী দলও ছিল না;

ع ৫ ১৩ ১৭ রুকু

وَمَا كَانَ مُنْتَصِرًا ﴿٤٤﴾ هُنَالِكَ الْوَلَايَةُ لِلَّهِ الْحَقِّ ۚ هُوَ خَيْرٌ ثَوَابًا وَخَيْرٌ عُقْبًا ۞

অমা-কা-না মুন্তাছিরা-।৪৪।হুনা-লিকাল্ অলা-ইয়াতু লিল্লা-হিল্ হাক্ব্; হুঅ খইরুন্ ছাওয়া-বাঁও অখইরুন্ 'উক্ব্বা-।

যে নিজেও প্রতিকার করতে পারেনি। (৪৪) সেখানে সাহায্য তো একমাত্র আল্লাহরই; পুণ্য ও পরিণাম দানে তিনিই শ্রেষ্ঠ।

﴿٤٥﴾ وَاضْرِبْ لَهُمْ مَثَلَ الْحَيَاةِ الدُّنْيَا كَمَاءٍ أَنْزَلْنَاهُ مِنَ السَّمَاءِ فَاخْتَلَطَ بِهِ نَبَاتُ

৪৫। অদ্বরিব্ লাহুম্ মাছালাল্ হা-ইয়া-তিদ্ দুন্ইয়া-কামা — য়িন্ আন্যাল্না-হু মিনাস্ সামা — য়ি ফাখ্তালাত্বোয়া বিহী নাবা-তুল্

(৪৫) আপনি তাদের নিকট পার্থিব উদাহরণ প্রদান করুন, যেমন পানি- যা আমি আকাশ হতে বর্ষণ করি। তা দ্বারা

الْأَرْضِ فَأَصْبَحَ هَشِيمًا تَذْرُوهُ الرِّيَاحُ ۗ وَكَانَ اللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ مُقْتَدِرًا ۞

আরদ্বি ফাআছ্বাহা হাশীমান্ তায্রূহুর্ রিয়া-হ্; অকা-নাল্লা-হু 'আলা- কুল্লি শাইয়িম্ মুক্ব্তাদির-।

ভূমির উদ্ভিদ ঘন হয়ে উদ্গত হয়, পরে শুকিয়ে এমন চূর্ণ হয় যে, বাতাস তা উড়িয়ে নিয়ে যায়। আল্লাহ সর্বশক্তিমান।

﴿٤٦﴾ الْمَالُ وَالْبَنُونَ زِينَةُ الْحَيَاةِ الدُّنْيَا ۖ وَالْبَاقِيَاتُ الصَّالِحَاتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا

৪৬।-আল্মালু অল্বানূনা যীনাতুল্ হা-ইয়া-তিদ্ দুন্ইয়া-অল্ বা-ক্বিয়া-তুছ্ ছোয়া-লিহা-তু খইরুন্ 'ইন্দা রব্বিকা ছাওয়া-বাঁও

(৪৬) ধন সম্পদ ও সন্তান -সন্ততি পার্থিব জীবনের শোভা, স্থায়ী নেক কাজ আপনার রবের নিকট প্রতিদান প্রাপ্তির দিক দিয়ে

وَخَيْرٌ أَمَلًا ﴿٤٧﴾ وَيَوْمَ نُسَيِّرُ الْجِبَالَ وَتَرَى الْأَرْضَ بَارِزَةً وَحَشَرْنَاهُمْ فَلَمْ نُغَادِرْ

অখইরুন্ আমালা-।৪৭। অ ইয়াওমা নুসাইয়্যিরুল্ জ্বিবা-লা অ তারাল্ আরদ্বোয়া বা-রিযাতাঁও অ হাশার্না-হুম্ ফালাম্ নুগ-দির্

এবং আশার দিক দিয়ে শ্রেষ্ঠ। (৪৭) সেদিন পর্বতকে সঞ্চালিত করব, ভূমিকে উন্মুক্ত দেখব, সকলকে একত্র করব, কাকেও

مِنْهُمْ أَحَدًا ﴿٤٨﴾ وَعُرِضُوا عَلَىٰ رَبِّكَ صَفًّا لَقَدْ جِئْتُمُونَا كَمَا خَلَقْنَاكُمْ أَوَّلَ مَرَّةٍ

মিন্হুম্ আহাদা-।৪৮। অ উরিদ্বূ 'আলা-রব্বিকা ছফ্ফা-; লাক্বদ্ জ্বি'তুমূনা কামা-খলাক্ব্না-কুম্ আউয়্যালা মার্রাহ্

ছাড়ব না। (৪৮) তাদেরকে আপনার রবের নিকট সারিবদ্ধভাবে পেশ করা হবে; আমার কাছে তো আসলে, যেরূপ প্রথমে সৃষ্টি করেছিলাম।

بَلْ زَعَمْتُمْ أَلَّن نَّجْعَلَ لَكُم مَّوْعِدًا ﴿٤٩﴾ وَوُضِعَ الْكِتَابُ فَتَرَى الْمُجْرِمِينَ

বাল্ যা'আম্তুম্ আল্লান্ নাজ্'আলা লাকুম্ মাও'ইদা- । ৪৯ । অ উদ্বি'আল্ কিতা-বু ফাতারাল্ মুজ্‌রিমীনা

অথচ তোমরা মনে করতে যে, প্রতিশ্রুত সময় নির্দিষ্ট করব না! (৪৯) এবং আমলনামা রাখা হবে, আপনি পাপীদেরকে

مُشْفِقِينَ مِمَّا فِيهِ وَيَقُولُونَ يَا وَيْلَتَنَا مَالِ هَٰذَا الْكِتَابِ لَا يُغَادِرُ صَغِيرَةً وَلَا

মুশ্ফিক্বীনা মিম্মা-ফীহি অইয়াক্বূলূনা ইয়া-অইলাতানা-মা-লি হা-যাল্ কিতা-বি লা-ইয়ুগ-দিরু ছোয়াগীর তাঁও অলা-

আতঙ্কগ্রস্ত দেখবেন । তারা বলবে, হায় আফসোস আমাদের জন্য! এটি কেমন আমলনামা? এতে ছোট বড় কিছুই তো

كَبِيرَةً إِلَّا أَحْصَاهَا ۚ وَوَجَدُوا مَا عَمِلُوا حَاضِرًا ۗ وَلَا يَظْلِمُ رَبُّكَ أَحَدًا ﴿٥٠﴾ وَإِذْ

কাবীর তান্ ইল্লা~ আহ্ছোয়া-হা-অওয়াজাদূ মা- 'আমিলূ হা-দ্বির-; অলা-ইয়াজ্লিমু রব্বুকা আহাদা- । ৫০ । অ ইয্

হিসাব ছাড়া নেই! তাদের কৃতকর্ম তারা হাযির পাবে। আপনার রব কারও প্রতি জুলুম্ করেন না। (৫০) আর যখন

৬ ع ৫ ১৮ রুকু

قُلْنَا لِلْمَلَائِكَةِ اسْجُدُوا لِآدَمَ فَسَجَدُوا إِلَّا إِبْلِيسَ كَانَ مِنَ الْجِنِّ فَفَسَقَ عَنْ

কুল্না-লিল্ মালা — য়িকাতিস্ জুদূ লিআ-দামা ফাসাজাদূ ~ ইল্লা ~ ইবলীস্; কা-না মিনাল্ জিন্নি ফাফাসাক্ব 'আন্

ফেরেশতাদেরকে বললাম, আদমকে সিজদা কর, ইবলীস ছাড়া সবাই সিজদা করল। সে জ্বিন ছিল, সে আমান্য করল তার রবের

أَمْرِ رَبِّهِ ۗ أَفَتَتَّخِذُونَهُ وَذُرِّيَّتَهُ أَوْلِيَاءَ مِن دُونِي وَهُمْ لَكُمْ عَدُوٌّ ۚ بِئْسَ

আম্রি রব্বিহ্; আফাতাত্তাখিযূনাহূ অ যুর্রিয়্যাতাহূ ~ আউলিয়া — য়া মিন্ দূনী অহুম্ লাকুম্ 'আদূউ-; বি''সা

নির্দেশ; তোমরাও কি আমাকে ছেড়ে তাকে ও তার সন্তানকে বন্ধু বানাবে? অথচ তারা তোমাদের শত্রু। এটা জালিমদের জন্য নিকৃষ্ট

لِلظَّالِمِينَ بَدَلًا ﴿٥١﴾ مَّا أَشْهَدتُّهُمْ خَلْقَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَا خَلْقَ أَنفُسِهِمْ

লিজ্জোয়া-লিমীনা বাদালা- ৫১ । মা ~ আশ্ হাত্তুহুম্ খল্ক্বস্ সামা-ওয়া-তি অল্আর্দ্বি অলা-খল্ক্ব আন্ফুসিহিম্

বিনিময়। (৫১) আসমান-যমীনের সৃষ্টিকালে তাদেরকে আহ্বান করি নি, না তাদের সৃষ্টিকালে; আর আমি এমন নয়

وَمَا كُنتُ مُتَّخِذَ الْمُضِلِّينَ عَضُدًا ﴿٥٢﴾ وَيَوْمَ يَقُولُ نَادُوا شُرَكَائِيَ الَّذِينَ زَعَمْتُمْ

অমা- কুন্তু মুত্তাখিযাল্ মুদ্বিল্লীনা 'আদুদা- ।৫২ । অ ইয়াওমা ইয়াক্বূলু না-দূ শুরাকা — য়িয়াল্লাযীনা যা'আম্তুম্

যে ভ্রান্তদেরকে সাহায্যকারী বানাব। (৫২) সেদিন বলবেন, তোমারা যাদেরকে আমার শরীক মনে করতে তাদেরকে ডাক;

فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيبُوا لَهُمْ وَجَعَلْنَا بَيْنَهُم مَّوْبِقًا ﴿٥٣﴾ وَرَأَى الْمُجْرِمُونَ النَّارَ

ফাদা 'আওহুম্ ফালাম্ ইয়াস্তাজীবূ লাহুম্ অ জা'আল্না-বাইনাহুম্ মাওবিক্ব- ।৫৩ । অরয়াল্ মুজ্‌রিমূনা ন্না-র

তখন তারা তাদের ডাকবে, কিন্তু তারা সাড়া দিবে না; তাদের মধ্যে অন্তরায় সৃষ্টি করব। (৫৩) পাপীরা যখন আগুন দেখবে

টীকা ঃ আয়াত-৫০ ঃ পার্থিব লোভ এবং আখেরাতের প্রতি অমনোযোগীতাই হেদায়াতের অন্তরায়। দুটি কারণেই এ অন্তরায় সৃষ্টি হয়। একঃ ধনৈশ্বর্য ও এর উপকরণ এবং সন্তান-সন্তুতি, যার নেশায় সে এমন বিভোর হয় যে, সে না আখেরাতের কোন চিন্তা করতে পারে আর না সেখানকার পাথেয় তৈরির সময় পায়। দুই ঃ শয়তান ও তৎ বংশধররা অথবা তদানুগত্যশীল মানুষ। তার কু-মন্ত্রণা মানুষের মনে এমন কু-ধারণার সৃষ্টি করে, যা সারাক্ষণই মানুষকে অন্যায় ও পঙ্কিল বিষয়সমূহের দিকে তাড়াতে থাকে। অতঃপর শয়তানের এই কু-মন্ত্রণা চালিত ধ্যান ধারণার উপর কিছুদিন অতিক্রান্ত হলে তা একটি রেওয়াজে পরিণত হয়ে যায় এবং তা বংশানুক্রমে কয়েক পুরুষ পর ধর্ম হিসাবে সাব্যস্ত হয়ে যায় যাতে তারা অত্যন্ত সু-শোভিত দ্বীন-দুনিয়ার কল্যাণকর কাজ ভাবে, এমনকি তার পক্ষে আল্লাহর নবীর সাথে পর্যন্ত যুদ্ধ করতে প্রস্তুত হয়ে যায়। (বঃ কঃ)

৭ ع ৪ ১৯ রুকু

فَظَنُّوْٓا اَنَّهُمْ مُّوَاقِعُوْهَا وَلَمْ يَجِدُوْا عَنْهَا مَصْرِفًا ﴿٥٣﴾ وَلَقَدْ صَرَّفْنَا فِيْ هٰذَا الْقُرْاٰنِ

ফাজোয়ান্নূ ~ আন্নাহুম্ মুত্ত-কিউ'হা-অলাম্ ইয়াজিদূ 'আন্হা মাছ্‌রিফা-। ৫৪। অ লাক্বদ্ ছোয়াররাফ্না-ফী হা-যাল্ কু্র্‌আ-নি

তখন মনে করবে, তাদেরকে তাতে পড়তেই হবে; বাঁচার পথ পাবে না। (৫৪) আমি এ কুরআনে মানুষের জন্য উপমা

لِلنَّاسِ مِنْ كُلِّ مَثَلٍ ؕ وَكَانَ الْاِنْسَانُ اَكْثَرَ شَيْءٍ جَدَلًا ﴿٥٤﴾ وَمَا مَنَعَ النَّاسَ

লিন্না -সি মিন্ কুল্লি মাছাল্; অ কা-নাল্ ইন্সা-নু আক্ছারা শাইয়িন্ জ্বাদালা-। ৫৫। অমা-মানা'আন্না-সা

দ্বারা বর্ণনা করেছি, কিন্তু মানুষ অধিকাংশ বিষয়ে ঝগড়াটে। (৫৫) মানুষকে ঈমান আনা এবং তাদের রবের কাছে ক্ষমা

اَنْ يُّؤْمِنُوْٓا اِذْ جَآءَهُمُ الْهُدٰى وَيَسْتَغْفِرُوْا رَبَّهُمْ اِلَّآ اَنْ تَاْتِيَهُمْ سُنَّةُ الْاَوَّلِيْنَ

আইঁ ইয়ু'মিনূ ~ ইয্ জ্বা — য়াহুমুল্ হুদা- অ ইয়াস্ তাগ্‌ফিরূ রব্বাহুম্ ইল্লা ~ আন্ তা''তিয়াহুম্ সুন্নাতুল্ আও অলীনা

চাওয়া হতে বিরত রাখে কেবল এটি যে, যখন তাদের কাছে হিদায়াত আসে, তখন তাদের সাথেও পূর্ববর্তীদের মত আচরণ

اَوْ يَاْتِيَهُمُ الْعَذَابُ قُبُلًا ﴿٥٥﴾ وَمَا نُرْسِلُ الْمُرْسَلِيْنَ اِلَّا مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۚ

আও ইয়া''তিয়াহুমুল্ 'আযা-বু কু্বুলা-। ৫৬। অমা- নুর্‌সিলুল্ মুর্‌সালীনা ইল্লা-মুবাশ্‌শিরীনা অ মুন্‌যিরীনা

করুক অথবা তাদের প্রতি সরাসরি আযাব অবতীর্ণ হোক। (৫৬) আমি কেবল রাসূলদেরকে সুসংবাদদাতা ও সতর্ককারী

وَيُجَادِلُ الَّذِيْنَ كَفَرُوْا بِالْبَاطِلِ لِيُدْحِضُوْا بِهِ الْحَقَّ وَاتَّخَذُوْٓا اٰيٰتِيْ وَمَآ

অ ইয়ুজ্বা-দিলুল্লাযীনা কাফারূ বিল্‌বা-ত্বিলি লিইয়ুদ্‌হিদ্বূ বিহিল্ হাক্ব্‌ক্ব অত্তাখাযূ ~ আ-ইয়া-তী অমা ~

রূপেই প্রেরণ করি। সত্যকে ব্যর্থ করার জন্য কাফেররা অযথা বিতর্কে লিপ্ত হয়; অথচ আমার আয়াত ও সতর্কতার বিষয়কে

اُنْذِرُوْا هُزُوًا ﴿٥٦﴾ وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ فَاَعْرَضَ عَنْهَا وَنَسِيَ مَا

উন্‌যিরূ হুযুঅ। ৫৭। অমান্ আজ্‌লামু মিম্মান্ যুক্‌কিরা বি আ-ইয়া-তি রব্বিহী ফাআ'রদ্বোয়া 'আন্‌হা-অনাসিয়া মা-

তারা বিদ্রূপের বিষয় বানিয়েছে। (৫৭) তার চেয়ে বড় জালিম কে থাকে রবের আয়াত স্মরণ করালে সে মুখ ফিরিয়ে নেয়

قَدَّمَتْ يَدٰهُ ؕ اِنَّا جَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ؕ وَاِنْ

কাদ্দামাত্ ইয়াদা-হ্; ইন্না-জ্বা'আল্না- 'আলা-কু্লূবিহিম্ আকিন্নাতান্ আইঁ ইয়াফ্‌ক্বহূহু অফী ~ আ-যা-নিহিম্ অক্ব্‌র-; অ ইন্

ও কৃতকর্ম ভুলে যায় আমি তাদের মনে আবরণ দিয়ে রেখেছি ও কানে বধিরতা দিয়েছি যেন তা (কোরআন) না বুঝে, আর

تَدْعُهُمْ اِلَى الْهُدٰى فَلَنْ يَّهْتَدُوْٓا اِذًا اَبَدًا ﴿٥٧﴾ وَرَبُّكَ الْغَفُوْرُ ذُو الرَّحْمَةِ ؕ لَوْ

তাদ্'উহুম্ ইলাল্ হুদা-ফালাইঁ ইয়াহ্‌তাদূ ~ ইযান্ আবাদা-। ৫৮। অ রব্বুকাল্ গফূরু যুর্‌রহমাহ্; লাও

আপনি যদি তাদের সৎপথে আহ্বান করেন, তবে তারা কখনো আসবে না। (৫৮) রব ক্ষমাশীল, দয়ালু, কৃতকর্মের জন্য

يُؤَاخِذُهُمْ بِمَا كَسَبُوْا لَعَجَّلَ لَهُمُ الْعَذَابَ ؕ بَلْ لَّهُمْ مَّوْعِدٌ لَّنْ يَّجِدُوْا مِنْ

ইয়ুআখিযুহুম্ বিমা-কাসাবূ লা'আজ্জ্বালা লাহুমুল্ 'আযা-ব্; বাল্ লাহুম্ মাও'ইদুল্লাইঁ ইয়াজিদূ মিন্

পাকড়াও করতে চাইলে শাস্তি ত্বরান্বিত করতেন, বরং তাদের জন্য নির্দিষ্ট কাল আছে, যা থেকে তারা কখনও লুকানোর

www.eelm.weebly.com

দুনিহী মাওয়িলা- ।৫৯। অ তিল্‌কাল্ কুরা ~ আহ্‌লাক্‌না-হুম্ লাম্মা- জোয়ালামূ অজ্বা'আল্‌না-লিমাহ্‌লিকিহিম্ মাওইদা- । রুকু

জায়গা পাবে না। (৫৯) আর জনপদবাসীকে জুলুমের কারণে ধ্বংস করেছি এবং ধ্বংসের জন্য কাল নির্ধারণ করেছি।

৬০। অইয্ ক্বা-লা মূসা -লিফাতা-হু লা ~ আব্‌রহু হাত্তা ~ আব্‌লুগ মাজ্‌মা'আল্ বাহ্‌রাইনি আও আম্‌দ্বিয়া হুকুবা- ।

(৬০) আর যখন মূসা যুবককে ১ বলল, দু সমুদ্রের মিলনস্থলে না পৌঁছা পর্যন্ত থামব না, বা যুগ যুগ ধরে চলতে থাকব।

৬১। ফালাম্মা-বালাগ মাজ্‌মা'আ বাইনিহিমা-নাসিয়া-হূতাহুমা- ফাত্তাখাযা সাবীলাহূ বিল্ বাহ্‌রি সারাবা- । ৬২। ফালাম্মা-

(৬১) চলতে চলতে উভয়ের মিলনস্থলে পৌঁছলে মাছের কথা ভুলে গেল, এবং তা সমুদ্রের সুড়ংগ পথে চলে গেল। (৬২) অতঃপর অগ্রসর

জ্বা-অযা-ক্বা-লা লিফাত্বা-হু আ-তিনা- গদা — য়ানা-লাক্বদ্ লাক্বীনা-মিন্ সাফারিনা-হাযা-নাছোয়াবা- । ৬৩। ক্বা-লা আরায়াইতা

হলে মূসা যুবককে বলল, প্রাতঃরাশ আন, আমরা এ সফরে ক্লান্ত হয়ে পড়েছি। (৬৩) সঙ্গী বলল, আপনি কি লক্ষ্য

ইয্ আওয়াইনা ~ ইলাছ্ ছোয়াখ্‌রতি ফাইন্নী নাসীতুল্ হূতা অমা ~ আন্‌সানীহু ইল্লাশ্ শাইত্বোয়া-নু আন্

করেছেন? আমরা যখন পাথরে বিশ্রাম করছিলাম তখন মাছের কথা আমরা ভুলে গিয়ছিলাম, শয়তানই তাদেরকে তা

আয্‌কুরাহূ ওয়াত্তাখাযা সাবীলাহূ ফিল্ বাহ্‌রি 'আজ্বাবা- ।৬৪। ক্বা-লা যা-লিকা মা-কুন্না- নাব্‌গি ফারতাদ্দা 'আলা ~

ভুলিয়েছে, মাছটি আশ্চর্যজনকভাবে সমুদ্রে পথ ধরে চলে গেল। (৬৪) মূসা বলল, তাই তো চাচ্ছি, তাই তারা পদচিহ্ন

আ-ছা-রিহিমা ক্বাছোয়াছোয়া- । ৬৫। ফাঅজ্বাদা-'আব্‌দাম্ মিন্ 'ইবা-দিনা ~ আ-তাইনা-হু রহ্‌মাতাম্ মিন্ 'ইন্‌দিনা-অ 'আল্লাম্‌না-হু মিল

ধার ফিরে চলল।(৬৫) তারপর তারা এক বান্দাহকে পেল, যাকে আমার অনুগ্রহ প্রদান করেছি, আমার পক্ষ হতে তাকে

লাদুন্না 'ইল্‌মা- ।৬৬। ক্বা-লা লাহূ মূসা- হাল্ আত্তাবি'উকা 'আলা ~ আন্ তু'আল্লিমানি মিম্মা-'উল্লিম্‌তা রুশ্‌দা- ।

শিক্ষা দিয়েছি এক বিশেষ জ্ঞান। (৬৬) মূসা তাকে বলল, আমি কি আপনার অনুগামী হব? তা আমাকে শিখাবেন যা শিখেছেন।

টীকা ঃ ১ আয়াত-৫৮ঃ হাদীস শরীফ হতে জানা যায় যে, শেষ বিচারের দিন কাফেরকে তার ঈমান ও আ'মল সম্পর্কে জিজ্ঞাসা করা হলে সে ঈমান ও নেক আ'মলের দাবি করবে। তার সামনে যখন তার আ'মলনামা ফেরেশতাদের সাক্ষ্য ও লাওহে মাহফূযের লেখা তার দাবির হাযির পেশ করা হবে, তখন সে সব অগ্রাহ্য করবে ও বিতর্ক করবে। পরিশেষে তার অঙ্গ-প্রত্যঙ্গ তার দাবি খণ্ডন করবে। (মাঃ কোঃ)
আয়াত-৫৯ ঃ আ'দ ও সামূদ জাতির ধ্বংসাবশেষসমূহ দেখ, তাদের ঘটনা সকলেরই জানা। তাদের বাসস্থান সকলের নিকট পরিচিত। সীমা লংঘনের কারণে একটি নির্দিষ্ট সময়ে তাদেরকে ধ্বংস করে দেয়া হয়েছে। তা হতে তোমাদের শিক্ষা নেয়া উচিত। তোমরা যদি রাসূল (ছঃ)-এর বিরোধিতা কর, তবে সেই একই পরিণতি তোমাদের জন্য অপেক্ষা করছে। (তাফঃ মাহঃ হাঃ)

٦٧ قَالَ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِيَ صَبْرًا ٦٨ وَكَيْفَ تَصْبِرُ عَلٰى مَا لَمْ تُحِطْ بِهٖ خُبْرًا

৬৭। ক্ব-লা ইন্নাকা লান্ তাস্‌তাত্বী 'আ মাই'য়া ছোয়াব্‌রা-। ৬৮। অ কাইফা তাছ্‌বিরু 'আলা-মা-লাম্ তুহিত্ব্ বিহী খুব্‌রা-।
(৬৭) বলল, আমার সঙ্গে ধৈর্য ধরে থাকতে পারবে না। (৬৮) আর যা তোমার জ্ঞানায়ত্ব নয় তাতে ধৈর্য ধরবে কিভাবে?

٦٩ قَالَ سَتَجِدُنِيْٓ اِنْ شَآءَ اللّٰهُ صَابِرًا وَّلَآ اَعْصِيْ لَكَ اَمْرًا ٧٠ قَالَ فَاِنِ

৬৯। ক্ব-লা সাতাজ্বিদুনী ~ ইন্ শা — য়াল্লা-হু ছোয়া-বিরাঁও অলা ~ আ'ছী লাকা আম্‌র-।৭০। ক্ব-লা ফাইনিত্
(৬৯) মূসা বলল, আল্লাহ চাইলে আমাকে ধৈর্যশীল পাবেন, আপনার নির্দেশ অমান্য করব না। (৭০) বলল, অনুগমণ

ٱتَّبَعْتَنِيْ فَلَا تَسْـَٔلْنِيْ عَنْ شَيْءٍ حَتّٰٓى اُحْدِثَ لَكَ مِنْهُ ذِكْرًا ٧١ فَانْطَلَقَا

তাবা'তানী ফালা-তাস্‌য়াল্‌নী 'আন্ শাইয়িন্ হাত্তা —উহ্‌দিছা লাকা মিন্‌হু যিক্‌র-। ৭১। ফান্‌ত্বোয়ালাক্ব-
করলে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করো না, যতক্ষণ না আমি তা বলে দেই। (৭১) অতঃপর তারা উভয়ে চলল, যখন নৌকায়

حَتّٰٓى اِذَا رَكِبَا فِي السَّفِيْنَةِ خَرَقَهَا ۗ قَالَ اَخَرَقْتَهَا لِتُغْرِقَ اَهْلَهَا ۚ لَقَدْ جِئْتَ

হাত্তা ~ ইযা-রকিবা-ফিস্ সাফীনাতি খারাক্বাহা-; ক্ব-লা আখারাক্‌তাহা-লিতুগ্‌রিক্ব আহ্‌লাহা-লাক্বদ্ জ্বি''তা
উঠল, সে তা ছিদ্র করে দিল; মূসা বলল, আপনি কি নৌকাটিকে এ জন্য ছিদ্র করলেন যে এর আরোহীদের ডুবিয়ে দিবেন? নিঃসন্দেহে গুরুতর

شَيْـًٔا اِمْرًا ٧٢ قَالَ اَلَمْ اَقُلْ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِيَ صَبْرًا ٧٣ قَالَ لَا تُؤَاخِذْنِيْ

শাইয়ান্ ইম্‌র-।৭২। ক্ব-লা আলাম্ আক্বুল্ ইন্নাকা লান্ তাস্‌তাত্বী'আ মাইয়া ছোয়াব্‌র-। ৭৩। ক্ব-লা লা-তুওয়া-খিয্‌নী
অন্যায় কাজ করেছেন।(৭২) বলল, আমি কি বলি নি তুমি আমার সঙ্গে ধৈর্য ধরতে পারবে না? (৭৩) মূসা বলল, ভুলের

بِمَا نَسِيْتُ وَلَا تُرْهِقْنِيْ مِنْ اَمْرِيْ عُسْرًا ٧٤ فَانْطَلَقَا ۗ حَتّٰٓى اِذَا لَقِيَا غُلٰمًا

বিমা-নাসীতু অলা- তুর্‌হিক্ব্‌নী মিন্ আম্‌রী'উস্‌র-। ৭৪। ফান্‌ত্বোয়ালাক্ব-হাত্তা ~ ইযা-লাক্বিয়া-গুলা-মান্
জন্য আমাকে ধরবেন না, আমার ব্যাপারে কঠোর হবেন না। (৭৪) পুনরায় উভয়ে চলতে লাগল, যখন একটি বালকের সঙ্গে

فَقَتَلَهٗ ۙ قَالَ اَقَتَلْتَ نَفْسًا زَكِيَّةًۢ بِغَيْرِ نَفْسٍ ۗ لَقَدْ جِئْتَ شَيْـًٔا نُّكْرًا

ফাক্বতালাহূ ক্ব-লা আক্বতাল্‌তা নাফ্‌সান্ যাকিয়্যাতাম্ বিগইরি নাফ্‌স্; লাক্বদ্ জ্বি''তা শাইয়ান্ নুক্‌রা-।
সাক্ষাত হয়, তখন সে তাকে হত্যা করে, বলল, নিষ্পাপ একটি জীবনকে হত্যা করলেন, এতো অন্যায় করলেন।

৯ ع ১১ ২১ রুকু

আয়াত-৭১ঃ বর্ণিত আছে যে, হযরত খিযির (আঃ) কুড়াল দিয়ে নৌকার একটি তক্তা বের করে দেন। ফলে নৌকায় পানি ঢুকে নিমজ্জিত হওয়ার আশংকা দেখা দেয়। এ কারণেই মূসা (আঃ) প্রতিবাদ করেন। কিন্তু কোরআনের পূর্বাপর ঘটনা হতে জানা যায় যে, নৌকাটি ডুবে কোন দুর্ঘটনা ঘটে নি। আল্লামা বাগবীর রেওয়াতে মতে ঐ ভাঙ্গা তক্তার জায়গায় খিযির (আঃ) একটি কাঁচ লাগিয়ে দেন। (বুখারী, মুসলিম, মাঃ কোঃ)
(২) সম্ভবত হযরত ইউশা ইবনে নুনও তাঁদের সঙ্গে ছিলেন। কিন্তু তিনি হযরত মূসা (আঃ)-এর অনুচর হিসেবে ছিলেন, তাই মূখ্যজনের উল্লেখে অনুচরের কথাও উল্লেখ হয়েছে। এটি হতে অনেক বিশারদরা এ মাসআলাও বের করেন যে, ব্যাপক ও সার্বিক বিষয়ে আদিষ্ট জনের লক্ষ্য ধরা যায় না, বরং সে ক্ষেত্রে আদেশ দাতার লক্ষ্যই ধরতে হয়।
আয়াত-৭৪ ঃ অধিকাংশ তাফসীরকারদের মতে, আলোচ্য আয়াতে যে বালকটিকে খিযির (আঃ) হত্যা করেন সে বালকটি ছিল নাবালেগ। একবার নাজদাহ হারূরী ইবনে আব্বাস (রাঃ)-এর নিকট পত্র লিখলেন যে, হযরত খিযির (আঃ) নাবালেগ বালককে কিরূপে হত্যা করলেন? ইবনে আব্বাস (রাঃ) উত্তর দিলেন ঃ খিযির (আঃ) ওহীর মাধ্যমে আল্লাহর নির্দেশ পেয়ে তা করেছেন। (মাঃ কোঃ)

قَالَ اَلَمْ اَقُلْ لَّكَ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِىَ صَبْرًا ﴿٧٥﴾ قَالَ اِنْ سَاَلْتُكَ

৭৫। ক্বা-লা আলাম্‌ আক্বুল্‌ লাকা ইন্নাকা লান্‌ তাস্‌তাত্বী'আ মা'ইয়া ছোয়াব্‌র-। ৭৬। ক্বা-লা ইন্‌ সায়াল্‌তুকা
(৭৫) তিনি বললেন, আমি কি বলি নি, আপনি কিছুতেই ধৈর্যরক্ষায় সক্ষম হবেন না? (৭৬) তনি বললেন, আর যদি আপনাকে

عَنْ شَيْءٍۭ بَعْدَهَا فَلَا تُصٰحِبْنِىْ ۚ قَدْ بَلَغْتَ مِنْ لَّدُنِّىْ عُذْرًا ﴿٧٦﴾ فَانْطَلَقَا

আন্‌ শাইয়িম্‌ বা'দাহা-ফালা-তুছোয়া-হিব্‌নী, ক্বদ্‌ বালাগ্‌তা মিল্লাদুন্নী 'উয্‌র-। ৭৭। ফান্‌ত্বোয়ালাক্ব-
প্রশ্ন করি, তবে আমাকে সংগে রাখবেন না, আমার পক্ষ থেকে আপনার নিকট আমার এ শেষ ওযর। (৭৭) অতঃপর তারা

حَتّٰىٓ اِذَآ اَتَيَآ اَهْلَ قَرْيَةِ ِۨاسْتَطْعَمَآ اَهْلَهَا فَاَبَوْا اَنْ يُّضَيِّفُوْهُمَا فَوَجَدَا

হাত্তা ~ ইযা ~ আতাইয়া ~ আহ্‌লা ক্বরইয়াতিনিস্‌ তাত্ব্‌'আমা ~ আহ্‌লাহা-ফাআবাও আই ইয়ুদ্বোয়াইয়িফূ হুমা- ফাওয়াজাদা-
উভয়ে চলতে চলতে এক জনপদে এসে খাদ্য চাইল; তারা তাদের আতিথ্য অস্বীকার করল, তারা দেখল, একটি প্রাচীর ধসে

فِيْهَا جِدَارًا يُّرِيْدُ اَنْ يَّنْقَضَّ فَاَقَامَهٗ ۖ قَالَ لَوْ شِئْتَ لَتَّخَذْتَ عَلَيْهِ اَجْرًا

ফীহা-জ্বিদা-রই ইয়ুরীদু আইঁ ইয়ান্‌ক্বদ্দ্বোয়া ফায়াক্ব-মাহ্‌; ক্ব-লা লাও শি''তা লাত্তাখয্‌তা 'আলাইহি আজ্‌র-।
পড়ার উপক্রম হয়েছে , তিনি (খিযির) তা সোজা করে দিলেন, মূসা বলল, ইচ্ছা করলে আপনি পারিশ্রমিক নিতে পারতেন।

قَالَ هٰذَا فِرَاقُ بَيْنِىْ وَبَيْنِكَ ۚ سَاُنَبِّئُكَ بِتَاْوِيْلِ مَا لَمْ تَسْتَطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿٧٨﴾

৭৮। ক্ব-লা হা-যা-ফির-কু বাইনী অবাইনিকা সাউনাব্বিয়ুকা বিতা''ওয়ীলি মা-লাম্‌ তাস্‌তাত্বি' 'আলাইহি ছোয়াব্‌র-।
(৭৮) তিনি বলল, আমাদের মধ্যে এটাই শেষ। তবে যে বিষয়ে আপনি ধৈর্য ধরতে পারেন নি, তার রহস্য আপনাকে জানাব।

اَمَّا السَّفِيْنَةُ فَكَانَتْ لِمَسٰكِيْنَ يَعْمَلُوْنَ فِى الْبَحْرِ فَاَرَدْتُّ اَنْ اَعِيْبَهَا وَكَانَ ﴿٧٩﴾

৭৯। আম্মাস্‌ সাফীনাতু ফাকা-নাত্‌ লিমাসাকীনা ইয়া'মালূনা ফিল্‌ বাহ্‌রি ফাআরত্‌তু আন্‌ আ'ঈবাহা-অকা-না
(৭৯) যা হোক নৌকাটি ছিল কতিপয় মিসকীনের, তারা সমুদ্রে কাজ করত। আমি তাকে ক্রটিযুক্ত করতে চেয়েছি; কেননা,

وَرَآءَهُمْ مَّلِكٌ يَّاْخُذُ كُلَّ سَفِيْنَةٍ غَصْبًا ﴿٨٠﴾ وَاَمَّا الْغُلٰمُ فَكَانَ اَبَوٰهُ مُؤْمِنَيْنِ

অর — য়াহুম্‌ মালিকুঁই ইয়া''খুযু কুল্লা সাফীনাতিন্‌ গাছ্‌বা-।৮০। অআম্মাল্‌ গুলা-মু ফাকা-না আবাওয়া-হু মু'মিনাইনি
ওখানকার রাজা জোর পূর্বক নৌকা ছিনিয়ে নিত। (৮০) আর বালকটির মাতা-পিতা মু'মিন ছিল, আমার আশংকা হল যে, সে তার

فَخَشِيْنَآ اَنْ يُّرْهِقَهُمَا طُغْيَانًا وَّكُفْرًا ﴿٨١﴾ فَاَرَدْنَآ اَنْ يُّبْدِلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِّنْهُ

ফাখাশীনা ~ আইঁ ইয়ুরহিক্বাহুমা- ত্বু্‌গইয়া-নাওঁ অ কুফ্‌র-।৮১। ফাআরদ্‌না ~ আইঁ ইয়ুব্‌দিলাহুমা- রব্বুহুমা-খইরম্‌ মিন্‌হু
অবাধ্যতা ও কুফ্‌রী দিয়ে তাদেরকে বিব্রত করবে। (৮১) সুতরাং আমি চাই যে, তাদের রব তাদেরকে তার পরিবর্তে এমন

আয়াত-৭৭ ঃ খিযির (আঃ) কোন জনপদে গিয়েছিলেন, সে ব্যাপারে বিভিন্ন মতামত রয়েছে। ইবনে আব্বাস (রাঃ)-এর মতে এন্তাকিয়া' ইবনে শিরীনের মতে 'আইকা' এবং আবু হুরায়রা (রাঃ)-এর মতে সেইটি ছিল স্পেনের একটি জনপদ। এক জালিম বাদশাহ ছিল যে এ পথে চলাচল করত। চলাচলাকালে যেসব নিখুঁত নৌকা তার নযরে পড়ত সেসব নিখুঁত নৌকা সে ছিনিয়ে নিত। হযরত খিযির (আঃ) এ কারণেই নৌকার একটি তক্তা তুলে ফেলেন, যাতে জালিম বাদশাহের লোকেরা ভাঙ্গা দেখে নৌকাটি ছেড়ে দেয় এবং দরিদ্ররা বিপদের হাত হতে বেঁচে যায়। (মাঃ কোঃ) আয়াত-৮০ঃ হাদীসে বর্ণিত আছে, নিহত ছেলের পিতা মাতাকে আল্লাহ তাআ'লা তার পরিবর্তে একটি কন্যা দান করেন, পরবর্তীকালে যার গর্ভে দুজন নবী জন্মগ্রহণ করেন। (মাঃ কোঃ)

زَكٰوةً وَّاَقْرَبَ رُحْمًا ﴿٨٢﴾ وَاَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلٰمَيْنِ يَتِيْمَيْنِ فِى الْمَدِيْنَةِ

যাকা-তাঁও অআক্ব্‌রাবা রুহ্‌মা-।৮২। অআম্মাল্ জ্বিদা-রু ফাকা-না লিগুলা-মাইনি ইয়াতীমাইনি ফিল্ মাদীনাতি

এক পবিত্র, দয়ালু ও নেক সন্তান দিবেন। (৮২) আর ঐ প্রাচীরটি ছিল শহরের অধিবাসী দু' এতিম কিশোরের এবং ঐ

وَكَانَ تَحْتَهٗ كَنْزٌ لَّهُمَا وَكَانَ اَبُوْهُمَا صَالِحًا ۚ فَاَرَادَ رَبُّكَ اَنْ يَّبْلُغَآ اَشُدَّهُمَا

অকা-না তাহ্‌তাহূ কান্‌যুল্ লাহুমা-অকা-না আবূহুমা-ছোয়া-লিহান্ ফাআর-দা রব্বুকা আঁই ইয়াব্‌লুগা ~

প্রাচীরের নিচে গুপ্তধন প্রোথিত ছিল। আর তাদের পিতা একজন ভাল লোক ছিল। আপনার রব চাইলেন যে, তারা যৌবনে

وَيَسْتَخْرِجَا كَنْزَهُمَا ۖ رَحْمَةً مِّنْ رَّبِّكَ ۚ وَمَا فَعَلْتُهٗ عَنْ اَمْرِىْ ۗ ذٰلِكَ

আশুদ্দা হুমা-অইয়াস্‌তাখ্‌রিজ্বা-কান্‌যাহুমা-রহ্‌মাতাম্ মির্ রব্বিকা অমা-ফা'আল্‌তুহূ 'আন্ আম্‌রী; যা-লিকা

পদার্পণ করুক। আর রবের দয়ায় তারা তাদের সে গুপ্তধন বের করুক। আর আমি আপন ইচ্ছায় এ কাজ করি নি। যে

১০ ع ১২ ১ রুকু

تَاْوِيْلُ مَا لَمْ تَسْطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿٨٣﴾ وَيَسْـَٔلُوْنَكَ عَنْ ذِى الْقَرْنَيْنِ ۗ قُلْ

তা''ওয়ীলু মা-লাম্ তাস্‌ত্বি' 'আলাইহি ছোয়াব্‌রা-।৮৩। অইয়াস্‌য়ালূনাকা আন্ যিল্‌ক্বার্‌নাইন্; ক্বুল্

বিষয়ের ধৈর্য আপনার ছিল না, তার রহস্য এটাই। (৮৩) আর তারা আপনাকে 'যুলকারনাইন' [১] সম্পর্কে জিজ্ঞাসা করে, আপনি

سَاَتْلُوْا عَلَيْكُمْ مِّنْهُ ذِكْرًا ﴿٨٤﴾ اِنَّا مَكَّنَّا لَهٗ فِى الْاَرْضِ وَاٰتَيْنٰهُ مِنْ كُلِّ شَىْءٍ

সায়াত্‌লূ আলাইকুম্ মিন্‌হু যিক্‌র-।৮৪। ইন্না- মাক্কান্না-লাহূ ফিল্ আর্‌দ্বি অ আ-তাইনা-হু মিন্ কুল্লি শাইয়িন্

বলুন, এ ব্যাপারে আমি তোমাদেরকে বলব। (৮৪) নিশ্চয় আমি তাকে যমীনে আধিপত্য প্রদান করেছি ও তাকে সর্বাধিক উপকরণ

سَبَبًا ﴿٨٥﴾ فَاَتْبَعَ سَبَبًا ﴿٨٦﴾ حَتّٰٓى اِذَا بَلَغَ مَغْرِبَ الشَّمْسِ وَجَدَهَا تَغْرُبُ فِىْ

সাবাবা-।৮৫। ফাআত্‌বা'আ ~ সাবাবা-।৮৬। হাত্তা ~ ইযা-বালাগ মাগ্‌রিবাশ্ শাম্‌সি অ জ্বাদাহা-তাগ্‌রুবু ফী

দিয়েছি। (৮৫) অতঃপর সে অন্য এক পথ ধরল।(৮৬) এমন কি যখন সে সূর্যাস্তের স্থানে পৌঁছল তখন সে তাকে (সূর্যকে)

عَيْنٍ حَمِئَةٍ وَّوَجَدَ عِنْدَهَا قَوْمًا ۗ قُلْنَا يٰذَا الْقَرْنَيْنِ اِمَّآ اَنْ تُعَذِّبَ وَاِمَّآ

'আইনিন্ হামিয়াতিঁও অ অজ্বাদা 'ইন্‌দাহা- ক্বওমা-; ক্বুল্‌না-ইয়াযাল্ ক্বার্‌নাইনি ইম্মা ~ আন্ তু'আয্‌যিবা অ ইম্মা ~

কালো পানিতে ডুবতে দেখল এবং সেখানে সে এক জাতিকে পেল। বললাম, হে যুলকারনাইন! হয় তাদেরকে শাস্তি দাও,

اَنْ تَتَّخِذَ فِيْهِمْ حُسْنًا ﴿٨٧﴾ قَالَ اَمَّا مَنْ ظَلَمَ فَسَوْفَ نُعَذِّبُهٗ ثُمَّ يُرَدُّ اِلٰى رَبِّهٖ

আন্ তাত্তাখিযা ফীহিম্ হুস্‌না-।৮৭। ক্বা-লা আম্মা-মান জোয়ালামা ফাসাওফা নু'আয্‌যিবুহূ ছুম্মা ইয়ুরদ্দু ইলা-রব্বিহী

নতুবা তাদের সাথে সদ্ব্যবহার কর। (৮৭) সে বলল, অচিরেই জালিমকে শাস্তি দিব; তার পর সে তার রবের কাছে প্রত্যাবর্তিত

টীকা-১. যুল্‌কারনাইন ঃ এর ব্যাপারে বিভিন্ন মতামত আছে। কারো মতে, এটি 'দারা'র উপাধি। কারো মতে, এটি ফেলক্বুছ রুমীর ছেলে। কারো মতে এটি হযরত ইব্রাহীম (আঃ)-এর সন্তানদের কেউ। আর কারো মতে, যুলকারনাইন দু জনই ছিলেন, একজন ছিলেন হযরত ইব্রাহীম (আঃ)-এর যুগে যার উযীর ছিলেন হযরত খিযির (আঃ) আর একজন ছিলেন সেই যুলকারনাইন যার উযীর ছিলেন এরিস্টটল। তাফসীরে কবীর প্রণেতার মতে, এখানে শেষোক্ত যুলকার-নাইন সম্বন্ধে বলা হয়েছে যার নাম সেকান্দার ছিল। যা হোক, আয়াতে উল্লিখিত যুলকারনাইনকে কেউ বলেন, একজন নবী এবং কেউ তাঁকে একজন আল্লাহভক্ত লোক বলেছেন। ইবনে কাছীরে

فَيُعَذِّبُهُ عَذَابًا نُّكْرًا ﴿٨٨﴾ وَأَمَّا مَنْ آمَنَ وَعَمِلَ صَالِحًا فَلَهُ جَزَاءً الْحُسْنَىٰ

ফাইয়ু'আয্যিবুহূ 'আযা-বান্ নুক্‌র-। ৮৮। অআম্মা-মান্ আ-মানা অ 'আমিলা ছোয়া-লিহান্ ফালাহূ জ্বাযা — য়ানিল্ হুস্না-
হবে; তিনি তাকে কঠোর শাস্তি দিবেন। (৮৮) আর যে মু'মিন ও সৎকর্মশীল, তার জন্য রয়েছে উত্তম প্রতিদান এবং

وَسَنَقُولُ لَهُ مِنْ أَمْرِنَا يُسْرًا ﴿٨٩﴾ ثُمَّ أَتْبَعَ سَبَبًا ﴿٩٠﴾ حَتَّىٰ إِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ

অ সানাক্বূলু লাহূ মিন্ আম্‌রিনা-ইয়ুস্‌র-। ৮৯। ছুম্মা আত্‌বা'আ সাবাবা-। ৯০। হাত্তা ~ ইয়া-বালাগ মাত্ব্‌লি'আশ্ শাম্‌সি
তার সাথে নম্র কথা বলব। (৮৯) তার পরে সে অন্য পথ ধরল। (৯০) এমন কি যখন সে সূর্যোদয়ের স্থানে গিয়ে পৌঁছল তখন

وَجَدَهَا تَطْلُعُ عَلَىٰ قَوْمٍ لَّمْ نَجْعَل لَّهُم مِّن دُونِهَا سِتْرًا ﴿٩١﴾ كَذَٰلِكَ وَقَدْ

অজ্বাদাহা- তাত্ব্‌লু'উ 'আলা-ক্বওমিল্ লাম্ নাজ্ব'আল্ লাহুম্ মিন্ দূনিহা-সিত্‌র-। ৯১। কাযা-লিক্; অক্বদ্
সে ওকে এমন জাতির ওপর উদীয়মান দেখল, যাদের জন্য সূর্যতাপ অন্তরায় করি নি। (৯১) এটাই তো প্রকৃত ঘটনা,

أَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا ﴿٩٢﴾ ثُمَّ أَتْبَعَ سَبَبًا ﴿٩٣﴾ حَتَّىٰ إِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ وَجَدَ مِن

আহাত্ব্‌না- বিমা-লাদাইহি খুব্‌র-। ৯২। ছুম্মা আত্‌বা'আ সাবাবা-।৯৩। হাত্তা ~ ইয়া-বালাগ বাইনাস্ সাদ্দাইনি অজ্বাদা মিন্
তার বৃত্তান্ত আমার আয়ত্বে। (৯২) পরে সে অন্য পথ ধরল। (৯৩) অবশেষে সে যখন দু পাহাড়ের মাঝে পৌঁছল তখন

دُونِهِمَا قَوْمًا لَّا يَكَادُونَ يَفْقَهُونَ قَوْلًا ﴿٩٤﴾ قَالُوا يَا ذَا الْقَرْنَيْنِ إِنَّ يَأْجُوجَ

দূনিহিমা-ক্বওমাল্ লা-ইয়াকা-দূনা ইয়াফ্‌ক্বাহূনা ক্বওলা-। ৯৪। ক্ব-লূ ইয়াযাল্ ক্বর্‌নাইনি ইন্না ইয়া'জূ্জ্বা
সেখানে এমন এক সম্প্রদায়ের দেখা পেল, যারা কোন কথাই বুঝতে পারত না। (৯৪) তারা বলল, হে যুলকারনাইন! নিশ্চয়

وَمَأْجُوجَ مُفْسِدُونَ فِي الْأَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا عَلَىٰ أَن تَجْعَلَ

অ মা'জূ্জ্বা মুফ্‌সিদূনা ফিল্ আর্‌দ্বি ফাহাল্ নাজ্ব'আলু লাকা খার্‌জ্বান্ 'আলা ~ আন্ তাজ্ব'আলা
ইয়াজুজ ও মাজূজ যমীনে ফাসাদ সৃষ্টি করে; আপনাকে কি আমরা কর দিব যে, আমাদের ও তাদের মাঝে একটি প্রাচীর

بَيْنَنَا وَبَيْنَهُمْ سَدًّا ﴿٩٥﴾ قَالَ مَا مَكَّنِّي فِيهِ رَبِّي خَيْرٌ فَأَعِينُونِي بِقُوَّةٍ أَجْعَلْ

বাইনানা-অবাইনাহুম্ সাদ্দা-।৯৫। ক্ব-লা মা-মাক্কান্নী ফীহি রব্বী খইরুন্ ফাআ'ঈনূনী বিক্বুওঅতিন্ আজ্‌'আল্
নির্মাণ করে দিবেন? (৯৫) সে বলল, আমার রব আমাকে যে ক্ষমতা দিয়েছেন, তা-ই যথেষ্ট, আমাকে তোমরা শ্রম দ্বারা সাহায্য

بَيْنَكُمْ وَبَيْنَهُمْ رَدْمًا ﴿٩٦﴾ آتُونِي زُبَرَ الْحَدِيدِ ۖ حَتَّىٰ إِذَا سَاوَىٰ بَيْنَ

বাইনাকুম্ অ বাইনাহুম্ রদ্‌মা-। ৯৬। আ-তূনী যুবারল্ হাদীদ্; হাত্তা ~ ইয়া- সা-ওয়া-বাইনাছ
কর, আমি তোমাদের ও তাদের মাঝে প্রাচীর করে দিব। (৯৬) তোমরা আমাকে লোহার পাত এনে দাও; অবশেষে যখন দু'পর্বতের

হযরত আলী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি একজন আল্লাহভক্ত নেককার লোক ছিলেন, নিজ গোত্রের লোকদেরকে তিনি দ্বীনে হকের প্রতি আহ্বান জানিয়েছিলেন, লোকেরা তাঁকে এক পার্শ্বে আঘাত করলে তাঁর মৃত্যু হয়। আল্লাহ তাকে পুনরায় জীবিত করেন এবং পুনরায় অনুরূপ ঘটনা ঘটে। তাই তাকে যুলকারনাইন বলা হয়, অর্থাৎ দুই পার্শ্বওয়ালা। হযরত শো'বা হতে বর্ণিত, তিনি পূর্ব হতে পশ্চিম পর্যন্ত ভ্রমন করেছিলেন বিধায় তাঁর উপাধি যুলকারনাইন হয়েছিল।
টীকা- ২ঃ এরা পার্বত্য জাতি। মানুষের ওপর নির্যাতন করত। তাদের বাসস্থান কোথায় তা সঠিক ভাবে জানা নেই। কিয়ামতের পূর্বে তাদের আবির্ভাব ঘটবে।

الصَّدَفَيْنِ قَالَ انْفُخُوْا ؕ حَتّٰۤى اِذَا جَعَلَهٗ نَارًا ۙ قَالَ اٰتُوْنِیْۤ اُفْرِغْ عَلَیْهِ

ছদাফাইনি ক্ব-লান্ ফুখূ; হাত্তা ~ ইযা-জ্বা'আলাহূ না-রন্ ক্ব-লা আ-তূনী ~ উফ্‌রিগ্ 'আলাইহি

ফাঁকা জায়গা পূর্ণ হল, তখন (সে) বলল, তোমরা এতে তাপ দাও। যখন তা চরম গরম হল তখন সে বলল, তামা আন, তাতে

قِطْرًا ﴿٩٦﴾ فَمَا اسْطَاعُوْۤا اَنْ یَّظْهَرُوْهُ وَمَا اسْتَطَاعُوْا لَهٗ نَقْبًا ﴿٩٧﴾ قَالَ هٰذَا رَحْمَةٌ

ক্বিত্বরা-। ৯৭। ফামাস্ ত্বোয়া-উ~ আইঁ ইয়াজ্‌হারূহু অমাস্ তাত্বোয়া'উ লাহূ নাক্ব্‌বা-। ৯৮। ক্ব-লা হা-যা- রহ্‌মাতুম্

ঢালব। (৯৭) তারা তার উপর আরোহণও করতে পারে নি, আর ভেদও করতে পারে নি। (৯৮) সে বলল, এটি আমার রবের

مِّنْ رَّبِّیْ ۚ فَاِذَا جَآءَ وَعْدُ رَبِّیْ جَعَلَهٗ دَكَّآءَ ۚ وَكَانَ وَعْدُ رَبِّیْ حَقًّا ﴿٩٨﴾

মির্ রব্বী ফাইযা-জ্বা — য়া অ'দু রব্বী জ্বা'আলাহূ দাক্কা — য়া অ কা-না অ'দু রব্বী হাক্ব্‌ক্ব-।

পক্ষ থেকে অনুগ্রহ। প্রতিপালকের ওয়াদা যখন পূর্ণ হবে তখন তিনিই এটা চূর্ণ করবেন। আমার প্রতিপালকের ওয়াদা সত্য।

وَتَرَكْنَا بَعْضَهُمْ یَوْمَئِذٍ یَّمُوْجُ فِیْ بَعْضٍ وَّنُفِخَ فِی الصُّوْرِ فَجَمَعْنٰهُمْ

৯৯। অ তারক্‌না- বা'দ্বোয়াহুম্ ইয়াওমায়িযিঁ ইয়ামূজু ফী বা'দ্বিঁও অ নুফিখ ফিছ্ ছূরি ফাজ্বামা'না-হুম্

(৯৯) আর সেদিন একদল অন্য দলের উপর ঢেউয়ের ন্যায় পতিত হবে এবং শিংগায় ফুঁ দেয়া হবে। তারপর আমি তাদের

جَمْعًا ﴿٩٩﴾ وَّعَرَضْنَا جَهَنَّمَ یَوْمَئِذٍ لِّلْكٰفِرِیْنَ عَرْضَا ۙ﴿١٠٠﴾ الَّذِیْنَ كَانَتْ

জ্বাম্'আ-। ১০০। অ 'আরদ্বনা-জ্বাহান্নামা ইয়াওমায়িযিল্লিল্ কা-ফিরীনা 'আর্‌দ্বোয়া-। ১০১। নিল্লাযীনা কা-নাত্

সকলকেই একত্র করব। (১০০) এবং আমি সেদিন কাফেরদের জন্য জাহান্নামকে সামনে আনব। (১০১) যাদের

اَعْیُنُهُمْ فِیْ غِطَآءٍ عَنْ ذِكْرِیْ وَكَانُوْا لَا یَسْتَطِیْعُوْنَ سَمْعًا ﴿١٠١﴾ اَفَحَسِبَ

'আইয়ুনুহুম্ ফী গিত্বোয়া — য়িন্ 'আন্ যিক্‌রী অকা-নূ লা- ইয়াস্‌তাত্বী 'উনা সাম্'আ-। ১০২। আফাহাসিবাল্

চক্ষু আমার আয়াতের প্রতি অন্ধ ছিল এবং তারা শুনতেও অক্ষম ছিল। (১০২) এর পরও কি কাফেররা মনে করে,

الَّذِیْنَ كَفَرُوْۤا اَنْ یَّتَّخِذُوْا عِبَادِیْ مِنْ دُوْنِیْۤ اَوْلِیَآءَ ؕ اِنَّاۤ اَعْتَدْنَا

লাযীনা কাফারূ ~ আইঁ ইয়্যাত্তাখিযূ 'ইবা-দী মিন্ দূনী ~ আওলিয়া — য়্; ইন্না ~ 'আতাদ্‌না-জ্বাহান্নামা

তারা আমাকে ছাড়া আমার বান্দাহকে বন্ধু রূপে গ্রহণ করবে? আমি তো কাফেরদের জন্য প্রস্তুত করে রেখেছি জাহান্নামকে

جَهَنَّمَ لِلْكٰفِرِیْنَ نُزُلًا ﴿١٠٢﴾ قُلْ هَلْ نُنَبِّئُكُمْ بِالْاَخْسَرِیْنَ اَعْمَالًا ﴿١٠٣﴾ اَلَّذِیْنَ ضَلَّ

লিল্ কা-ফিরীনা নুযুলা-।১০৩। কুল্ হাল্ নুনাব্বিয়ুকুম্ বিল্‌আখ্‌সারীনা 'আমা-লা-।১০৪। আল্লাযীনা দ্বোয়াল্লা

আপ্যায়নের জন্য। (১০৩) আপনি তাদেরকে বলুন; আমি কি তোমাদেরকে কর্মে ক্ষতিগ্রস্তদের খবর দিব? (১০৪) তারা ঐসব

سَعْیُهُمْ فِی الْحَیٰوةِ الدُّنْیَا وَهُمْ یَحْسَبُوْنَ اَنَّهُمْ یُحْسِنُوْنَ صُنْعًا ﴿١٠٤﴾ اُولٰٓئِكَ

সা'ইয়ুহুম্ ফীল্ হা-ইয়া-তিদ্ দুন্‌ইয়া-অ হুম্ ইয়াহ্‌সাবূনা আন্নাহুম্ ইয়ুহ্‌সিনূনা ছুন্'আ-। ১০৫। উলা — য়িকাল

লোক যাদের সকল প্রচেষ্টা পার্থিব জীবনেই ব্যর্থ হয়েছে, অথচ তারা মনে করে তারা ভাল কাজ করছে। (১০৫) তারা এমন লোক

১১ ع ১৯ ২ রুকু

الَّذِينَ كَفَرُوا بِآيَاتِ رَبِّهِمْ وَلِقَائِهِ فَحَبِطَتْ أَعْمَالُهُمْ فَلَا نُقِيمُ لَهُمْ

লাযীনা কাফারূ বিআ-ইয়া-তি রব্বিহিম্ অলিক্ব—য়িহী ফাহাবিত্বোয়াত্ আ'মা-লুহুম্ ফালা-নুক্বীমু লাহুম্

যারা রবের নিদর্শনাবলী ও তার সঙ্গে সাক্ষাতকে অস্বীকার করেছে, ফলে তাদের যাবতীয় কর্ম নষ্ট হয়েছে। কেয়ামতের দিন তাদের

يَوْمَ الْقِيَامَةِ وَزْنًا ﴿١٠٦﴾ ذَٰلِكَ جَزَاؤُهُمْ جَهَنَّمُ بِمَا كَفَرُوا وَاتَّخَذُوا

ইয়াওমাল্ ক্বিয়া-মাতি অয্না-। ১০৬। যা-লিকা জ্বাযা—য়ুহুম্ জ্বাহান্নামু বিমা-কাফারূ অত্তাখাযূ ~

আমলের জন্য কোন ওযনই প্রতিষ্ঠা করব না।(১০৬) এ জাহান্নামই হবে তাদের প্রাপ্য। কেননা, তারা কুফ্রী করেছিল, এবং তারা

آيَاتِي وَرُسُلِي هُزُوًا ﴿١٠٧﴾ إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ كَانَتْ

আ-ইয়া-তী অরুসুলী হুযুওয়া-। ১০৭। ইন্নাল্লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া-লিহা-তি কা-নাত্

আমার আয়াতসমূহ ও রাসূলদেরকে উপহাসের বিষয় হিসেবে গ্রহণ করেছে। (১০৭) নিশ্চয় মু'মিন ও সৎকর্মশীলদের আতিথেয়তার

لَهُمْ جَنَّاتُ الْفِرْدَوْسِ نُزُلًا ﴿١٠٨﴾ خَالِدِينَ فِيهَا لَا يَبْغُونَ عَنْهَا حِوَلًا ۞

লাহুম্ জ্বান্নাতুল্ ফিরদাউসি নুযুলা-। ১০৮। খা-লিদীনা ফীহা-লা-ইয়াব্গূনা 'আন্হা-হিওয়ালা-।

জন্য রয়েছে জান্নাতুল ফেরদাউস। (১০৮) তারা সেখানে চীরদিন থাকবে, সেখান থেকে তারা স্থানান্তর কামনা করবে না।

﴿١٠٩﴾ قُلْ لَوْ كَانَ الْبَحْرُ مِدَادًا لِكَلِمَاتِ رَبِّي لَنَفِدَ الْبَحْرُ قَبْلَ أَنْ تَنْفَدَ

১০৯। ক্বুল্ লাও কা-নাল্ বাহ্রু মিদা-দাল্ লিকালিমাতি রব্বী লানাফিদাল্ বাহ্রু ক্বাব্লা আন্ তান্ফাদা

(১০৯) আপনি বলুন, রবের কথা লিপিবদ্ধ করার জন্য যদি সমুদ্র কালি হয়, তবে নিঃসন্দেহে আমার রবের কথা শেষ হবার

كَلِمَاتُ رَبِّي وَلَوْ جِئْنَا بِمِثْلِهِ مَدَدًا ﴿١١٠﴾ قُلْ إِنَّمَا أَنَا بَشَرٌ مِثْلُكُمْ

কালিমা-তু রব্বী অলাও জ্বি''না-বিমিছ্লিহী মাদাদা-। ১১০। ক্বুল্ ইন্নামা ~ আনা-বাশারুম্ মিছ্লুকুম্

পূর্বেই সমুদ্র নিঃশেষ হয়ে যাবে। যদিও অনুরূপ আর একটি সমুদ্রও সাহায্যের জন্য আনয়ন করি। (১১০) বলুন, আমি তো

يُوحَىٰ إِلَيَّ أَنَّمَا إِلَٰهُكُمْ إِلَٰهٌ وَاحِدٌ ۖ فَمَنْ كَانَ يَرْجُو لِقَاءَ

ইয়ূহা ~ ইলাইয়্যা আন্নামা ~ ইলা-হুকুম্ ইলাহুঁও ওয়া- হিদুন্ ফামান্ কা-না ইয়ারজু লিক্ব—য়া

তোমাদের ন্যায়ই মানুষ, আমার কাছে অহী হয় যে, তোমাদের ইলাহ একমাত্র ইলাহ। অতএব যে ব্যক্তি সাক্ষাৎ লাভের আশা

رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا ۞

রব্বিহী ফাল্ইয়া'মাল্ 'আমালান্ ছোয়া-লিহাঁও অলা-ইয়ুশ্রিক্ বিই'বা-দাতি রব্বিহী ~ আহাদা-।

পোষন করে তার রবের, সে যেন সৎকার্য করতে থাকে এবং তার রবের ইবাদাতে কাকেও অংশীদার না বানায়।

১২ ع ৯ ৩ রুকু

আয়াত-১১০ ঃ টীকা-(১) এখানে শির্ক দ্বারা ছোট শির্ক তথা রিয়াকে বুঝানো হয়েছে। হযরত মাহ্মূদ ইবনে লবীদ (রাঃ) বলেন, মহানবী (ছঃ) বলেছেন ঃ আমি তোমাদের ব্যাপারে যে বিষয় সর্বাপেক্ষা বেশি আশংকাযুক্ত তা হল ছোট শির্ক। ছাহাবায়ে কেরাম নিবেদন করলেন ঃ ইয়া রাসূলুল্লাহ! ছোট শির্ক কিঃ তিনি বললেন ঃ রিয়া। রিয়ার কারণে নেক কাজের সাওয়াব হতে বঞ্চিত হতে হয়। কিয়ামতের দিন আল্লাহ তা'আলা যখন বান্দাহদের কাজ-কর্মের প্রতিদান দিবেন, তখন রিয়াকারীদের বলবেনঃ তোমরা তোমাদের কাজের প্রতিদান নেওয়ার জন্য তাদের কাছে যাও, যাদেরকে দেখানোর জন্য তোমরা কাজ করেছিলে। (মাঃ কোঃ)

সূরা মারইয়াম
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৯৮
রুকূ ঃ ৬

(১) كٓهٰيٰعٓصٓ (২) ذِكْرُ رَحْمَتِ رَبِّكَ عَبْدَهٗ زَكَرِيَّا (৩) إِذْ نَادٰى رَبَّهٗ نِدَآءً

১। কা — ফ্ হা-ইয়া-'আই — ন্ ছোয়া — দ্। ২। যিক্‌রু রহ্‌মাতি রব্বিকা 'আব্‌দাহূ যাকারিয়্যা-। ৩। ইয্ না-দা- রব্বাহূ নিদা — য়ান্

(১) কাফ, হা, ইয়া, 'আইন, ছোয়াদ্। (২) স্বীয় বান্দাহ যাকারিয়ার প্রতি রবের অনুগ্রহের বর্ণনা। (৩) যখন তিনি তাঁর

خَفِيًّا (৪) قَالَ رَبِّ إِنِّيْ وَهَنَ الْعَظْمُ مِنِّيْ وَاشْتَعَلَ الرَّأْسُ شَيْبًا وَّلَمْ

খফিয়্যা-।৪। ক্বা-লা রব্বি ইন্নী অহানাল্ 'আজ্‌মু মিন্নী অশ্‌তা'আলার্ রা''সু শাইবাঁও অলাম্

রবকে গোপনে আহ্বান করেছিল। (৪) তখন সে বলল, হে আমার রব। আমার হাড় দুর্ব্বল, বার্ধক্যের দরুণ মাথার চুল উজ্জ্বল হয়েছে;

أَكُنْ بِدُعَآئِكَ رَبِّ شَقِيًّا (৫) وَإِنِّيْ خِفْتُ الْمَوَالِيَ مِنْ وَّرَآءِيْ وَكَانَتِ

আকুম্ বিদু'আ — য়িকা রব্বি শাক্বিয়্যা-। ৫। অইন্নী খিফ্‌তুল্ মাওয়া-লিয়া মিঁও অর — য়ী অকা-নাতিম্

হে আমার রব! তোমাকে ডেকে কখনও আমি বঞ্চিত হইনি। (৫) আর আমার পরবর্তী বংশীয়দের ব্যাপারে আমি ভয় করছি

امْرَاَتِيْ عَاقِرًا فَهَبْ لِيْ مِنْ لَّدُنْكَ وَلِيًّا (৬) يَّرِثُنِيْ وَيَرِثُ مِنْ اٰلِ

রায়াতী 'আ-ক্বিরন্ ফাহাব্‌লী মিল্লাদুন্‌কা অলিয়্যা-। ৬। ইয়ারিছুনী অইয়ারিছু মিন্ আ-লি

এবং আমার স্ত্রীও বন্ধ্যা, তোমার নিকট থেকে আমাকে একজন উত্তরাধিকারী দাও। (৬) যে উত্তরাধিকারী হবে আমার

يَعْقُوْبَ وَاجْعَلْهُ رَبِّ رَضِيًّا (৭) يٰزَكَرِيَّآ إِنَّا نُبَشِّرُكَ بِغُلٰمِ ۨاسْمُهٗ يَحْيٰى لَمْ

ইয়া'কূ্‌বা-অজ্‌ 'আল্‌হু রব্বি রদ্বিয়্যা-। ৭। ইয়া-যাকারিয়্যা ~ ইন্না-নুবাশ্‌শিরুকা বিগুলা-মিনিস্‌মুহূ ইয়াহ্‌ইয়া-লাম্

ও ইয়াকূব বংশের এবং হে আমার রব! তাকে সন্তোষভাজন কর। (৭) হে যাকারিয়া! তোমাকে ইয়াহ্‌ইয়া নামের পুত্রের

نَجْعَلْ لَّهٗ مِنْ قَبْلُ سَمِيًّا (৮) قَالَ رَبِّ أَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّكَانَتِ امْرَاَتِيْ

নাজ্‌ 'আল্‌লাহূ মিন্ ক্বব্‌লু সামিয়্যা-। ৮। ক্বা-লা রব্বি আন্না-ইয়াকূনুলী গুলামুঁও অ কা-নাতিম্ রায়াতী

সুসংবাদ দিতেছি, তার নাম হবে ইয়াহ্‌ইয়া, পূর্বে এ নাম কারও রাখিনি। (৮) বলল, হে আমার রব! কিভাবে আমার পুত্র হবে?

عَاقِرًا وَّقَدْ بَلَغْتُ مِنَ الْكِبَرِ عِتِيًّا (৯) قَالَ كَذٰلِكَ قَالَ رَبُّكَ هُوَ عَلَيَّ هَيِّنٌ

'আ-ক্বিরঁও অক্বদ্ বালাগ্‌তু মিনাল্ কিবারি ই''তিয়্যা-।৯। ক্বা-লা কাযা-লিকা ক্বা-লা রাব্বুকা হুঅ 'আলাইয়্যা হাইয়িনুঁও

আমার স্ত্রী তো বন্ধ্যা, আর আমি চূড়ান্ত বৃদ্ধ। (৯) বললেন, এভাবেই। তোমার রব বলেন, এটা আমার জন্য সহজ। ইতোপূর্বে

আমানত ও ওয়াদা রক্ষা করে, (৯) আর যারা নিজেদের নামাযে যত্নবান, (১০) তারাই উত্তরাধিকার লাভ

هُمُ الْوٰرِثُوْنَ (১০) الَّذِيْنَ يَرِثُوْنَ الْفِرْدَوْسَ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ (১১) وَلَقَدْ خَلَقْنَا

হুমুল্ ওয়া-রিছূন্। ১১। আল্লাযীনা ইয়ারিছূনাল্ ফির্‌দাউস্‌া হুম্ ফীহা-খ-লিদূন্। ১২। অলাক্বদ্ খলাক্ব্‌নাল্
করবে,(১১) তার (জান্নাতুল্) ফিরদাউসের অধিকারী হবে, তাতে তারা সেখানে চিরকাল অবস্থান করবে (১২) আর আমি তো

الْاِنْسَانَ مِنْ سُلٰلَةٍ مِّنْ طِيْنٍ (১২) ثُمَّ جَعَلْنٰهُ نُطْفَةً فِيْ قَرَارٍ مَّكِيْنٍ (১৩) ثُمَّ خَلَقْنَا

ইন্‌সা-না মিন্ সুলা-লাতিম্ মিন্ ত্বীন্। ১৩। ছুম্মা জা'আল্‌না- হু নুত্ব্‌ফাতান্ ফী ক্বর-রিম্ মাকীন্। ১৪। ছুম্মা খলাক্ব্‌নান্
মানুষকে মাটির সার হতে সৃষ্টি করেছি, (১৩) পরে তা শুক্রবিন্দুরূপে নিরাপদ স্থানে রাখি, (১৪) পরে শুক্রবিন্দুকে

ওয়াক্‌ফে লাযেম

আয়াত-১ ঃ আলোচ্য 'সূরা মু'মিনুন' এর প্রথমে মু'মিনের যে সাতটি গুণের কথা উল্লেখ করা হয়েছে, তা হল– (এক) বিনয়, নম্রতা ও একাগ্রতার সাথে নামায আদায় করা। (দুই) বেহুদা বিষয়াদি হতে বিরত থাকা। (তিন) যাকাত আদায় করা। (চার) যৌনাঙ্গকে হেফাযত করা। তারা স্ত্রী ও শরীয়ত সম্মত দাসী ছাড়া অন্য কোন নারীর মাধ্যমে কামনা-বাসনা চরিতার্থ করে না। (পাঁচ) আমানত প্রত্যার্পণ করা। এতে এমন প্রত্যেকটি বিষয় অন্তর্ভুক্ত, যার দায়িত্ব কোন্ ব্যক্তি বহন করে এবং সে বিষয়ে কোন্ ব্যক্তির উপর আস্থা স্থাপন করা হয়। (ছয়) অঙ্গীকার পূর্ণ করা। এখানে অঙ্গীকার দ্বারা দ্বিপাক্ষিক চুক্তি ও এক তরফা প্রতিশ্রুতি দুটিকেই বুঝানো হয়েছে। (সাত) নামাযে যত্নবান হওয়া। উল্লেখিত গুণে গুণান্বিত লোকদেরকে এ আয়াতে জান্নাতুল ফেরদাউসের অধিকারী বলা হয়েছে। (মাঃ কোঃ)

النُّطْفَةَ عَلَقَةً فَخَلَقْنَا الْعَلَقَةَ مُضْغَةً فَخَلَقْنَا الْمُضْغَةَ عِظٰمًا فَكَسَوْنَا الْعِظٰمَ

নুত্ব্ফাতা 'আলাক্বতান্ ফাখলাক্ব্ নাল্ 'আলাক্বতা মুদ্বগতান্ ফাখলাক্ব্ নাল্ মুদ্বগতা 'ইজোয়া- মান্ ফাকাসাওনাল্ 'ইজোয়া-মা
জমাট বাঁধা রক্তে পরিণত করি, তারপর ওই জমাট বাঁধা রক্তকে মাংস পিণ্ডে পরিণত করি, ওই মাংস পিণ্ডকে অস্থিতে, পরে অস্থিকে

لَحْمًا ثُمَّ أَنْشَأْنٰهُ خَلْقًا اٰخَرَ ۚ فَتَبٰرَكَ اللّٰهُ أَحْسَنُ الْخٰلِقِينَ ﴿١٥﴾ ثُمَّ إِنَّكُمْ بَعْدَ

লাহ্মান্ ছুম্মা আন্শা''না-হু খল্ক্বন্ আ-খর; ফাতাবা-রকাল্লা-হু আহ্সানুল্ খ-লিক্বীন্। ১৫। ছুম্মা ইন্নাকুম্ বা'দা
গোশ্ত দ্বারা ঢেকে দিয়েছি, তারপর তাকে গড়ে তুলি স্বতন্ত্র সৃষ্টি। মহান আল্লাহ যিনি উত্তম স্রষ্টা। (১৫) তারপর অবশ্যই

ذٰلِكَ لَمَيِّتُونَ ﴿١٦﴾ ثُمَّ إِنَّكُمْ يَوْمَ الْقِيٰمَةِ تُبْعَثُونَ ﴿١٧﴾ وَلَقَدْ خَلَقْنَا فَوْقَكُمْ

যা-লিকা লামাইয়্যিতূন্। ১৬। ছুম্মা ইন্নাকুম্ ইয়াওমাল্ ক্বিয়া-মাতি তুব্'আছূ ন্। ১৭। অ লাক্বদ্ খলাক্ব্ না-ফাওক্বকুম্
তোমাদের মৃত্যু হবে, (১৬) পরে তোমরা কিয়ামতের দিন নিশ্চয়ই পুনরুত্থিত হবে, (১৭) আর আমি তো তোমাদের ওপরে

سَبْعَ طَرَآئِقَ ۖ وَمَا كُنَّا عَنِ الْخَلْقِ غٰفِلِينَ ﴿١٨﴾ وَأَنْزَلْنَا مِنَ السَّمَآءِ مَآءً بِقَدَرٍ

সাব্'আ ত্বোয়া — রইকা-অমা-কুন্না- 'আনিল্ খল্ক্বি গফিলীন্। ১৮। অ আন্যালনা- মিনাস্ সামা — য়ি মা — য়াম্ বিক্বদারিন্
সপ্তম স্তর সৃষ্টি করেছি, আর আমি সৃষ্টি সম্পর্কে গাফিল নই। (১৮) আর আমি আকাশ হতে পরিমিত বৃষ্টি বর্ষণ করে থাকি,

فَأَسْكَنّٰهُ فِى الْأَرْضِ ۖ وَإِنَّا عَلٰى ذَهَابٍ بِهِۦ لَقٰدِرُونَ ﴿١٩﴾ فَأَنْشَأْنَا لَكُمْ

ফাআস্কান্না-হু ফিল্ আরদ্বি অইন্না-আলা যাহা- বিম্ বিহী লাক্ব-দিরূন্। ১৯। ফাআন্শা''না লাকুম্
অতঃপর আমি তা যমীনে সংরক্ষণ করি, এবং আমি তার বিলুপ্তি ঘটাতেও সক্ষম। (১৯) অতঃপর তা দ্বারা তোমাদের জন্য

بِهِۦ جَنّٰتٍ مِّنْ نَّخِيلٍ وَأَعْنٰبٍ لَّكُمْ فِيهَا فَوٰكِهُ كَثِيرَةٌ وَمِنْهَا تَأْكُلُونَ

বিহী জান্না-তিম্ মিন্ নাখীলিওঁ অ আ'নাব্। লাকুম্ ফীহা-ফাওয়া-কিহু কাছীরাতুওঁ অমিন্হা-তা''কুলূন্।
আমি খেজুর ও আংগুর বাগান সৃষ্টি করি, তাতে তোমাদের জন্য রয়েছে অনেক ফল, তা-হতে তোমরা আহার করে থাক।

﴿٢٠﴾ وَشَجَرَةً تَخْرُجُ مِنْ طُورِ سَيْنَآءَ تَنْۢبُتُ بِالدُّهْنِ وَصِبْغٍ لِّلْاٰكِلِينَ ﴿٢١﴾ وَ

২০। অ শাজ্বারাতান্ তাখ্রুজু মিন্ ত্বূরি সাইনা — য়া তাম্বুতু বিদ্দুহ্নি অ ছিব্গিল্লিল্ আ-কিলীন্। ২১। অ
(২০) আর এক বৃক্ষ, যা 'সীনা' পাহাড়ে জন্মায়, যারা আহার করে তাদের জন্য তেল ও আহার্য দেয়, (২১) আর নিশ্চয়ই

إِنَّ لَكُمْ فِى الْأَنْعٰمِ لَعِبْرَةً ۖ نُّسْقِيكُمْ مِّمَّا فِى بُطُونِهَا وَلَكُمْ فِيهَا مَنٰفِعُ

ইন্না লাকুম্ ফিল্ আন্'আ-মি লা'ইব্রহ্; নুস্ক্বীকুম্ মিম্মা-ফী বুত্বূনিহা-অলাকুম্ ফীহা-মানা-ফি'উ
চতুষ্পদ জন্তুতে তোমাদের শিক্ষণীয় আছে। তাদের উদর হতে তোমাদেরকে পান করাই, তাতে তোমাদের জন্য রয়েছে

كَثِيرَةٌ وَمِنْهَا تَأْكُلُونَ ﴿٢٢﴾ وَعَلَيْهَا وَعَلَى الْفُلْكِ تُحْمَلُونَ ﴿٢٣﴾ وَلَقَدْ

কাছীরাতুঁও অ মিন্হা- তা''কুলূন্। ২২। অ 'আলাইহা-অ'আলাল্ ফুল্কি তুহ্মালূন্। ২৩। অ লাক্বদ্
প্রচুর উপকারিতা, তা হতে খাও, (২২) তাতে ও নৌযানে আরোহণ করে চলাফেরা করে থাক। (২৩) নূহকে তার

ওয়াক্ফে গোফরান

১ ع ২২ ১ রুকু

أَرْسَلْنَا نُوحًا إِلَىٰ قَوْمِهِۦ فَقَالَ يَٰقَوْمِ ٱعْبُدُوا۟ ٱللَّهَ مَا لَكُم مِّنْ إِلَٰهٍ غَيْرُهُۥٓ ۚ أَفَلَا

আর্সাল্না- নূহান্ ইলা-ক্বওমিহী ফাক্ব-লা ইয়া-ক্বওমি' বুদু ল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন্ গইরুহ্; আফালা-
কওমের প্রতি প্রেরণ করেছি; সে বলল, হে আমার কওম! আল্লাহর ইবাদত কর, তিনি ছাড়া তোমাদের আর কোন ইলাহ নেই,

تَتَّقُونَ ﴿٢٤﴾ فَقَالَ ٱلْمَلَؤُا۟ ٱلَّذِينَ كَفَرُوا۟ مِن قَوْمِهِۦ مَا هَٰذَآ إِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ

তাত্তাক্বূ-ন্। ২৪। ফাক্বা-লাল্ মালায়ুল্লাযীনা কাফারূ মিন্ ক্বাওমিহী মা-হাযা ~ ইল্লা-বাশারুম্ মিছ্লুকুম্
তোমরা কি ভয় করবে না ? (২৪) তার সম্প্রদায়ের কাফের প্রধানরা বলল, এ তো তোমাদের মতই মানুষ, সে তোমাদের

يُرِيدُ أَن يَتَفَضَّلَ عَلَيْكُمْ ۚ وَلَوْ شَآءَ ٱللَّهُ لَأَنزَلَ مَلَٰٓئِكَةً ۚ مَّا سَمِعْنَا بِهَٰذَا

ইয়্যুরীদু আই ইয়াতাফাদ্দোয়ালা 'আলাইকুম্ অলাও শা — য়াল্লা-হু লাআন্‌যালা মালা — য়িকাতাম্ মা- সামি'না বিহা-যা-
ওপর শ্রেষ্ঠত্ব লাভ করতে চায়, আল্লাহ যদি রাসূল প্রেরণ করতে চাইতেন, তবে ফেরেশ্‌তাই প্রেরণ করতেন, এরূপ কথা পূর্ব-

فِىٓ ءَابَآئِنَا ٱلْأَوَّلِينَ ﴿٢٥﴾ إِنْ هُوَ إِلَّا رَجُلٌۢ بِهِۦ جِنَّةٌ فَتَرَبَّصُوا۟ بِهِۦ حَتَّىٰ حِينٍ ۞

ফী ~ আ-বা — য়িনাল্ আউয়ালীন্। ২৫। ইন্ হুঅ ইল্লা-রাজুলুম্ বিহী জিন্নাতুন্ ফাতারব্বাছূ বিহী হাত্তা-হীন্।
পুরুষদের মধ্যে শুনিনি। (২৫) নিশ্চয়ই এ লোকটির মধ্যে উন্মত্ততা আছে, সুতরাং এর ব্যাপারে তোমরা কিছুকাল অপেক্ষা কর।

﴿٢٦﴾ قَالَ رَبِّ ٱنصُرْنِى بِمَا كَذَّبُونِ ﴿٢٧﴾ فَأَوْحَيْنَآ إِلَيْهِ أَنِ ٱصْنَعِ ٱلْفُلْكَ

২৬। ক্ব-লা রব্বিন্ ছুরনী বিমা-কায্‌যাবূন্। ২৭। ফাআওহাইনা ~ ইলাইহি আনিছ্ না'ঈল্ ফুল্‌কা
(২৬) বলল, হে আমার রব! সাহায্য করুন এরা আমাকে মিথ্যাবাদী বলে।(২৭) তাকে অহী দিলাম, আমার সামনে এবং

بِأَعْيُنِنَا وَوَحْيِنَا فَإِذَا جَآءَ أَمْرُنَا وَفَارَ ٱلتَّنُّورُ ۙ فَٱسْلُكْ فِيهَا مِن كُلٍّ زَوْجَيْنِ

বি-আ'ইয়ুনিনা-অ ওয়াহ্‌য়িয়েনা- ফাইযা-জ্বা — য়া আম্‌রুনা-অফা-রত্তান্ নূরু ফাস্‌লুক্ ফীহা-মিন্ কুল্লিন্ যাওজ্বাইনিছ্
নির্দেশে নৌকা তৈরি কর, যখন নির্দেশ আসবে, উনুন উথলিয়ে উঠতে থাকবে, তখন নৌকায় তুলে নেবে একজোড়া করে

ٱثْنَيْنِ وَأَهْلَكَ إِلَّا مَن سَبَقَ عَلَيْهِ ٱلْقَوْلُ مِنْهُمْ ۖ وَلَا تُخَٰطِبْنِى فِى ٱلَّذِينَ

নাইনি অ আহ্‌লাকা ইল্লা-মান্ সাবাক্ব 'আলাইহিল্ ক্বওলু মিন্‌হুম্ অলা-তুখা-ত্বিব্‌নী ফিল্লাযীনা
প্রত্যেক প্রাণীর আর তোমার পরিবার; তবে পূর্বে যার ব্যাপারে সিদ্ধান্ত আছে সে নয়, আর তুমি জালিমদের ব্যাপারে আমাকে

ظَلَمُوٓا۟ ۖ إِنَّهُم مُّغْرَقُونَ ﴿٢٨﴾ فَإِذَا ٱسْتَوَيْتَ أَنتَ وَمَن مَّعَكَ عَلَى ٱلْفُلْكِ فَقُلِ

জোয়ালামূ ইন্নাহুম্ মুগ্‌রাক্বূ-ন্। ২৮। ফাইযাস্ তাওয়াইতা আন্‌তা অমাম্ মা'আকা 'আলাল্ ফুল্‌কি ফাক্বুলিল্
বলো না, তারা ডুববে। (২৮) যখন তুমি তোমার সাথীদের নিয়ে নৌকায় উঠবে, তখন বলবে সকল প্রশংসা তো আল্লাহর, যিনি

আয়াত-২৭ ঃ অর্থাৎ চুল্লী যা রুটি পাকানোর জন্যে বানানো হয়। এই অর্থই প্রসিদ্ধ ও সর্বজনস্বীকৃত। এর অপর অর্থ ভূ-পৃষ্ঠ বা চুল্লী। যা কুফার মসজিদের বা সিরিয়ার কোন এক স্থানে ছিল। (মাঃ কোঃ) আয়াত-২৮ ঃ আল্লাহর নবীরা তিন স্তরে বিভক্ত। প্রথম স্তর হযরত আদম (আঃ) হতে হযরত নূহ (আঃ) পর্যন্ত। দ্বিতীয় স্তর হযরত নূহ (আঃ) হতে হযরত মূসা (আঃ) পর্যন্ত এবং তৃতীয় স্তর হযরত মূসা (আঃ) হতে নবী করীম (ছঃ) পর্যন্ত। প্রথম স্তরের জন্য হালাল-হারাম সম্বন্ধে কোন শরীয়ত ছিল না। কেবল কতিপয় দোয়া কালাম এবং কিছু নিয়ম পালন করতে হত। দ্বিতীয় স্তরের জন্য হালাল-হারাম ও ইবাদতের জন্য শরীয়ত নির্ধারিত হয়। তাদের প্রতি জেহাদের নির্দেশ ছিল না। বরং বিরোধিতা চরমে পৌঁছলে ধ্বংস করা হত। অতঃপর হযরত মূসা (আঃ)-এর প্রতি জেহাদের হুকুম আসে এবং ব্যাপক ধ্বংসের নির্দেশ রহিত হয়ে যায়। (ইবঃ জাঃ, তাবারী)

الْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ نَجّٰنَا مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝٢٩ وَقُلْ رَّبِّ اَنْزِلْنِىْ مُنْزَلًا

হাম্‌দু লিল্লা-হিল্লাযী নাজ্জানা-মিনাল্ ক্বওমিজ্ জোয়া-লিমীন্। ২৯। অক্বু‌র্ রব্বি আন্‌যিল্‌নী মুন্‌যালাম্
জালিম সম্প্রদায় থেকেও উদ্ধার করলেন। (২৯) এবং বল আমাকে, হে আমার রব! আমাকে কল্যাণকরভাবে অবতরণ করাও।

مُّبٰرَكًا وَّاَنْتَ خَيْرُ الْمُنْزِلِيْنَ ۝٣٠ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ وَّاِنْ كُنَّا لَمُبْتَلِيْنَ ۝

মুবা-রকাঁও অআন্‌তা খইরুল মুন্‌যিলীন্। ৩০। ইন্না ফী যা-লিকা লা আ-ইয়া-তিঁও অইন্ কুন্না- লামুব্‌তালীন্।
আর তুমিই সর্বোত্তম অবতরণকারী। (৩০) নিশ্চয়ই এতে তোমাদের জন্য নিদর্শন আছে, আর আমি পরীক্ষা করে থাকি।

۝٣١ ثُمَّ اَنْشَاْنَا مِنْۢ بَعْدِهِمْ قَرْنًا اٰخَرِيْنَ ۝٣٢ فَاَرْسَلْنَا فِيْهِمْ رَسُوْلًا مِّنْهُمْ اَنِ

৩১। ছুম্মা আন্‌শা''না-মিম্ বা'দিহিম ক্বরনান্ আ-খরীন্। ৩২। ফাআর্‌সাল্‌না-ফীহিম্ রাসূ লাম্ মিন্‌হুম্ আনি'
(৩১) আর আমি তাদের পর অন্য জাতি সৃষ্টি করলাম। (৩২) তাদেরই মধ্য থেকে একজনকে রাসূল করেছি;(সে বলল)

اعْبُدُوا اللّٰهَ مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ۭ اَفَلَا تَتَّقُوْنَ ۝٣٣ وَقَالَ الْمَلَاُ مِنْ قَوْمِهِ

বুদু ল্লা-হা মা-লাকুম্ মিন্ ইলা-হিন্ গইরুহূ; আফালা- তাত্তাক্বূ‌ন্। ৩৩। অক্বা-লাল্ মালায়ু মিন্ ক্বওমিহিল্
তোমরা আল্লাহর ইবাদত কর, তিনি ছাড়া আর কোন ইলাহ্ নেই; তোমরা কি সাবধান হবে না? (৩৩) আর তার সম্প্রদায়ের

২ ১৫ ২ রুকু

الَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِلِقَاۗءِ الْاٰخِرَةِ وَاَتْرَفْنٰهُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۙ مَا

লাযীনা কাফারূ অ কায্‌যাবূ বিলিক্বা—য়িল্ আ-খিরতি অ আত্‌রফ্‌না-হুম্ ফীল্ হা-ইয়া-তি দ্দুন্‌ইয়া-মা-
কাফের, যারা পরকাল অস্বীকার করে তারা এবং দুনিয়ার জীবনে আমার দেয়া প্রচুর সম্পদের মালিক প্রধানরা বলল, এ-তো

هٰذَآ اِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ ۙ يَاْكُلُ مِمَّا تَاْكُلُوْنَ مِنْهُ وَيَشْرَبُ مِمَّا تَشْرَبُوْنَ ۝

হা-যা ~ ইল্লা-বাশারুম্ মিছ্‌লুকুম্ ইয়া''কুলু মিম্মা-তা''কুলূনা মিন্‌হু অইয়াশ্‌রাবু মিম্মা-তাশ্‌রাবূন্।
দেখছি তোমাদের মতই একজন মানুষ, তোমরা যা আহার কর এবং পান কর তাই সেও আহার করে এবং পান করে;

۝٣٤ وَلَئِنْ اَطَعْتُمْ بَشَرًا مِّثْلَكُمْ اِنَّكُمْ اِذًا لَّخٰسِرُوْنَ ۝٣٥ اَيَعِدُكُمْ اَنَّكُمْ

৩৪। অলায়িন্ আত্বোয়া'তুম্ বাশারম্ মিছ্‌লাকুম্ ইন্নাকুম্ ইযা ল্লাখা-সিরূন্। ৩৫। আ ইয়া'ঈদুকুম্ আন্নাকুম্
(৩৪) আর তোমরা যদি তোমাদের মত মানুষের আনুগত্য কর, তবে তোমরাই ক্ষতিগ্রস্ত হবে। (৩৫) সে কি এরূপ প্রতিশ্রুতি দেয়

اِذَا مِتُّمْ وَكُنْتُمْ تُرَابًا وَّعِظَامًا اَنَّكُمْ مُّخْرَجُوْنَ ۝٣٦ هَيْهَاتَ هَيْهَاتَ لِمَا

ইযা- মিত্তুম্ অকুন্‌তুম্ তুর-বাঁও অঈ'জোয়া-মান্ আন্নাকুম্ মুখ্‌রজূ‌ন্। ৩৬। হাইহা-তা হাইহা-তা লিমা-
যে, তোমরা যদি মরে মাটি ও অস্থি হও তবুও কি তোমরা পুনরুত্থিত হবে? (৩৬) তোমাদেরকে দেয় তারা প্রতিশ্রুত বিষয়টি

تُوْعَدُوْنَ ۝٣٧ اِنْ هِىَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا نَحْنُ

তূ'আদূন্। ৩৭। ইন্ হিয়া ইল্লা-হাইয়া-তুনাদ্ দুন্‌ইয়া-নামূতু অ নাহ্‌ইয়া-অমা-নাহ্‌নু
সুদূরে পরাহত। (৩৭) কেবলমাত্র দুনিয়াবী জীবনই আমাদের একমাত্র জীবন, এখানেই আমরা মরি আর বাঁচি,

بِمَبْعُوثِينَ ﴿٣٨﴾ إِنْ هُوَ إِلَّا رَجُلٌ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا وَمَا نَحْنُ لَهُ بِمُؤْمِنِينَ

বিমাব্'উছীন্ । ৩৮ । ইন্ হুওয়া ইল্লারাজু-লু নিফ্তারা-'আলাল্ল-হি কাযিবাঁও অমা-নাহ্নু লাহূ বিমু'মিনীন্ ।
কখনও পুনরুত্থিত হব না । (৩৮) সে তো এমন ব্যক্তি যে আল্লাহর প্রতি মিথ্যা আরোপ করে, তাকে বিশ্বাস করব না ।

﴿٣٩﴾ قَالَ رَبِّ انْصُرْنِي بِمَا كَذَّبُونِ ﴿٤٠﴾ قَالَ عَمَّا قَلِيلٍ لَيُصْبِحُنَّ نَادِمِينَ

৩৯ । ক্ব-লা রব্বিন্ ছুরনী বিমা-কায্যাবূন্ । ৪০ । ক্ব-লা 'আম্মা -ক্বলীলিল্ লাইয়ুছবিহুন্না না-দিমীন্ ।
(৩৯) বলল, হে আমার রব! সাহায্য করুন, আমাকে মিথ্যাবাদী বলে । (৪০) বললেন, অচিরেই তারা অনুতপ্ত হবে ।

﴿٤١﴾ فَأَخَذَتْهُمُ الصَّيْحَةُ بِالْحَقِّ فَجَعَلْنَاهُمْ غُثَاءً فَبُعْدًا لِلْقَوْمِ الظَّالِمِينَ ﴿٤٢﴾ ثُمَّ

৪১ । ফাআখযাত্ হুমুছ্ ছোয়াইহাতু বিল্হাক্ব্ ক্বি ফাজ্বা'আল্না-হুম্ গুছা — য়ান্ ফাবু'দাল্লিল্ ক্বওমিজ্ জোয়া-লিমীন্ । ৪২ । ছুম্মা
(৪১) অতঃপর সত্যই বিকট শব্দ তাদেরকে পেল । তাদেরকে খড়কুটা করে দিলাম, জালিমরা দূর হয়েছে । (৪২) অতঃপর

أَنْشَأْنَا مِنْ بَعْدِهِمْ قُرُونًا آخَرِينَ ﴿٤٣﴾ مَا تَسْبِقُ مِنْ أُمَّةٍ أَجَلَهَا وَمَا يَسْتَأْخِرُونَ

আন্শা’’না-মিম্ বা'দিহিম্ ক্বুরূনান্ আ-খরীন্ । ৪৩ । মা-তাস্বিকু মিন্ উম্মাতিন্ আজ্বালাহা-অমা-ইয়াস্ তা’’খিরূন্ ।
তাদের পরে আমি বহু সম্প্রদায়কে সৃষ্টি করলাম । (৪৩) কোন সম্প্রদায়ই তাদের নির্দিষ্ট কালকে আগ-পর করতে পারে না ।

﴿٤٤﴾ ثُمَّ أَرْسَلْنَا رُسُلَنَا تَتْرَا كُلَّ مَا جَاءَ أُمَّةً رَسُولُهَا كَذَّبُوهُ فَأَتْبَعْنَا بَعْضَهُمْ بَعْضًا

৪৪ । ছুম্মা আর্সাল্না-রুসুলানা-তাত্র-; কুল্লামা- জ্বা — য়া উম্মাতার্ রসূলুহা-কায্যাবূহু ফাআত্বা'না-বা'দ্বোয়াহুম্ বা'দ্বোয়াঁও
(৪৪) অতঃপর আমি ধারাবাহিক রাসূল পাঠালাম; যখনই কোন উম্মতের নিকট রাসূল আসল, তাকে মিথ্যাবাদী বলল, আমি

وَجَعَلْنَاهُمْ أَحَادِيثَ فَبُعْدًا لِقَوْمٍ لَا يُؤْمِنُونَ ﴿٤٥﴾ ثُمَّ أَرْسَلْنَا مُوسَىٰ وَأَخَاهُ

অজ্বা'আল্না-হুম্ আহা-দীছা ফাবু'দাল্ লিক্বাওমিল্লা-ইয়ু’’মিনূন্ । ৪৫ । ছুম্মা আর্সাল্না-মূসা-অআখ-হু
একের পর এক ধ্বংস করেছি, তাদেরকে কাহিনী বানালাম, অবিশ্বাসীরা দূর হোক । (৪৫) আমি পাঠালাম মূসা ও তার

هَارُونَ بِآيَاتِنَا وَسُلْطَانٍ مُبِينٍ ﴿٤٦﴾ إِلَىٰ فِرْعَوْنَ وَمَلَئِهِ فَاسْتَكْبَرُوا وَكَانُوا

হা-রূনা বিআ-ইয়া-তিনা-অসুল্ত্বোয়া-নিম্ মুবীন্ । ৪৬ । ইলা-ফির্'আওনা অমালায়িহী ফাস্তাক্বারূ অকা-নূ
ভাই হারূনকে নিদর্শন ও প্রমাণসহ, (৪৬) ফেরাউন ও তার পরিষদবর্গের নিকট কিন্তু তারা অহংকার করল, তারা ছিল

قَوْمًا عَالِينَ ﴿٤٧﴾ فَقَالُوا أَنُؤْمِنُ لِبَشَرَيْنِ مِثْلِنَا وَقَوْمُهُمَا لَنَا عَابِدُونَ

ক্বওমান্ 'আ-লীন্ । ৪৭ । ফাক্ব-লূ ~ আনু’’মিনু লিবাশারইনি মিছ্লিনা-অক্বও মুহুমা-লানা 'আ-বিদূন্ ।
উদ্ধত সম্প্রদায় । (৪৭) তারা বলল, আমরা কি আমাদের মত দুজনকে বিশ্বাস করব? অথচ তাদের লোকেরা আমাদের দাস ।

আয়াত-৪৪ ঃ আর আয়াতে আল্লাহ তাআলা এরশাদ করছেন, হযরত নূহ, হুদ ও সালিহ এর পরে আমি মানুষের হেদায়েতের জন্য পর পর বহু রাসূল পাঠিয়েছিলাম; কিন্তু যখনই কোন কওমের নিকট রাসূল আগমন করতেন, তখনই তারা তার প্রতি মিথ্যারোপ করত এবং তার ফলে তারা সমূলে ধ্বংসপ্রাপ্ত হয়ে যেত। আমি বিভিন্ন কওমের প্রতি এজন্য পরপর রাসূল পাঠিয়েছিলাম যেন পূর্ববর্তী কাফের সম্প্রদায়সমূহের অবিশ্বাস, মিথ্যারোপ ও ধ্বংসপ্রাপ্তির ঘটনা শুনে তারা সংযত ও সতর্ক হতে পারে; কিন্তু কাফেরদের প্রকৃতিই অন্যরূপ। পূর্ববর্তী দৃষ্টান্তের দ্বারা তাদের কেউই সংযত বা সতর্ক হতে পারে নি। সুতরাং তাদের ধ্বংসপ্রাপ্তি ও দূরীভূত হওয়া একরূপ অনিবার্য। আমার প্রিয় রাসূলের প্রতি মিথ্যারোপ অথবা তার সাথে শত্রুতা পোষণ করলে তাদেরকে অবশ্যই বিনষ্ট ও ধ্বংসপ্রাপ্ত হতে হবে।

فَكَذَّبُوْهُمَا فَكَانُوْا مِنَ الْمُهْلَكِيْنَ ﴿٤٨﴾ وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ لَعَلَّهُمْ

৪৮। ফাকায্ যাবূ হুমা-ফাকা-নূ মিনাল্ মুহ্লাকীন্। ৪৯। অলাক্বদ্ আ-তাইনা-মূসাল্ কিতা-বা লা'আল্লাহুম্
(৪৮) অতঃপর তারা উভয়কে মিথ্যা বলল, ফলে তারা ধ্বংস হয়ে যায়। (৪৯) আর আমি তো মূসাকে কিতাব প্রদান করেছে,

يَهْتَدُوْنَ ﴿٤٩﴾ وَجَعَلْنَا ابْنَ مَرْيَمَ وَاُمَّهٗۤ اٰيَةً وَّاٰوَيْنٰهُمَاۤ اِلٰى رَبْوَةٍ ذَاتِ قَرَارٍ

ইয়াহ্তাদূন্। ৫০। অ জ্বা'আল্নাব্না মার্ইয়ামা অ উম্মাহূ ~ আ-ইয়াতাঁও অ আ-অইনা-হুমা ~ ইলা-রবওয়াতিন্ যা-তি ক্বর-রিঁও
যেন তারা সৎপথ প্রাপ্ত হয়।(৫০) আমি মরিয়ম-তনয় ও তার মাকে নিদর্শন করলাম এবং আমি তাদের উভয়কে আশ্রয় দিলাম

وَّمَعِيْنٍ ﴿٥٠﴾ يٰۤاَيُّهَا الرُّسُلُ كُلُوْا مِنَ الطَّيِّبٰتِ وَاعْمَلُوْا صَالِحًا ؕ اِنِّيْ بِمَا تَعْمَلُوْنَ

অ মা'ঈন্। ৫১। ইয়া ~ আইয়ুহার্ রুসুলু কুলূ মিনাত্ব্ ত্বোয়াইয়্যিবা-তি ওয়া'মালূ ছোয়া-লিহা-; ইন্নী বিমা-তা'মালূনা
নিরাপদ ও শস্যভূমিতে। (৫১) হে রাসূলগণ! তোমরা উত্তম বস্তু আহার কর, সৎকর্ম কর; আমি তোমাদের কর্ম সম্পর্কে

عَلِيْمٌ ﴿٥١﴾ وَاِنَّ هٰذِهٖۤ اُمَّتُكُمْ اُمَّةً وَّاحِدَةً وَّاَنَا رَبُّكُمْ فَاتَّقُوْنِ ﴿٥٢﴾ فَتَقَطَّعُوْۤا

'আলীম্। ৫২। অ ইন্না হা-যিহী ~ উম্মাতুকুম্ উম্মাতাঁও ওয়া-হিদাতাঁও অআনা রব্বুকুম্ ফাত্তাক্বূ ন্। ৫৩। ফাতাক্বত্ত্বোয়াউ'~
জানি।(৫২) আর তোমাদের এই যে উম্মত, তা তো একই উম্মত, আমি তোমাদের রব, সুতরাং আমাকে ভয় কর। (৫৩) তারা

اَمْرَهُمْ بَيْنَهُمْ زُبُرًا ؕ كُلُّ حِزْبٍۭ بِمَا لَدَيْهِمْ فَرِحُوْنَ ﴿٥٣﴾ فَذَرْهُمْ فِيْ غَمْرَتِهِمْ

আম্রহুম্ বাইনাহুম্ যুবুর–; কুল্লু হিয্বিম্ বিমা-লাদাইহিম্ ফারিহূন্। ৫৪। ফাযার্হুম্ ফী গম্রতিহিম্
নিজেদের মধ্যে কার্যকে ভাগ করেছে, প্রতেকেই স্ব-স্ব কর্মে তুষ্ট।(৫৪) অতএব তাদেরকে কিছু কাল পর্যন্ত বিভ্রান্তির মধ্যে থাকতে

حَتّٰى حِيْنٍ ﴿٥٤﴾ اَيَحْسَبُوْنَ اَنَّمَا نُمِدُّهُمْ بِهٖ مِنْ مَّالٍ وَّبَنِيْنَ ﴿٥٥﴾ نُسَارِعُ لَهُمْ فِى

হাত্তা- হীন্। ৫৫। আইয়াহ্সাবূনা আন্নামা-নুমিদ্দুহুম্ বিহী মিম্ মা-লিওঁ অবানীন্। ৫৬। নুসা-রিউ' লাহুম্ ফিল্
দাও। (৫৫) তারা কি মনে করে যে, আমি তাদেরকে যে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দান করি তা দিয়ে; (৫৬) তা দ্বারা তাদের

الْخَيْرٰتِ ؕ بَلْ لَّا يَشْعُرُوْنَ ﴿٥٦﴾ اِنَّ الَّذِيْنَ هُمْ مِّنْ خَشْيَةِ رَبِّهِمْ مُّشْفِقُوْنَ ۞

খইর-ত্; বাল্ লা-ইয়াশ্'উরূন্। ৫৭। ইন্নাল্লাযীনা হুম্ মিন্ খশ্ইয়াতি রব্বিহিম্ মুশ্ফিক্বূ ন্।
জন্য সকল প্রকার কল্যাণ তরান্বিত করি? না, তারা বুঝতেছে না। (৫৭) নিশ্চয়ই তারা তাদের রবের ভয়ে ভীত।

﴿٥٧﴾ وَالَّذِيْنَ هُمْ بِاٰيٰتِ رَبِّهِمْ يُؤْمِنُوْنَ ﴿٥٨﴾ وَالَّذِيْنَ هُمْ بِرَبِّهِمْ لَا

৫৮। অল্লাযীনা হুম্ বিআ-ইয়া-তি রব্বিহিম্ ইয়ু''মিনূন্। ৫৯। অল্লাযীনা হুম্ বিরব্বিহিম্ লা-
(৫৮) আর যারা তাদের রবের নিদর্শনসমূহের প্রতি ঈমান রাখে,(৫৯) আর তারা তাদের রবের সঙ্গে কাউকে শরীক

يُشْرِكُوْنَ ﴿٥٩﴾ وَالَّذِيْنَ يُؤْتُوْنَ مَاۤ اٰتَوْا وَّقُلُوْبُهُمْ وَجِلَةٌ اَنَّهُمْ اِلٰى رَبِّهِمْ

ইয়ুশ্রিকূন্। ৬০। অল্লাযীনা ইয়ু''তূনা মা ~ আ–তাও অক্বুলূবুহুম্ অজ্বিলাতুন্ আন্নাহুম্ ইলা-রব্বিহিম্
করে না, (৬০) আর যারা দান করে তারা ভীত মনে দান করার বস্তু দান করে, এজন্য যে, তাদেরকে তাদের রবের কাছে

রুকু ৩/১৮/৩

رٰجِعُوْنَ ﴿٦١﴾ اُولٰٓئِكَ يُسٰرِعُوْنَ فِي الْخَيْرٰتِ وَهُمْ لَهَا سٰبِقُوْنَ ﴿٦٢﴾ وَلَا نُكَلِّفُ

রা-জ্বি'উন্। ৬১। উলা — য়িকা ইয়ুসা-রি'ঊনা ফীল্ খইর-তি অহুম্ লাহা-সা-বিক্বূন্। ৬২। অলা-নুকাল্লিফু

প্রত্যাবর্তন করতে হবে।(৬১) তারা দ্রুত কল্যাণ কার্য সম্পাদন করে, এবং তারা তাতে অগ্রগামী।(৬২) আর আমি কাকেও তাদের

نَفْسًا اِلَّا وُسْعَهَا وَلَدَيْنَا كِتٰبٌ يَّنْطِقُ بِالْحَقِّ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٦٣﴾ بَلْ قُلُوْبُهُمْ

নাফ্সান্ ইল্লা-উস্'আহা-অ লাদাইনা-কিতা-বুঁই ইয়ান্ত্বিক্বু বিল্হাক্ব্ক্বি অহুম্ লা-ইয়ুজ্লামূন্। ৬৩। বাল্ ক্বুলূবুহুম্

সাধ্যাতীত দায়িত্ব প্রদান করি না, আমার কাছের গ্রন্থটি সত্য বলে, তারা বিন্দুমাত্রও মজলুম হবে না।(৬৩) না বরং এ বিষয়ে

فِيْ غَمْرَةٍ مِّنْ هٰذَا وَلَهُمْ اَعْمَالٌ مِّنْ دُوْنِ ذٰلِكَ هُمْ لَهَا عٰمِلُوْنَ ﴿٦٤﴾ حَتّٰٓى اِذَآ

ফী গম্রতিম্ মিন্ হা-যা-অলাহুম্ আ'মালুম্ মিন্ দূনি যা-লিকা হুম্ লাহা-'আ-মিলূন্। ৬৪। হাত্তা ~ ইযা~

তাদের মন অজ্ঞতার মধ্যে রয়েছে, এছাড়াও তাদের আরও নিন্দনীয় কাজ আছে, যা তারা করে। (৬৪) যখন আমি তাদের

اَخَذْنَا مُتْرَفِيْهِمْ بِالْعَذَابِ اِذَا هُمْ يَجْـَٔرُوْنَ ﴿٦٥﴾ لَا تَجْـَٔرُوا الْيَوْمَ ۖ اِنَّكُمْ

আখয্না-মুত্রফীহিম্ বিল্'আযা-বি ইযা-হুম্ ইয়াজ্ব্ য়ারূন্। ৬৫। লা- তাজ্ব্ য়ারুল্ ইয়াওমা ইন্নাকুম্

ধনীদেরকে শাস্তি দ্বারা পাকড়াও করি, তখনই তারা আর্তনাদ করে। (৬৫) আজ আর্তনাদ করো না, তোমরা আমার কোন

مِّنَّا لَا تُنْصَرُوْنَ ﴿٦٦﴾ قَدْ كَانَتْ اٰيٰتِيْ تُتْلٰى عَلَيْكُمْ فَكُنْتُمْ عَلٰٓى اَعْقَابِكُمْ تَنْكِصُوْنَ ۙ

মিন্না-লা-তুন্ছোয়ারূন্। ৬৬। ক্বদ্ কা-নাত্ আ-ইয়া-তী তুত্লা-'আলাইকুম্ ফাকুন্তুম্ 'আলা ~ আ'ক্ব-বিকুম্ তান্কিছূন্।

সাহায্য পাবে না। (৬৬) আমার আয়াত তোমাদের সামনে পাঠ করে শুনান হত, কিন্তু তোমরা পিছনে সরে যেতে।

﴿٦٧﴾ مُسْتَكْبِرِيْنَ ۖ بِهٖ سٰمِرًا تَهْجُرُوْنَ ﴿٦٨﴾ اَفَلَمْ يَدَّبَّرُوا الْقَوْلَ اَمْ جَآءَهُمْ مَّا لَمْ

৬৭। মুস্তাক্বিরীনা বিহী সা-মিরান্ তাহ্জুরূন্। ৬৮। আফালাম্ ইয়াদ্দাব্বারুল্ ক্বওলা আম্ জ্বা — য়াহুম্ মা-লাম্

(৬৭) দম্ভভরে, অর্থহীন কথার মাধ্যমে। (৬৮) তবে কি তারা কালাম সম্পর্কে চিন্তা করে না? নাকি তাদের কাছে তা

يَأْتِ اٰبَآءَهُمُ الْاَوَّلِيْنَ ﴿٦٩﴾ اَمْ لَمْ يَعْرِفُوْا رَسُوْلَهُمْ فَهُمْ لَهٗ مُنْكِرُوْنَ ﴿٧٠﴾ اَمْ

ইয়া'’তি আ-বা — য়াহুমুল্ আউওয়ালীন্। ৬৯। আম্ লাম্ ইয়া'রিফূ রসূলাহুম্ ফাহুম্ লাহূ মুন্কিরূন্। ৭০। আম্

এসেছে যা তাদের পূর্বপুরুষদের কাছে আসে নি? (৬৯) বা তারা কি তাদের রাসূলকে না চিনে অস্বীকার করে? (৭০) বা তারা

يَقُوْلُوْنَ بِهٖ جِنَّةٌ ۗ بَلْ جَآءَهُمْ بِالْحَقِّ وَاَكْثَرُهُمْ لِلْحَقِّ كٰرِهُوْنَ ﴿٧١﴾ وَلَوِ اتَّبَعَ

ইয়াক্বূলূনা বিহী জ্বিন্নাহ্; বাল্ জ্বা — য়া হুম্ বিল্হাক্ব্ক্বি অআক্ছারুহুম্ লিল্হাক্ব্ক্বি কা-রিহূন্। ৭১। অলা ওয়িত্তাবা'আল্

কি বলে, সে উন্মাদ? বরং সে তাদের কাছে সত্য নিয়ে এসেছে, তাদের অধিকাংশই সত্য অপছন্দকারী। (৭১) এবং যদি

আয়াত-৬৭ ঃ রাতে কিস্সা-কাহিনী বলার প্রথা আরব ও আ'যমে প্রচলিত ছিল। এতে বহু ক্ষতিকর দিক ছিল। রাসূলুল্লাহ (ছঃ) এই প্রথা মিটানোর জন্য এ'শার পূর্বে নিদ্রা যাওয়া এবং এ'শার পর অনর্থক কিস্সা-কাহিনী বলা নিষিদ্ধ করে দেন। কারণ এ'শার নামাযের সঙ্গে সঙ্গে মানুষের সেই দিনের কাজ-কর্মে সমাপ্তি ঘটে। এই নামায সারাদিনের গুনাহসমূহের কাফফারাও হতে পারে। এ'শার পর অনর্থক কিস্সা-কাহিনীতে লিপ্ত হলে প্রথমতঃ এতে পরনিন্দা, মিথ্যা এবং আরও বহু প্রকারের গুনাহ সংঘটিত হয়। দ্বিতীয়তঃ বিলম্বে নিদ্রা গেলে প্রত্যুষে জাগ্রত হওয়া সম্ভব হয় না। এ কারণেই হযরত ওমর (রাঃ) এ'শার পর কাউকে গল্প-গুজবে মত্ত দেখলে শাসিয়ে দিতেন এবং কতককে শাস্তিও দিতেন। তিনি বলতেন, শীঘ্র নিদ্রা যাও, শেষ রাতে তাহাজ্জুদ পড়ার তাওফীক হয়ে যাবে। (কুরতুবী, মাঃ কোঃ)

الْحَقُّ أَهْوَاءَهُمْ لَفَسَدَتِ السَّمٰوٰتُ وَالْأَرْضُ وَمَنْ فِيهِنَّ ۚ بَلْ أَتَيْنٰهُمْ

হাক্বক্বু আহ্ওয়া —য়াহুম্ লাফাসাদাতিস্ সামাওয়া-তু অল্ আরদ্বু অমান্ ফীহিন্; বাল্ আতাইনা-হুম্
সত্য তাদের প্রবৃত্তির অনুকরণ করত তবে আসমান-যমীন ও তাদের মধ্যস্থিত সব কিছু বিনষ্ট হত, বরং আমি তাদেরকে

بِذِكْرِهِمْ فَهُمْ عَنْ ذِكْرِهِمْ مُعْرِضُونَ ﴿٧٢﴾ أَمْ تَسْأَلُهُمْ خَرْجًا فَخَرَاجُ رَبِّكَ

বিযিক্‌রি হিম্ ফাহুম্ 'আন্ যিক্‌রি হিম্ মু'রিদ্বূন্। ৭২। আম্ তাস্‌য়ালুহুম্ খারজ্বান্ ফাখর-জু রব্বিকা
উপদেশ প্রদান করলাম, কিন্তু তারা উপদেশ গ্রহণে বিমুখ। (৭২) অথবা তুমি কি তাদের কাছে প্রতিদান চাও; তোমর রবের

خَيْرٌ ۖ وَهُوَ خَيْرُ الرّٰزِقِينَ ﴿٧٣﴾ وَإِنَّكَ لَتَدْعُوهُمْ إِلٰى صِرٰطٍ مُسْتَقِيمٍ ﴿٧٤﴾ وَإِنَّ

খাইরুঁও অ হুঅ খাইরুর্ র-যিক্বীন্। ৭৩। অ ইন্নাকা লাতাদ্‌'উহুম্ ইলা-সির-ত্বিম্ মুস্তাক্বীম্। ৭৪। অ ইন্নাল্
প্রতিদানই শ্রেষ্ঠ। আর তিনিই উত্তম রিযিক্ দাতা।(৭৩) আর নিশ্চয়ই তুমি তো তাদেরকে সরল পথের দিকে ডাকছে। (৭৪) আর

الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْأٰخِرَةِ عَنِ الصِّرٰطِ لَنٰكِبُونَ ﴿٧٥﴾ وَلَوْ رَحِمْنٰهُمْ وَ

লাযীনা লা-ইয়ু''মিনূনা বিল্‌আ-খিরতি 'আনিছ্ ছির-ত্বি লানাকিবূন্।৭৫। অলাও রহিম্‌না-হুম্ অ
যারা পরকালের প্রতি ঈমান রাখে না তারা তো সহজ সরল পথ থেকে বিচ্যুত হয়ে গেছে।(৭৫) আমি যদি দয়া করিও

كَشَفْنَا مَا بِهِمْ مِنْ ضُرٍّ لَلَجُّوا فِي طُغْيٰنِهِمْ يَعْمَهُونَ ﴿٧٦﴾ وَلَقَدْ أَخَذْنٰهُمْ

কাশাফ্‌না-মা-বিহিম্ মিন্ দ্বুর্‌রিল্লালাজ্জু ফী ত্বুগইয়া-নিহিম্ ইয়া'মাহূন্। ৭৬। অলাক্বদ্ আখয্‌না-হুম্
তাদের দুঃখ দূর করও, তবু তারা অবাধ্যতায় বিভ্রান্তের ন্যায় ঘুরতে থাকবে। (৭৬) আমি তো তাদেরকে শাস্তি

بِالْعَذَابِ فَمَا اسْتَكَانُوا لِرَبِّهِمْ وَمَا يَتَضَرَّعُونَ ﴿٧٧﴾ حَتّٰى إِذَا فَتَحْنَا عَلَيْهِمْ بَابًا

বিল্'আযা-বি ফামাস্ তাকা-নূ লিরব্বিহিম্ অমা-ইয়াতাদ্বোয়ার্‌রা'উন।৭৭।হাত্তা ~ ইযা- ফাতাহ্‌না-'আলাইহিম্ বা-বান্
দ্বারা পাকড়াও করলাম, কিন্তু তারা তাদের রবের জন্য বিনয়ী ও কাতর হল না। (৭৭) অবশেষে যখন কঠোর শাস্তির

৪ ع ২৭ ৪ রুকু

ذَا عَذَابٍ شَدِيدٍ إِذَا هُمْ فِيهِ مُبْلِسُونَ ﴿٧٨﴾ وَهُوَ الَّذِي أَنْشَأَ لَكُمُ السَّمْعَ وَ

যা-'আযা-বিন্ শাদীদিন্ ইযা-হুম্ ফীহি মুব্‌লিসূন্। ৭৮। অ হুওয়াল্লাযী আন্‌শায়ালাকুমুস্ সাম্'আ অল্
দরজা খুললাম, তখনই তারা হতাশ হল। (৭৮) আর তিনিই তোমাদের জন্য সৃষ্টি করেছেন কান, চোখ ও মন,

الْأَبْصٰرَ وَالْأَفْـِٔدَةَ ۚ قَلِيلًا مَا تَشْكُرُونَ ﴿٧٩﴾ وَهُوَ الَّذِي ذَرَأَكُمْ فِي الْأَرْضِ

আব্‌ছোয়া-রা অল্ আফ্‌য়িদাহ্; ক্বলীলাম্ মা-তাশ্‌কুরূন্। ৭৯। অ হুওয়াল্লাযী যারায়াকুম্ ফিল্ আর্‌দ্বি
তোমরা কমই কৃতজ্ঞতা প্রকাশ করে থাক। (৭৯) আর তিনিই তোমাদেরকে পৃথিবীতে ছড়িয়ে দিয়েছেন, তাঁরই কাছে

وَإِلَيْهِ تُحْشَرُونَ ﴿٨٠﴾ وَهُوَ الَّذِي يُحْيِي وَيُمِيتُ وَلَهُ اخْتِلَافُ الَّيْلِ وَالنَّهَارِ ۚ

অ ইলাইহি তুহ্‌শারূন্। ৮০। অহুওয়াল্লাযী ইয়ুহ্‌য়ী অইয়ুমীতু অলাহুখ্‌তিলা-ফুল্ লাইলি অন্নাহা-র্;
তোমাদেরকে প্রত্যাবর্তন করতে হবে। (৮০) তিনিই জীবন দান করেন ও মৃত্যু ঘটান, রাত ও দিনের আবর্তন তারই নিয়ন্ত্রণে,

www.eelm.weebly.com

أَفَلَا تَعْقِلُونَ ﴿٨١﴾ بَلْ قَالُوا مِثْلَ مَا قَالَ الْأَوَّلُونَ ﴿٨٢﴾ قَالُوا أَإِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا

আফালা-তা'ক্বিলূন্ । ৮১ । বাল্ ক্বা-লূ মিছ্‌লা মা-ক্বা-লাল্ আউওয়ালূন্ । ৮২ । ক্বা-লূ — আইযা-মিত্‌না-অকুন্না-তুর-বাঁও

তবুও কি তোমরা বুঝবে না? (৮১) বরং তারা সেরূপ কথাই বলে যেমন বলত তাদের পূর্ববর্তীরা । (৮২) তারা বলে, আমরা

وَعِظَامًا أَإِنَّا لَمَبْعُوثُونَ ﴿٨٣﴾ لَقَدْ وُعِدْنَا نَحْنُ وَآبَاؤُنَا هَٰذَا مِنْ قَبْلُ إِنْ

অ 'ইজোয়া-মান্ আইন্না-লামাব্'উছূন্ । ৮৩ । লাক্বদ্ উ'ইদ্‌না-নাহ্‌নু অ আ-বা — য়ুনা-হা-যা-মিন্ ক্ববলু ইন্

মরে মাটি ও অস্থি হলেও কি পুনরুত্থিত হব? (৮৩) এমন ওয়াদা আমাদেরকে এবং আমাদের পূর্বে পিতৃপুরুষদেরকেও দেয়া

هَٰذَا إِلَّا أَسَاطِيرُ الْأَوَّلِينَ ﴿٨٤﴾ قُلْ لِمَنِ الْأَرْضُ وَمَنْ فِيهَا إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ *

হা-যা ~ ইল্লা ~ আসা-ত্বীরুল্ আউওয়ালীন্ । ৮৪ । কুল্ লিমানিল্ আর্‌দ্বু অমান্ ফীহা ~ ইন্ কুন্‌তুম্ তা'লামূন্ ।

হয়েছে , এটা পূর্বেকার ইতিকথা । (৮৪) বলুন, এ পৃথিবী ও তার মধ্যস্থিত যা কিছু আছে তা কার যদি তোমরা জান?

﴿٨٥﴾ سَيَقُولُونَ لِلَّهِ ۚ قُلْ أَفَلَا تَذَكَّرُونَ ﴿٨٦﴾ قُلْ مَنْ رَبُّ السَّمَاوَاتِ السَّبْعِ

৮৫ । সাইয়াক্বূলূ না লিল্লা-হ্; ক্বুল্ আফালা-তাযাক্কারূন্ । ৮৬ । ক্বুল্ মার্ রব্বুস্ সামা-ওয়া-তিস্ সাব্'ঈ

(৮৫) তারা বলবে, আল্লাহর, আপনি বলুন,তবুও কি তোমরা শিক্ষা গ্রহণ করবে না? (৮৬) বলুন, কে মালিক সপ্তাকাশ

وَرَبُّ الْعَرْشِ الْعَظِيمِ ﴿٨٧﴾ سَيَقُولُونَ لِلَّهِ ۚ قُلْ أَفَلَا تَتَّقُونَ ﴿٨٨﴾ قُلْ مَنْ بِيَدِهِ

অ রব্বুল্ 'আর্‌শিল্ 'আজ্বীম্ । ৮৭ । সাইয়াক্বূলূনা লিল্লা-হ্; ক্বুল্ আফালা তাত্তাক্বূন্ । ৮৮ । ক্বুল্ মাম্ বিইয়াদিহী

ও মহাআরশের ? (৮৭) তারা বলবে, আল্লাহ, আপনি বলুন, তবুও কি তোমরা সাবধান হবে না? (৮৮) আপনি বলুন,

مَلَكُوتُ كُلِّ شَيْءٍ وَهُوَ يُجِيرُ وَلَا يُجَارُ عَلَيْهِ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٨٩﴾ سَيَقُولُونَ

মালাকূতু কুল্লি শাইয়িঁও অহুঅ ইয়ুজ্বীরু অলা-ইয়ুজ্বা-রু 'আলাইহি ইন্ কুন্‌তুম্ তা'লামূন্ । ৮৯ । সাইয়াক্বূলূনা

সকল বস্তুর কর্তৃত্ব কার হাতে, যিনি আশ্রয় দেন, যাঁর বিরুদ্ধে আশ্রয়দাতা নেই, যদি তোমরা জান? (৮৯) তারা বলবে,

لِلَّهِ ۚ قُلْ فَأَنَّىٰ تُسْحَرُونَ ﴿٩٠﴾ بَلْ أَتَيْنَاهُمْ بِالْحَقِّ وَإِنَّهُمْ لَكَاذِبُونَ ﴿٩١﴾ مَا

লিল্লা-হ্; ক্বুল্ ফাআন্না-তুস্‌হারূন্ । ৯০ । বাল্ আতাইনা-হুম্ বিল্‌হাক্ব্‌ক্বি অইন্নাহুম্ লাকা-যিবূন্ । ৯১ । মাত্

আল্লাহর । বলুন, তারপরও কিভাবে বিভ্রান্ত হচ্ছে? । (৯০) বরং আমি তাদেরকে সত্য দিয়েছি, তারাই মিথ্যুক । (৯১) আল্লাহ

اتَّخَذَ اللَّهُ مِنْ وَلَدٍ وَمَا كَانَ مَعَهُ مِنْ إِلَٰهٍ ۚ إِذًا لَذَهَبَ كُلُّ إِلَٰهٍ بِمَا خَلَقَ وَ

তাখযাল্লা-হু মিঁও অলাদিঁও অমা-কা-না মা'আহূ মিন্ ইলা-হিন্ ইযাল্লা যাহাবা কুল্লু ইলা-হিম্ বিমা-খলাক্ব অ

সন্তান নেন নি, তাঁর সঙ্গে অন্য কোন ইলাহ্ও নেই; যদি থাকতো, তবে প্রত্যেকেই স্ব-স্ব সৃষ্টি নিয়ে পৃথক হয়ে যেত, একে

আয়াত-৮৫ ঃ গভীরভাবে চিন্তা করলেই তো আল্লাহ্ তাআলার পুনর্জীবন দানের ক্ষমতা এবং তাঁর একত্ব এই উভয়ের প্রমাণ পাবে। (বঃ কোঃ) আয়াত-৮৮ ঃ আল্লাহ তাআলা যাকে ইচ্ছা আ'যাব, গযব, মসীবত হতে হেফাজত করেন এবং কারো সাধ্য নেই যে, তাঁর মোকাবেলায় কাউকে আশ্রয় দিয়ে তাঁর আযাব ও কষ্ট হতে বাঁচায় । দুনিয়ার দিক দিয়েও এ কথা সত্য যে, আল্লাহ তাআ'লা যার উপকার করতে চান, তাকে কেউ বাধা দিতে পারে না এবং যাকে কষ্ট ও আযাব দিতে চান, তা হতে কেউ তাকে রক্ষা করতে পারে না । পরকালের দিক দিয়েও এ বিষয় সত্য যে, যাকে তিনি আ'যাব প্রদান করবেন, তাকে কেউ রক্ষা করতে পারবে না এবং যাকে জান্নাত ও সুখ প্রদান করবেন তাকে কেউ ফেরাতে পারবে না । (মাঃ কোঃ কুরতুবী)

www.eelm.weebly.com

لَعَلَا بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ ؕ سُبْحٰنَ اللّٰهِ عَمَّا يَصِفُوْنَ ﴿٩٢﴾ عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ

লা'আলা-বা'দ্বু হুম্ 'আলা-বা'দ্ব; সুব্হা-না ল্লা-হি 'আম্মা-ইয়াছিফূন্। ৯২। 'আলিমিল্ গইবি অশ্‌শাহা-দাতি
অন্যের ওপর প্রাধান্য নিত। তাদের বক্তব্য হতে আল্লাহ পবিত্র। (৯২) তিনি জ্ঞানী দৃশ্য ও অদৃশ্যের বিষয় এবং তিনি তাদের

৫ ع ১৫ ৫ রুকু

فَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٩٣﴾ قُلْ رَّبِّ اِمَّا تُرِيَنِّيْ مَا يُوْعَدُوْنَ ﴿٩٤﴾ رَبِّ فَلَا تَجْعَلْنِيْ

ফাতা'আ-লা-'আম্মা-ইয়ুশ্‌রিকূন্। ৯৩। ক্বুর্ রব্বি ইম্মা-তুরিয়ান্নী মা-ইয়ূ'আদূ ন্। ৯৪। রব্বি ফালা-তাজ্‌'আল্‌নী
শিরক্ হতে বহু উর্ধ্বে। ৯৩। বলুন, হে আমার রব! তাদের সাথে প্রতিশ্রুত বিষয়টি আমাকে দেখান ; (৯৪) হে আমার রব!

فِى الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٩٥﴾ وَاِنَّا عَلٰٓى اَنْ نُّرِيَكَ مَا نَعِدُهُمْ لَقٰدِرُوْنَ ﴿٩٦﴾ اِدْفَعْ بِالَّتِىْ

ফিল্ ক্বওমিজ্ জোয়া-লিমীন্। ৯৫। অইন্না-'আলা ~ আন্ নুরিয়াকা মা -না'ঈদুহুম্ লাক্বা-দিরূন্। ৯৬। ইদ্‌ফা বিল্লাতী
আমাকে অত্যাচারি বানিও না। (৯৫) আর আমি প্রতিশ্রুত বিষয়টি দর্শন করাতে অবশ্যই সক্ষম। (৯৬) তাদের দুর্ব্যবহারের

هِىَ اَحْسَنُ السَّيِّئَةَ ؕ نَحْنُ اَعْلَمُ بِمَا يَصِفُوْنَ ﴿٩٧﴾ وَقُلْ رَّبِّ اَعُوْذُ بِكَ مِنْ

হিয়া আহ্‌সানুস্ সাইয়িয়াহ্; নাহ্‌নু আ'লামু বিমা-ইয়াছিফূন্। ৯৭। অক্বুর্ রব্বি আ'ঊযুবিকা মিন্
মুকাবিলা উত্তম ব্যবহার দ্বারা কর, তাদের কথা আমি অবশ্যই অবগত।(৯৭) আপনি বলুন, হে আমার রব! শয়তানের কুমন্ত্রণা হতে

هَمَزٰتِ الشَّيٰطِيْنِ ﴿٩٨﴾ وَاَعُوْذُ بِكَ رَبِّ اَنْ يَّحْضُرُوْنِ ﴿٩٩﴾ حَتّٰٓى اِذَا جَآءَ اَحَدَهُمُ

হামাযা -তিশ্ শাইয়া-ত্বীন্। ৯৮। অ আ'ঊ যুবিকা রব্বি আঁই ইয়াহ্‌দ্বুরূন্। ৯৯। হাত্তা ~ ইযা-জ্বা — য়া আহাদাহুমুল্
আমি তোমার আশ্রয় প্রার্থনা করি।(৯৮) হে রব! তাদের উপস্থিতি থেকে তোমার আশ্রয় চাই, (৯৯) অবশেষে যখন কারো মৃত্যু

الْمَوْتُ قَالَ رَبِّ ارْجِعُوْنِ ﴿١٠٠﴾ لَعَلِّىْٓ اَعْمَلُ صَالِحًا فِيْمَا تَرَكْتُ كَلَّا ؕ اِنَّهَا كَلِمَةٌ

মাওতু ক্বা-লা রব্বির্ জ্বি'ঊন্। ১০০। লা'আল্লী ~ আ'মালু ছোয়া-লিহান্ ফীমা-তারাক্‌তু কাল্লা-ইন্নাহা-কালিমাতুন্
হয় তখন বলে, হে আমার রব! আমাকে পুনরায় পাঠাও। (১০০) তা হলে আমি সৎকর্ম করব, যা করিনি। কখনোও নয়,

هُوَ قَآئِلُهَا ؕ وَمِنْ وَّرَآئِهِمْ بَرْزَخٌ اِلٰى يَوْمِ يُبْعَثُوْنَ ﴿١٠١﴾ فَاِذَا نُفِخَ فِى الصُّوْرِ

হুঅ ক্বা — য়িলুহা-; অ মিওঁ অর — য়িহিম্ বার্‌যাখুন্ ইলা-ইয়াওমি ইয়ুব্‌'আছূন্। ১০১। ফাইযা-নুফিখ ফিছ্ ছূরি
এটা তো তারই উক্তি। তাদের সামনে আলমে বরযখ, পুনরুত্থান দিবস পর্যন্ত। (১০১) অতঃপর যেদিন শিঙ্গায় ফু'দেয়া হবে

فَلَآ اَنْسَابَ بَيْنَهُمْ يَوْمَئِذٍ وَّلَا يَتَسَآءَلُوْنَ ﴿١٠٢﴾ فَمَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ فَاُولٰٓئِكَ

ফালা ~ আন্‌সা-বা বাইনাহুম্ ইয়াওমায়িযিঁও অলা-ইয়াতাসা — য়ালূন্। ১০২। ফামান্ ছাক্বুলাত্ মাওয়া-যীনুহূ ফাউলা — য়িকা
সে দিন, না আত্মীয়তা সম্পর্ক থাকবে, আর না কেউ কাউকে জিজ্ঞাসাবাদ করবে, (১০২) সেদিন যাদের পাল্লা ভারী হবে,

هُمُ الْمُفْلِحُوْنَ ﴿١٠٣﴾ وَمَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ فَاُولٰٓئِكَ الَّذِيْنَ خَسِرُوْٓا اَنْفُسَهُمْ

হুমুল্ মুফ্‌লিহূন্। ১০৩। অমান্ খফ্‌ফাত্ মাওয়াযীনুহূ ফাউলা — য়িকাল্লাযীনা খাসিরূ ~ আন্‌ফুসাহুম্
তারাই হবে সফলকাম।(১০৩) আর যাদের পাল্লা হালকা হবে, তারা ঐ সব লোক, যারা নিজেরাই নিজেদের ক্ষতি করার কারণে

www.eelm.weebly.com

فِيْ جَهَنَّمَ خٰلِدُوْنَ ﴿١٠٤﴾ تَلْفَحُ وُجُوْهَهُمُ النَّارُ وَهُمْ فِيْهَا كٰلِحُوْنَ ﴿١٠٥﴾ اَلَمْ

ফী জ্বাহান্নামা খ-লিদূন্। ১০৪। তাল্ফাখু উজূ হাহুমুন্না-রু অহুম্ ফীহা-কা-লিহূন। ১০৫। আলাম্

চির জাহান্নামী। (১০৪) জাহান্নামের আগুন তাদের চেহারা পোড়াবে, এবং তারা সেখানে থাকবে বীভৎস চেহারায়। (১০৫) তোমাদের

تَكُنْ اٰيٰتِيْ تُتْلٰى عَلَيْكُمْ فَكُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿١٠٦﴾ قَالُوْا رَبَّنَا غَلَبَتْ عَلَيْنَا

তাকুন আ-ইয়া-তী তুত্লা- 'আলাইকুম ফাকুন্তুম্ তুকায্যিবূন্। ১০৬। ক্ব-লূ রব্বানা-গলাবাত্ 'আলাইনা

কাছে কি আয়াত পাঠ করা হত না? তা তো অস্বীকার করতে। (১০৬) বলবে, হে আমার রব! আমাদের দুর্ভাগ্য বিজয়ী,

شِقْوَتُنَا وَكُنَّا قَوْمًا ضَآلِّيْنَ ﴿١٠٧﴾ رَبَّنَآ اَخْرِجْنَا مِنْهَا فَاِنْ عُدْنَا فَاِنَّا ظٰلِمُوْنَ ﴿١٠٨﴾ قَالَ

শিক্ব্ওয়াতুনা-অকুন্না- ক্বওমান্ দ্বোয়া — ল্লীন্। ১০৭। রব্বানা ~ আখ্‌রিজ্‌না-মিন্‌হা-ফাইন্ 'উদ্‌না- ফাইন্না-জোয়া-লিমূন্। ১০৮। ক্ব-লাখ্

আমরা ভ্রান্ত জাতি। (১০৭) হে রব! এখান হতে আমাদের বের কর, পুনরায় করলে নিশ্চয়ই আমরা জালিম হব। (১০৮) আল্লাহ বলবেন,

اخْسَئُوْا فِيْهَا وَلَا تُكَلِّمُوْنِ ﴿١٠٩﴾ اِنَّهٗ كَانَ فَرِيْقٌ مِّنْ عِبَادِيْ يَقُوْلُوْنَ رَبَّنَآ اٰمَنَّا

সায়ূ ফীহা-অলা-তুকাল্লিমূন্। ১০৯। ইন্নাহূ কা-না ফারীকুম্ মিন্ ই'বা-দী ইয়াকূলূনা রব্বানা ~ আ-মান্না-

হীন হয়ে থাক, কথা বলো না। (১০৯) আমার একদল বান্দাহ বলত, হে আমাদের রব! আমরা ঈমান আনলাম, আমাদেরকে

فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰحِمِيْنَ ﴿١١٠﴾ فَاتَّخَذْتُمُوْهُمْ سِخْرِيًّا حَتّٰى

ফাগ্‌ফির্‌লানা-অর্‌হাম্‌না-অআন্‌তা খইরুর্ র-হিমীন্। ১১০। ফাত্তাখয্‌তুমূহুম্ সিখ্‌রিয়্যান্ হাত্তা ~

ক্ষমা করে দাও, আমাদের প্রতি দয়া কর, তুমিই শ্রেষ্ঠ দয়ালু। (১১০) তখন তোমরা তাদের ঠাট্টা করতে, এমন কি তা

اَنْسَوْكُمْ ذِكْرِيْ وَكُنْتُمْ مِّنْهُمْ تَضْحَكُوْنَ ﴿١١١﴾ اِنِّيْ جَزَيْتُهُمُ الْيَوْمَ بِمَا صَبَرُوْٓا

আন্‌সাওকুম্ যিক্‌রী অকুন্‌তুম্ মিন্‌হুম্ তাদ্বহাকূন্। ১১১। ইন্নী জ্বাযাইতুহুমুল্ ইয়াওমা বিমা-ছবারূ ~

তোমাদেরকে আমার স্মরণ থেকে গাফেল করে রেখেছে, আর তোমরা হাসতে। (১১১) আজ আমি তাদেরকে ধৈর্যের কারণে

اَنَّهُمْ هُمُ الْفَآئِزُوْنَ ﴿١١٢﴾ قٰلَ كَمْ لَبِثْتُمْ فِي الْاَرْضِ عَدَدَ سِنِيْنَ ﴿١١٣﴾ قَالُوْا لَبِثْنَا

আন্নাহুম্ হুমুল্ ফা — য়িযূন্। ১১২। ক্ব-লা কাম্ লাবিছ্‌তুম্ ফীল্ আর্‌দ্বি 'আদাদা সিনীন্। ১১৩। ক্ব-লূ লাবিছ্না-

পুরস্কার প্রদান করলাম, তারাই সফল।(১১২) বলবেন, দুনিয়ায় কতকাল অবস্থান করলে? (১১৩) বলবে, একদিন অথবা

يَوْمًا اَوْ بَعْضَ يَوْمٍ فَسْئَلِ الْعَآدِّيْنَ ﴿١١٤﴾ قٰلَ اِنْ لَّبِثْتُمْ اِلَّا قَلِيْلًا لَّوْ اَنَّكُمْ كُنْتُمْ

ইয়াওমান্ আও বা'দ্বোয়া ইয়াওমিন্ ফাস্‌য়ালিল্ 'আ — দ্দীন্। ১১৪। ক্ব-লা ইল্লাবিছ্‌তুম্ ইল্লা-ক্বলীলা ল্লাওঁ আন্নাকুম্ কুন্‌তুম্

একদিনের কম সময় ছিলাম; না হয় গণকদের জিজ্ঞাসা করুন।(১১৪) বলবেন, তোমরা অল্পকালই অবসস্থান করছিলে, যদি তোমরা

আয়াত-১০৫ ঃ অর্থাৎ কাফেরদের আর্তনাদ ও রোনাযারী শুনে ফেরেশতারা বলবে, তোমাদের নিকট কি পৃথিবীতে আল্লাহর আয়াতসমূহ পাঠ করে শুনান হয়নি, যা তোমরা মিথ্যা বলছিলে? তখন তারা বলবে, "আমাদের দুর্ভাগ্যই ছিল, আমরা ছিলাম পথভ্রষ্ট এখন আমাদেরকে এ অগ্নি থেকে বের করে দাও, অতঃপর আমরা পুনরায় অদ্রূপ করলে আমরা অপরাধী সাব্যস্ত হব।" তখন ফেরেশতারা বলবে, এখানেই তোমরা নিগৃহীত হয়ে পড়ে থাক অন্য কোন কথা বলো না।

আয়াত-১১৪ ঃ দুনিয়াতে তো কাফেররা আযাবের জন্য তাগিদ করতেছিল এখন সে আযাবই তাদের সম্মুখে উপস্থিত হবে, তখন তাদের নিকট দুনিয়াতে তাদের অবস্থান অত্যন্ত সল্প সময়ের জন্য মনে হবে। বেশি হলে এক দিনই মনে হবে। কতিপয় ওলামার মতে "কাম লাবিছ্‌তুম' প্রশ্নটি মরণের পর কবরে অবস্থান কালীন সময় সম্বন্ধে হবে, যা পরকালের মোকাবেলায় অতি সামান্য সময় অনুভূত হবে।

تَعْلَمُونَ ﴿١١٥﴾ أَفَحَسِبْتُمْ أَنَّمَا خَلَقْنَٰكُمْ عَبَثًا وَأَنَّكُمْ إِلَيْنَا لَا تُرْجَعُونَ

তা'লামূন্। ১১৫। আফাহাসিব্‌তুম্ আন্নামা-খলাক্ব্‌না-কুম্ 'আবাছাঁও অআন্নাকুম্ ইলাইনা-লা-তুর্‌জ্বা'উন্।
জানতে। (১১৫) তোমরা কি মনে কর তোমাদেরকে অযথা সৃষ্টি করেছি, এবং তোমরা আমার কাছে ফিরবে না?

فَتَعَٰلَى ٱللَّهُ ٱلْمَلِكُ ٱلْحَقُّ لَآ إِلَٰهَ إِلَّا هُوَ رَبُّ ٱلْعَرْشِ ٱلْكَرِيمِ ﴿١١٦﴾ وَمَن

১১৬। ফাতা'আ-লাল্লা-হুল্ মালিকুল্ হাক্ব্‌কু লা ~ ইলা-হা ইল্লা-হু অ রব্বুল্ 'আরশিল্ ক্বরীম্। ১১৭। অ মাইঁ
(১১৬) সুতরাং আল্লাহই সমুন্নত, প্রকৃত মালিক, তিনি ছাড়া কোন ইলাহ্ নেই, তিনিই মহান আরশের রব। (১১৭) আর যে

يَدْعُ مَعَ ٱللَّهِ إِلَٰهًا ءَاخَرَ لَا بُرْهَٰنَ لَهُۥ بِهِۦ فَإِنَّمَا حِسَابُهُۥ عِندَ رَبِّهِۦٓ

ইয়াদ্'উ মা'আল্লা-হি ইলা-হান্ আ-খর লা-বুর্‌হা-না লাহূ বিহী ফাইন্নামা-হিসা-বু-হূ 'ইন্‌দা রব্বিহ্'
ব্যক্তি আল্লাহর সঙ্গে অন্য ইলাহকে আহ্বান করে, তার নিকট যার কোন প্রমাণ নেই, তার হিসাব তার রবের নিকট হবে;

إِنَّهُۥ لَا يُفْلِحُ ٱلْكَٰفِرُونَ ﴿١١٧﴾ وَقُل رَّبِّ ٱغْفِرْ وَٱرْحَمْ وَأَنتَ خَيْرُ ٱلرَّٰحِمِينَ ﴿١١٨﴾

রুকু ৬ ২৬ ৬

ইন্নাহূ লা-ইয়ুফ্‌লিহুল্ কা-ফিরূন্। ১১৮। অক্বু র্ রব্বিগ্ ফির্ অর্‌হাম্ অআন্‌তা খইরুর্ র-হিমীন্।
নিশ্চয়ই কাফেররা সফল হবে না। (১১৮) আপনি বলুন, হে আমার রব! আমাকে ক্ষমা কর, দয়া কর, তুমিই শ্রেষ্ঠ দয়ালু।

সূরা নূর
মদীনাবতীর্ণ

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৬৪
রুকূ ঃ ৯

سُورَةٌ أَنزَلْنَٰهَا وَفَرَضْنَٰهَا وَأَنزَلْنَا فِيهَآ ءَايَٰتٍۭ بَيِّنَٰتٍ لَّعَلَّكُمْ تَذَكَّرُونَ ﴿١﴾

১। সূরাতুন্ আন্‌যাল্‌না-হা-অ ফারদ্বনা-হা-অ আন্‌যাল্‌না-ফীহা ~আ-ইয়া-তিম্ বাইয়্যিনা-তিল্ লা'আল্লাকুম্ তাযাক্কারূন্।
(১) এটি একটি সূরা যা নাযিল করে ফরয করেছি, তাতে স্পষ্ট আয়াত নাযিল করেছি, যেন তোমরা উপদেশ নাও।

ٱلزَّانِيَةُ وَٱلزَّانِى فَٱجْلِدُوا۟ كُلَّ وَٰحِدٍ مِّنْهُمَا مِا۟ئَةَ جَلْدَةٍ ۖ وَلَا تَأْخُذْكُم ﴿٢﴾

২। আয্‌যা-নিয়াতু অয্‌যা-নী ফাজ্‌লিদূ কুল্লা অ-হিদিম্ মিন্‌হুমা-মিয়াতা জ্বাল্‌দাতিঁও অলা-তা''খুয্‌কুম্
(২) আর ব্যভিচারিনী ও ব্যভিচারী তাদের প্রত্যেককে একশ' বেত্রাঘাত প্রদান কর,(১) আল্লাহর বিধান কার্যকরী করতে গিয়ে

بِهِمَا رَأْفَةٌ فِى دِينِ ٱللَّهِ إِن كُنتُمْ تُؤْمِنُونَ بِٱللَّهِ وَٱلْيَوْمِ ٱلْءَاخِرِ ۖ وَلْيَشْهَدْ

বিহিমা-র''ফাতুন্ ফীদীনিল্লা-হি ইন্ কুন্‌তুম্ তু''মিনূনা বিল্লা-হি অল্‌ইয়াওমিল্ আ-খিরি অল্ ইয়াশ্‌হাদ্
তাদের প্রতি বিন্দুমাত্র দয়া যেন তোমাদেরকে না পায়, যদি তোমরা আল্লাহ ও পরকালে বিশ্বাসী হও; আর মু'মিনদের

শানেনুযূল ঃ আয়াত–১ ঃ রাসূলে কারীম (ছঃ) এর অভ্যাস ছিল যে, তিনি প্রবাসে যাওয়ার সময় উম্মুল মু'মিনীনদের নামে লটারী করতেন, লটারীতে যার নাম উঠত তাঁকে সাথে নিয়ে যেতেন। তদানুসারে পঞ্চম হিজরী সনে জঙ্গে মুরাইসীতে যাওয়ার সময় হযরত আয়েশা সিদ্দীকার নাম লটারীতে উঠে যায়। তিনি হুযূর (ছঃ)-এর সঙ্গে গেলেন। সফর থেকে ফেরার সময় মদীনার অদূরে প্রাতে বিশ্রাম করার জন্য অবস্থান করেন। হযরত আয়েশা (রাঃ) প্রাকৃতিক প্রয়োজন মেটাতে গেলে তথায় তাঁর গলার হার হারিয়ে যায়। তিনি তৎক্ষণাৎ হারের সন্ধানে সে দিকে যান, তা খুঁজে আনতে কিছুক্ষণ দেরী হয়। এদিকে তাঁর ফিরে আসার পূর্বেই যাত্রীরা রওয়ানা হয়ে যায় এবং হযরত আয়েশা (রাঃ)-এর উষ্ট্র চালকও তাঁর উষ্ট্রারোহণের দোলনাটি উটের পিঠে উঠিয়ে দিলেন।

عَذَابَهُمَا طَائِفَةٌ مِّنَ الْمُؤْمِنِينَ ۝ الزَّانِي لَا يَنكِحُ إِلَّا زَانِيَةً أَوْ مُشْرِكَةً ز

'আযা-বা হুমা-ত্বোয়া — য়িফাতুম্ মিনাল্ মু''মিনীন্। ৩। আয়্যা-নী লা-ইয়ান্কিহুহা ~ ইল্লা-যা-নিয়াতান্ আও মুশ্রিকাতাঁও
একটি দল যেন তাদের শাস্তি প্রদানকালে উপস্থিত থাকে (৩) ব্যভিচারী' ব্যভিচারিনী বা মুশ্রিকা ছাড়া বিবাহ করে না;

وَالزَّانِيَةُ لَا يَنكِحُهَا إِلَّا زَانٍ أَوْ مُشْرِكٌ ۚ وَحُرِّمَ ذَٰلِكَ عَلَى الْمُؤْمِنِينَ

অয্যা-নিয়াতু লা-ইয়ান্কিহুহা ~ ইল্লা-যা-নিন্ আওমুশ্রিকূন্ অহুর্রিমা যা-লিকা 'আলাল্ মু''মিনীন্।
ব্যভিচারিনীকে কেবল ব্যভিচারী বা মুশ্রিকই বিবাহ করে, আর এদেরকে মু'মিনদের জন্য হারাম ঘোষণা করা হয়েছে।

۝ وَالَّذِينَ يَرْمُونَ الْمُحْصَنَاتِ ثُمَّ لَمْ يَأْتُوا بِأَرْبَعَةِ شُهَدَاءَ فَاجْلِدُوهُمْ

৪। অল্লাযীনা ইয়ার্মূনাল্ মুহ্ছোয়ানা-তি ছুম্মা লাম্ ইয়া'তূ বিআর্বা'আতি শুহাদা — য়া ফাজ্লিদূহুম্
(৪) এবং যারা সতী সাধ্বী রমনীকে অপবাদ দেয়, আর স্বপক্ষে চারজন সাক্ষী উপস্থিত করতে পারে না তাদেরকে তোমরা

ثَمَانِينَ جَلْدَةً وَلَا تَقْبَلُوا لَهُمْ شَهَادَةً أَبَدًا ۚ وَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ ۝ إِلَّا

ছামা-নীনা জ্বাল্দাতাঁও অলা তাক্ববালূ লাহুম্ শাহা-দাতান্ আবাদান্ অ উলা — য়িকা হুমুল্ ফা- সিকূন্। ৫। ইল্লাল
আশি বেত্রাঘাত করবে, তাদের সাক্ষ্য কখনও গ্রহণ করবে না, আর এরাই তো সত্য ত্যাগী। (৫) তবে এর অপবাদের

الَّذِينَ تَابُوا مِن بَعْدِ ذَٰلِكَ وَأَصْلَحُوا فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ۝ وَالَّذِينَ يَرْمُونَ

লাযীনা তা-বূ মিম্ বা'দি যা-লিকা অআছ্লাহূ ফা ইন্নাল্লা-হা গফূরুর রহীম্। ৬। অল্লাযীনা ইয়ার্মূনা
যারা পরে তওবা করে ও নিজেদেরকে সংশোধিত করে নেয়, তবে আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।(৬) এবং যারা আপন

أَزْوَاجَهُمْ وَلَمْ يَكُن لَّهُمْ شُهَدَاءُ إِلَّا أَنفُسُهُمْ فَشَهَادَةُ أَحَدِهِمْ أَرْبَعُ

আয্ওয়া-জ্বাহুম্ অলাম্ ইয়াকুল্লাহুম্ শুহাদা — য়ু ইল্লা ~ আন্ফুসুহুম্ ফাশাহা-দাতু আহাদিহিম্ আর্বা'উ
স্ত্রীকে অপবাদ প্রদান করে, নিজেরা ছাড়া তাদের আর কোন সাক্ষীও নেই; এসব ক্ষেত্রে তাদের প্রত্যেকের সাক্ষ্য হবে

شَهَادَاتٍ بِاللَّهِ ۙ إِنَّهُ لَمِنَ الصَّادِقِينَ ۝ وَالْخَامِسَةُ أَنَّ لَعْنَتَ اللَّهِ عَلَيْهِ إِن

শাহা-দা-তিম্ বিল্লা-হি ইন্নাহূ লামিনাছ্ ছোয়া-দ্বিকীন্। ৭। অল্খ-মিসাতু আন্না লা'নাত ল্লা-হি 'আলাইহি ইন্
এ ভাবে যে, তারা আল্লাহর নামে চারবার শপথ করে বলবে যে, সে সত্যবাদী, (৭) এবং পঞ্চম বারে বলবে যদি 'মিথ্যাবাদী হয়

كَانَ مِنَ الْكَاذِبِينَ ۝ وَيَدْرَأُ عَنْهَا الْعَذَابَ أَن تَشْهَدَ أَرْبَعَ شَهَادَاتٍ بِاللَّهِ ۙ

কা-না মিনাল্ কা-যিবীন্। ৮। অ ইয়াদ্রায়ু 'আন্হাল্ 'আযা-বা আন্ তাশ্হাদা আর্বা'আ শাহা-দা-তিম্ বিল্লা-হি
তবে তার ওপর আল্লাহর লা'নত। (৮) এবং স্ত্রীর রহিত হবে শাস্তি,যদি সে আল্লাহর নামে চারবার শপথ করে সাক্ষ দেয় যে,

আয়েশা (রাঃ) ছিলেন হালকা পাতলা, তাই বন্ধ দোলনা উত্তোলনকালে তিনি হযরত আয়েশার অবস্থান সম্বন্ধে কিছু অনুভব করতে পারেন নি। আর হযরত আয়েশা (রাঃ) ফিরে এসে দেখতে পান শূন্য মাঠ প্রান্তর এবং নিস্তব্ধ জঙ্গল। অবশেষে তিনি এ ধারণায় সেখানে অবস্থান করলেন যে, তাঁর দোলনা শূন্য দেখলে নিশ্চয় কেউ তাঁর সন্ধান করতে আসবে। এ অভিযানে পশ্চাতে কিছু রয়েছে কিনা তা অনুসন্ধান করতে এসে হযরত সফওয়ান ইবনে মো'আত্তল কিছু দূর হতে মানবাকৃতির ন্যায় এক প্রতিচ্ছায়া দেখতে পেলেন। নিকটে এসে দেখলেন তা স্বয়ং হযরত আয়েশা সিদ্দীকা (রাঃ)। আর হযরত আয়েশা (রাঃ) ও পর পুরুষের আগমন দেখে নিজের মুখমণ্ডল আবৃত করে ফেললেন। হযরত সফওয়ান (রাঃ) তখন দ্রুত গতিতে উট হতে অবতরণ করে হযরত আয়েশাকে উটের পিঠে সওয়ার করিয়ে দিলেন এবং তিনি লাগাম ধরে আগে আগে চলতে লাগলেন।

إِنَّهُ لَمِنَ الْكَٰذِبِينَ ﴿٩﴾ وَالْخَٰمِسَةُ أَنَّ غَضَبَ اللَّهِ عَلَيْهَا إِن كَانَ مِنَ الصَّٰدِقِينَ

ইন্নাহূ লামিনাল্ কা-যিবীন্। ৯। অল্ খ-মিসাতা আন্না গদ্বোয়াবাল্লা-হি 'আলাইহা ~ ইন্ কা-না মিনাছ্ ছোয়া-দিক্বীন্।

তার স্বামীই মিথ্যাবাদী, (৯) আর পঞ্চম বারে বলে যে, তার স্বামী সত্যবাদী হলে নিজের ওপর আল্লাহর গযব পড়ুক।

১ ع ১০ ৭ রুকু

﴿١٠﴾ وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ وَأَنَّ اللَّهَ تَوَّابٌ حَكِيمٌ ﴿١١﴾ إِنَّ الَّذِينَ

১০। অলাওলা- ফাদ্বলুল্লা-হি 'আলাইকুম্ অরহ্মাতুহূ অআন্নাল্লা-হা তাউওয়া-বুন্ হাকীম্। ১১। ইন্না ল্লাযীনা

(১০) আর আল্লাহর করুণা ও দয়া না হলে ক্ষতিগ্রস্ত হত, নিশ্চয় আল্লাহ তওবা গ্রহণকারী, প্রজ্ঞাময় (১১) নিঃসন্দেহে যারা

جَاءُو بِالْإِفْكِ عُصْبَةٌ مِّنكُمْ ۚ لَا تَحْسَبُوهُ شَرًّا لَّكُم ۖ بَلْ هُوَ خَيْرٌ لَّكُمْ ۚ لِكُلِّ

জ্বা —যূ বিল্ইফ্কি উছ্বাতুম্ মিন্কুম্; লা-তাহ্সাবূহু শার্রাল্লাকুম্; বাল্ হুঅ খইরুল্লাকুম্; লিকুল্ লিম্

এ অপবাদ আরোপ করল তারা তোমাদেরই এক দল, আর তোমরা একে নিজেদের জন্য অনিষ্ট মনে করো না, বরং তা তোমাদের

امْرِئٍ مِّنْهُم مَّا اكْتَسَبَ مِنَ الْإِثْمِ ۚ وَالَّذِي تَوَلَّىٰ كِبْرَهُ مِنْهُمْ لَهُ عَذَابٌ

রিয়িম্ মিন্হুম্ মাক্তাসাবা মিনাল্ ইছ্মি অল্লাযী তাওয়াল্লা-কিব্রাহূ মিন্হুম্ লাহূ 'আযা-বুন্

জন্য কল্যাণকরই হবে। পাপ কর্মের ফল তাদেরই, তাদেরই ভেতর থেকে যে ব্যক্তি এ বিষয়ে প্রধান ভূমিকা পালন করেছিল, তার

عَظِيمٌ ﴿١٢﴾ لَّوْلَا إِذْ سَمِعْتُمُوهُ ظَنَّ الْمُؤْمِنُونَ وَالْمُؤْمِنَٰتُ بِأَنفُسِهِمْ خَيْرًا وَقَالُوا

'আজীম্। ১২। লাওলা ~ ইয্ সামি'তুমূহু জোয়ান্নাল্ মু''মিনূনা অল্ মু''মিনা-তু বি আন্ফুসিহিম্ খইরাঁও অ ক্ব-লূ

শাস্তি কঠিন হবে। (১২) এ কথা শুনার পর মুমিন পুরুষ ও মু'মিন-নারীরা কেন আপন লোকদের সম্বন্ধে ভাল ধারণা করে নি এবং

هَٰذَا إِفْكٌ مُّبِينٌ ﴿١٣﴾ لَّوْلَا جَاءُو عَلَيْهِ بِأَرْبَعَةِ شُهَدَاءَ ۚ فَإِذْ لَمْ يَأْتُوا بِالشُّهَدَاءِ

হা-যা ~ ইফ্কুম্ মুবীন্। ১৩। লাওলা জ্বা — যূ 'আলাইহি বিআর্বা'আতি শুহাদা — য়া ফাইয্ লাম্ ইয়া''তূ বিশ্শুহাদা — য়ি

বলে নি যে, এটি তো সুস্পষ্ট অপবাদ। (১৩) যারা অপবাদ প্রদান করেছে তারা এ বিষয়ে কেন চারজন সাক্ষী হাজির করে নি? যেহেতু

فَأُولَٰئِكَ عِندَ اللَّهِ هُمُ الْكَٰذِبُونَ ﴿١٤﴾ وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ فِي الدُّنْيَا

ফাউলা — য়িকা 'ইন্দাল্লা-হি হুমুল্ কা-যিবূন্। ১৪। অলাওলা-ফাদ্বলুল্লা-হি 'আলাইকুম্ অ রহ্মাতুহূ ফিদ্দুন্ইয়া-

তারা সাক্ষী আনেনি, সুতরাং আল্লাহর বিধানে তারাই মিথ্যাবাদী।(১৪) তোমাদের প্রতি যদি দুনিয়া ও আখেরাতে আল্লাহর করুণা

وَالْآخِرَةِ لَمَسَّكُمْ فِي مَا أَفَضْتُمْ فِيهِ عَذَابٌ عَظِيمٌ ﴿١٥﴾ إِذْ تَلَقَّوْنَهُ بِأَلْسِنَتِكُمْ

অল্ আ-খিরাতি লামাস্সাকুম্ ফীমা ~ আফাদ্বতুম্ ফীহি 'আযা-বুন্ 'আজীম্। ১৫। ইয্ তালাক্ব্ ক্বও নাহূ বিআল্সিনাতিকুম্

ও দয়া না হত লিপ্ত বিষয়ের জন্য মহাশাস্তি তোমাদেরকে স্পর্শ করত। (১৫) যখন তোমরা মুখে মুখে তা প্রচার করছিলে এবং

ঘটনা তো ছিল এ পর্যন্ত; কিন্তু মুনাফিকরা একে ভিত্তি করে নানা অপবাদ রটাতে লাগল এবং পূর্ণ এক মাস পর্যন্ত গোপন চর্চা চলল। এর প্রধান নায়ক ছিল মুনাফিক নেতা আবদুল্লাহ ইবনে উবাই। রাসূল (ছঃ) যখন এতদবিষয়ে জানতে পারলেন তখন অত্যন্ত বিমর্ষ হয়ে হযরত আয়েশা (রাঃ) হতে পৃথক থাকার ভাব ধারণ করলেন, মুখে কিছু বললেন না। হযরত আয়েশা (রাঃ) এর নিকটও এ অকথ্য বৃত্তান্তের সংবাদ পৌঁছল। রাসূল(ছঃ) ও আপন সতী স্বাধ্বী স্ত্রী সম্বন্ধে সম্ভাব্য অনুসন্ধান চালিয়ে নিষ্কলঙ্কতারই প্রমাণ পান। অবশেষে উম্মতের দিশারী হযরত মুহাম্মদ (ছঃ) বিবি আয়েশার পিত্রালয়ে যান এবং বললেন, তোমার সম্বন্ধে আমি এমন এমন সংবাদ পেয়েছি। কিন্তু এটি যদি মানুষের পক্ষ হতে এক অপবাদ মাত্র হয়, প্রকৃতপক্ষে তুমি নিষ্পাপ হও, তবে শীঘ্রই আল্লাহ পাক তোমার নিষ্কলঙ্কতা নাযিল করবেন। আর যদি অপবাদ না হয়ে বাস্তবতার কিছু

وَتَقُولُونَ بِأَفْوَاهِكُم مَّا لَيْسَ لَكُم بِهِ عِلْمٌ وَتَحْسَبُونَهُ هَيِّنًا وَهُوَ عِندَ اللَّهِ

অতাক্বূলূনা বিআফ্ওয়া-হিকুম্ মা-লাইসা লাকুম্ বিহী ই'ল্মুঁও অ তাহ্সাবূনাহূ হাইয়িনাঁও অহুওয়া 'ইন্দাল্লা-হি

মুখে এমন বিষয় বলছিলে যে বিষয় তোমরা জান না, আর তাকে অতি তুচ্ছ ভাবছিলে, অথচ তা আল্লাহর কাছে ছিল

عَظِيمٌ ﴿١٦﴾ وَلَوْلَا إِذْ سَمِعْتُمُوهُ قُلْتُم مَّا يَكُونُ لَنَا أَن نَّتَكَلَّمَ بِهَٰذَا سُبْحَانَكَ

'আজীম্। ১৬। অ লাওলা ~ ইয্ সামি'তুমূহু ক্বুল্তুম্ মা-ইয়াকূনু লানা ~ আন্না তাকাল্লামা বিহা-যা- সুব্হা-নাকা

গুরুতর। (১৬) যখন শুনলে, কেন বললে না যে, এটা বলাবলি করা আমাদের উচিত নয়, তোমার পবিত্রতা! এটি

هَٰذَا بُهْتَانٌ عَظِيمٌ ﴿١٧﴾ يَعِظُكُمُ اللَّهُ أَن تَعُودُوا لِمِثْلِهِ أَبَدًا إِن كُنتُم مُّؤْمِنِينَ

হাযা- বুহ্তা- নুন্ 'আজীম্। ১৭। ইয়া'ইজুকুমুল্লা-হু আন্ তা'উদূ লিমিছ্লিহী ~ আবাদান্ ইন্ কুন্তুম্ মু'মিনীন্।

বড় অপবাদ! (১৭) আল্লাহ তোমাদের উপদেশ দিচ্ছেন, তোমরা পুনরায় কখনো এরূপ করবে না যদি তোমরা মুমিন হও।

﴿١٨﴾ وَيُبَيِّنُ اللَّهُ لَكُمُ الْآيَاتِ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿١٩﴾ إِنَّ الَّذِينَ يُحِبُّونَ أَن تَشِيعَ

১৮। অ ইয়ুবাইয়্যিনুল্লা-হু লাকুমুল্ আ-ইয়া-ত্; অল্লা-হু 'আলীমুন্ হাকীম্। ১৯। ইন্নাল্লাযীনা ইয়ুহিব্বূনা আন্ তাশী'আল্

(১৮) আল্লাহ তোমাদের জন্য আয়াত বর্ণনা করেন, আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। (১৯) নিঃসন্দেহে যারা মুমিনদের মধ্যে

الْفَاحِشَةُ فِي الَّذِينَ آمَنُوا لَهُمْ عَذَابٌ أَلِيمٌ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَاللَّهُ

ফা-হিশাতু ফিল্লাযীনা আ-মানূ লাহুম্ 'আযা-বুন্ আলীমুন্ ফিদ্দুন্ইয়া-অল্ আ-খিরা-হ্; অল্লা-হু

অশ্লীলতা প্রচার করাকে ভালবাসে, তাদের জন্য রয়েছে দুনিয়া ও আখেরতে মর্মন্তুদ শাস্তি; আর আল্লাহ জানেন, তোমরা

يَعْلَمُ وَأَنتُمْ لَا تَعْلَمُونَ ﴿٢٠﴾ وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ وَأَنَّ اللَّهَ رَءُوفٌ رَّحِيمٌ

ইয়া'লামু অ আন্তুম্ লা-তা'লামূন্। ২০। অলাওলা-ফাদ্বলু ল্লা-হি 'আলাইকুম্ অরহ্মাতুহূ অআন্নাল্লা-হা রায়ূফুর্ রহীম্।

জান না। (২০) আর তোমাদের উপর আল্লাহর করুণা ও দয়া না হলে কেউ রক্ষা পেত না, তবে আল্লাহ পরম দয়ালু করুণাময়।

﴿٢١﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ وَمَن يَتَّبِعْ خُطُوَاتِ الشَّيْطَانِ

২১। ইয়া ~ আইয়্যুহা ল্লাযীনা আ-মানূ লা-তাত্তাবিউ' খুত্বু ওয়া-তিশ্ শাইত্বোয়া-ন্; অমাইঁ ইয়াত্তাবি' খুত্বু ওয়া-তিশ্ শাইত্বোয়া-নি

(২১) হে মুমিনরা! তোমরা শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না, যদি কেউ শয়তানের অনুসরণ করে, তবে সে তো

فَإِنَّهُ يَأْمُرُ بِالْفَحْشَاءِ وَالْمُنكَرِ وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهُ مَا زَكَىٰ

ফাইন্নাহূ ইয়া"মুরু বিলফাহ্শা — য়ি অল্মুন্কার; অ লাওলা-ফাদ্বলু ল্লা-হি 'আলাইকুম্ অ রহ্মাতুহূ মা-যাকা-

অশ্লীল ও মন্দ কাজের নির্দেশ দেয়। তোমাদের প্রতি যদি আল্লাহর করুণা ও দয়া না হত, তবে কখনও তোমাদের কেউ

থাকে, তবে মানুষ তো ভুল-ক্রটিরই প্রতীক, তোমার গোনাহ্ মাফের জন্য তওবা করা উচিত। এতদশ্রবণে হযরত আয়েশা (রাঃ) শুধু এতটুকু বললেন, আমি হযরত ইউসুফ (আঃ)-এর পিতার ন্যায় কেবল বলে চুপ থাকা ব্যতীত আর কি-ই বা করতে পারি। এমতাবস্থায় আল্লাহ তা'আলা স্বতঃস্ফূর্তভাবে আয়েশা সিদ্দীকা (রাঃ) নির্মল চরিত্রবতী হওয়ার ওপর পূর্ণ দু' রুকু বিবরণ নাযিল করেন।

এ আপদের বেড়াজালে অনেক লোকেই ফেঁসেছিল। কতিপয় মুসলমান তো এ ঘটনা শুনার সাথে সাথেই মিথ্যা বলে উড়িয়ে দেয় আর কেউ কেউ নীরবতা পালন করে আর কেউ কেউ কৌতুক হাসির মাধ্যমে তার আলোচনা করছিল আর কেউ কেউ অনুতাপমূলক বলাবলি করছিল। অতএব, যারা একে একটি সম্পূর্ণ মিথ্যা অপবাদ বলে স্পষ্টভাবে ইনকার করেছিল, তারা ব্যতীত অন্যান্য সকলকে অভিযুক্ত করা হয় এবং মিথ্যা অপবাদে মানহানিকারীদেরকে শাস্তিস্বরূপ আশিটি করে দোররা লাগান হয়। মুনাফিক সরদার আবদুল্লাহ ইবনে উবাই যে এ অপবাদের আবিষ্কারক, বিধর্মচারণ, মুনাফিক এবং নবী করীম (ছঃ)-এর সাথে শত্রুতার কারণে সে পূর্ব থেকেই জাহান্নামী। আর এ অপবাদের জন্য আরো অধিক আযাবের যোগ্য হয়েছে।

مِنكُم مِّنْ أَحَدٍ أَبَدًا وَلَٰكِنَّ اللَّهَ يُزَكِّي مَن يَشَاءُ ۗ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ

মিন্‌কুম্ মিন্ আহাদিন্ আবাদাঁও অলা-কিন্নাল্লা-হা ইয়ুযাক্কী মাইঁ ইয়াশা — য়্; অল্লা-হু সামী'উন্ 'আলীম্।
পবিত্র হতে পারতে না; কিন্তু আল্লাহ যাকে ইচ্ছা পবিত্র করে থাকেন, আর আল্লাহ সব কিছু শ্রবণ করেন, জানেন।

وَلَا يَأْتَلِ أُولُو الْفَضْلِ مِنكُمْ وَالسَّعَةِ أَن يُؤْتُوا أُولِي الْقُرْبَىٰ وَالْمَسَاكِينَ وَ ﴿٢٢﴾

২২। অলা-ইয়া''তালি উলুল্ ফাদ্বলি মিন্‌কুম্ অস্‌সা'আতি আই ইয়ু''তূ ~ উলিল ক্বুর্‌বা-অল্ মাসাকীনা অল্
(২২) আর তোমাদের মাঝে যারা মর্যাদাবান ও স্বচ্ছলতার অধিকারী তারা যেন শপথ আকারে না বলে যে, তারা স্বজন, অভাবী ও আল্লাহর রাস্তায় গৃহ-ত্যাগ

الْمُهَاجِرِينَ فِي سَبِيلِ اللَّهِ ۖ وَلْيَعْفُوا وَلْيَصْفَحُوا ۗ أَلَا تُحِبُّونَ أَن يَغْفِرَ اللَّهُ

মুহা-জ্বিরীনা ফী সাবীলিল্লা-হি অল্ ইয়া'ফূ অল্ ইয়াছ্‌ফাহূ; আলা-তুহিব্ব্‌ূনা আইঁ ইয়াগ্‌ফিরল্লা-হু
কারিদেরকে কিছু দান হতে বিরত থাকবে; আর যেন তাদেরকে ক্ষমা ও মার্জনা করে দেয়। তোমরা কি আল্লাহর ক্ষমা চাও না?

لَكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ ﴿٢٣﴾ إِنَّ الَّذِينَ يَرْمُونَ الْمُحْصَنَاتِ الْغَافِلَاتِ الْمُؤْمِنَاتِ

লাকুম্; অল্লা-হু গফূরুর্ রহীম্। ২৩। ইন্নাল্লাযীনা ইয়ার্‌মূনাল্ মুহ্‌ছোয়ানা-তিল্ গ-ফিলা-তিল্ মু''মিনাতি
আল্লাহ তো পরম ক্ষমাশীল, দয়ালু। (২৩) নিঃসন্দেহে যারা অপবাদ আরোপ করে সাধ্বীও আত্মভোলা মু'মিন নারীদের

لُعِنُوا فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ ﴿٢٤﴾ يَوْمَ تَشْهَدُ عَلَيْهِمْ أَلْسِنَتُهُمْ

লু'ইনূ ফিদ্দুন্‌ইয়া- অল্ আ-খিরতি অলাহুম্ 'আযা-বুন্ 'আজীম্। ২৪। ইয়াওমা তাশ্‌হাদু 'আলাইহিম্ আল্‌সিনাতুহুম্
উপর, তারা ইহ-পরকালে অভিশপ্ত, তাদের জন্য আছে মহা শাস্তি। (২৪) যেদিন তাদের বিরুদ্ধে তাদের কর্ম সম্পর্কে

وَأَيْدِيهِمْ وَأَرْجُلُهُم بِمَا كَانُوا يَعْمَلُونَ ﴿٢٥﴾ يَوْمَئِذٍ يُوَفِّيهِمُ اللَّهُ دِينَهُمُ الْحَقَّ وَ

অআইদীহিম্ অআর্‌জুলুহুম্ বিমা-কানূ ইয়া'মালূন্। ২৫। ইয়াওমায়িযিইঁ ইয়ুওয়াফ্‌ফী হিমু ল্লা-হু দীনাহুমুল্ হাক্ব্‌ক্ব অ
তাদের জিহ্বা, হাত ও পা সাক্ষ্য প্রদান করবে। (২৫) সেদিন আল্লাহ তাদেরকে যথার্থ ফল প্রদান করবেন, তারা জানতে

يَعْلَمُونَ أَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ الْمُبِينُ ﴿٢٦﴾ الْخَبِيثَاتُ لِلْخَبِيثِينَ وَالْخَبِيثُونَ

ইয়া'লামূনা আন্নাল্লা-হা হুওয়াল্ হাক্ব্‌ক্বুল্ মুবীন্। ২৬। আল্ খবীছা-তু লিল্‌খবীছীনা অল্ খবীছূনা
পারবে যে, নিশ্চয়ই আল্লাহ, তিনিই সত্য, তিনি সত্য প্রকাশকারী। (২৬) আর দুশ্চরিত্র রমনীরা দুশ্চরিত্র পুরুষদের জন্য,

لِلْخَبِيثَاتِ ۖ وَالطَّيِّبَاتُ لِلطَّيِّبِينَ وَالطَّيِّبُونَ لِلطَّيِّبَاتِ ۚ أُولَٰئِكَ مُبَرَّءُونَ

লিল্ খবীছা-তি অত্বোয়াইয়্যিবা-তু লিত্বোয়াইয়্যিবীনা অত্বোয়াইয়্যিবূনা লিত্বোয়াইয়্যিবা-তি উলা — য়িকা মুবার্‌রায়ূনা
দুশ্চরিত্র পুরুষরা দুশ্চরিত্র রমনীদের জন্য; আর সাধ্বী নারীরা সৎব্যক্তিদের জন্য আর সৎ ব্যক্তিরা সাধ্বী নারীদের জন্য, এরা

مِمَّا يَقُولُونَ ۖ لَهُم مَّغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ﴿٢٧﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَدْخُلُوا بُيُوتًا

মিম্মা-ইয়াকূ্লূন্; লাহুম্ মাগ্‌ফিরাতুঁও অরিয্‌ক্বুন্ কারীম্। ২৭। ইয়া ~ আইয়্যু হাল্লাযীনা আ-মানূ লা-তাদ্‌খুলূ বুইয়ূতান্
তাদের বক্তব্য হতে পবিত্র, তাদের জন্য ক্ষমা ও সু-জীবিকা আছে। (২৭) হে মু'মিনরা! আপনগৃহ ব্যতীত কারো গৃহে

ع ৩ ৬ ৯ রুকু

غَيْرَ بُيُوتِكُمْ حَتّٰى تَسْتَاْنِسُوْا وَتُسَلِّمُوْا عَلٰٓى اَهْلِهَا ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ۞

গইরা বুইয়ূতিকুম্ হাত্তা-তাস্‌তা''নিসূ অতুসাল্লিমূ 'আলা ~ আহ্‌লিহা-; যা-লিকুম্ খইরুল্লাকুম, লা'আল্লাকুম্ তাযাক্কারূন্।
প্রবেশ করো না, গৃহবাসীর অনুমতি না নিয়ে ও সালাম না দিয়ে এটাই তোমাদের কল্যাণ। যেন তোমরা উপদেশ গ্রহণ কর।

﴿٢٨﴾ فَاِنْ لَّمْ تَجِدُوْا فِيْهَآ اَحَدًا فَلَا تَدْخُلُوْهَا حَتّٰى يُؤْذَنَ لَكُمْ ۚ وَاِنْ قِيْلَ

২৮। ফাইল্লাম্ তাজ্বিদূ ফীহা ~ আহ্‌দান্ ফালা-তাদ্‌খুলূহা-হাত্তা-ইয়ূ'' যানা লাকুম্ অইন্ ক্বীলা
(২৮) অতঃপর গৃহে যদি কাকেও না পাও, তবে প্রবেশ করবে না, যতক্ষণ পর্যন্ত না অনুমতি প্রদান করা হয়; যদি 'ফিরে যাও' বলে,

لَكُمُ ارْجِعُوْا فَارْجِعُوْا هُوَ اَزْكٰى لَكُمْ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ عَلِيْمٌ ﴿٢٩﴾ لَيْسَ عَلَيْكُمْ

লাকুমুর্‌রজ্বি'ঊ ফার্‌জ্বি'ঊ হুঅ আয্‌কা-লাকুম্ অল্লা-হু বিমা-তা'মালূনা 'আলীম্। ২৯। লাইসা 'আলাইকুম্
তবে ফিরে যাবে, তাই তোমাদের জন্য উত্তম, আল্লাহ তোমাদের কর্ম সম্পর্কে সবিশেষ অবহিত।(২৯) যে ঘরে কেউ অবস্থান করে না,

جُنَاحٌ اَنْ تَدْخُلُوْا بُيُوْتًا غَيْرَ مَسْكُوْنَةٍ فِيْهَا مَتَاعٌ لَّكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا تُبْدُوْنَ

জু্না-হুন্ আন্ তাদ্‌খুলূ বুইয়ূতান্ গইর মাস্‌কূনাতিন্ ফীহা-মাতা-'উল্ লাকুম্; অল্লা-হু ইয়া'লামু মা-তুব্‌দূনা
সেখানে যদি তোমাদের মাল থাকে, তবে তোমরা ঢুকতে পার, আর আল্লাহ অবশ্যই অবগত আছেন তোমাদের প্রকাশ্য ও

وَمَا تَكْتُمُوْنَ ﴿٣٠﴾ قُلْ لِّلْمُؤْمِنِيْنَ يَغُضُّوْا مِنْ اَبْصَارِهِمْ وَيَحْفَظُوْا فُرُوْجَهُمْ ؕ

অমা- তাক্‌তুমূন্। ৩০। ক্বুল্ লিল্‌মু''মিনীনা ইয়াগুদ্দূ মিন্ আব্‌ছোয়া-রিহিম্ অইয়াহ্‌ফাজূ ফুরূজাহুম্
গোপনীয় সব কিছু; (৩০) আপনি মু'মিনদেরকে বলে দিন, তারা যেন তাদের দৃষ্টি সংযত রাখে এবং তাদের লজ্জাস্থান হেফাজত,

ذٰلِكَ اَزْكٰى لَهُمْ ؕ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا يَصْنَعُوْنَ ﴿٣١﴾ وَقُلْ لِّلْمُؤْمِنٰتِ يَغْضُضْنَ

যা- লিকা আয্‌কা-লাহুম্ ইন্নাল্লা-হা খবীরুম্ বিমা-ইয়াছ্‌নাউ'ন্। ৩১। অক্বুল্ লিল্‌মু''মিনা-তি ইয়াগ্‌দুদ্‌না
পন্থা অবলম্বন করে। (৬৮) আর তারা আল্লাহর সঙ্গে অন্য ইলাহর ইবাদত করে না। আল্লাহ কর্তৃক নিষিদ্ধ আত্মাকে

حَرَّمَ اللّٰهُ اِلَّا بِالْحَقِّ وَلَا يَزْنُوْنَ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ يَلْقَ اَثَامًا ﴿٦٨﴾ يُضٰعَفْ لَهُ

হার্‌রমাল্লা-হু ইল্লা-বিল্‌হাক্ব্‌ক্বি অলা-ইয়ায্‌নূনা অমাই ইঁয়াফ্‌আল্ যা-লিকা ইয়াল্‌ক্ব আছা-মা-।৬৯। ইয়ুদ্বোয়া'আফ্ লাহুল্
তারা যথার্থতা ছাড়া হত্যা করে না; তারা যেনা করে না; আর যে এগুলো করল সে শাস্তি পাবে। (৬৯) পরকালে তার শাস্তি

الْعَذَابُ يَوْمَ الْقِيٰمَةِ وَيَخْلُدْ فِيْهِ مُهَانًا ﴿٦٩﴾ اِلَّا مَنْ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ عَمَلًا

'আযা-বু ইয়াওমাল্ ক্বিয়া-মাতি অইয়াখ্‌লুদ্ ফীহি মুহা-না-। ৭০। ইল্লা-মান্ তা-বা অ আ-মানা অ 'আমিলা আমাল্‌সান্
দ্বিগুণ করা হবে, সেখানে সে হীনভাবে অনন্ত কাল থাকবে; (৭০) তবে যারা তওবা করে, ঈমান আনে ও সৎকর্ম করে,

صَالِحًا فَاُولٰٓئِكَ يُبَدِّلُ اللّٰهُ سَيِّاٰتِهِمْ حَسَنٰتٍ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٧٠﴾ وَ

ছোয়া-লিহান্ ফাউলা — য়িকা ইয়ুবাদ্দিলুল্লা-হু সাইয়িয়া-তিহিম্ হাসানা-ত্; অকা-নাল্লা-হু গফূরর্ রহীমা-। ৭১। অ
আল্লাহ তাদের গুনাহ সমূহকে তাদের পূণ্যের দ্বারা বদল করে দেবেন, আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (৭১) এবং

مَنْ تَابَ وَعَمِلَ صَالِحًا فَاِنَّهُ يَتُوْبُ اِلَى اللّٰهِ مَتَابًا ﴿٧١﴾ وَالَّذِيْنَ لَا يَشْهَدُوْنَ

মান্ তা-বা অ'আমিলা ছোয়া-লিহান্ ফাইন্নাহূ ইয়াতূবু ইলাল্লা-হি মাতা-বা-। ৭২। অল্লাযীনা লা-ইয়াশ্‌হাদূনায্
যে ব্যক্তি তওবা করে ও সৎকাজ করে সে সম্পূর্ণরূপে আল্লাহর অভিমুখী হয়।(৭২) আর তারা মিথ্যা সাক্ষ্য দেয় না এবং নিরর্থক

الزُّوْرَ وَاِذَا مَرُّوْا بِاللَّغْوِ مَرُّوْا كِرَامًا ﴿٧٣﴾ وَالَّذِيْنَ اِذَا ذُكِّرُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ لَمْ

যূরা অইযা-মাররূ বিল্লাগ্ওয়ি মাররূ কির-মা-।৭৩। অল্লাযীনা ইযা- যুক্কিরূ বিআ-ইয়া-তি রব্বিহিম লাম

কার্যকে মর্যাদার সাথে পরিহার করে চলে। (৭৩) আর তাদেরকে তাদের রবের আয়াত স্মরণ করিয়ে দিলে তার প্রতি

يَخِرُّوْا عَلَيْهَا صُمًّا وَّعُمْيَانًا ﴿٧٤﴾ وَالَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَا هَبْ لَنَا مِنْ اَزْوَاجِنَا وَ

ইয়াখিররূ 'আলাইহা- ছুম্মাঁও অ 'উম্ইয়া-না-। ৭৪। অল্লাযীনা ইয়াকূলূনা রব্বানা-হাব্লানা-মিন্ আয্ওয়া-জ্বিনা-অ

বধির ও অন্ধের মত ঝুঁকে পড়ে না।(৭৪) এবং যারা বলে, হে আমাদের রব! আমাদেরকে এমন স্ত্রী ও সন্তান দান কর যারা

ذُرِّيّٰتِنَا قُرَّةَ اَعْيُنٍ وَّاجْعَلْنَا لِلْمُتَّقِيْنَ اِمَامًا ﴿٧٥﴾ اُولٰٓئِكَ يُجْزَوْنَ الْغُرْفَةَ بِمَا صَبَرُوْا

যুররিয়্যা-তিনা-ক্বুররতা আ'ইয়ুনিঁও অজ্'আলনা-লিলমুত্তাকীনা ইমা-মা-। ৭৫। উলা — য়িকা ইয়ুজ্ব্ যাওনাল্ গুরফাতা বিমা-ছোয়াবারূ

চোখ-জুড়ানো হয়, আমাদেরকে মুত্তাকীদের নেতা বানাও। (৭৫) ধৈর্যের কারণে তাদেরকে কক্ষ দেয়া হবে, এবং সেখানে

وَيُلَقَّوْنَ فِيْهَا تَحِيَّةً وَّسَلٰمًا ﴿٧٦﴾ خٰلِدِيْنَ فِيْهَا ؕ حَسُنَتْ مُسْتَقَرًّا وَّمُقَامًا

অইয়ুলাক্ক্বাওনা ফীহা–তাহিয়্যাতাঁও অসালা-মা-। ৭৬। খ-লিদীনা ফীহা-; হাসুনাত্ মুস্তাক্বাররাঁও অমুক্বা-মা-।

তাদেরকে অভ্যর্থনা জানানো হবে ও সালাম প্রাপ্ত হবে। (৭৬) তারা সেখানে চিরকাল থাকবে, তা কত উত্তম বসতি ও বিশ্রামাগার।

﴿٧٧﴾ قُلْ مَا يَعْبَؤُا بِكُمْ رَبِّيْ لَوْلَا دُعَآؤُكُمْ ۚ فَقَدْ كَذَّبْتُمْ فَسَوْفَ يَكُوْنُ لِزَامًا ۞

৭৭। কু'ল্ মা- ইয়া'বায়ু বিকুম্ রব্বি লাওলা-দু'আ — য়ুকুম্ ফাক্বদ্ কায্যাবতুম্ ফাসাওফা ইয়াকূনু লিযা-মা-।

(৭৭) বলুন, রবকে না ডাকলে তাঁর কিছু আসে যায় না; তোমরা অস্বীকার করেছে, তাই অচিরেই নেমে আসবে অনিবার্য বিপদ।

এক চতুর্থাংশ ৬ ع ১৭ ৪ রুকু

সূরা শু'আরা- মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ২২৭
রুকূ ঃ ১১

﴿١﴾ طٰسٓمّٓ ﴿٢﴾ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ﴿٣﴾ لَعَلَّكَ بَاخِعٌ نَّفْسَكَ اَلَّا يَكُوْنُوْا

১। ত্বোয়া-সী — ম্মী — ম্। ২। তিল্কা আ-ইয়া-তুল্ কিতা-বিল্ মুবীন্। ৩। লা'আল্লাকা বা-খি'উন্ নাফ্সাকা আল্লা-ইয়াকূনূ

(১) ত্বোয়া সীন মীম। (২) এটি সুস্পষ্ট কিতাবের আয়াত। (৩) তারা মু'মিন না হওয়ায় সম্ভবতঃ নিজের জীবন বিসর্জন

মঞ্জিল ৫

مُؤْمِنِيْنَ ﴿٤﴾ اِنْ نَّشَاْ نُنَزِّلْ عَلَيْهِمْ مِّنَ السَّمَآءِ اٰيَةً فَظَلَّتْ اَعْنَاقُهُمْ لَهَا خٰضِعِيْنَ ۞

মু''মিনীন্। ৪। ইন্ নাশা" নুনায্যিল্ 'আলাইহিম্ মিনাস্ সামা — য়ি আ-ইয়াতান্ ফাজোয়াল্লাত্ 'আনা-ক্বুহুম্ লাহা-খ-দ্বি'ঈন্।

দেবেন।(৪) আমি যদি ইচ্ছা করতাম তবে আকাশ হতে তাদের উপর নিদর্শন নাযিল করতাম, যাতে তাদের ঘাড় বিনীত হয়।

আয়াত-৩ ঃ অর্থাৎ হে পয়গাম্বর! স্ব-জাতির কুফর ও ইসলামের প্রতি পৃষ্ঠ প্রদর্শন দেখে দুঃখ ও বেদনায় ভারাক্রান্ত হবে না। এ হতে জানা গেল যে, যার ভাগ্যে ঈমান নেই-কোন কাফের সম্পর্কে এরূপ জানার পরও তার নিকট দ্বীন প্রচার করতে হবে। মানুষকে দ্বীন হতে বিমুখ হতে দেখে আল্লাহর পথে আহ্বানকারীর বেশি দুঃখিত হওয়া উচিত নয়। (মাঃ কোঃ) আয়াত-৪ঃ এখানে "আ'নাকহুম" অর্থ- তাদের গ্রীবা বা গর্দান। কেননা, নত হওয়া ও বিনয়ী হওয়ার ভাব সর্বপ্রথম গ্রীবায় প্রকাশ পায়। (মাঃ কোঃ) ৩। বরং আল্লাহ তা'আলার শরীক সাব্যস্ত করে থাকে। মোটকথা, আল্লাহর সাথে শরীক করা নবুওয়াতের অবিশ্বাস করার চেয়েও অধিক নিন্দনীয়। শত্রুতা মুলক মনোভাব তাদের প্রকৃতিকেই সম্পূর্ণরূপে বিনষ্ট করে দিয়েছে। (বঃ কোঃ)

⑤ وَمَا يَأْتِيهِم مِّن ذِكْرٍ مِّنَ الرَّحْمَٰنِ مُحْدَثٍ إِلَّا كَانُوا عَنْهُ مُعْرِضِينَ ⑥ فَقَدْ

৫। অমা-ইয়া''তীহিম্ মিন্ যিক্‌রিম্ মিনার্ রহ্‌মা-নি মুহ্‌দাছিন্ ইল্লা-কা-নূ 'আন্‌হু মু'রিদ্বীন্। ৬। ফাক্বদ্
(৫) যখনই তাদের কাছে দয়াময় আল্লাহর পক্ষ থেকে কোন নতুন উপদেশ আসে তখনই তারা মুখ ফিরায়। (৬) অতঃপর তারা

كَذَّبُوا فَسَيَأْتِيهِمْ أَنبَاءُ مَا كَانُوا بِهِ يَسْتَهْزِءُونَ ⑦ أَوَلَمْ يَرَوْا إِلَى الْأَرْضِ كَمْ

কায্‌যাবূ ফাসাইয়া''তী হিম্ আম্‌বা — য়ু মা-কা-নূ বিহী ইয়াস্‌তাহ্‌যিয়ূন্। ৭। আওয়ালাম্ ইয়ারাও ইলাল্ আর্‌দ্বি কাম্
মিথ্যারোপ করে, তাদের ঠাট্টার বিষয়ের প্রকৃত বার্তা শীঘ্রই আসবে। (৭) তারা কি যমীনের দিকে তাকায় না? তাতে আমি

أَنبَتْنَا فِيهَا مِن كُلِّ زَوْجٍ كَرِيمٍ ⑧ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً ۖ وَمَا كَانَ أَكْثَرُهُم مُّؤْمِنِينَ

আম্‌বাত্‌না-ফীহা-মিন্ কুল্লি যাওজিন্ কারীম্। ৮। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ্; অমা- কা-না আক্‌ছারুহুম্ মু'মিনীন্।
প্রত্যেক প্রকারের উত্তম বস্তু উৎপন্ন করেছি। (৮) নিঃসন্দেহে তাতে নিদর্শন আছে, তাদের অধিকাংশই তা বিশ্বাস করে না।

১ ع ৯ ৫ রুকু

⑨ وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ⑩ وَإِذْ نَادَىٰ رَبُّكَ مُوسَىٰ أَنِ ائْتِ

৯। অ ইন্না রব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রহীম্। ১০। অ ইয্ না-দা- রব্বুকা মূসা ~ আনি''তিল্
(৯) আর নিশ্চয়ই আপনার রবই বিজয়ী, দয়ালু।(১০) আর যখন রব মূসাকে আহ্বান করে বললেন যে, 'জালিম সম্প্রদায়ের

الْقَوْمَ الظَّالِمِينَ ⑪ قَوْمَ فِرْعَوْنَ ۚ أَلَا يَتَّقُونَ ⑫ قَالَ رَبِّ إِنِّي أَخَافُ أَن

ক্বওমাজ্ জোয়া-লিমী ন্। ১১। ক্বওমা ফির্'আউন্; আলা-ইয়াত্তাক্বূ ন্। ১২। ক্ব-লা রব্বি ইন্নী ~ আখ-ফু আইঁ
নিকট গমন কর, (১১) ফেরাউনের জাতীর কাছে; তারা কি ভয় করে না? (১২) বলল, হে আমার রব! ভয় হয় যে,

يُكَذِّبُونِ ⑬ وَيَضِيقُ صَدْرِي وَلَا يَنطَلِقُ لِسَانِي فَأَرْسِلْ إِلَىٰ هَارُونَ

ইয়ুকায্‌যিবূন্।১৩। অ ইয়াদ্বীক্ব ছোয়াদ্‌রী অলা-ইয়ান্‌ত্বোয়ালিক্ব লিসা-নী ফাআর্‌সিল্ ইলা-হা-রূন্।
আমাকে অস্বীকার করবে। (১৩) আমার মন সংকুচিত হবে, আমার জিহ্বা চলবে না, অতএব হারূনকেও রাসূল করুন।

⑭ وَلَهُمْ عَلَيَّ ذَنبٌ فَأَخَافُ أَن يَقْتُلُونِ ⑮ قَالَ كَلَّا ۖ فَاذْهَبَا بِآيَاتِنَا ۖ إِنَّا مَعَكُم

১৪। অলাহুম্ 'আলাইয়্যা যাম্‌বুন্ ফাআখা-ফু আইঁ ইয়াক্ব্‌তুলূন্।১৫। ক্ব-লা ক্বাল্লা-ফায্‌হাবা-বিআ-ইয়া-তিনা ~ ইন্না-মা'আকুম্
(১৪) আমি অভিযুক্ত, ভয় করি যে, আমাকে হত্যা করবে। (১৫) আল্লাহ বললেন, কখনও না; উভয়েই আমার নিদর্শন নিয়ে যাও;

مُّسْتَمِعُونَ ⑯ فَأْتِيَا فِرْعَوْنَ فَقُولَا إِنَّا رَسُولُ رَبِّ الْعَالَمِينَ ⑰ أَنْ أَرْسِلْ

মুস্‌তামি'উন্। ১৬। ফা''তিয়া-ফির্'আউনা ফাক্বূলা ~ ইন্না-রাসূলু রব্বিল্ 'আ-লামীন্।১৭। আন্ আর্‌সিল্
আমি সাথে শ্রোতারূপে আছি।(১৬) ফেরাউনের কাছে যাও, বল, আমরা উভয়েই বিশ্ব-রবের রাসূল। (১৭) বণী ইসরাঈলকে

مَعَنَا بَنِي إِسْرَائِيلَ ⑱ قَالَ أَلَمْ نُرَبِّكَ فِينَا وَلِيدًا وَلَبِثْتَ فِينَا مِنْ عُمُرِكَ

মা'আনা-বানী ~ ইসর — ঈল্। ১৮। ক্ব-লা আলাম্ নুরব্বিকা ফীনা অলীদাঁও অলাবিছ্‌তা ফীনা-মিন্ 'উমুরিকা
আমাদের সাথে গমন করতে দাও। (১৮) বলল, তোমাকে কি শৈশবে পালন করি নি? তুমি তো তোমার জীবনের বহু বছর

سِنِيْنَ ⑲ وَفَعَلْتَ فَعْلَتَكَ الَّتِىْ فَعَلْتَ وَاَنْتَ مِنَ الْكٰفِرِيْنَ ⑳ قَالَ

সিনীন্। ১৯। অ ফা'আল্‌তা ফা'লাতাকাল্ লাতী ফা'আল্‌তা অ আন্‌তা মিনাল্ কা-ফিরীন্। ২০। ক্বা-লা
আমাদের সঙ্গে অতিবাহিত করছে।(১৯) তুমি তোমার অপকর্ম যা করার তা-ই করেছ, তুমি অকৃতজ্ঞ। (২০)(মূসা ফেরাউন) কে বলল,

فَعَلْتُهَآ اِذًا وَّاَنَا مِنَ الضَّآلِّيْنَ ㉑ فَفَرَرْتُ مِنْكُمْ لَمَّا خِفْتُكُمْ فَوَهَبَ لِىْ

ফা'আল্‌তুহা ~ ইযাঁও অ আনা মিনাদ্ব্ দ্বোয়া — ল্লীন্। ২১। ফাফারর্‌তু মিন্‌কুম্ লাম্মা -খিফ্‌তুকুম্ ফাওয়াহাবা লী
আমি বিভ্রান্ত অবস্থায় তা করেছি। (২১) তারপর আমি যখন ভীত হলাম তখনই পলায়ন করলাম; অতঃপর আমার

رَبِّىْ حُكْمًا وَّجَعَلَنِىْ مِنَ الْمُرْسَلِيْنَ ㉒ وَتِلْكَ نِعْمَةٌ تَمُنُّهَا عَلَىَّ اَنْ عَبَّدْتَّ

রব্বী হুক্‌মাঁও অজ্বা'আলানী মিনাল্ মুর্‌সালীন্। ২২। অতিল্‌কা নি'মাতুন্ তামুন্নু হা-'আলাইয়্যা আন্ 'আব্বাত্‌তা
রব আমাকে বিশেষ জ্ঞান প্রদান করলেন, আমাকে রাসূল বানালেন।(২২) যে অনুগ্রহের খোটা তোমরা আমাকে দিচ্ছ তা হল,

بَنِىْٓ اِسْرَآءِيْلَ ㉓ قَالَ فِرْعَوْنُ وَمَا رَبُّ الْعٰلَمِيْنَ ㉔ قَالَ رَبُّ السَّمٰوٰتِ

বানী ~ ইসর — ঈল্। ২৩। ক্বা-লা ফির্'আউনু অমা-রব্বুল্ 'আ-লামীন্। ২৪। ক্বা-লা রব্বুস্ সামা-ওয়া-তি
তুমি বণী ইস্রাঈলকে দাস বানিয়েছ।(২৩) ফিরাউন (মূসাকে) বলল, বিশ্ব রব আবার কি?(২৪) মূসা বলল, যিনি আকাশ মণ্ডলী ও

وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا اِنْ كُنْتُمْ مُّوْقِنِيْنَ ㉕ قَالَ لِمَنْ حَوْلَهٗٓ اَلَا تَسْتَمِعُوْنَ ☆

অল্ আরদ্বি অমা-বাইনাহুমা-; ইন্ কুন্‌তুম্ মূক্বিনীন্। ২৫। ক্বা-লা লিমান্ হাওলাহূ ~ আলা-তাস্‌তামি'উন্।
পৃথিবী এবং তম্মধ্যস্থিত সব কিছুর রব। যদি তোমরা বিশ্বাস কর।(২৫) ফেরাউন তার পরিষদকে লক্ষ্য করে বলল, তোমরা শুনছ কি?

㉖ قَالَ رَبُّكُمْ وَرَبُّ اٰبَآئِكُمُ الْاَوَّلِيْنَ ㉗ قَالَ اِنَّ رَسُوْلَكُمُ الَّذِىْٓ اُرْسِلَ

২৬। ক্ব-লা রব্বুকুম্ অরব্বু আ-বা — য়িকুমুল্ আউওয়ালীন্। ২৭। ক্ব-লা ইন্না রাসূলাকুমু ল্লাযী ~ উর্‌সিলা
(২৬) মূসা বলল, তিনি তোমাদের রব ও তোমাদের পূর্বে যারা গত হয়েছে তাদেরও রব।(২৭) (ফেরাউন) বলল, তোমাদের

اِلَيْكُمْ لَمَجْنُوْنٌ ㉘ قَالَ رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَمَا بَيْنَهُمَا اِنْ كُنْتُمْ

ইলাইকুম্ লামাজ্‌নূন্। ২৮। ক্বা-লা রব্বুল্ মাশ্‌রিক্বি অল্ মাগ্‌রিবি অমা-বাইনাহুমা-; ইন্ কুন্‌তুম্
কাছে প্রেরিত রাসূলটি পাগল। (২৮) মূসা বলল, আল্লাহ পূর্ব-পশ্চিম ও তার মধ্যে যা কিছু আছে সব কিছুর রব, যদি তোমরা

تَعْقِلُوْنَ ㉙ قَالَ لَئِنِ اتَّخَذْتَ اِلٰهًا غَيْرِىْ لَاَجْعَلَنَّكَ مِنَ الْمَسْجُوْنِيْنَ ☆

তা'ক্বিলূন্। ২৯। ক্ব-লা লায়িনি ত্তাখায্‌তা ইলা-হান্ গইরী লাআজ্‌'আলান্নাকা মিনাল্ মাস্‌জুনীন্।
বুঝ। (২৯) ফেরাউন বলল, তুমি যদি আমাকে ছাড়া অন্য কাউকে ইলাহ বানাও, তবে তোমাকে আমি কারারুদ্ধ করব।

আয়াত-২৩ ঃ টীকা ঃ (১) এ আয়াত হতে প্রমাণিত হয় যে, মহিমান্বিত আল্লাহর স্বরূপ জানা সম্ভবপর নয়; কেননা, ফেরাউনের প্রশ্ন ছিল আল্লাহর স্বরূপ সম্পর্কে। মূসা (আঃ) স্বরূপ বর্ণনা না করে আল্লাহ তা'আলার গুণাবলী বর্ণনা করেছেন। এতে ইঙ্গিত করেছেন যে, আল্লাহ তা'আলার স্বরূপ অনুধাবন করা সম্ভবপর নয় এবং এরূপ প্রশ্ন করাই অবাস্তব। (তাফঃ রূঃ মাঃ) আয়াত-৩১ ঃ অত্র আয়াতের ব্যাখ্যা প্রসঙ্গে কোন কোন ঐতিহাসিক উদ্ধৃতিতে হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে যে, সেই অজগর যখন ফেরাউনের দিকে হা করে মুখ বাড়াল, তখন ফেরাউন সিংহাসন হতে লাফিয়ে পড়ে হযরত মূসা (আঃ) এর স্বরণাপন্ন হল, আর দরবারের বহু লোক ভয়ে মারা গেল। (তাফঃ কঃ, মাঃ কোঃ)

٣٠ قَالَ أَوَلَوْ جِئْتُكَ بِشَيْءٍ مُّبِينٍ ٣١ قَالَ فَأْتِ بِهِۦٓ إِن كُنتَ مِنَ ٱلصَّٰدِقِينَ

৩০। ক্ব-লা আওয়ালাও জ্বি'তুকা বিশাইয়িম্ মুবীন্। ৩১। ক্ব-লা ফা'তি বিহী ~ ইন্ কুন্তা মিনাছ্ ছোয়া-দিক্বীন্।
(৩০) মূসা বলল, তোমার কাছে যদি স্পষ্ট কিছু আনি, তবুও ? (৩১) ফেরাউন বলল, সত্যবাদী হলে আন।

٣٢ فَأَلْقَىٰ عَصَاهُ فَإِذَا هِىَ ثُعْبَانٌ مُّبِينٌ ٣٣ وَنَزَعَ يَدَهُۥ فَإِذَا هِىَ بَيْضَآءُ

৩২। ফা আল্ক্ব- 'আছোয়া-হু ফাইযা-হিয়া ছু'বানুম্ মুবীন্। ৩৩। অনাযা'আ ইয়াদাহূ ফাইযা-হিয়া বাইদ্বোয়া — য়ু
(৩২) অতঃপর মূসা লাঠি নিক্ষেপ করলে তখনই স্পষ্ট অজগর হল। (৩৩) এবং হাত বের করল, তা দর্শকদের জন্য

২ ع ২৪ ৬ রুকু

لِلنَّٰظِرِينَ ٣٤ قَالَ لِلْمَلَإِ حَوْلَهُۥٓ إِنَّ هَٰذَا لَسَٰحِرٌ عَلِيمٌ ٣٥ يُرِيدُ أَن يُخْرِجَكُم

লিন্না-জিরীন্।৩৪। ক্ব-লা লিল্মালায়ি হাওলাহূ ~ ইন্না হা-যা-লাসা-হিরুন্ 'আলীম্। ৩৫। ইয়ুরীদু আই ইয়ুখ্ রিজ্বাকুম্
শুভোজ্জ্বল হল। (৩৪) ফেরাউন তার পরিষদবর্গকে বলল, এ-তো সুদক্ষ যাদুকর। (৩৫) সে তার যাদু দিয়ে তোমাদেরকে

مِّنْ أَرْضِكُم بِسِحْرِهِۦ فَمَاذَا تَأْمُرُونَ ٣٦ قَالُوٓا۟ أَرْجِهْ وَأَخَاهُ وَٱبْعَثْ فِى

মিন্ আরদ্বিকুম্ বিসিহ্রিহী ফামা-যা- তা''মুরূন্। ৩৬। ক্ব-লূ ~ আরজ্বিহ্ অআখ- হু ওয়াব্'আছ্ ফিল্
দেশান্তর করতে চায়, তোমাদের অভিমত কি? (৩৬) তারা বলল, আপনি তাকে ও তার ভাইকে অবকাশ দিন এবং আর

ٱلْمَدَآئِنِ حَٰشِرِينَ ٣٧ يَأْتُوكَ بِكُلِّ سَحَّارٍ عَلِيمٍ ٣٨ فَجُمِعَ ٱلسَّحَرَةُ لِمِيقَٰتِ

মাদা — য়িনি হা-শিরীন্।৩৭।ইয়া''তূকা বিকুল্লি সাহ্হা-রিন্ 'আলীম্। ৩৮। ফাজু মি'আস্ সাহারাতু লিমীক্ব -তি
শহরে দূত পাঠাও।(৩৭) যেন সুদক্ষ যাদুকর নিয়ে আসে। (৩৮)(দেশের বিখ্যাত বিখ্যাত) যাদুকরদেরকে সমবেত করা হল

يَوْمٍ مَّعْلُومٍ ٣٩ وَقِيلَ لِلنَّاسِ هَلْ أَنتُم مُّجْتَمِعُونَ ٤٠ لَعَلَّنَا نَتَّبِعُ

ইয়াওমিম্ মা'লূম্। ৩৯। অক্বীলা লিন্না-সি হাল্ আন্তুম্ মুজ্ তামি'ঊন্। ৪০। লা'আল্লানা-নাত্তাবি'উস্
নির্দিষ্ট সময়ে এক নির্ধারিত দিনে। (৩৯) আর লোকদেরকে বলা হল, তোমরা একত্রিত হবে কি? (৪০) যেন আমরা

ٱلسَّحَرَةَ إِن كَانُوا۟ هُمُ ٱلْغَٰلِبِينَ ٤١ فَلَمَّا جَآءَ ٱلسَّحَرَةُ قَالُوا۟ لِفِرْعَوْنَ أَئِنَّ لَنَا

সাহারতা ইন্ কা-নূ হুমুল্ গলিবীন্। ৪১। ফালাম্মা- জ্বা — য়াস্ সাহারতু ক্ব-লূ লিফির্'আউনা আয়িন্না লানা-
যাদুকরদের অনুসরণ করতে পারি, যদি তারা বিজয়ী হয়।(৪১) তারপর যাদুকররা এসে ফেরাউনকে বলল, বিজয়ী হলে

لَأَجْرًا إِن كُنَّا نَحْنُ ٱلْغَٰلِبِينَ ٤٢ قَالَ نَعَمْ وَإِنَّكُمْ إِذًا لَّمِنَ ٱلْمُقَرَّبِينَ ٤٣ قَالَ

লাআজ্ রন্ ইন্ কুন্না -নাহ্নুল্ গ-লিবীন্।৪২। ক্ব-লা না'আম্ অ ইন্নাকুম্ ইযা ল্লামিনাল্ মুক্বার্রাবীন্। ৪৩। ক্ব-লা
আমাদের জন্য পুরস্কার আছে তো? (৪২) বলল, হাঁ,তোমরা তখন আমার ঘনিষ্ট লোক হবে। (৪৩) মূসা তাদেরকে বলল,

لَهُم مُّوسَىٰٓ أَلْقُوا۟ مَآ أَنتُم مُّلْقُونَ ٤٤ فَأَلْقَوْا۟ حِبَالَهُمْ وَعِصِيَّهُمْ وَقَالُوا۟ بِعِزَّةِ

লাহুম্ মূসা ~ আল্ক্বূ মা ~ আন্তুম্ মুলক্বূন্। ৪৪। ফাআল্ক্বও হিবা-লাহুম্ অ ইছিয়্যাহুম্ অক্ব-লূ বি'ইয্যাতি
তোমাদের যা নিক্ষেপ করার, তা কর। (৪৪) তারপর তারা রজ্জু ও লাঠি নিক্ষেপ করে বলল, ফেরাউনের ইয্যতের শপথ!

فِرۡعَوۡنَ اِنَّا لَنَحۡنُ الۡغٰلِبُوۡنَ ﴿۴۵﴾ فَاَلۡقٰی مُوۡسٰی عَصَاهُ فَاِذَا هِیَ تَلۡقَفُ مَا یَاۡفِکُوۡنَ

ফির্'আওনা ইন্না লানাহ্নুল্ গলিবূন্। ৪৫। ফা আল্ক্ব-মূসা-'আছোয়া-হু ফাইযা-হিয়া তাল্ক্বফু মা-ইয়া''ফিকূন্।
নিশ্চয়ই আমরাই বিজয়ী হ'ব। (৪৫) অতঃপর মূসা স্বীয় লাঠি নিক্ষেপ করলে তাদের অলীক বস্তুগুলো সব গিলে ফেলে।

﴿۴۶﴾ فَاُلۡقِیَ السَّحَرَۃُ سٰجِدِیۡنَ ﴿۴۷﴾ قَالُوۡۤا اٰمَنَّا بِرَبِّ الۡعٰلَمِیۡنَ ﴿۴۸﴾ رَبِّ مُوۡسٰی

৪৬। ফাউল্ক্বিয়াস্ সাহারতু সা-জ্বিদীন্। ৪৭। ক্ব-লূ ~ আ-মান্না- বিরব্বিল্ 'আ-লামীন্। ৪৮। রব্বি মূসা-
(৪৬) তখন যাদুকররা সবাই সিজদায় পড়ে গেল।(৪৭) এবং বলল, বিশ্ব-রবের প্রতি আমরা ঈমান আনলাম। (৪৮) যিনি মূসা

وَ هٰرُوۡنَ ﴿۴۹﴾ قَالَ اٰمَنۡتُمۡ لَهٗ قَبۡلَ اَنۡ اٰذَنَ لَکُمۡ ۚ اِنَّهٗ لَکَبِیۡرُکُمُ الَّذِیۡ عَلَّمَکُمُ

অহা-রূন্। ৪৯। ক্ব-লা আ-মান্তুম্ লাহূ ক্বব্লা আন্ আ-যানা লাকুম্ ইন্নাহূ লাকাবীরুকুমুল্লাযী 'আল্লামা কুমুস্
ও হারূনের রব। (৪৯) ফেরাউন বলল, অনুমতির পূর্বেই তোমরা তার প্রতি ঈমান আনলে? এ ব্যক্তি তো তোমাদের বড়

السِّحۡرَ ۚ فَلَسَوۡفَ تَعۡلَمُوۡنَ ۬ؕ لَاُقَطِّعَنَّ اَیۡدِیَکُمۡ وَ اَرۡجُلَکُمۡ مِّنۡ خِلَافٍ وَّ لَاُوصَلِّبَنَّکُمۡ

সিহ্র ফালাসাওফা তা'লামূন্; লাউক্বত্তি'আন্না আইদিয়াকুম্ অআরজুলাকুম্ মিন্ খিলা-ফিঁও অলা-উছোয়াল্লিবান্নাকুম্
যাদু শিক্ষক। শীঘ্রই এর পরিণাম বুঝবে। অবশ্যই আমি তোমাদের হাত, পা, বিপরীতভাবে কাটব, আর তোমাদের

اَجۡمَعِیۡنَ ﴿۵۰﴾ قَالُوۡا لَا ضَیۡرَ ۫ اِنَّاۤ اِلٰی رَبِّنَا مُنۡقَلِبُوۡنَ ﴿۵۱﴾ اِنَّا نَطۡمَعُ اَنۡ

আজ্ব্ মা'ঈন্। ৫০। ক্ব-লূ লা-দ্বোয়াইর ইন্না ~ইলা-রব্বিনা- মুন্ক্বালিবূন্। ৫১। ইন্না-নাত্ব্ মা'উ আইঁ
সবাইকে আমি শূলে চড়াব। (৫০) তারা বলল, তাতে ক্ষতি নেই, রবের কাছেই তো যাব। (৫১) আমরা আশা করি, রব

৩ ع ১৮ ৭ রুকু

یَّغۡفِرَ لَنَا رَبُّنَا خَطٰیٰنَاۤ اَنۡ کُنَّاۤ اَوَّلَ الۡمُؤۡمِنِیۡنَ ﴿۵۲﴾ وَ اَوۡحَیۡنَاۤ اِلٰی مُوۡسٰۤی اَنۡ اَسۡرِ

ইয়াগ্ফির লানা-রব্বুনা-খত্বোয়া-ইয়া-না ~ আন্ কুন্না ~ আউওয়ালাল্ মু'মিনীন্। ৫২। অ আওহাইনা ~ ইলা-মূসা ~ আন্ আস্রি
আমাদের পাপ মার্জনা করবেন, কেননা আমরা প্রথম মুমিন। (৫২) আর আমি মূসাকে অহী করলাম যে, রাতে আমার

بِعِبَادِیۡۤ اِنَّکُمۡ مُّتَّبَعُوۡنَ ﴿۵۳﴾ فَاَرۡسَلَ فِرۡعَوۡنُ فِی الۡمَدَآئِنِ حٰشِرِیۡنَ ﴿۵۴﴾ اِنَّ

বি'ইবা-দী ~ইন্নাকুম্ মুত্তাবা'উন্।৫৩।ফাআর্সালা ফির্'আউনু ফিল্ মাদা — য়িনি হা-শিরীন্। ৫৪। ইন্না
বান্দাদের নিয়ে বেরিয়ে পড়, তোমরা অনুসৃত হবে। (৫৩) ফেরাউন শহরে লোক সংগ্রহে পাঠাল যে, (৫৪) নিশ্চয়ই

هٰۤؤُلَآءِ لَشِرۡذِمَۃٌ قَلِیۡلُوۡنَ ﴿۵۵﴾ وَ اِنَّهُمۡ لَنَا لَغَآئِظُوۡنَ ﴿۵۶﴾ وَ اِنَّا لَجَمِیۡعٌ حٰذِرُوۡنَ

হা ~ উলা — য়ি লাশির্যিমাতুন্ ক্বালীলূন্। ৫৫। অইন্নাহুম্ লানা-লাগ — য়িজূন্। ৫৬। অইন্না-লাজামী'উন্ হা-যিরূন্।
এরা তো ক্ষুদ্র দল। (৫৫) এবং এরা তো আমাদেরকে ক্রোধান্বিত করেছে। (৫৬) আমরা সদা সতর্ক একটি দল।

আয়াত-৫২ ঃ এখানে মিসর ত্যাগের বৃত্তান্তই বর্ণনা করা হয়েছে। মূসা (আঃ) কোন উৎসবের কথা বলে ফিরাউন হতে অনুমতি নিয়ে বনী ঈসরাইলকে সপরিবারে নিয়ে সিরিয়া অভিমুখে যাত্রা করলেন এবং বনী ঈসরাইলেরা ফিরাউন সম্প্রদায় হতে এ উপলক্ষে অলঙ্কারাদিও ধার করে নিয়েছিল। ফিরাউন এ সংবাদ অবগত হয়ে ফিরাউন তার দলবলসহ তাঁদের পশ্চাদ্ধাবন করল এবং প্রত্যুষে লোহীত সাগরের তীরে এসে সাক্ষাৎ পেল। বনী ঈসরাইল তাদেরকে দেখে ভীত হল। হযরত মূসা (আঃ) তাদিগকে সান্ত্বনা প্রদানের সুরে বললেন, " আল্লাহ্ আমাদের সঙ্গে আছেন।

۝٥٧ فَأَخْرَجْنَٰهُم مِّن جَنَّٰتٍ وَعُيُونٍ ۝٥٨ وَكُنُوزٍ وَمَقَامٍ كَرِيمٍ ۝٥٩ كَذَٰلِكَ

৫৭। ফাআখ্‌রজ্‌না-হুম্ মিন্ জ্বান্না-তিঁও অ'উইয়ূন্। ৫৮। অ কুনূযিঁও অমাক্ব-মিন্ কারীম্। ৫৯। কাযা-লিক্;
(৫৭) বাগান ও ঝর্ণা হতে তাদেরকে (ফেরাউনের দলকে) বের করলাম, (৫৮) আর ধন-ভাণ্ডার ও সু-প্রাসাদ হতে। (৫৯) এভাবেই,

وَأَوْرَثْنَٰهَا بَنِىٓ إِسْرَٰٓءِيلَ ۝٦٠ فَأَتْبَعُوهُم مُّشْرِقِينَ ۝٦١ فَلَمَّا تَرَٰٓءَا

অআওরছ্‌না-হা-বানী ~ইস্‌রা —ঈল্। ৬০। ফাআত্‌বা'উহুম্ মুশ্‌রিক্বীন্। ৬১। ফালাম্মা-তারা —য়াল্
বণী ইস্রাঈলকে মালিক করলাম। (৬০) সূর্যোদয়কালে তারা অনুসরণ করল। (৬১) উভয়ে পরস্পরকে দেখলে মূসার

ٱلْجَمْعَانِ قَالَ أَصْحَٰبُ مُوسَىٰٓ إِنَّا لَمُدْرَكُونَ ۝٦٢ قَالَ كَلَّآ إِنَّ مَعِىَ رَبِّى سَيَهْدِينِ

জ্বাম্'আ-নি ক্ব-লা আছ্‌হা-বু মূসা ~ ইন্না-লামুদ্‌রাকূন্। ৬২। ক্ব-লা কাল্লা-ইন্না মা'ইয়া রব্বী সাইয়াহ্‌দীন্।
সাথীরা বলল, নিশ্চয়ই আমরা ধৃত হব।(৬২) মূসা বলল, কখনো না, আমাদের রব আমাদের সাথে আছেন, পথ দেখাবেন

۝٦٣ فَأَوْحَيْنَآ إِلَىٰ مُوسَىٰٓ أَنِ ٱضْرِب بِّعَصَاكَ ٱلْبَحْرَ فَٱنفَلَقَ فَكَانَ كُلُّ

৬৩। ফাআওহাইনা ~ ইলা-মূসা ~ আনিদ্বরিব্ বি'আছোয়া-কাল্ বাহ্‌র্; ফান্‌ফালাক্ব ফাকা-না কুল্লু
(৬৩) অতঃপর আমি মূসার কাছে নির্দেশ প্রেরণ করলাম, তোমার লাঠি দিয়ে সমুদ্রে আঘাত কর, বিভক্ত হয়ে প্রত্যেক

فِرْقٍ كَٱلطَّوْدِ ٱلْعَظِيمِ ۝٦٤ وَأَزْلَفْنَا ثَمَّ ٱلْءَاخَرِينَ ۝٦٥ وَأَنجَيْنَا مُوسَىٰ وَمَن مَّعَهُۥٓ

ফির্‌ক্বিন্ কাত্তোয়াওদিল্ 'আজীম্।৬৪। অ আয্‌লাফ্‌না ছাম্মাল্ আ-খরীন্।৬৫। অআন্‌জ্বাইনা-মূসা-অমাম্মা'আহূ ~
অংশ বিশাল বড় পাহাড় সাদৃশ হল; (৬৪) আর সেখানে অন্যদলকে পৌঁছেদিলাম। (৬৫) মূসা ও তার সকল সঙ্গীকে

أَجْمَعِينَ ۝٦٦ ثُمَّ أَغْرَقْنَا ٱلْءَاخَرِينَ ۝٦٧ إِنَّ فِى ذَٰلِكَ لَءَايَةً وَمَا كَانَ أَكْثَرُهُم مُّؤْمِنِينَ ☆

আজ্‌ মা'ঈন্।৬৬। ছুম্মা আগ্‌রক্বনাল্ আ-খরীন্।৬৭। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ্; অমা-কা-না আক্‌ছারুহুম্ মু''মিনীন্।
মুক্তি দিলাম। (৬৬) অন্য দলকে নিমজ্জিত করলাম। (৬৭) এতে রয়েছে নিদর্শন, কিন্তু অধিকাংশই তাতে বিশ্বাসী নয়।

۝٦٨ وَإِنَّ رَبَّكَ لَهُوَ ٱلْعَزِيزُ ٱلرَّحِيمُ ۝٦٩ وَٱتْلُ عَلَيْهِمْ نَبَأَ إِبْرَٰهِيمَ ۝٧٠ إِذْ قَالَ لِأَبِيهِ

৬৮। অ ইন্না রব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর রহীম্।৬৯। অত্‌লু 'আলাইহিম্ নাবায়া ইব্‌রা-হীম্। ৭০। ইয্ ক্ব-লা লিআবীহি
(৬৮) আর নিশ্চয়ই আপনার রব পরাক্রমশালী, দয়ালু। (৬৯) তাদেরকে ইব্রাহীমের বিবরণ শুনান। (৭০) যখন সে তার পিতা

وَقَوْمِهِۦ مَا تَعْبُدُونَ ۝٧١ قَالُوا۟ نَعْبُدُ أَصْنَامًا فَنَظَلُّ لَهَا عَٰكِفِينَ ۝٧٢ قَالَ هَلْ

অক্বওমিহী মা-তা'বুদূন্।৭১। ক্ব-লূ না'বুদু আছ্‌না- মান্ ফানাজোয়াল্লু লাহা-'আ-কিফীন্।৭২। ক্ব-লা-হাল্
ও জাতিকে বলল, তোমারা কিসের পূজা কর? (৭১) তারা বলল, প্রতিমার পূজা করি, একনিষ্ঠভাবে এদের আকড়ে ধরি। (৭২) বলল, তাদের

يَسْمَعُونَكُمْ إِذْ تَدْعُونَ ۝٧٣ أَوْ يَنفَعُونَكُمْ أَوْ يَضُرُّونَ ۝٧٤ قَالُوا۟ بَلْ وَجَدْنَآ ءَابَآءَنَا

ইয়াসমা'উনাকুম ইয্ তাদ্'উন্।৭৩। আও ইয়ান্‌ফা'উনাকুম্ আও ইয়াদ্বুর্‌রূন্।৭৪। ক্ব-লূ্ কাল্ অজ্বাদনা ~ আ-বা — য়ানা-
যখন ডাক তখন কি তারা তোমাদের ডাক শোনে? (৭৩) বা উপকার অথবা অপকার করে? (৭৪) বলল, বরং আমরা আমাদের পূর্ব পুরুষদেরএরূপ

ওয়াক্বফে লাযেম ৪ ع ১৭ ৮ রুকু

كَذٰلِكَ يَفْعَلُوْنَ ﴿٧٥﴾ قَالَ اَفَرَءَيْتُمْ مَّا كُنْتُمْ تَعْبُدُوْنَ ﴿٧٦﴾ اَنْتُمْ وَاٰبَآؤُكُمُ

কাযা-লিকা ইয়াফ্‌'আলূন্‌ ।৭৫। ক্বা-লা আফারায়াইতুম্‌ মা-কুন্‌তুম্‌ তা'বুদূন্‌। ৭৬। আন্‌তুম্‌ অ আ-বা — য়ুকুমুল্‌

করতে দেখেছি। (৭৫) ইব্রাহীম বলল, তোমারা কি তোমাদের উপাস্য সম্পর্কে ভেবেছ। (৭৬) তোমরা ও তোমাদের পূর্ব

الْاَقْدَمُوْنَ ﴿٧٧﴾ فَاِنَّهُمْ عَدُوٌّ لِّيْٓ اِلَّا رَبَّ الْعٰلَمِيْنَ ﴿٧٨﴾ الَّذِيْ خَلَقَنِيْ فَهُوَ

আক্বদামূন্‌ ।৭৭। ফাইন্নাহুম্‌ আ'দুওয়ুল্‌লী ~ ইল্লা-রব্বাল্‌ 'আ-লামীন্‌। ৭৮। আল্লাযী খলাক্বনী ফাহুওয়া

পুরুষেরা? (৭৭) বিশ্ব-রব ছাড়া এরা সবই আমার শত্রু। (৭৮) যিনি আমাকে সৃষ্টি করেছেন তিনিই আমাকে পথ প্রদর্শন

يَهْدِيْنِ ﴿٧٩﴾ وَالَّذِيْ هُوَ يُطْعِمُنِيْ وَيَسْقِيْنِ ﴿٨٠﴾ وَاِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِيْنِ ﴿٨١﴾ وَالَّذِيْ

ইয়াহ্‌দীন্‌। ৭৯। অল্লাযী হুওয়া ইয়ুত্ব্‌'ইমুনী অইয়াস্‌ক্বীন্‌। ৮০। অ ইযা-মারিদ্বতু ফাহুওয়া ইয়াশ্‌ফীন্‌। ৮১। অল্লাযী

করাবেন। (৭৯) আর তিনিই আমাকে পানাহার করান। (৮০) আর আমি যখন অসুস্থ হই, তিনিই তখন আমাকে আরোগ্য দান করেন। (৮১) তিনিই

يُمِيْتُنِيْ ثُمَّ يُحْيِيْنِ ﴿٨٢﴾ وَالَّذِيْٓ اَطْمَعُ اَنْ يَّغْفِرَ لِيْ خَطِيْٓـَٔتِيْ يَوْمَ الدِّيْنِ

ইয়ুমীতুনী ছুম্মা ইয়ুহ্‌য়ীন্‌। ৮২। অল্লাযী ~ আত্ব্‌মাউ' আইঁ ইয়াগ্‌ফিরালী খাতী — আতী ইয়াওমাদ দীন্‌।

মৃত্যু দেন, অতঃপর তিনিই পুনঃ জীবিত করবেন। (৮২) এবং আমি আশা করি পরকালে আমার পাপ ক্ষমা করবেন।

﴿٨٣﴾ رَبِّ هَبْ لِيْ حُكْمًا وَّاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ ﴿٨٤﴾ وَاجْعَلْ لِّيْ لِسَانَ صِدْقٍ فِي

৮৩। রব্বি হাব্‌লী হুক্‌মাঁও অআল্‌হিক্‌নী বিছ্‌ছো-লিহীন্‌। ৮৪। অজ্ব 'আল্‌লী লিসা-না ছিদ্‌ক্বিন্‌ ফিল্‌

(৮৩) হে আমার রব! আমাকে জ্ঞান দাও, সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত করুন। (৮৪) এবং আমাকে সত্যভাষী কর অন্যদের

الْاٰخِرِيْنَ ﴿٨٥﴾ وَاجْعَلْنِيْ مِنْ وَّرَثَةِ جَنَّةِ النَّعِيْمِ ﴿٨٦﴾ وَاغْفِرْ لِاَبِيْٓ اِنَّهٗ كَانَ مِنَ الضَّآلِّيْنَ

আ-খিরীন্‌। ৮৫। অজ্ব'আল্‌নী মিঁও অরছাতি জান্নাতিন্‌ না'ঈম্‌। ৮৬। অগ্‌ফির্‌ লিআবী ~ ইন্নাহূ কা-না মিনা দ্ব দ্বোয়া — লীন্‌।

মধ্যে। (৮৫) আমাকে সুখকর জান্নাতের অধিকারী বানাও। (৮৬) হে আমার রব! পিতাকে ক্ষমা কর, সে পথভ্রষ্ট ছিল।

﴿٨٧﴾ وَلَا تُخْزِنِيْ يَوْمَ يُبْعَثُوْنَ ﴿٨٨﴾ يَوْمَ لَا يَنْفَعُ مَالٌ وَّلَا بَنُوْنَ ﴿٨٩﴾ اِلَّا

৮৭। অলা-তুখ্‌যিনী ইয়াওমা ইয়ুব্‌'আছূন্‌। ৮৮। ইয়াওমা লা-ইয়ান্‌ফা'উ মা-লুঁও অলা-বানূন্‌। ৮৯। ইল্লা-

(৮৭) তাকে পুনরুত্থান দিনে লাঞ্ছিত করো না। (৮৮) যেদিন ধন সম্পদ ও সন্তান সন্ততি উপকার দেবে না। (৮৯) হাঁ, যে

مَنْ اَتَى اللّٰهَ بِقَلْبٍ سَلِيْمٍ ﴿٩٠﴾ وَاُزْلِفَتِ الْجَنَّةُ لِلْمُتَّقِيْنَ ﴿٩١﴾ وَبُرِّزَتِ الْجَحِيْمُ

মান্‌ আতাল্লা-হা বিক্বল্‌বিন্‌ সালীম্‌। ৯০। অ উয্‌লিফাতিল্‌ জান্নাতু লিল্‌মুত্তাক্বীন্‌। ৯১। অবুর্‌রিযাতিল্‌ জাহীমু

আল্লাহর কাছে বিশুদ্ধ মন নিয়ে আসে। (৯০) সেদিন জান্নাত মুত্তাকীদের নিকটতম হবে। (৯১) এবং জাহান্নাম বিভ্রান্তদের জন্য উন্মুক্ত

আয়াত-৮৪ ঃ অত্র আয়াতের অর্থ হল, হে আল্লাহ! আমাকে এমন সুন্দর তরীকা ও উত্তম নিদর্শন দান করুন, যা কিয়ামত পর্যন্ত মানব জাতী অনুসরণ করে এবং আমাকে উৎকৃষ্ট আলোচনা ও সদগুণাবলী দিয়ে স্মরণ করে। এর আসল লক্ষ্য মনোপ্রীতি নয়; বরং আল্লাহ তা'আলার কাছে এ দোয়া করা যে, আমাকে এমন সৎকর্মের তাওফীক দান করুন, যা আমার পরকালের সম্বল হয়, যা দেখে অন্যদের মনেও সৎকর্মের উৎসাহ জাগে এবং আমার পরও যেন মানুষ সৎকর্মে আমার অনুসরণ করে। ইমাম গায্‌যালী (রঃ) বলেন, দুনিয়াতে সম্মান ও মনোপ্রত তিনটি শর্তসাপেক্ষে বৈধ। (১) নিজেকে বড় এবং অন্যকে হেয় প্রতিপন্ন করা উদ্দেশ না হয়ে পরকালীন কল্যাণের লক্ষ্য হওয়া। (২) মিথ্যা গুণকীর্তন লক্ষ্য হয়া চলবে না। (৩) তা অর্জনে কোন গুনাহ অথবা দ্বীনের ব্যাপারে শৈথিল্য করা চলবে না। (ইবঃ কাঃ)

لِلْغٰوِيْنَ ﴿٩١﴾ وَقِيْلَ لَهُمْ اَيْنَمَا كُنْتُمْ تَعْبُدُوْنَ ﴿٩٢﴾ مِنْ دُوْنِ اللّٰهِ ۗ هَلْ يَنْصُرُوْنَكُمْ

লিল্‌গ-ওয়ীন্। ৯২। অক্বীলা লাহুম্ আইনামা– কুন্‌তুম্ তা'বুদূন্ । ৯৩। মিন্ দূনিল্লা-হ্; হাল্ ইয়ান্‌ছুরূনাকুম্

করে দেয়া হবে। (৯২) আর তাদেরকে বলা হবে, তোমাদের উপাস্যরা এখন কোথায়; (৯৩) আল্লাহ ছাড়া তারা কি তোমাদেরকে

اَوْ يَنْتَصِرُوْنَ ﴿٩٣﴾ فَكُبْكِبُوْا فِيْهَا هُمْ وَالْغَاوٗنَ ﴿٩٤﴾ وَجُنُوْدُ اِبْلِيْسَ اَجْمَعُوْنَ ﴿٩٥﴾ قَالُوْا

আও ইয়ান্‌তাছিরূন্। ৯৪। ফাকুব্‌কিবূ ফীহা হুম্ অল্ গ-যূন্। ৯৫। অ জুনূদু ইব্‌লীসা আজ্‌মা'উন্। ৯৬। ক্ব-লূ

সাহায্য করে, আর না তারা নিজেরা আত্মরক্ষায় সক্ষম?(৯৪) তাদেরকে ও ভ্রষ্টদেরকে তাতে অধোমুখে নিক্ষেপ করা হবে। (৯৫) ইবলীসের

وَهُمْ فِيْهَا يَخْتَصِمُوْنَ ﴿٩٦﴾ تَاللّٰهِ اِنْ كُنَّا لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٩٧﴾ اِذْ نُسَوِّيْكُمْ

অহুম্ ফীহা-ইয়াখ্‌তাছিমূন্। ৯৭। তাল্লা-হি ইন্ কুন্না-লাফী দ্বোয়ালা-লিম্ মুবীন্। ৯৮। ইয্ নুসাওয়্যী কুম্

পুরোবাহিনীকেও। (৯৬) তারা সেখানে তর্ক করে বলবে। (৯৭) আল্লাহর কসম! আমরা স্পষ্ট ভ্রষ্টতায় ছিলাম,(৯৮) যখন তোমাদেরকে

بِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٩٨﴾ وَمَآ اَضَلَّنَآ اِلَّا الْمُجْرِمُوْنَ ﴿٩٩﴾ فَمَا لَنَا مِنْ شَافِعِيْنَ ﴿١٠٠﴾

বিরব্বিল্ 'আ-লামীন্। ৯৯। অমা ~ আদ্বোয়াল্লানা ~ ইল্লাল্ মুজ্‌রিমূন্। ১০০। ফামা–লানা–মিন্ শা-ফি'ঈন্।

বিশ্ব রবের সমান মানতাম। (৯৯) এ পাপীরাই আমাদেরকে ভ্রান্ত করেছে। (১০০) আমাদের কোন সুপারিশকারী নেই।

وَلَا صَدِيْقٍ حَمِيْمٍ ﴿١٠١﴾ فَلَوْ اَنَّ لَنَا كَرَّةً فَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٢﴾ اِنَّ فِيْ

১০১। অলা-ছোয়াদীক্বিন্ হামীম্। ১০২। ফালাও আন্না লানা-কার্‌রতান্ ফানাকূনা মিনাল্ মু'মিনীন্। ১০৩। ইন্না ফী

(১০১) এবং কোন অন্তরঙ্গ বন্ধু নেই,(১০২) আমাদেরকে যদি পুনর্বার পাঠাত, তবে আমরা মু'মিন হতাম! (১০৩) অবশ্যই

ع ৫ ৩৬ ৯ রুকু

ذٰلِكَ لَاٰيَةً ۗ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٠٣﴾ وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٠٤﴾

যা- লিকা লাআ-ইয়াহ্; অমা-কা-না আক্‌ছারুহুম্ মু''মিনীন্। ১০৪। অইন্না রব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রহীম্।

তাতে আমার নিদর্শন আছে, তবে তারা অধিকাংশই তাতে বিশ্বাসী নয়।(১০৪) নিশ্চয়ই তাদের রব পরাক্রমশালী, পরম দয়ালু।

كَذَّبَتْ قَوْمُ نُوْحِ ِۨالْمُرْسَلِيْنَ ﴿١٠٥﴾ اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ نُوْحٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٠٦﴾

১০৫। কায্‌যাবাত্ কাওমু নূহিনিল্ মুর্‌সালীন্।১০৬। ইয্ ক্ব-লা লাহুম্ আখূহুম্ নূহুন্ আলা-তাত্তাক্বূ-ন্ ।

(১০৫) নূহের সম্পদায় রাসূলদের প্রতি মিথ্যারোপ করল। (১০৬) যখন তাদের ভাই নূহ বলল, তোমরা কি সাবধান হবে না?

اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٠٧﴾ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٠٨﴾ وَمَآ اَسْئَلُكُمْ عَلَيْهِ مِنْ

১০৭। ইন্নী লাকুম্ রসূলুন্ আমীন্। ১০৮। ফাত্তাকু্ল্লা-হা অআত্বী'উন্।১০৯। অমা ~ আস্‌য়ালুকুম্ 'আলাইহি মিন্

(১০৭) আমি তোমাদের বিশ্বস্ত রাসূল। (১০৮) আল্লাহকে ভয় কর,আর আমার আনুগত্য কর। (১০৯) আর আমি এজন্য তোমাদের

اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٠٩﴾ فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١١٠﴾ قَالُوْٓا اَنُؤْمِنُ

আজ্‌রিন্ ইন্ আজ্‌রিয়া ইল্লা- 'আলা -রব্বিল্ 'আ-লামীন্। ১১০। ফাত্তাকু্ল্লা-হা অআত্বী'উন্। ১১১। ক্ব-লূ ~ আনু'মিনু

কাছে প্রতিদান চাই না, আমার প্রতিদান বিশ্ব-রবের নিকট। (১১০) আল্লাহ্‌কে ভয় কর এবং আমাকে মান। (১১১) তারা বলল,

لَكَ وَاتَّبَعَكَ الْأَرْذَلُونَ ﴿١١٢﴾ قَالَ وَمَا عِلْمِي بِمَا كَانُوا يَعْمَلُونَ ﴿١١٣﴾ إِنْ

লাকা অত্তাবা'আকাল্ আর্‌যালূন্। ১১২। ক্ব-লা অমা-'ইল্‌মী বিমা- কানূ ইয়া'মালূন্। ১১৩। ইন্
আমরা কি তোমাকে বিশ্বাস করব, ইতররাই তো করছে;(১১২) নূহ বলল, আমি জানি না, তারা যা করে।(১১৩) যদি তোমরা

حِسَابُهُمْ إِلَّا عَلَىٰ رَبِّي لَوْ تَشْعُرُونَ ﴿١١٤﴾ وَمَا أَنَا بِطَارِدِ الْمُؤْمِنِينَ ﴿١١٥﴾ إِنْ أَنَا إِلَّا

হিসা-বু হুম্ ইল্লা-'আলা-রব্বী লাও তাশ্'উরূন্। ১১৪। অমা ~ আনা বিত্বোয়া-রিদিল্ মু'মিনীন্। ১১৫। ইন্ আনা ইল্লা-
বুঝতে যে, তোমাদের রবের কাছেই তাদের হিসেব। (১১৪) আমি মু'মিনদেরকে তাড়াতে পারি না। (১১৫) আমি তো শুধু স্পষ্ট

نَذِيرٌ مُبِينٌ ﴿١١٦﴾ قَالُوا لَئِنْ لَمْ تَنْتَهِ يَا نُوحُ لَتَكُونَنَّ مِنَ الْمَرْجُومِينَ ﴿١١٧﴾ قَالَ

নাযীরুম্ মুবীন্। ১১৬। ক্ব -লূ লায়িল্লাম্ তান্‌তাহি ইয়া-নূহু লাতাকূনান্না-মিনাল্ মার্‌জূ্মীন্। ১১৭। ক্ব-লা
সতর্ককারী।(১১৬) তারা বলল, হে নূহ! তুমি যদি নিবৃত্ত না হও তবে তোমাকে প্রস্তরাঘাতে বিচূর্ণ করা হবে।(১১৭) নূহ বলল, হে আমার

رَبِّ إِنَّ قَوْمِي كَذَّبُونِ ﴿١١٨﴾ فَافْتَحْ بَيْنِي وَبَيْنَهُمْ فَتْحًا وَنَجِّنِي وَمَنْ

রব্বি ইন্না ক্বওমী কায্‌যাবূন্ । ১১৮। ফাফ্‌তাহ্ বাইনী অবাইনাহুম্ ফাত্‌হাঁও অনাজ্জিনী অমাম্
রব!আমার সম্প্রদায় তো আমাকে মিথ্যাবাদী বলে।(১১৮) অতঃপর আমার ও তাদের মাঝে মীমাংসা তুমি করে দাও, আমাকে ও

অর্ধাংশ

مَعِيَ مِنَ الْمُؤْمِنِينَ ﴿١١٩﴾ فَأَنْجَيْنَاهُ وَمَنْ مَعَهُ فِي الْفُلْكِ الْمَشْحُونِ ﴿١٢٠﴾ ثُمَّ

মা'ইয়া মিনাল্ মু''মিনীন্। ১১৯। ফাআন্‌জাইনা-হু অমাম্ মা'আহূ ফিল্ ফুল্‌কিল্ মাশ্‌হূন্। ১২০। ছুম্মা
আমার মু'মিন সঙ্গীদেরকে রক্ষা কর। (১১৯) অতঃপর আমি তাকে ও সঙ্গীদেরকে বোঝাই নৌকায় রক্ষা করলাম।(১২০) পরে

أَغْرَقْنَا بَعْدُ الْبَاقِينَ ﴿١٢١﴾ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً ۖ وَمَا كَانَ أَكْثَرُهُمْ مُؤْمِنِينَ ﴿١٢٢﴾ وَإِنَّ

আগ্‌রক্ব্‌না বা'দুল্ বাক্বীন্। ১২১। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ্; অমা-কা-না আক্‌ছারুহুম্ মু'মিনীন্। ১২২। অইন্না
অবশিষ্ট সবাইকে ডুবালাম। (১২১) অবশ্যই এতে নিদর্শন আছে, তাদের অধিকাংশই মু'মিন নয়। (১২২) আপনার

رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿١٢٣﴾ كَذَّبَتْ عَادٌ الْمُرْسَلِينَ ﴿١٢٤﴾ إِذْ قَالَ لَهُمْ

ع ৬ ১৮ ১০ রুকু

রব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রহীম্। ১২৩। কায্‌যাবাত্ 'আ-দুনিল্ মুরসালীন্। ১২৪। ইয্ ক্ব-লা লাহুম্
রব মহাপরাক্রমশালী, মহাদয়ালু। (১২৩) অস্বীকার করল আ'দ সম্প্রদায় রাসূলদেরকে। (১২৪) যখন তাদের ভাই হূদ

أَخُوهُمْ هُودٌ أَلَا تَتَّقُونَ ﴿١٢٥﴾ إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ ﴿١٢٦﴾ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ☆

আখূহুম্ হূদুন্ আলা-তাত্তাক্বূন্। ১২৫। ইন্নী লাকুম্ রসূলুন্ আমীন্। ১২৬। ফাত্তাক্বু ল্লা-হা অ আত্বী'উন্।
বলল, সাবধান হবে না? (১২৫) আমি তোমাদের জন্য বিশ্বস্ত রাসূল। (১২৬) আল্লাহকে ভয় কর এবং আমার আনুগত্য কর।

টীকা ঃ (১) আয়াত-১১১ ঃ আলোচ্য আয়াতে প্রথমতঃ মুশরিকদের এ উক্তি বর্ণিত হয়েছে যে, তোমার অনুসারী সকলেই নিচু শ্রেণীর লোক। আমরা সম্ভ্রান্ত বংশের হয়ে তাদের সাথে কিভাবে একাত্ম হতে পারি? নূহ (আঃ) এর প্রতি ঈমান আনতে অস্বীকার করার এটিই ছিল প্রধান কারণ। নূহ (আঃ) বললেন, আমি তাদের কাজ-কর্মের অবস্থা জানি না। এতে তিনি ইঙ্গিত করেছেন যে, তোমরা পারিবারিক আভিজাত্য, ধন-সম্পদ, সম্মান ও জাঁক-জমককে ভদ্রতার ভিত্তি মনে কর। তোমাদের এ ধারণা ঠিক নয়। বরং সম্মান ও অপমান এবং ভদ্রতা ও নীচতা প্রকৃতপক্ষে কর্ম ও চরিত্রের উপর নির্ভরশীল। তোমাদের তরফ থেকে তাদেরকে ইতরজন বলা চরম মূর্খতা বৈ কিছুই নয়। আমরা প্রত্যেক ব্যক্তির কর্ম ও চরিত্র সম্পর্কে অবগত নই। অতএব, প্রকৃতপক্ষে কে ইতরজন এবং কে ভদ্র, আমরা তার মিমাংসা করতে পারি না। (মাঃ কোঃ)

﴿١٢٧﴾ وَمَا أَسْئَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۚ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ الْعَٰلَمِينَ ﴿١٢٨﴾ أَتَبْنُونَ

১২৭। অমা ~আস্আলুকুম্ 'আলাইহি মিন্ আজ্‌রিন্ ইন্ আজ্‌রিয়া ইল্লা- আলা-রব্বিল 'আ-লামীন্। ১২৮। আতাবনূনা বিকুল্লি
(১২৭) আমি প্রতিদান তোমাদের নিকট চাইনা, প্রতিদান তো বিশ্ব রবের কাছে।(১২৮) তোমরা কি অযথা প্রত্যেক উঁচু ভূমিতে

بِكُلِّ رِيعٍ ءَايَةً تَعْبَثُونَ ﴿١٢٩﴾ وَتَتَّخِذُونَ مَصَانِعَ لَعَلَّكُمْ تَخْلُدُونَ ﴿١٣٠﴾ وَإِذَا بَطَشْتُم

রী'ঈন আ-ইয়াতান্ তা'বাছূন্। ১২৯। অতাত্তাখিযূনা মাছোয়া-নি'আ লা'আল্লাকুম্ তাখ্‌লুদূন্। ১৩০। অইযা-বাত্বোয়াশ্‌তুম্
স্মৃতি তৈরি করছ?(১২৯) তোমরা বিরাট প্রসাদ তৈরি করছ চিরস্থায়ী হবে ভেবে।(১৩০) আর ধরলে অত্যাচারী হয়েই

بَطَشْتُمْ جَبَّارِينَ ﴿١٣١﴾ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿١٣٢﴾ وَاتَّقُوا الَّذِيٓ أَمَدَّكُم بِمَا

বাত্বোয়াশ্‌তুম্ জ্বাব্বা-রীন্। ১৩১। ফাত্তাক্বুল্লা-হা অ আত্বীউ'ন্। ১৩২। অত্তাক্বুল্লাযী ~ আমাদ্দাকুম্ বিমা-
ধরে থাক। (১৩১) সুতরাং তোমরা আল্লাহকে ভয় কর, আর আমাকে মান। (১৩২) ভয় কর তাঁকে যিনি তোমাদের কে জানা বস্তু

تَعْلَمُونَ ﴿١٣٣﴾ أَمَدَّكُم بِأَنْعَٰمٍ وَبَنِينَ ﴿١٣٤﴾ وَجَنَّٰتٍ وَعُيُونٍ ﴿١٣٥﴾ إِنِّيٓ أَخَافُ عَلَيْكُمْ

তা'লামূন্। ১৩৩। আমাদ্দাকুম্ বিআন্'আ-মিঁও অবানীন্ ১৩৪। অ জ্বান্না-তিঁও অ 'উইয়ূন্। ১৩৫। ইন্নী ~ আখা-ফু 'আলাইকুম্
দ্বারা সাহায্য করেছেন।(১৩৩) তোমাদেরকে দিয়েছেন জন্তু আর সন্তান।(১৩৪) বাগান ও ঝর্ণা দিয়ে;(১৩৫) নিশ্চয় আমি তোমাদের

عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿١٣٦﴾ قَالُوا سَوَآءٌ عَلَيْنَآ أَوَعَظْتَ أَمْ لَمْ تَكُن مِّنَ الْوَٰعِظِينَ

'আযা-বা ইয়াওমিন্ 'আজীম্।১৩৬। ক্বা-লূ সাওয়া —য়ুন্ 'আলাইনা ~ আওয়া 'আজ্‌তা আম্ লাম্ তাকুম্ মিনাল্ ওয়া-'ইজীন্।
ব্যাপারে মহা-দিনের শাস্তির ভয় করি। (১৩৬) তারা বলল, তুমি তাদের উপদেশ দাও, আর না দাও, সবই সমান।

﴿١٣٧﴾ إِنْ هَٰذَآ إِلَّا خُلُقُ الْأَوَّلِينَ ﴿١٣٨﴾ وَمَا نَحْنُ بِمُعَذَّبِينَ ﴿١٣٩﴾ فَكَذَّبُوهُ

১৩৭। ইন্ হা-যা ~ ইল্লা-খুলুক্বুল্ আউওয়ালীন্। ১৩৮। অমা-নাহ্‌নু বিমু'আয্‌যাবীন্। ১৩৯। ফাকায্‌যাবূহু
(১৩৭) তুমি যা বলছ তা তো পূর্ববর্তীদের চরিত্র। (১৩৮) আর আমরা কখনও শাস্তিপ্রাপ্ত নই। (১৩৯) অতঃপর তারা তাকে

فَأَهْلَكْنَٰهُمْ ۗ إِنَّ فِي ذَٰلِكَ لَءَايَةً ۖ وَمَا كَانَ أَكْثَرُهُم مُّؤْمِنِينَ ﴿١٤٠﴾ وَإِنَّ رَبَّكَ

ফাআহ্‌লাক্‌না-হুম; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ্; অমা-কা-না আক্‌ছারুহুম্ মু'মিনীন্। ১৪০। অইন্না রব্বাকা
প্রত্যাখ্যান করলে আমি ধ্বংস করলাম, এতে নিদর্শন আছে: কিন্তু তাদের অধিকাংশই মু'মিন নয়।(১৪০) রবই পরাক্রমশালী;

৭ ع ১৮ ১১ রুকু

لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿١٤١﴾ كَذَّبَتْ ثَمُودُ الْمُرْسَلِينَ ﴿١٤٢﴾ إِذْ قَالَ لَهُمْ أَخُوهُمْ صَٰلِحٌ

লাহুয়াল্ 'আযী যুর্ রহীম্। ১৪১। কায্‌যাবাত্ ছামূদুল্ মুরসালীন্। ১৪২। ইয্ ক্বা-লা লাহুম্ আখূহুম্ ছোয়া-লিহুন্
দয়ালু। (১৪১) ছামূদ সম্প্রদায় রাসূলদের অস্বীকার করল। (১৪২) যখন তাদের ভাই ছালেহ্ বলল, তোমরা কি সাবধান

أَلَا تَتَّقُونَ ﴿١٤٣﴾ إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ ﴿١٤٤﴾ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿١٤٥﴾ وَمَا

আলা-তাত্তাক্বূন্। ১৪৩। ইন্নী লাকুম্ রসূলুন্ আমীন্। ১৪৪। ফাত্তাক্বুল্লা-হা-অআত্বী'উন্। ১৪৫। অমা ~
হবে না? (১৪৩) আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল। (১৪৪) কাজেই ভয় কর আল্লাহকে আর আমাকে মান। (১৪৫) আর

أَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۚ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ الْعٰلَمِينَ ﴿١٤٦﴾ أَتُتْرَكُونَ

আস্আলুকুম্ 'আলাইহি মিন্ আজ্‌রিন্ ইন্ আজ্‌রিয়া ইল্লা- আলা- রব্বিল্ 'আ-লামীন্ । ১৪৬ । আতুত্‌ রকূনা
আমি এরজন্য তোমাদের নিকট কোন প্রতিদানের প্রত্যাশি নই, আমার প্রতিদান বিশ্ব-রবের কাছে। (১৪৬) এখানে কি

فِي مَا هٰهُنَا آمِنِينَ ﴿١٤٧﴾ فِي جَنّٰتٍ وَعُيُونٍ ﴿١٤٨﴾ وَزُرُوعٍ وَنَخْلٍ طَلْعُهَا هَضِيمٌ ۞

ফী মা-হা-হুনা ~ আ-মিনীন্ ।১৪৭। ফী জান্না-তিওঁ অ উ'ইয়ূন্। ১৪৮। অ যুরূ 'ইওঁ অনাখ্‌লিন্ ত্বোয়াল্‌'উহা- হাদ্বীম্।
তোমাদেরকে নিরাপদে ছেড়ে রাখা হবে? (১৪৭) বাগানে ও ঝর্ণাসমূহ, (১৪৮) শস্যক্ষেত্র ও গুচ্ছদার খেজুর বাগানে?

﴿١٤٩﴾ وَتَنْحِتُونَ مِنَ الْجِبَالِ بُيُوتًا فٰرِهِينَ ﴿١٥٠﴾ فَاتَّقُوا اللّٰهَ وَأَطِيعُونِ ﴿١٥١﴾ وَلَا تُطِيعُوا

১৪৯। অ তান্‌হিতূনা মিনাল্ জিবা-লি বুইয়ূতান্ ফা-রিহীন্। ১৫০। ফাত্তাকু ল্লা-হা অআত্বী'উ ন্। ১৫১। অলা- তুত্বী'উ~
(১৪৯) তোমরা তো নৈপুণ্যের সাথে পর্বত কেটে ঘর বানাচ্ছ। (১৫০) নিজেই আল্লাহকে ভয়কর, আমাকে মান। (১৫১) তোমরা

أَمْرَ الْمُسْرِفِينَ ﴿١٥٢﴾ الَّذِينَ يُفْسِدُونَ فِي الْأَرْضِ وَلَا يُصْلِحُونَ ﴿١٥٣﴾ قَالُوا

আম্‌রল্ মুস্‌রিফীন্। ১৫২। আল্লাযীনা ইয়ুফ্‌সিদূনা ফিল্ আর্‌দ্বি অলা-ইয়ুছ্‌লিহূন্। ১৫৩। ক্বা-লূ ~
সীমা লংঘণকারীদের নির্দেশ মেনো না।(১৫২) যারা দুনিয়ায় বিপর্যয় সৃষ্টি করে, কিন্তু সংশোধন করে না। (১৫৩) তারা বলল,

إِنَّمَا أَنْتَ مِنَ الْمُسَحَّرِينَ ﴿١٥٤﴾ مَا أَنْتَ إِلَّا بَشَرٌ مِثْلُنَا ۚ فَأْتِ بِآيَةٍ إِنْ كُنْتَ

ইন্নামা ~ আন্‌তা মিনাল্ মুসাহ্‌হারীন্। ১৫৪। মা ~ আন্‌তা ইল্লা-বাশারুম্ মিছ্‌লুনা-ফা'তি বিআ-ইয়াতিন্ ইন্ কুন্‌তা
তোমাকে তো কেউ সাংঘাতিক যাদু করেছে।(১৫৪) তুমি তো আমাদের মতই মানুষ, কাজেই কোন নিদর্শন পেশ কর যদি

مِنَ الصّٰدِقِينَ ﴿١٥٥﴾ قَالَ هٰذِهِ نَاقَةٌ لَهَا شِرْبٌ وَلَكُمْ شِرْبُ يَوْمٍ مَعْلُومٍ ۞

মিনাছ্ ছোয়া-দিক্বীন্। ১৫৫। ক্বা-লা হাযিহী না-ক্বাতুল্লাহা-শির্‌বুঁও অলাকুম্ শির্‌বু ইয়াওমিম্ মা'লূম্।
তুমি সত্যবাদী হও। (১৫৫) সালেহ বলল, এ উষ্ট্রীর পানি পানের পালা একদিন, আর তোমাদের একদিন নির্ধারিত।

﴿١٥٦﴾ وَلَا تَمَسُّوهَا بِسُوءٍ فَيَأْخُذَكُمْ عَذَابُ يَوْمٍ عَظِيمٍ ﴿١٥٧﴾ فَعَقَرُوهَا فَأَصْبَحُوا

১৫৬। অলা-তামাস্‌সূহা-বিসূ — য়িন্ ফাইয়া''খুযাকুম্ 'আযা-বু ইয়াওমিন্ 'আজীম। ১৫৭। ফা'আক্বরূহা-ফাআছ্‌বাহূ
(১৫৬) আর তোমরা তার ক্ষতি করো না; যদি কর তবে মহা দিবসে তোমরা পাকড়াও হবে। (১৫৭) কিন্তু তারা তাকে বধ করল,

نٰدِمِينَ ﴿١٥٨﴾ فَأَخَذَهُمُ الْعَذَابُ ۗ إِنَّ فِي ذٰلِكَ لَآيَةً ۖ وَمَا كَانَ أَكْثَرُهُمْ مُؤْمِنِينَ ۞

না-দিমীন্ ।১৫৮। ফাআখযাহুমুল্ 'আযা-ব; ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ; অমা-কা-না আক্‌ছারুহুম্ মু''মিনীন্।
ফলে তারা অনুতপ্ত হল। (১৫৮) অতঃপর তারা শাস্তি পেল, এতে নিদর্শন আছে, কিন্তু তাদের অধিকাংশই বিশ্বাসী নয়।

আয়াত-১৪৯ ঃ অর্থাৎ আল্লাহ তা'আলা তোমাদেরকে এমন কারিগরী জ্ঞান শিক্ষা দিয়েছেন যে, তোমরা সহজেই পাহাড়কে গৃহে রূপান্তরিত করতে পার। (মাঃ কোঃ) আয়াত-১৫৫ ঃ সামূদ জাতি হযরত সালেহ (আঃ) এর কাছে মু'জিযা চাইল। তিনি আল্লাহর কাছে দোয়া করলেন। আল্লাহর হুকুমে পাথর হতে একটি গর্ভবতী উটনী বের হয়ে আসল। তৎক্ষণাৎ এটি বাচ্চাও প্রসব করল। তাদের এলাকায় একটি কূপ ছিল। সালেহ (আঃ) নির্ধারণ করলেন যে, উক্ত কূপ হতে ঐ উষ্ট্রীটি একদিন এবং সম্প্রদায়ের লোকদের পশুগুলো অন্য দিন পানি পান করবে। বস্তুতঃ যে দিন হযরত সালেহ (আঃ) এর উটনী পানি পান করত সেদিন অন্যদের পানি পান করার মত পানিই থাকত না। ফলে সম্প্রদায়ের লোকেরা দিনে দিনে উটনীটির শত্রু হয়ে দাঁড়ায়। (মাঃ কোঃ)

৮ ع ১৯ ১২ রুকু

وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿١٥٩﴾ كَذَّبَتْ قَوْمُ لُوطٍ الْمُرْسَلِينَ ﴿١٦٠﴾ إِذْ قَالَ

১৫৯। অ ইন্না রব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রহীম্। ১৬০। কায্যাবাত্ ক্বওমু লূ ত্বিনিল্ মুর্‌সালীন্। ১৬১। ইয্ ক্ব-লা

(১৫৯)। নি'শ্চয়ই আপনার রব বিজয়ী, দয়ালু। (১৬০) লূতের সম্প্রদায় রাসূলদেরকে অস্বীকার করল। (১৬১) তাদের ভাই লূত

لَهُمْ أَخُوهُمْ لُوطٌ أَلَا تَتَّقُونَ ﴿١٦٢﴾ إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ ﴿١٦٣﴾ فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ

লাহুম্ আখূহুম্ লূত্বু ন্ আলা-তাত্তাক্বূ ন্। ১৬২। ইন্নী লাকুম্ রসূলুন্ আমীন্। ১৬৩। ফাত্তাক্বু ল্লা-হা অআত্বী'উন্।

তাদেরকে বলল, তোমরা কি সতর্ক হবে না? (১৬২) আমি তোমাদের জন্য একজন বিশ্বস্ত রাসূল। (১৬৩) আল্লাহকে ভয় কর, আমাকে মান।

وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ الْعَالَمِينَ ﴿١٦٤﴾ أَتَأْتُونَ

১৬৪। অমা ~ আস্‌য়ালুকুম্ 'আলাইহি মিন্ আজ্‌রিন্ ইন্ আজ্‌রিয়া ইল্লা-'আলা-রব্বিল্ 'আ-লামীন্। ১৬৫। আতা'তূ নায্

(১৬৪) আমি এর জন্য তোমাদের কাছে কোন প্রতিদান চাইনা, আমার প্রতিদান তো বিশ্ব রবের কাছে। (১৬৫) বিশ্বের

الذُّكْرَانَ مِنَ الْعَالَمِينَ ﴿١٦٥﴾ وَتَذَرُونَ مَا خَلَقَ لَكُمْ رَبُّكُمْ مِنْ أَزْوَاجِكُمْ بَلْ

যুক্‌র-না মিনাল্ 'আ-লামীন্। ১৬৬। অ তাযারূনা মা-খলাক্ব লাকুম্ রব্বুকুম্ মিন্ আয্‌ওয়া জিকুম্; বাল্

পুরুষদের কাছেই কি তোমরা আসবে?(১৬৬) অথচ তোমরা বর্জন করছ তোমাদের জন্য আমাদের রবের সৃষ্টি স্ত্রীকে, তোমরা

أَنْتُمْ قَوْمٌ عَادُونَ ﴿١٦٦﴾ قَالُوا لَئِنْ لَمْ تَنْتَهِ يَا لُوطُ لَتَكُونَنَّ مِنَ الْمُخْرَجِينَ ﴿١٦٧﴾

আন্‌তুম্ ক্বওমুন্ 'আ-দূন্। ১৬৭। ক্ব-লূ লায়িল্লাম্ তান্‌তাহি ইয়া-লূত্বু লাতাকূনান্না মিনাল্ মুখ্‌রজীন্।

বড়ই সীমা লংঘনকারী সম্প্রদায়।(১৬৭) তারা বলল, হে লূত! তুমি যদি নিবৃত্ত না হও, তবে তুমি অবশ্যই বহিষ্কৃত হবে।

قَالَ إِنِّي لِعَمَلِكُمْ مِنَ الْقَالِينَ ﴿١٦٨﴾ رَبِّ نَجِّنِي وَأَهْلِي مِمَّا يَعْمَلُونَ ﴿١٦٩﴾

১৬৮। ক্ব-লা ইন্নী লি'আমালিকুম্ মিনাল্ ক্ব-লীন্। ১৬৯। রব্বি নাজ্জিনী অআহ্‌লী মিম্মা-ইয়া'মালূন্।

(১৬৮) লূত বলল, আমি তোমাদের কাজকে ঘৃণা করি। (১৬৯) হে আমার রব! আমাকে ও পরিবারকে তাদের কর্ম হতে রক্ষা কর।

فَنَجَّيْنَاهُ وَأَهْلَهُ أَجْمَعِينَ ﴿١٧٠﴾ إِلَّا عَجُوزًا فِي الْغَابِرِينَ ﴿١٧١﴾ ثُمَّ دَمَّرْنَا الْآخَرِينَ ﴿١٧٢﴾

১৭০। ফানাজ্জাইনাহু অআহ্‌লাহূ ~ আজ্‌মাঈ'ন্।১৭১। ইল্লা -'আজূযান্ ফিল্ গ-বিরীন্। ১৭২। ছুম্মা দাম্মার্‌নাল্ আ-খরীন্।

(১৭০) আমি,তাকে ও তার পরিবারকে রক্ষা করলাম, (১৭১) এক বৃদ্ধা ছাড়া, যে পশ্চাতী।(১৭২) পরে অন্য সবাইকে ধ্বংস করলাম।

وَأَمْطَرْنَا عَلَيْهِمْ مَطَرًا فَسَاءَ مَطَرُ الْمُنْذَرِينَ ﴿١٧٣﴾ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً

১৭৩।অআম্‌ত্বোয়ার্‌না-'আলাইহিম্ মাত্বোয়ারন্ ফাসা —য়া মাত্বোয়ারুল্ মুন্‌যারীন্ ।১৭৪। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ্;

(১৭৩) তাদের ওপর এক বিশেষ ধরনের বৃষ্টি দিলাম, সতর্ককারীদের জন্য এ বৃষ্টি ছিল নিকৃষ্ট। (১৭৪) এতে রয়েছে তাদের জন্য

৯ ع ১৬ ১৩ রুকু

وَمَا كَانَ أَكْثَرُهُمْ مُؤْمِنِينَ ﴿١٧٥﴾ وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿١٧٦﴾ كَذَّبَ أَصْحَابُ

অমা-কা-না আক্‌ছারুহুম্ মু'মিনীন্। ১৭৫। অইন্না রব্বাকা লাহুওয়াল্ 'আযীযুর্ রহীম্। ১৭৬। কায্যাবা আছ্‌হা-বুল্

নিদর্শন কিন্তু তাদের অধিকাংশই বিশ্বাসী নয়।(১৭৫) রবই বিজয়ী, মহাদয়ালু। (১৭৬) অস্বীকার করেছিল আইকাবাসীরা

لْئَيْكَةِ الْمُرْسَلِيْنَ ﴿١٧٧﴾ إِذْ قَالَ لَهُمْ شُعَيْبٌ أَلَا تَتَّقُوْنَ ﴿١٧٨﴾ إِنِّيْ لَكُمْ رَسُوْلٌ أَمِيْنٌ

আইকাতিল্ মুর্‌সালীন্। ১৭৭। ইয্ ক্ব-লা লাহুম্ শু'আইবুন্ আলা-তাত্তাক্বূন্ । ১৭৮। ইন্নী লাকুম্ রসূলুন্ আমীন্।

তাদের রাসূলদেরকে।(১৭৭) যখন শোয়াইব তার জাতীকে বলল, সাবধান কি হবে না?(১৭৮) আমি তোমাদের বিশ্বস্ত রাসূল।

﴿١٧٩﴾ فَاتَّقُوا اللّٰهَ وَأَطِيْعُوْنِ ﴿١٨٠﴾ وَمَآ أَسْئَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ إِنْ أَجْرِيَ إِلَّا عَلٰى رَبِّ

১৭৯। ফাত্তাক্বু ল্লা-হা অআত্বী'উন্। ১৮০। অমা ~ আস্‌য়ালুকুম্ 'আলাইহি মিন্ আজ্‌রিন্ ইন্ আজ্‌রিয়া ইল্লা-'আলা-রব্বিল্

(১৭৯) আল্লাহ্‌কে ভয় কর আর আমার আনুগত্য কর। (১৮০) আমি তোমাদের নিকট কোন প্রতিদান চাই না, প্রতিদান তো বিশ্ব

الْعٰلَمِيْنَ ﴿١٨١﴾ أَوْفُوا الْكَيْلَ وَلَا تَكُوْنُوْا مِنَ الْمُخْسِرِيْنَ ﴿١٨٢﴾ وَزِنُوْا بِالْقِسْطَاسِ

'আ-লামীন্। ১৮১। আওফুল্ কাইলা অলা-তাকূনু মিনাল্ মুখ্‌সিরীন্। ১৮২। অযিনূ বিল্ কিস্‌ত্বোয়া- সিল্

জাহানের রবের কাছে।(১৮১) তোমরা যখন মাপ দাও তখন পূর্ণ মাপ দিও, ক্ষতিকারকদের অন্তর্ভুক্ত হয়ো না।(১৮২) এবং সঠিক

الْمُسْتَقِيْمِ ﴿١٨٣﴾ وَلَا تَبْخَسُوا النَّاسَ أَشْيَآءَهُمْ وَلَا تَعْثَوْا فِي الْأَرْضِ مُفْسِدِيْنَ

মুস্‌তাক্বীম্। ১৮৩। অলা-তাব্‌খাসূন্ না-সা আশ্‌ইয়া — য়াহুম্ অলা-তা'ছাও ফিল্ আর্‌দ্বি মুফ্‌সিদীন্।

পাল্লায় ওজন দেবে।(১৮৩) আর লোকদেরকে তাদের প্রাপ্য দ্রব্যাদি কম দিও না, আর দুনিয়ায় বিপর্যয় ঘটাবে না,

﴿١٨٤﴾ وَاتَّقُوا الَّذِيْ خَلَقَكُمْ وَالْجِبِلَّةَ الْأَوَّلِيْنَ ﴿١٨٥﴾ قَالُوْٓا إِنَّمَآ أَنْتَ مِنَ

১৮৪। অত্তাক্বু ল্লাযী খলাক্বকুম্ অল্ জ্বিবিল্লাতাল্ আউওয়ালীন্। ১৮৫। ক-লূ ~ ইন্নামা ~ আন্‌তা মিনাল্

(১৮৪) তোমাদেরকে ও তোমাদের পূর্ববর্তীদেরকে যিনি সৃষ্টি করেছেন তাঁকে ভয় কর।(১৮৫) তারা বলল, নিশ্চয়ই তুমি

الْمُسَحَّرِيْنَ ﴿١٨٦﴾ وَمَآ أَنْتَ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا وَإِنْ نَّظُنُّكَ لَمِنَ الْكٰذِبِيْنَ ﴿١٨٧﴾ فَأَسْقِطْ

মুসাহ্‌হারীন্। ১৮৬। অমা ~ আন্‌তা ইল্লা-বাশারুম্ মিছ্‌লুনা-অইন্ নাজুন্নুকা লামিনাল্ কা-যিবীন্। ১৮৭। ফাআস্‌ক্বিত্ব্

যাদুগ্রস্ত। (১৮৬) আর তুমি তো আমাদের ন্যায় মানুষ, আর আমরা তোমাকে মিথ্যাবাদী মনে করি। (১৮৭) আর তুমি যদি

عَلَيْنَا كِسَفًا مِّنَ السَّمَآءِ إِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٨٨﴾ قَالَ رَبِّيْٓ أَعْلَمُ بِمَا

'আলাইনা- কিসাফাম্ মিনাস্ সামা — য়ি ইন্ কুন্‌তা মিনাছ্ ছোয়া-দিক্বীন্। ৮৮। ক্ব-লা রব্বী ~ আ'লামু বিমা-

সত্যবাদী হও, তবে আকাশের এক-খণ্ড আমাদের উপর ফেলে দাও।(১৮৮) শোয়াইব বলল, আমার রব তোমাদের কর্মকাণ্ড

تَعْمَلُوْنَ ﴿١٨٩﴾ فَكَذَّبُوْهُ فَأَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ إِنَّهٗ كَانَ عَذَابَ يَوْمٍ

তা'মালূন্। ১৮৯। ফাকায্‌যাবূহু ফাআখযাহুম্ 'আযা-বু ইয়াওমিজ্ জুল্লাহ্; ইন্নাহূ কা-না 'আযা-বা ইয়াওমিন্

সম্পর্কে পূর্ণ ওয়াকেফহাল। (১৮৯) তারা তাকে প্রত্যাখ্যান করল, ফলে তমাসাচ্ছন্ন দিনের শাস্তি তাদেরকে গ্রাস করল; এটি

আয়াত-১৮১ ঃ এর মর্মার্থ হল, লোকদেরকে তাদের প্রাপ্য জিনিস কম দিবে না। উদ্দেশ্য হল, চুক্তি অনুযায়ী যার যতটুকু পাওনা, তাকে তার চেয়ে কম দেয়া হারাম। তা কোন মাপ ও ওজনের বস্তু হোক অথবা অন্য কিছু হোক। এটি হতে আরও জানা গেল যে, কোন শ্রমিক কর্মচারী নির্ধারিত সময় চুরি করলে এবং কম সময় ব্যয় করলে তাও এ নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত হবে। (মাঃ কোঃ)

আয়াত-১৮৭ ঃ যাতে আমরা বুঝতে পারি যে, তুমি সত্যই নবী। আর তোমাকে অবিশ্বাস করার ফলে আমাদের এ আযাব হল। শোআ'ইব (আঃ) বললেন, আযাব আনার বা আযাবের ধরন নির্ধারণ করা আমার ক্ষমতার বাইরে। আমার রব তোমাদের কার্যাবলী সম্পর্কে সম্পূর্ণ অবগত আছেন। তিনিই সবকিছু করবেন। (বঃ কোঃ)

عَظِيْمٍ ﴿١٩٠﴾ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٩١﴾ وَاِنَّ رَبَّكَ لَهُوَ

'আজীম্। ১৯০। ইন্না ফী যা-লিকা লাআ-ইয়াহ্; অমা-কা-না আকছারুহুম্ মু'মিনীন্। ১৯১। অইন্না রব্বাকা লাহুওয়াল্

মহাদিনের শাস্তি।(১৯০) নিশ্চয়ই এতে নিদর্শন আছে, তোমাদের অধিকাংশই বিশ্বাস করে না।(১৯১) আর নিশ্চয়ই আপনার রব

১০ ع ১৬ ১৪ রুকু

الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٩٢﴾ وَاِنَّهٗ لَتَنْزِيْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٩٣﴾ نَزَلَ بِهِ الرُّوْحُ الْاَمِيْنُ

'আযীযুর্ রহীম্। ১৯২। অইন্নাহূ লাতান্‌যীলু রব্বিল্ 'আ-লামীন্। ১৯৩। নাযালা বিহির্ রূহুল্ আমীন্।

বিজয়ী, পরম দয়ালু। (১৯২) নিশ্চয় এটা কোরআন বিশ্ব-রবের নাযিলকৃত। (১৯৩) তা নাযিল করলেন বিশ্বস্ত জিব্রাঈল।

﴿١٩٤﴾ عَلٰى قَلْبِكَ لِتَكُوْنَ مِنَ الْمُنْذِرِيْنَ ﴿١٩٥﴾ بِلِسَانٍ عَرَبِيٍّ مُّبِيْنٍ ﴿١٩٦﴾ وَاِنَّهٗ لَفِيْ

১৯৪। 'আলা-ক্বল্‌বিকা লিতাকূনা মিনাল্ মুন্‌যিরীন্। ১৯৫। বিলিসা-নিন্ 'আরবিয়্যিম্ মুবীন্। ১৯৬। অইন্নাহূ লাফী

(১৯৪) আপনার অন্তরে, যেন আপনি সাবধানকারী হতে পারেন, (১৯৫) স্পষ্ট আরবী ভাষায়। (১৯৬) তার উল্লেখ পূর্ববর্তী

زُبُرِ الْاَوَّلِيْنَ ﴿١٩٧﴾ اَوَلَمْ يَكُنْ لَّهُمْ اٰيَةً اَنْ يَّعْلَمَهٗ عُلَمٰٓؤُا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿١٩٨﴾ وَلَوْ

যুবুরিল্ আউওয়ালীন্।১৯৭। আওয়া লাম্ ইয়াকুল্লাহুম্ আ-ইয়াতান্ আইঁ ইয়া'লামাহূ ' উলামা — য়ু বানী ~ ইস্‌র — ঈল্। ১৯৮। অলাও

গ্রন্থসমূহ ছিল। (১৯৭) এটা কি তাদের জন্য নিদর্শন নয়? এ বিষয়ে জানে বণী ইস্রাঈলের জ্ঞানীরা। (১৯৮) আর যদি

نَزَّلْنٰهُ عَلٰى بَعْضِ الْاَعْجَمِيْنَ ﴿١٩٩﴾ فَقَرَاَهٗ عَلَيْهِمْ مَّا كَانُوْا بِهٖ مُؤْمِنِيْنَ ﴿٢٠٠﴾ كَذٰلِكَ

নায্‌যাল্‌না-হু 'আলা বা'দ্বিল্ 'আজ্বামীন্। ১৯৯। ফাক্বরয়াহূ 'আলাইহিম্ মা-কানূ বিহী মু'মিনীন্। ২০০। কাযা-লিকা

আমি তা অনারবির প্রতি নাযিল করতাম। (১৯৯) সে তাদের কাছে তা পড়ত, তবুও তারা তা বিশ্বাস করত না। (২০০) এভাবেই

سَلَكْنٰهُ فِيْ قُلُوْبِ الْمُجْرِمِيْنَ ﴿٢٠١﴾ لَا يُؤْمِنُوْنَ بِهٖ حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ

ছালাক্‌না-হু ফী ক্বুলূবিল্ মুজ্‌রিমীন্। ২০১। লা-ইয়ু''মিনূনা বিহী হাত্তা-ইয়ারাযুল্ 'আযা-বাল্ আলীম্।

আমি তা দোষীদের মনে অবিশ্বাস ঢুকিয়েছি। (২০১) তারা তা বিশ্বাস করবে না, যতক্ষণ না মর্মন্তুদ শাস্তি অবলোকন করবে।

﴿٢٠٢﴾ فَيَاْتِيَهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٢٠٣﴾ فَيَقُوْلُوْا هَلْ نَحْنُ مُنْظَرُوْنَ

২০২। ফাইয়া''তিয়াহুম্ বাগ্‌তাতাঁও অহুম্ লা-ইয়াশ্ 'উরূন্। ২০৩। ফাইয়াক্বূলূ হাল্ নাহ্‌নু মুনজোয়ারূন্।

(২০২) তা হঠাৎ তাদের নিকট আসবে, তারা তা টেরই পাবে না,(২০৩) তখন তারা বলবে, আমরা কি অবকাশ পাব?

﴿٢٠٤﴾ اَفَبِعَذَابِنَا يَسْتَعْجِلُوْنَ ﴿٢٠٥﴾ اَفَرَءَيْتَ اِنْ مَّتَّعْنٰهُمْ سِنِيْنَ ﴿٢٠٦﴾ ثُمَّ جَآءَهُمْ مَّا كَانُوْا

২০৪। আফাবি 'আযা-বিনা-ইয়াস্‌তা'জ্বিলূন্। ২০৫। আফারয়াইতা ইঁম্ মাত্তা'না-হুম্ সিনীন্। ২০৬। ছুম্মা জ্বা — য়াহুম্ মা-কা-নূ

(২০৪) তবে তারা কি আযাবে ত্বরা করে। (২০৫) আপনি ভেবেছেন কি- যদি তাদের বহু বছর ভোগ করতে দেই,(২০৬) পরে তাদের কাছে ওয়াদাকৃত বস্তু

يُوْعَدُوْنَ ﴿٢٠٧﴾ مَآ اَغْنٰى عَنْهُمْ مَّا كَانُوْا يُمَتَّعُوْنَ ﴿٢٠٨﴾ وَمَآ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ اِلَّا

ইয়ূ'আদূন্। ২০৭। মা ~ আগ্‌না-'আন্‌হুম্ মা-কা-নূ ইয়ু মাত্তা'উন্। ২০৮। অমা ~ আহ্‌লাক্‌না-মিন্ ক্বর্‌ইয়াতিন্ ইল্লা-

এসে পড়ে, (২০৭) তখন তাদের ভোগ্য তাদের কোন কাজে আসবে কি? (২০৮) আমি কোন জনপদ ধ্বংস করি নি;

لَهَا مُنۡذِرُوۡنَ ﴿٢٠٩﴾ ذِكۡرٰى وَمَا كُنَّا ظٰلِمِيۡنَ ﴿٢١٠﴾ وَمَا تَنَزَّلَتۡ بِهِ الشَّيٰطِيۡنُ ﴿٢١١﴾ وَمَا

লাহা-মুন্যিরূন্। ২০৯। যিক্‌রা অমা-কুন্না- জোয়া-লিমীন্। ২১০। অমা-তানায্ যালাত্ বিহিশ্ শাইয়া-ত্বীন্।২১১। অমা-

সতর্ককারী ছাড়া।(২০৯) উপদেশ, গ্রহণের জন্য, আর আমি জালিম নই। (২১০) আর শয়তানরা তা নিয়ে আসেনি। (২১১) তারা

يَنۡۢبَغِيۡ لَهُمۡ وَمَا يَسۡتَطِيۡعُوۡنَ ﴿٢١٢﴾ اِنَّهُمۡ عَنِ السَّمۡعِ لَمَعۡزُوۡلُوۡنَ ﴿٢١٣﴾ فَلَا تَدۡعُ

ইয়াম্‌বাগী লাহুম্ অমা-ইয়াস্‌তাত্বী'উন্। ২১২। ইন্নাহুম্ 'আনিস্ সাম্‌ঈ' লামা'যূলূন্। ২১৩। ফালা-তাদ্'উ

এ কাজের উপযোগী নয়, এবং তারা এর সামর্থ্যও রাখে না। (২১২) তারা শ্রবণ হতে দূরে (১) (২১৩) অতএব আল্লাহর সাথে অন্য

مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَتَكُوۡنَ مِنَ الۡمُعَذَّبِيۡنَ ﴿٢١٤﴾ وَاَنۡذِرۡ عَشِيۡرَتَكَ الۡاَقۡرَبِيۡنَ ۙ

মা'আল্লা-হি ইলা-হান্ আ-খর ফাতাকূনা মিনাল্ মু'আয্‌যাবীন্। ২১৪। অআন্‌যির্ আশীরতাকাল্ আক্ব্‌রবীন্।

ইলাহর, ইবাদত করো না। যদি কর, তবে শাস্তিপ্রাপ্ত হবে।(২১৪) আপনি আপনার নিকটাত্মীয়দেরকে সতর্ক করুন।

﴿٢١٥﴾ وَاخۡفِضۡ جَنَاحَكَ لِمَنِ اتَّبَعَكَ مِنَ الۡمُؤۡمِنِيۡنَ ﴿٢١٦﴾ فَاِنۡ عَصَوۡكَ فَقُلۡ اِنِّيۡ

২১৫। অখ্‌ফিদ্ব্ জ্বানা-হাকা লিমানিত্তাবা'আকা মিনাল্ মু''মিনীন্। ২১৬। ফাইন্ 'আছোয়াওকা ফাক্বুল্ ইন্নী

(২১৫) আপনার অনুসারী মু'মিনদের প্রতি আপনি বিনয়ী হোন।(২১৬) তারা আপনার অবাধ্য হলে বলুন, তোমাদের কর্মে

بَرِیۡٓءٌ مِّمَّا تَعۡمَلُوۡنَ ﴿٢١٧﴾ وَتَوَكَّلۡ عَلَى الۡعَزِيۡزِ الرَّحِيۡمِ ﴿٢١٨﴾ الَّذِيۡ يَرٰىكَ حِيۡنَ تَقُوۡمُ ۙ

বারী — য়ুম্ মিম্মা-তা'মালূন্। ২১৭। অ তাওয়াক্কাল্ 'আলাল্ 'আযীযির্ রহীম্। ২১৮। আল্লাযী ইয়ার-কা হীনা তাকূম্।

আমি অসন্তুষ্ট। (২১৭) পরাক্রমশালী, দয়ালুর ওপর নির্ভর করুন। (২১৮) যিনি আপনাকে দেখেন, যখন আপনি দাঁড়ান (নামাযের জন্য),

﴿٢١٩﴾ وَتَقَلُّبَكَ فِي السّٰجِدِيۡنَ ﴿٢٢٠﴾ اِنَّهٗ هُوَ السَّمِيۡعُ الۡعَلِيۡمُ ﴿٢٢١﴾ هَلۡ اُنَبِّئُكُمۡ

২১৯। অতাক্বাল্লু বাকা ফিস্ সা-জ্বিদীন্। ২২০। ইন্নাহূ হুওয়াস্ সামী'উল্ 'আলীম্। ২২১। হাল উনাব্বিউকুম্

(২১৯) সিজদাকারীদের সাথে আপনার উঠাবসা। (২২০) তিনিই সর্বশ্রোতা, সর্বজ্ঞ। (২২১) তোমাদেরকে কি আমি

عَلٰى مَنۡ تَنَزَّلُ الشَّيٰطِيۡنُ ﴿٢٢٢﴾ تَنَزَّلُ عَلٰى كُلِّ اَفَّاكٍ اَثِيۡمٍ ﴿٢٢٣﴾ يُّلۡقُوۡنَ

'আলা-মান্ তানায্‌যালুশ্ শাইয়া-ত্বীন্। ২২২। তানায্‌যালু 'আলা-কুল্লি আফ্‌ফা-কিন্ আছীম্। ২২৩। ইয়ুল্‌ক্বূনাস্

জানাব, শয়তান কার কাছে আসে?(২২২) তারা তো যারা মিথ্যাবাদী ও পাপাচারী তাদের কাছে আসে। (২২৩) যারা কান

السَّمۡعَ وَاَكۡثَرُهُمۡ كٰذِبُوۡنَ ﴿٢٢٤﴾ وَالشُّعَرَآءُ يَتَّبِعُهُمُ الۡغَاوٗنَ ﴿٢٢٥﴾ اَلَمۡ تَرَ

সাম্'আ অআক্‌ছারুহুম্ কা-যিবূন্। ২২৪। অশ্‌শু'আর — য়ু ইয়াত্তাবিউ'হুমুল্ গা-যূন্। ২২৫। আলাম তার

পেতে শুনে তাদের অধিকাংশই মিথ্যা কথা বলে।(২২৪) যারা বিভ্রান্ত তারাই কবিদের অনুসরণ করে। (২২৫) আপনি কি

টীকা ঃ (১) আল্লাহর পক্ষ থেকে যখন ফেরেশ্‌তাদের কাছে কোন কিছুর ঘোষণা হতে থাকে তখন শয়তান তা শুনতে চায়। তখন ফেরেশতারা তার প্রতি আগুন নিক্ষেপ করে। কোন কথা শুনতে দেয়া হয় না।ঃ শানেনুযূল ঃ আয়াত- ২২৭ঃ ২ এ আয়াতের পূর্বের আয়াতে যখন কবীদের বদনাম করা হয়, তখন হযরত আবদুল্লাহ ইবনে রওয়াহা, কা'আব ইবনে মালেক এবং হযরত হাসান ইবনে সাবেত (রাঃ) প্রমুখ সাহাবারা নবী কারীম (ছঃ)-এর কাছে উপস্থিত হয়ে বলেন, ইয়া রাসূলাল্লাহ! আয়াতের মধ্যে তা সার্বিকভাবে সকল কবিদের বদনাম করা হয়েছে অথচ আমরাও কবিতা আবৃত্তি করি? তখন তাদের স্বাতন্ত্র্যের ওপর অত্র আয়াত অবতীর্ণ হয়।

أَنَّهُمْ فِي كُلِّ وَادٍ يَهِيمُونَ ﴿٢٢٥﴾ وَأَنَّهُمْ يَقُولُونَ مَا لَا يَفْعَلُونَ ﴿٢٢٦﴾ إِلَّا

আন্নাহুম্ ফী কুল্লি ওয়া- দিঁ ইয়াহীমূন্। ২২৬। অআন্নাহুম্ ইয়াক্বূলূনা মা-লা ইয়াফ্'আলূন্। ২২৭। ইল্লাল্

দেখেন না, তারা উদ্ভ্রান্ত হয়ে প্রতিটি প্রান্তে ঘুরে বেড়ায়।(২২৬) আর তারা যা বলে তা তারা করে না। (২২৭) তবে তাদের কথা

الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَذَكَرُوا اللَّهَ كَثِيرًا وَانْتَصَرُوا

লাযীনা আ-মানূ অ'আমিলুছ্ ছোয়া- লিহা-তি অযাকারুল্লা-হা কাছীরাওঁ ওয়ান্‌তাছোয়ারূ

সতন্ত্র যারা ঈমান এনেছে এবং সৎকর্ম করেছে এবং আল্লাহকে বার বার স্মরণকারী ও অত্যাচারিত হওয়ার পর প্রতিশোধ

১১ ع ৩৬ ১৫ রুকূ

مِنْ بَعْدِ مَا ظُلِمُوا ۗ وَسَيَعْلَمُ الَّذِينَ ظَلَمُوا أَيَّ مُنْقَلَبٍ يَنْقَلِبُونَ ۞

মিম্ বা'দি মা-জুলিমূ; অসাইয়া'লামুল্লাযীনা জোয়ালামূ ~ আইয়্যা মুন্‌ক্বালাবিঁই ইয়ান্‌ক্বালিবূন্।

গ্রহণ করে। আর যারা জুলুম করেছে তারা অচিরেই অবগত হবে তাদের গন্তব্যস্থল সম্পর্কে।

সূরা নাম্‌ল্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৯৩
রুকূ ঃ ৭

﴿١﴾ طس ۚ تِلْكَ آيَاتُ الْقُرْآنِ وَكِتَابٍ مُبِينٍ ﴿٢﴾ هُدًى وَبُشْرَىٰ

১। ত্বোয়া-সী — ন্; তিলকা আ-ইয়া-তুল্ ক্বুর্‌আ-নি অকিতা-বিম্ মুবীন্। ২। হুদাঁও অবুশ্‌রা লিল্

(১) তোয়া সীন, এগুলো কোরআনের আয়াত এবং আয়াত সুস্পষ্ট কিতাবের,(২)এটা মু'মিনদের জন্য পথ প্রদর্শক ও

لِلْمُؤْمِنِينَ ﴿٣﴾ الَّذِينَ يُقِيمُونَ الصَّلَاةَ وَيُؤْتُونَ الزَّكَاةَ وَهُمْ بِالْآخِرَةِ هُمْ

মু'মিনীন্। ৩। আল্লাযীনা ইয়ুক্বীমূনাছ্ ছলা-তা অ ইয়ু''তূনায্ যাকা-তা অহুম বিল্‌আ-খিরতি হুম্

সুসংবাদ। (৩) আর যারা নামায আদায় করে, যাকাত প্রদান করে এবং তারাই পরকালে দৃঢ়

يُوقِنُونَ ﴿٤﴾ إِنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ زَيَّنَّا لَهُمْ أَعْمَالَهُمْ فَهُمْ يَعْمَهُونَ ۞

ইয়ূক্বিনূন্ ।৪। ইন্নাল্লাযীনা লা-ইয়ু''মিনূনা বিল্‌আ-খিরতি যাইয়্যান্না-লাহুম্ আ'মা-লাহুম্ ফাহুম্ ইয়া'মাহূন্।

বিশ্বাসী। (৪) যারা পরকালে অবিশ্বাসী, তাদের জন্য কর্মকে শোভন করেছি, ফলে তারা বিভ্রান্ত অবস্থায় ঘুরে বেড়ায়।

﴿٥﴾ أُولَٰئِكَ الَّذِينَ لَهُمْ سُوءُ الْعَذَابِ وَهُمْ فِي الْآخِرَةِ هُمُ الْأَخْسَرُونَ ۞

৫। উলা — য়িকাল্ লাযীনা লাহুম্ সূ — য়ুল্ 'আযা-বি অহুম্ ফিল্ আ-খিরতি হুমুল্ আখ্‌সারূন্।

(৫) তাদের জন্য রয়েছে দুনিয়াতে হীনকর শাস্তি এবং পরকালে তারাই সর্বাধিক ক্ষতিগ্রস্ত হবে।

• তিন চতুর্থাংশ

﴿٦﴾ وَإِنَّكَ لَتُلَقَّى الْقُرْآنَ مِنْ لَدُنْ حَكِيمٍ عَلِيمٍ ﴿٧﴾ إِذْ قَالَ مُوسَىٰ لِأَهْلِهِ إِنِّي

৬। অইন্নাকা লাতুলাক্ক্বল্ ক্বুর্‌আ-না মিল্লাদুন্ হাক্বীমিন্ 'আলীম্। ৭। ইয্ ক্বা-লা মূসা- লিআহ্‌লিহী ~ ইন্নী ~

(৬) প্রজ্ঞাময় সর্বজ্ঞের (আল্লাহর) নিকট হতে আপনি কোরআন পাচ্ছেন।(৭) যখন মূসা তার পরিবারবর্গকে বলল, নিশ্চয়ই

أَنَسْتُ نَارًا ۚ سَاٰتِيكُمْ مِّنْهَا بِخَبَرٍ أَوْ اٰتِيكُمْ بِشِهَابٍ قَبَسٍ لَّعَلَّكُمْ تَصْطَلُونَ

আ-নাস্‌তু না-র-; সাআ-তীকুম্ মিন্‌হা-বিখাবারিন্ আও আ-তীকুম্ বিশিহা-বিন্ ক্ববাসিল্ লা'আল্লাকুম্ তাছ্‌ত্বোয়ালূন্।
আমি আগুন দর্শন করেছি, এখনই আমি তোমাদের জন্য কোন খবর নিয়ে আসব, বা আগুন আনব, যেন পোহাতে পার,

فَلَمَّا جَاءَهَا نُودِيَ أَن بُورِكَ مَن فِي النَّارِ وَمَنْ حَوْلَهَا وَسُبْحٰنَ اللّٰهِ رَبِّ ﴿٨﴾

৮। ফালাম্মা-জ্বা — য়াহা-নূদিয়া আম্ বুরিকা মান্ ফিন্না-রি অমান্ হাওলাহা-অসুব্‌হা-নাল্লা-হি রব্বিল্
(৮) আর যখন মূসা তার কাছে আসল, তখন তাকে বলা হয় আগুনের মাঝে যিনি রয়েছেন তার প্রতি বরকত হোক এবং এর চার পাশে যারা রয়েছে তাদের প্রতি এবং

তিন চতুর্থাংশ ২ • ع ৭ ১৪ রুকু

আয়াত-১২ ঃ অর্থাৎ কুফর আর ইসলাম সমান নয়। আল্লাহ্ কুফরকে পরাভূত করবেনই। যদিও তোমরা উভয় হতে উপকৃত হবে। মুসলমানদের থেকে দ্বীনের শক্তি, আর কাফের হতে জিযিয়া, খাজনা ইত্যাদি দ্বারা। গোশ্‌ত, অর্থাৎ মিষ্টি মাছ ও লবণাক্ত উভয় প্রকার সমুদ্র হতে পাওয়া যায়। আর অলঙ্কার অর্থাৎ মুক্তা, মুগা ও মণি ইত্যাদি অধিকক্ষেত্রে লবণাক্ত আর কখনও কখনও মিষ্টি সমুদ্রেও পাওয়া যায়। (মুঃ কোঃ)

আয়াত-১৩ঃ সব কিছুর মালিক আল্লাহ, তাঁর রাজত্বে কারও কোন মালিকানা নেই। কিয়ামত দিবসে মুশারিকরা তাদের উপাস্যদের নিকটস্থ হলে তারা রেগে বলবে- তোমরা মিথ্যাবাদী। আমরা কি তোমাদেরকে সাহায্য চাইতে বলেছিলাম? আমাদের তো অক্ষমই ছিলাম। যাও যেমন করেছে তেমন ভুগবে। এভাবে আল্লাহ্ মুশ্‌রিকদের বিশ্বাসের মূল কর্তন করে দিলেন। (ইমামুল হিন্দ)

١٦ اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ١٧ وَمَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ *

১৬। ইঁইয়্যাশা'' ইয়ুয্হিব্কুম্ অইয়া''তি বিখল্ক্বিন্ জ্বাদীদ্। ১৭। অমা-যা-লিকা 'আলা ল্লা-হি বি'আযীয্।
(১৬) তিনি ইচ্ছা করলে তোমাদেরকে উচ্ছেদ করে নতুন সৃষ্টি আনতে পারেন। (১৭) আর এরূপ করা আল্লাহর জন্য কঠিন নয়।

١٨ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ؕ وَاِنْ تَدْعُ مُثْقَلَةٌ اِلٰى حِمْلِهَا لَا يُحْمَلْ مِنْهُ

১৮। অলা-তাযিরু অ-যিরাতুঁও ওয়িয্র- উখ্র-;অইন্ তাদ্'উ মুছ্ক্বলাতুন্ ইলা-হিম্লিহা লা- ইয়ুহ্মাল্ মিন্হু
(১৮) কোন বোঝার বহনকারী অপরের কোন বোঝা বহন করবে না, ভারগ্রস্ত তার ভার বইতে কাকেও ডাকলে কেউই

شَیْءٌ وَّلَوْ كَانَ ذَا قُرْبٰى ؕ اِنَّمَا تُنْذِرُ الَّذِيْنَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ وَاَقَامُوا

শাইয়ুঁও অলাও কা-না যা-ক্বু রবা-; ইন্নামা-তুন্যিরুল্ লাযীনা ইয়াখ্শাওনা রব্বাহুম্ বিল্গইবি অআক্ব-মুছ্
বহন করবে না, যদিও নিকট আত্মীয় হয়। আপনি সতর্ক করুন,কেবল তাদেরকে যারা না দেখে রবকে ডরায় ও নামায

الصَّلٰوةَ ؕ وَمَنْ تَزَكّٰى فَاِنَّمَا يَتَزَكّٰى لِنَفْسِهٖ ؕ وَاِلَى اللّٰهِ الْمَصِيْرُ ١٩ وَمَا يَسْتَوِى

ছলাহ্; অমান্ তাযাক্কা- ফাইন্নামা-ইয়াতযাক্কা- লিনাফ্সিহ্; অইলাল্লা- হিল্ মাছীর্। ১৯। অমা- ইয়াস্তাওয়িল্
প্রতিষ্ঠা করে। যে নিজেকে সংশোধন করে, সে নিজের জন্যই করে। আল্লাহর কাছেই সকলের প্রত্যাবর্তন। (১৯) সমান নয়,

الْاَعْمٰى وَالْبَصِيْرُ ٢٠ وَلَا الظُّلُمٰتُ وَلَا النُّوْرُ ٢١ وَلَا الظِّلُّ وَلَا الْحَرُوْرُ ٢٢ وَمَا

আ'মা- অল্বাছীর্। ২০। অলাজ্জু লুমাতু অলা-ন্নূ র্। ২১। অলাজ্জিল্লু অলাল্ হারূর্। ২২। অমা-
অন্ধ আর চক্ষুষ্মান। (২০) আর সমান নয় অন্ধকার আর আলো। (২১) আর না সমান ছায়া ও রৌদ্র। (২২) আর

يَسْتَوِى الْاَحْيَآءُ وَلَا الْاَمْوَاتُ ؕ اِنَّ اللّٰهَ يُسْمِعُ مَنْ يَّشَآءُ ۚ وَمَآ اَنْتَ بِمُسْمِعٍ

ইয়াস্ তাওয়িল্ আহ্ইয়া — য়ু অলাল্ আম্ওয়া-ত্; ইন্নাল্লা -হা ইয়ুস্মি'উ মাইঁ ইয়াশা — য়ু অমা ~ আন্তা বিমুস্মি'ইম্
জীবিত আর মৃত এক নয়; আল্লাহ যাকে ইচ্ছা শ্রবণ করিয়ে থাকেন। আর আপনি তাদেরকে শ্রবণ করাতে সক্ষম নন,

مَّنْ فِى الْقُبُوْرِ ٢٣ اِنْ اَنْتَ اِلَّا نَذِيْرٌ ٢٤ اِنَّآ اَرْسَلْنٰكَ بِالْحَقِّ بَشِيْرًا وَّنَذِيْرًا ؕ

মান্ ফিল্ ক্বুবূর্। ২৩। ইন্ আন্তা ইল্লা-নাযীর্। ২৪। ইন্না ~ আরসাল্না- কা বিল্হাক্ব্ক্বি বাশীরাঁও অনাযীর-;
যারা কবরবাসী। (২৩) আপনি সাবধানকারী মাত্র। (২৪) নিশ্চয়ই আমি আপনাকে সত্য দিয়ে পাঠিয়েছি সুসংবাদদাতা

وَاِنْ مِّنْ اُمَّةٍ اِلَّا خَلَا فِيْهَا نَذِيْرٌ ٢٥ وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كَذَّبَ الَّذِيْنَ مِنْ

অইম্মিন্ উম্মাতিন্ ইল্লা-খলা-ফীহা-নাযীর্। ২৫। অইঁ ইয়ুকায্যিবূকা ফাক্বদ্ কায্যাবাল্ লাযীনা মিন্
ও সতর্ককারীরূপে; প্রত্যেক জাতির কাছে সতর্ককারী এসেছে।(২৫) এরা যদি আপনাকে মিথ্যা বলে তবে, পূর্ববর্তীদেরকেও

قَبْلِهِمْ ۚ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ وَبِالزُّبُرِ وَبِالْكِتٰبِ الْمُنِيْرِ ٢٦ ثُمَّ اَخَذْتُ

ক্বব্লিহিম্ জ্বা — য়াত্হুম্ রুসুলুহুম্ বিল্বাইয়িনা-তি অবিয্যুবুরি অবিল্ কিতা-বিল্ মুনীর্। ২৬। ছুম্মা আখায্ তুল্
এরা মিথ্যা বলেছে, তাদের কাছে রাসূলরা নিদর্শন, স্মারক ও উজ্জ্বল কিতাব নিয়ে এসেছেন। (২৬) পরে কাফেরদেরকে

ع ٣ ١٢ ১৫ রুকু

الَّذِينَ كَفَرُوا فَكَيْفَ كَانَ نَكِيرِ ﴿٢٧﴾ أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ أَنزَلَ مِنَ السَّمَاءِ مَاءً

লাযীনা কাফারূ ফাকাইফা কা-না নাকীর্। ২৭। আলাম্ তারা আন্নাল্লা-হা আন্যালা মিনাস্ সামা — য়ি মা — য়ান্

পাকড়াও করেছি, কী মারাত্মক ছিল আমার আযাব! (২৭) আপনি কি দেখেন নি যে, আল্লাহ বর্ষণ করেন আকাশ হতে

فَأَخْرَجْنَا بِهِ ثَمَرَاتٍ مُّخْتَلِفًا أَلْوَانُهَا ۚ وَمِنَ الْجِبَالِ جُدَدٌ بِيضٌ وَحُمْرٌ مُّخْتَلِفٌ

ফাআখ্রজ্না-বিহী ছামার-তিম্ মুখ্তালিফান্ আল্ওয়া-নুহা-; অমিনাল্ জ্বিবা-লি জুদাদুম্ বীদ্বুঁও অহুম্রুম্ মুখ্তালিফুন্

পানি, অতঃপর আমি তা হতে বিভিন্ন রং এর ফল উদ্গত করেছি, (এভাবে) পর্বতমালাও রয়েছে যার বিভিন্ন অংশে সাদা,

أَلْوَانُهَا وَغَرَابِيبُ سُودٌ ﴿٢٨﴾ وَمِنَ النَّاسِ وَالدَّوَابِّ وَالْأَنْعَامِ مُخْتَلِفٌ

আল্ওয়ানুহা- অ গরা-বীবু সূদ্। ২৮। অমিনান্ না-সি অদ্ দাওয়া — ব্বি অল্ আন্'আ-মি মুখ্তালিফুন্

লাল ও কাল গিরি পথ আছে। (২৮) আর এভাবে মানবজাতি, প্রাণীসমূহ এবং চতুষ্পদ জন্তুর মধ্যে বিভিন্ন রং রয়েছে।

أَلْوَانُهُ كَذَٰلِكَ ۗ إِنَّمَا يَخْشَى اللَّهَ مِنْ عِبَادِهِ الْعُلَمَاءُ ۗ إِنَّ اللَّهَ عَزِيزٌ غَفُورٌ

আল্ওয়া-নুহূ কাযা-লিক্; ইন্নামা-ইয়াখ্শাল্লা-হা মিন্ 'ইবা-দিহিল্ 'উলামা — য়; ইন্নাল্লা-হা 'আযীযুন্ গফূর্।

নিশ্চয়ই আল্লাহকে ঐ সব বান্দাহরাই ভয় করে থাকে যারা জ্ঞান রাখে। নিশ্চয়ই আল্লাহ পরাক্রমশালী মহা ক্ষমাশীল।

﴿٢٩﴾ إِنَّ الَّذِينَ يَتْلُونَ كِتَابَ اللَّهِ وَأَقَامُوا الصَّلَاةَ وَأَنفَقُوا مِمَّا رَزَقْنَاهُمْ سِرًّا

২৯। ইন্নাল্লাযী না ইয়াত্লূ না কিতাবা-ল্লা-হি অ আক্ব-মুছ ছলা-তা অ আন্ফাক্বূ মিম্মা- রযাক্ব্না-হুম্ সির্রঁও

(২৯) নিশ্চয়ই যারা আল্লাহর কিতাব পড়ে, নামায প্রতিষ্ঠা করে, প্রাপ্ত রিযিক হতে গোপনে, প্রকাশ্যে ব্যয় করে, তারাই এমন

وَعَلَانِيَةً يَرْجُونَ تِجَارَةً لَّن تَبُورَ ﴿٣٠﴾ لِيُوَفِّيَهُمْ أُجُورَهُمْ وَيَزِيدَهُم مِّن

'আলা-নিয়াতাঁই ইয়ার্জূনা তিজ্বা-রতাল্লান্ তাবূর্। ৩০। লিইয়ু ওয়াফ্ফিয়াহুম্ উজূরহুম্ অইয়াযীদাহুম্ মিন্

ব্যবসার আশা করতে পারে যাতে কখনও লোকসান হবে না। (৩০) যেন তিনি তাদের কর্মফল স্বীয় করুণায় বেশি

فَضْلِهِ ۚ إِنَّهُ غَفُورٌ شَكُورٌ ﴿٣١﴾ وَالَّذِي أَوْحَيْنَا إِلَيْكَ مِنَ الْكِتَابِ هُوَ الْحَقُّ

ফাদ্বলিহ্; ইন্নাহূ গফূরুন্ শাকূর। ৩১। অল্লাযী ~ আওহাইনা ~ ইলাইকা মিনাল্ কিতা-বি হুওয়াল্ হাক্বক্বু

দেন, নিঃসন্দেহে তিনি অতিশয় ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩১) আপনার প্রতি আমি যে কিতাব অবতীর্ণ করেছি তা সম্পূর্ণ সত্য।

مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ ۗ إِنَّ اللَّهَ بِعِبَادِهِ لَخَبِيرٌ بَصِيرٌ ﴿٣٢﴾ ثُمَّ أَوْرَثْنَا الْكِتَابَ الَّذِينَ

মুছোয়াদ্দিক্বল্ লিমা-বাইনা ইয়াদাইহ্; ইন্না ল্লা-হা বি'ইবা-দিহী লাখাবীরুম্ বাছীর্। ৩২। ছুম্মা আওরছ্না নাল্ কিতা-বাল্লাযীনাছ্

যা পূর্ববর্তী কিতাবসমূহের সমর্থক, আর আল্লাহ তাঁর বান্দাদের সবকিছু জানেন, দেখেন। (৩২) অতঃপর মনোনীত বান্দাহদেরকে

আয়াত-২৮ ঃ অর্থাৎ কেবল উদ্ভিদ ও নির্জীব পদার্থ সমূহেই এ বিচিত্র লীলা শেষ নয়; বরং জীব-জন্তু সমূহেও এই বিচিত্র শোভা বিদ্যমান আছে। স্বয়ং মানুষের প্রতি লক্ষ্য কর– একই মাতা-পিতা হতে একই অঞ্চলে জন্মিয়ে একই আবহাওয়ায় প্রতিপালিত হয়ে ও ভিন্ন প্রকৃতির ও ভিন্ন রং-এর হয়– কেউ কাল, কেউ বা ফরসা। যমীনে বিচরণকারী কীট-পতঙ্গ, সাপ-বিচ্ছু ইত্যাদি দেখ একই বিভাগের প্রাণী অথচ বিভিন্ন রং ও আকৃতির। চতুষ্পদ জন্তুসমূহও এক জাতীয় পশু হওয়া এই সমস্ত বিষয়ে চিন্তা করে তাদের নিকট সুদৃঢ় বিশ্বাস জন্মিয়ে যায় যে, এই সমস্ত আবর্তন-বিবর্তন একমাত্র সেই সর্বাধিনায়ক মহা শক্তি ধর আল্লাহ্র কর্তৃত্বেই হচ্ছে। আল্লাহ্র এরূপ কুদরতের প্রতি চিন্তাশীল লোকেরা তাঁর শক্তির সামনে সর্বদা ভীত থাকে।

اصْطَفَيْنَا مِنْ عِبَادِنَا ۚ فَمِنْهُمْ ظَالِمٌ لِّنَفْسِهِ ۚ وَمِنْهُمْ مُّقْتَصِدٌ ۚ وَمِنْهُمْ سَابِقٌۢ بِالْخَيْرٰتِ

ত্বোফাইনা-মিন্ 'ইবা-দিনা- ফামিন্হুম্ জোয়া-লিমুল্ লিনাফ্সিহী অমিন্হুম্ মক্বতাছিদুন্ অমিন্হুম্ সা-বিক্বুম্ বিল্খইর-তি

কিতাব প্রদান করলাম, যাদেরকে আমি পছন্দ করেছি, তাদের কেউ কেউ নিজের প্রতি অত্যাচারী, কেউ মধ্যপন্থী এবং কেউ কেউ

بِإِذْنِ اللّٰهِ ؕ ذٰلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيْرُ ﴿٣٣﴾ جَنّٰتُ عَدْنٍ يَّدْخُلُوْنَهَا يُحَلَّوْنَ

বিইয্নিল্লা-হ্;যা-লিকা হুওয়াল্ ফাদ্বলুল্ কাবীর্ । ৩৩ । জান্না-তু 'আদ্নিইঁ ইয়াদ্খুলূনাহা-ইয়ুহাল্লাওনা

আল্লাহর আদেশে কল্যাণে অগ্রগামী। এটাই তাদের প্রতি বিরাট করুণা। (৩৩) আর তারা স্থায়ী জান্নাতে প্রবেশ করবে,

فِيْهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّلُؤْلُؤًا ۚ وَلِبَاسُهُمْ فِيْهَا حَرِيْرٌ ﴿٣٤﴾ وَقَالُوا الْحَمْدُ

ফীহা- মিন্ আসা-ওয়ির মিন্ যাহাবিঁও অলু''লুওয়ান্ অলিবা-সুহুম্ ফীহা-হারীর্ । ৩৪ । অ ক্বা-লুল্ হাম্দু

সেখানে তাদেরকে স্বর্ণের বালা ও মুক্তা পরান হবে; আর সেখানে তাদের পোশাক হবে রেশমের। (৩৪) আর তারা বলবে,

لِلّٰهِ الَّذِيْٓ أَذْهَبَ عَنَّا الْحَزَنَ ؕ إِنَّ رَبَّنَا لَغَفُوْرٌ شَكُوْرُ ۨ ﴿٣٥﴾ الَّذِيْٓ أَحَلَّنَا دَارَ

লিল্লা-হিল্লাযী ~ আয্হাবা 'আন্নাল্ হাযান্; ইন্না রব্বানা-লাগফূরুন্ শাকূর্ । ৩৫ । আল্লাযী ~ আহাল্লানা-দা-রল্

আল্লাহর প্রশংসা যিনি আমাদের দুঃখ দূর করলেন; নিশ্চয়ই আমাদের রব বড়ই ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩৫) যিনি স্বীয় অনুগ্রহ

الْمُقَامَةِ مِنْ فَضْلِهٖ ۚ لَا يَمَسُّنَا فِيْهَا نَصَبٌ وَّلَا يَمَسُّنَا فِيْهَا لُغُوْبٌ ﴿٣٦﴾ وَالَّذِيْنَ

মুক্বা-মাতি মিন্ ফাদ্বলিহী লা- ইয়ামাস্সুনা-ফীহা-নাছোয়াবুঁও অলা- ইয়ামাস্সুনা-ফীহা-লুগূব্ । ৩৬ । অল্লাযীনা

আমাদেরকে অনন্ত আবাস দিলেন, সেথায় আমাদের কোন ক্লেশ নেই, সেখানে নেই কোন ক্লান্তি। (৩৬) এবং যারা

كَفَرُوْا لَهُمْ نَارُ جَهَنَّمَ ۚ لَا يُقْضٰى عَلَيْهِمْ فَيَمُوْتُوْا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِّنْ

কাফারূ লাহুম্ না-রু জ্বাহান্নামা, লা-ইয়ুক্বদ্বোয়া- 'আলাইহিম্ ফাইয়ামূতূ অলা-ইয়ুখাফ্ফাফু 'আন্হুম্ মিন্

কুফ্রী করেছে তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন, তখন মৃত্যুর ফয়সালা হবে না, তাদের শাস্তিও লাঘব করা হবে না।

عَذَابِهَا ؕ كَذٰلِكَ نَجْزِيْ كُلَّ كَفُوْرٍ ﴿٣٧﴾ وَهُمْ يَصْطَرِخُوْنَ فِيْهَا ۚ رَبَّنَآ أَخْرِجْنَا

'আযা-বিহা-; কাযা-লিকা নাজ্ঝী কুল্লা কাফূর্ । ৩৭ । অহুম্ ইয়াছ্তোয়ারিখূনা ফীহা-রব্বানা ~ আখ্রিজ্না-

আমি এ'ভাবেই প্রত্যেক কাফেরকে শাস্তি দেব। (৩৭) আর তারা সেখানে আর্তনাদ করে বলবে, হে আমাদের রব! মুক্তি দাও,

نَعْمَلْ صَالِحًا غَيْرَ الَّذِيْ كُنَّا نَعْمَلُ ؕ أَوَلَمْ نُعَمِّرْكُمْ مَّا يَتَذَكَّرُ فِيْهِ مَنْ تَذَكَّرَ

না'মাল্ ; ছোয়া-লিহান্ গাইরল্লাযী কুন্না-না'মাল্; আওয়ালাম্ নু'আম্মিরকুম্ মা -ইয়াতযাক্কারু ফীহি মান্ তাযাক্কার

ভাল করব, পূর্বে যা করতাম তা আর করব না। আমি কি দীর্ঘ জীবন দেই নি, যেখানে সতর্ক হতে চাইলে, হতে পারতে?

৪ ع ১১ ১৬ রুকু

وَجَآءَكُمُ النَّذِيْرُ ؕ فَذُوْقُوْا فَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ نَّصِيْرٍ ﴿٣٨﴾ إِنَّ اللّٰهَ عٰلِمُ غَيْبِ

অজ্বা — য়া কুমুন্নাযীর্; ফাযূক্বূ, ফামা- লিজ্জোয়া-লিমীনা মিন্ নাছীর্ । ৩৮ । ইন্নাল্লা-হা 'আ-লিমু গইবিস্

সতর্ককারী তোমাদের কাছে এসেছিল; শাস্তি ভোগ কর জালিমদের কোন সাহায্যকারী নেই।(৩৮) নিশ্চয়ই আল্লাহ্ আকাশ মণ্ডল ও

السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿٣٩﴾ هُوَ الَّذِيْ جَعَلَكُمْ

সামা-ওয়া-তি অল্ আর্দ্ব্; ইন্নাহূ 'আলীমুম্ বিযা-তিছ্ ছুদূর্। ৩৯। হুওয়া ল্লাযী জ্বা'আলাকুম্

পৃথিবীর অদৃশ্য বিষয়সমূহ জানেন। নিশ্চয়ই তাদের অন্তরের বিষয়সমূহও তিনি অবহিত।(৩৯) তিনি এমন, যিনি তোমাদেরকে

خَلٰٓئِفَ فِي الْاَرْضِ ؕ فَمَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهٗ ؕ وَلَا يَزِيْدُ الْكٰفِرِيْنَ كُفْرُهُمْ

খালা — য়িফা ফিল্ আর্দ্ব; ফামান্ কাফার ফা'আলাইহি কুফ্রুহ্; অলা-ইয়াযীদুল্ কা-ফিরীনা কুফ্রুহুম্

যমীনে প্রতিনিধি করেছেন। সুতরাং যারা কুফুরী করে তাদের কুফুরীর জন্য তারাই দায়ী, কাফেরদের কুফুরী তো তাদের

عِنْدَ رَبِّهِمْ اِلَّا مَقْتًا ۚ وَلَا يَزِيْدُ الْكٰفِرِيْنَ كُفْرُهُمْ اِلَّا خَسَارًا ﴿٤٠﴾ قُلْ اَرَءَيْتُمْ

'ইন্দা রব্বিহিম্ ইল্লা-মাক্ব্তান্ অলা-ইয়াযীদুল্ কা-ফিরীনা কুফ্রুহুম্ ইল্লা-খসা-র -। ৪০। ক্বুল্ আরয়াইতুম্

রবের ক্রোধই বৃদ্ধি করে এবং কাফেরদের কুফুরী তো তাদের ক্ষতিই বৃদ্ধি করে। (৪০) আপনি বলুন, তোমরা আল্লাহ

شُرَكَآءَكُمُ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ اَرُوْنِيْ مَاذَا خَلَقُوْا مِنَ الْاَرْضِ

শুরাকা — য়া কুমুল্লাযীনা তাদ্'উনা মিন্ দূনিল্লা-হ্; আরূনী মা-যা-খলাক্বূ মিনাল্ আর্দ্বি

ছাড়া যাদেরকে উপাস্য সাব্যস্ত করেছ তাদের ব্যাপারে চিন্তা করে দেখেছ কি? আমাকে দেখাও,যমীনের কোন অংশ সৃষ্টি করে থাকলে,

اَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ۚ اَمْ اٰتَيْنٰهُمْ كِتٰبًا فَهُمْ عَلٰى بَيِّنَتٍ مِّنْهُ ۚ بَلْ اِنْ

আম্ লাহুম্ শির্কুন্ ফিস্ সামা-ওয়া-তি, আম্ আ-তাইনা-হুম্ কিতা-বান্ ফাহুম্ 'আলা-বাইয়িনা-তিম্ মিন্হু বাল্ ইঁ

না কি আকাশে (সৃষ্টিতে) তাদের অংশ আছে? বা তাদেরকে কোন কিতাব প্রদান করেছি,যা তারা প্রমাণ হিসাবে পেশ করতে পারে?

يَّعِدُ الظّٰلِمُوْنَ بَعْضُهُمْ بَعْضًا اِلَّا غُرُوْرًا ﴿٤١﴾ اِنَّ اللّٰهَ يُمْسِكُ السَّمٰوٰتِ وَ

ইঁইয়া'ইদুজ্ জোয়া-লিমূনা বা'দ্বুহুম্ বা'দ্বোয়ান্ ইল্লা-গুরূর-। ৪১। ইন্নাল্লা-হা ইয়ুম্সিকুস্ সামা-ওয়া-তি অল্

বরং জালিমরা পরস্পরকে নিরেট প্রতারণামূলক প্রতিশ্রুতি প্রদান করে।(৪১) আল্লাহ আসমানসমূহ ও যমীনকে ধরে রেখেছেন,

الْاَرْضَ اَنْ تَزُوْلَا ۚ۬ وَلَئِنْ زَالَتَآ اِنْ اَمْسَكَهُمَا مِنْ اَحَدٍ مِّنْۢ بَعْدِهٖ ؕ اِنَّهٗ

আর্দ্বোয়া আন্ তাযূলা অলায়িন্ যা-লাতা ~ ইন্ আম্সাকাহুমা- মিন্ আহাদিম্ মিম্ বা'দিহ্; ইন্নাহূ

যেন তারা স্থানচ্যুত না হয়, আর যদি স্থানচ্যুত হয়, তবে আল্লাহ ছাড়া কেউ তাদেরকে ধরে রাখতে পারবে না। তিনি

كَانَ حَلِيْمًا غَفُوْرًا ﴿٤٢﴾ وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ جَآءَهُمْ نَذِيْرٌ لَّيَكُوْنُنَّ

কা-না হালীমান্ গফূর-। ৪২। অআক্ব্সামূ বিল্লা-হি জ্বাহ্দা আইমা-নিহিম্ লায়িন্ জ্বা — য়াহুম্ নাযীরুল্ লাইয়াকূ নান্না

সহনশীল, ক্ষমাশীল। (৪২) আর তারা আল্লাহর নামে দৃঢ় শপথ করে বলত যে, সতর্ককারী আসলে অন্য সকল সম্প্রদায়ের

اَهْدٰى مِنْ اِحْدَى الْاُمَمِ ۚ فَلَمَّا جَآءَهُمْ نَذِيْرٌ مَّا زَادَهُمْ اِلَّا نُفُوْرًا ۙ

আহ্দা- মিন্ 'ইহ্দাল্ উমামি ফালাম্মা- জ্বা — য়াহুম্ নাযীরুম্ মা-যা-দাহুম্ ইল্লা-নুফূর-।

পূর্বে তারাই সৎপথ কবূলকারীদের অন্তর্ভূক্ত হবে। আর যখন সতর্ককারী তাদের নিকট আসল তখন তাদের বিমুখতাই বাড়ল।

اسْتِكْبَارًا فِي الْأَرْضِ وَمَكْرَ السَّيِّئِ ۚ وَلَا يَحِيقُ الْمَكْرُ السَّيِّئُ إِلَّا ﴿٤٣﴾

৪৩। নিস্ তিক্‌বা-রান্ ফিল্ আরদ্বি অমাক্‌র-স্ সাইয়্যিয়ি; অলা-ইয়াহীক্বুল্ মাক্‌রুস্ সাইয়্যিয়ু ইল্লা-
(৪৩) যমীনে তাদের আত্ম অহংকার এবং হীন ষড়যন্ত্রের কারণে। আর হীন ষড়যন্ত্রের কুফল উদ্যোক্তার উপরেই পতিত হয়ে থাকে।

بِأَهْلِهِ ۚ فَهَلْ يَنظُرُونَ إِلَّا سُنَّتَ الْأَوَّلِينَ ۚ فَلَن تَجِدَ لِسُنَّتِ اللَّهِ

বিআহ্‌লিহ্; ফাহাল্ ইয়ান্‌জুরূনা ইল্লা-সুন্নাতাল্ আউয়্যালীনা ফালান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি
অতএব তারা কি তবে তাদের পূর্ববর্তী যারা ছিল তাদের নীতির প্রতীক্ষায় রয়েছে? আর আল্লাহর নীতিতে আপনি কোন পরিবর্তন

تَبْدِيلًا ۖ وَلَن تَجِدَ لِسُنَّتِ اللَّهِ تَحْوِيلًا ﴿٤٤﴾ أَوَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ

তাব্‌দীলান্ অলান্ তাজ্বিদা লিসুন্নাতিল্লা-হি তাহ্‌ওয়ীলা-। ৪৪। আওয়া লাম্ ইয়াসীরূ ফিল্ আরদ্বি
কখনও পাবেন না, আর সে নীতিতে আপনি কোন নড়চড়ও পাবেন না। (৪৪) তারা কি যমীনে ভ্রমন করেনি? যদি করত

فَيَنظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ مِن قَبْلِهِمْ وَكَانُوا أَشَدَّ مِنْهُمْ قُوَّةً ۚ

ফাইয়ান্‌জুরূ কাইফা কা-না আ-'ক্বিবাতুল্ লাযীনা মিন্ ক্বব্‌লিহিম্ অকা ~ নূ আশাদ্দা মিন্‌হুম্ ক্বু-ওয়্যাহ্;
তবে তারা দেখতে পেত কেমন পরিণাম হয়েছিল তাদের পূর্ববর্তী লোকদের। তারা তো তোমাদের চেয়ে অধিকতর শক্তিধর ছিল,

وَمَا كَانَ اللَّهُ لِيُعْجِزَهُ مِن شَيْءٍ فِي السَّمَاوَاتِ وَلَا فِي الْأَرْضِ ۚ إِنَّهُ كَانَ عَلِيمًا

অমা-কা- নাল্লা-হু লিইয়ু'জ্বিযাহূ মিন্ শাইয়িন্- ফিস্ সামা-ওয়াতি অলা-ফিল্ আরদ্ব; ইন্নাহূ কা-না 'আলীমান্
কিন্তু আকাশ মণ্ডল ও ভূ-মণ্ডলে যা কিছু আছে তার কোন বস্তু আল্লাহকে অক্ষম করার নেই। নিশ্চয়ই তিনি অতিশয় জ্ঞানবান

قَدِيرًا ﴿٤٥﴾ وَلَوْ يُؤَاخِذُ اللَّهُ النَّاسَ بِمَا كَسَبُوا مَا تَرَكَ عَلَىٰ ظَهْرِهَا مِن دَابَّةٍ وَلَٰكِن

ক্বাদীর-। ৪৫। অলাও ইয়ুয়া-খিযু ল্লা-হুন্ না-সা বিমা-কাসাবূ মা-তারকা 'আলা-জোয়াহ্‌রিহা- মিন্ দা — ব্বাতিঁও অলা-কিঁই
শক্তিমান। (৪৫) আর যদি আল্লাহ মানুষের কর্মের কারণে শাস্তি দিতেন, তবে কোন বস্তুকে রেহাই দিতেন না, তবে তিনি নির্দিষ্টকাল

يُؤَخِّرُهُمْ إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى ۖ فَإِذَا جَاءَ أَجَلُهُمْ فَإِنَّ اللَّهَ كَانَ بِعِبَادِهِ بَصِيرًا

ইয়ুয়াখ্‌খিরু হুম্ ইলা ~ আজ্বালিম্ মুসাম্মান্ ফাইযা জ্বা ~ য়া আজ্বালুহুম্ ফাইন্নাল্লা-হা কা-না বি'ইবা-দিহী বাছীর-
পর্যন্ত অবকাশ প্রদান করে থাকেন। অতঃপর যখন ঐ সময় এসে পৌছবে, তখন আল্লাহ তো তাঁর বান্দাহদের সব দেখেন।

ع ৫ ৮ ১৭ রুকু

সূরা ইয়া-সীন্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৮৩
রুকূ ঃ ৫

يس ﴿١﴾ وَالْقُرْآنِ الْحَكِيمِ ﴿٢﴾ إِنَّكَ لَمِنَ الْمُرْسَلِينَ ﴿٣﴾ عَلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿٤﴾

১। ইয়া-সী — ন্ ২। অল্ ক্বুর্ আ-নিল্ হাকীম্। ৩। ইন্নাকা লামিনাল্ মুর্‌সালীন্। ৪। 'আলা-ছির-ত্বিম্ মুস্‌তাক্বীম্।
(১) ইয়া সী ন, (২) শপথ জ্ঞানগর্ভ কুরআনের, (৩) নিশ্চয়ই আপনি রাসূলদের একজন। (৪) সরল সঠিক পথে আছেন।

٥ تَنْزِيْلَ الْعَزِيْزِ الرَّحِيْمِ ٦ لِتُنْذِرَ قَوْمًا مَّا أُنْذِرَ اٰبَاؤُهُمْ فَهُمْ غٰفِلُوْنَ ٧ لَقَدْ

৫। তান্‌যীলাল্ 'আযীযির্ রহীম্। ৬। লিতুন্‌যিরা ক্বওমাম্ মা ~ উন্‌যিরা আ-বা — য়ুহুম্ ফাহুম্ গ-ফিলূন্ ।৭। লাক্বাদ্
(৫) পরাক্রমশালী দয়ালুর অবতারিত, (৬) যেন জাতিকে সর্তক করেন, যাদের পূর্বপুরুষদের সর্তক করা হয়নি। তারা উদাসীন ছিল। (৭) তাদের

حَقَّ الْقَوْلُ عَلٰى أَكْثَرِهِمْ فَهُمْ لَا يُؤْمِنُوْنَ ٨ إِنَّا جَعَلْنَا فِيْٓ أَعْنَاقِهِمْ أَغْلٰلًا

হাক্ব্‌ক্বল্ ক্বওলু 'আলা ~ আক্‌ছারিহিম্ ফাহুম্ লা-ইয়ু'মিনূন্। ৮। ইন্না-জ্বা'আল্‌না-ফী ~ আ'না-ক্বিহিম্ আগ্‌লা-লান্
অধিকাংশ লোকের জন্য স্থির হয়েছে যে, তারা ঈমান আনবে না।(৮) আমি তাদের গলদেশে চিবুক পর্যন্ত শিকল লাগিয়ে

فَهِيَ إِلَى الْأَذْقَانِ فَهُمْ مُّقْمَحُوْنَ ٩ وَجَعَلْنَا مِنْ بَيْنِ أَيْدِيْهِمْ سَدًّا وَّمِنْ

ফাহিয়া ইলাল্ আয্‌ক্বা-নি ফাহুম্ মুক্ব্‌মাহূন্। ৯। অজ্বা'আল্‌না-মিম্ বাইনি আইদী হিম্ সাদ্দাঁও অমিন্
দিয়েছি, ফলে তারা উর্দ্ধমুখী হয়ে আছে। (৯) আর আমি তাদের সামনেও প্রাচীর রেখে দিয়েছি আর তাদের পেছনে প্রাচীর

خَلْفِهِمْ سَدًّا فَأَغْشَيْنٰهُمْ فَهُمْ لَا يُبْصِرُوْنَ ١٠ وَسَوَآءٌ عَلَيْهِمْ ءَأَنْذَرْتَهُمْ أَمْ

খল্‌ফিহিম্ সাদ্দান্ ফায়াগ্‌শাইনা-হুম ফাহুম্ লা-ইয়ুব্‌ছিরূন্। ১০। অসাওয়া — য়ুন্ 'আলাইহিম্ আ আন্‌যার্‌তাহুম্ আম্
রেখে দিয়েছি, তাদেরকে ঢেকে দিয়েছি, ফলে তারা দেখতে পায় না। (১০) আর আপনি তাদেরকে সর্তক করেন আর না করেন,

لَمْ تُنْذِرْهُمْ لَا يُؤْمِنُوْنَ ١١ إِنَّمَا تُنْذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمٰنَ

লাম্ তুন্‌যির্‌হুম্ লা-ইয়ু'মিনূন্। ১১। ইন্নামা-তুন্‌যিরু মানিত্তাবা'আয্ যিকর অখশিয়ার্ রাহ্‌মা-না
তাদের নিকট সবই সমান, তারা ঈমান আনবে না। (১১) আপনি কেবল তাকেই সাবধান করতে পারেন, যে উপদেশ

بِالْغَيْبِ ج فَبَشِّرْهُ بِمَغْفِرَةٍ وَّأَجْرٍ كَرِيْمٍ ١٢ إِنَّا نَحْنُ نُحْيِ الْمَوْتٰى وَنَكْتُبُ

বিল্‌গাইবি ফাবাশ্‌শির্‌হু বিমাগ্‌ফিরতিঁও অআজ্‌রিন্ কারীম্। ১২। ইন্না-নাহ্‌নু নুহ্‌য়িল্ মাওতা- অনাক্‌তুবু
মান্যকারী এবং না দেখে দয়াময়ের ভয়ে ভীত, তাকে ক্ষমা ও সুপ্রতিদানের সুসংবাদ দিন। (১২) মৃতকে আমিই জীবিত করি,

সূরা ইয়াসীনের ফযীলত ঃ হযরত মা'কাল ইবনে ইয়াসার (রাঃ) থেকে বর্ণীত রসূলুল্লাহ (ছঃ) বলেন, সূরা ইয়াসীন কোরআনের হৃদপিণ্ড। ইমাম গাযযালী (রঃ) বলেন, সূরা ইয়াসীনকে কোরআনের হৃদপিণ্ড বলার কারণ এমনও হতে পারে যে, এ সূরায় পরকাল ও হাশর-নশরের বিষয় বিস্তারিত ব্যাখ্যা ও অলংকার সহকারে বর্ণিত হয়েছে। আখেরাতের প্রতি ঈমান ঈমানের এমন একটি মূলনীতি, যার ওপর মানুষের সকল আমল ও আচরণের বিশুদ্ধতা নির্ভরশীল। আখেরাতের ভয়ই মানুষকে সৎকর্মে উদ্বুদ্ধ করে এবং অবৈধ বাসনা ও হারাম কাজ থেকে বিরত রাখে। কাজেই, দেহের সুস্থতা যেমন অন্তরের সুস্থতার ওপর নির্ভরশীল। তেমনি সূরা ইয়াসিন কোনআনের হৃদপিণ্ড স্বরূপ।

এ সূরার যেমন সূরা ইয়াসীন প্রসিদ্ধ, এক হাদীছে এর নাম "আযীমা"ও বর্ণিত রয়েছে, তওরাতে এ সূরার নাম "মুয়িম্মাহু" বলে উল্লেখ আছে। অর্থাৎ এ সূরা তার পাঠকের জন্যে ইহ-পরকালের কল্যাণ ও বরকত ব্যাপক করে দেয়। এ সূরার পাঠকের নাম "শরীফ" বর্ণিত আছে। আরও বলা হয়েছে যে, কেয়ামতের দিন এর সুপারিশ "রবীয়া" গোত্র অপেক্ষা অধিক সংখ্যক লোকের জন্যে কবুল হবে। কোন কোন বর্ণনায় এর নাম "মুদাফিয়াও" বর্ণিত আছে; অর্থাৎ এই সূরা যারা পাঠ করে তাদের থেকে বালা-মুসিবত দূর করে। অনেক বর্ণনায় এর নাম "কাফিয়া" ও উল্লিখিত হয়েছে; অর্থাৎ এ সূরা পাঠকের প্রয়োজন পূর্ণ করে। (রূহুল মা'আনী)

"ইয়া-সী—ন" শব্দ সম্পর্কে প্রসিদ্ধ উক্তি হল, এটি খণ্ড বাক্য। এর অর্থ আল্লাহ ছাড়া আর কেউই জানে না। তফসীরের সংক্ষিপ্ত সারে এ কথাই বলা হয়েছে। আহকামুল-কোরআনে বর্ণিত ইমাম মালিকের উক্তি, এটি আল্লাহ পাকের অন্যতম নাম। হযরত ইবনে আব্বাস (রাঃ) থেকেও এক বর্ণনায় তা-ই বর্ণিত হয়েছে। অপর এক বর্ণনায় বলা হয়েছে যে, এটি আবিসিনীয় শব্দ। এর অর্থ "হে মানুষ" আর এখানে মানুষ বলে নবী করীম (ছঃ)-কে বুঝানো হয়েছে। হযরত ইবনে জুবায়ের (রাঃ)-এর বক্তব্য হতে জানা যায়, "ইয়াসীন" রসূলুল্লাহ (ছঃ)-এর নাম। রুহুল মা'আনীতে আছে ইয়া ও সীন এ দুটি অক্ষর দিয়ে নবী করীম (ছঃ)-এর নাম রাখার মধ্যে বিরাট রহস্য লুকায়িত রয়েছে।

مَا قَدَّمُوا وَآثَارَهُمْ ۚ وَكُلَّ شَيْءٍ أَحْصَيْنَاهُ فِي إِمَامٍ مُبِينٍ ﴿١٢﴾ وَاضْرِبْ لَهُمْ

মা-ক্বাদ্দামূ অআ-ছা-রহুম্; অকুল্লা শাইয়িন্ আহ্ছোয়াইনা-হু ফী ~ ইমা-মিম্ মুবীন্। ১৩। অদ্বরিব্ লাহুম্

এবং তাদের কৃত কর্ম ও স্মৃতিচিহ্ন লিখে রেখেছি; প্রত্যেক বিষয়ই স্পষ্টভাবে লিপিতে সংরক্ষিত রেখেছি। (১৩) তাদেরকে এক

مَثَلًا أَصْحَابَ الْقَرْيَةِ إِذْ جَاءَهَا الْمُرْسَلُونَ ﴿١٣﴾ إِذْ أَرْسَلْنَا إِلَيْهِمُ اثْنَيْنِ

মাছালান্ আছ্হা-বাল্ ক্বরইয়াহ্; ইয্ জ্বা — য়াহাল্ মুর্সালূন্। ১৪। ইয্ আর্সালনা ~ ইলাইহিমুছ্ নাইনি

জনপদবাসীর উপমা দিন, যখন তাদের কাছে আগমন করেছিল কয়েকজন রাসূল। (১৪) যখন দুজন রাসূল পাঠালাম, তখন তারা

فَكَذَّبُوهُمَا فَعَزَّزْنَا بِثَالِثٍ فَقَالُوا إِنَّا إِلَيْكُمْ مُرْسَلُونَ ﴿١٤﴾ قَالُوا مَا

ফাকায্যাবূহুমা- ফা'আয্যায্না-বিছা-লিছিন্ ফাক্ব-লূ ~ ইন্না ~ ইলাইকুম্ মুর্সালূন্। ১৫। ক্বা-লূ মা ~

তাদেরকে মিথ্যাবাদী বলল; তৃতীয় জন দ্বারা তাদেরকে সহায়তা দিলাম; তারা বলল ,আমরা রাসূলই।(১৫) তারা বলল,

أَنْتُمْ إِلَّا بَشَرٌ مِثْلُنَا وَمَا أَنْزَلَ الرَّحْمَٰنُ مِنْ شَيْءٍ إِنْ أَنْتُمْ إِلَّا تَكْذِبُونَ

আন্তুম ইল্লা-বাশারুম্ মিছ্লুনা- অমা ~ আন্যালার্ রহ্মা-নু মিন্ শাইয়িন্ ইন্ আন্তুম ইল্লা-তাক্যিবূন্।

তোমরা তো আমাদেরই মত মানুষ, কিছু নাযিল করেন নি দয়াময় আল্লাহ তোমাদের প্রতি, তোমরা মিথ্যা বলছ।

﴿١٥﴾ قَالُوا رَبُّنَا يَعْلَمُ إِنَّا إِلَيْكُمْ لَمُرْسَلُونَ ﴿١٦﴾ وَمَا عَلَيْنَا إِلَّا الْبَلَاغُ الْمُبِينُ

১৬। ক্ব-লূ রব্বুনা-ইয়া'লামু ইন্না ~ ইলাইকুম্ লামুর্সালূন্। ১৭। অমা- 'আলাইনা ~ ইল্লাল্ বালা-গুল্ মুবীন্।

(১৬) রাসূলরা বলল, আমাদের রব জানেন, আমরা তোমাদের নিকট প্রেরিত রাসূল। (১৭) আমাদের দায়িত্ব কেবল সুস্পষ্ট প্রচার করা

﴿١٧﴾ قَالُوا إِنَّا تَطَيَّرْنَا بِكُمْ ۖ لَئِنْ لَمْ تَنْتَهُوا لَنَرْجُمَنَّكُمْ وَلَيَمَسَّنَّكُمْ

১৮। ক্ব-লূ ~ ইন্না-তাত্বোয়াইয়্যার্না-বিকুম্, লায়িল্লাম্ তান্তাহূ লানার্ জু্মান্নাকুম্ অলা-ইয়ামাস্ সান্নাকুম্

(১৮) তারা বলল, নিশ্চয়ই আমরা তোমাদেরকে কুলক্ষণ মনে করি। যদি বিরত না হও তবে প্রস্তরাঘাত করব, আমাদের

مِنَّا عَذَابٌ أَلِيمٌ ﴿١٨﴾ قَالُوا طَائِرُكُمْ مَعَكُمْ ۚ أَئِنْ ذُكِّرْتُمْ ۚ بَلْ أَنْتُمْ قَوْمٌ

মিন্না-'আযা- বুন্ আলীম্। ১৯। ক্ব-লূ ত্বোয়া — য়িরুকুম্ মা'আকুম্ আয়িন্ যুক্কিরতুম্; বাল্ আন্তুম্ ক্বওমুম্

পক্ষ থেকে কঠিন শাস্তি পৌঁছবে।(১৯) তারা বলল, তোমাদের কুলক্ষণ তোমাদের সঙ্গেই। তোমরা উপদেশ পেয়েছ, নাকি

مُسْرِفُونَ ﴿١٩﴾ وَجَاءَ مِنْ أَقْصَا الْمَدِينَةِ رَجُلٌ يَسْعَىٰ قَالَ يَا قَوْمِ

মুস্রিফূন্। ২০। অজ্বা — য়া মিন্ আক্ব্ ছোয়াল্ মাদীনাতি রাজু্ লুঁই ইয়াস্'আ-ক্ব-লা ইয়া-ক্বওমিত

তোমরা সীমালংঘণকারী?(২০) আর শহরের অপর প্রান্ত হতে এক লোক দৌড়ে এসে বলল, হে আমার সম্প্রদায়ের লোকেরা!

اتَّبِعُوا الْمُرْسَلِينَ ﴿٢٠﴾ اتَّبِعُوا مَنْ لَا يَسْأَلُكُمْ أَجْرًا وَهُمْ مُهْتَدُونَ

তাবি'উল্ মুরসালীন্ ২১। ইত্তাবি'উ মাল্লা-ইয়াস্য়ালুকুম্ আজ্ব্ রাঁও অহুম্ মুহ্তাদূন্।

তোমরা আনুগত্য কর রাসূলদের।(২১) আর অনুসরণ কর তাদের যারা তোমাদের কাছে কিছু চায় না, আর তারা নিজেরাও পথপ্রাপ্ত।

রুকু ১৮ — ওয়াকফে গোফরান ওয়াকফে লাযেম

পারা ২৩

(২২) وَمَا لِيَ لَآ أَعْبُدُ الَّذِي فَطَرَنِي وَإِلَيْهِ تُرْجَعُونَ (২৩) ءَأَتَّخِذُ مِن دُونِهِ

২২। অমা-লিয়া লা ~ আ'বুদুল্লাযী ফাত্বোয়ারানী অ ইলাইহি তুর্জা'উন্। ২৩। আ আত্তাখিযু মিন্ দূনিহী ~
(২২) কি হল, আমি কি স্রষ্টার ইবাদাত করব না? তাঁরই কাছে তোমরা প্রত্যাবর্তন করবে। (২৩) আমি কি বানাব তাঁকে

آلِهَةً إِن يُرِدْنِ الرَّحْمَٰنُ بِضُرٍّ لَّا تُغْنِ عَنِّي شَفَاعَتُهُمْ شَيْئًا وَلَا يُنقِذُونِ ☆

আ- লিহাতান্ ইঁইয়্যুরিদ্নির রহমা-নু বিদ্বুররিল্ লা-তুগ্নি 'আন্নী শাফা-'আতুহুম্ শাইয়াঁও অলা-ইয়ুনক্বিযূন্।
ছাড়া এমন কোন ইলাহ? রহমান আমার ক্ষতি করলে তাদের সুপারিশ কোন কাজে আসবে না, উদ্ধারও করতে পারবে না।

(২৪) إِنِّي إِذًا لَّفِي ضَلَالٍ مُّبِينٍ (২৫) إِنِّي آمَنتُ بِرَبِّكُمْ فَاسْمَعُونِ (২৬) قِيلَ ادْخُلِ

২৪। ইন্নী ~ ইযাল্লাফী দ্বলা-লিম্ মুবীন্। ২৫। ইন্নী ~ আ-মান্তু বিরব্বিকুম্ ফাস্মা'উন্। ২৬। ক্বীলাদ্ খুলিল্
(২৪) এরূপ করলে আমি তো স্পষ্ট ভ্রান্তিতে পড়ব। (২৫) শুন, আমি তোমাদের রবে ঈমান আনলাম। (২৬) বলা হল,

الْجَنَّةَ قَالَ يَا لَيْتَ قَوْمِي يَعْلَمُونَ (২৭) بِمَا غَفَرَ لِي رَبِّي وَجَعَلَنِي مِنَ الْمُكْرَمِينَ ☆

জান্নাহ্; ক্ব-লা ইয়ালাইতা ক্বওমী ইয়া'লামূন্। ২৭। বিমা-গফারলী রব্বী অ জ্বা'আলানী মিনাল্ মুক্রমীন্।
জান্নাতে প্রবেশ কর ; বলল, হায়! আমার কওম যদি জানত যে, (২৭) কেন আমার রব আমায় ক্ষমা ও সম্মানিত করলেন,

(২৮) وَمَا أَنزَلْنَا عَلَىٰ قَوْمِهِ مِن بَعْدِهِ مِن جُندٍ مِّنَ السَّمَاءِ وَمَا كُنَّا مُنزِلِينَ (২৯) إِن

২৮। অমা ~ আন্যাল্না 'আলা- ক্বওমিহী মিম্ বা'দিহী মিন্ জুন্দিম্ মিনাস্ সামা — য়ি অমা- কুন্না-মুন্যিলীন্। ২৯। ইন্
(২৮) তারপর তার কওমের বিরুদ্ধে আমি আকাশ হতে কোন বাহিনী পাঠাই নি, পাঠাবারও প্রয়োজন ছিল না। (২৯) এটা

كَانَتْ إِلَّا صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ خَامِدُونَ (৩০) يَا حَسْرَةً عَلَى الْعِبَادِ مَا يَأْتِيهِم

কা-নাত্ ইল্লা-ছোয়াইহাতাঁও ওয়া-হিদাতান্ ফাইযা-হুম্ খ-মিদূন্। ৩০। ইয়া-হাস্রতান্ 'আলাল্ 'ইবা-দি মা-ইয়া'তীহিম্
তো কেবল একটি আওয়াজ ছিল, ফলে তারা সবই নিস্তব্ধ হয়ে গেল।(৩০) আক্ষেপ ঐ সকল বান্দাহদের ওপর, যাদের

مِّن رَّسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِئُونَ (৩১) أَلَمْ يَرَوْا كَمْ أَهْلَكْنَا قَبْلَهُم مِّنَ

মির্ রসূলিন্ ইল্লা-কা-নূ বিহী ইয়াস্তাহ্যিয়ূন্। ৩১। আলাম্ ইয়ারও কাম্ আহ্লাক্না-ক্বব্লাহুম্ মিনাল্
নিকট রাসূল আগমন করলেই তারা ঠাট্টা-বিদ্রুপ করত। (৩১) তারা কি দেখে না, ইতোপূর্বে কত জনপদ আমি ধ্বংস

الْقُرُونِ أَنَّهُمْ إِلَيْهِمْ لَا يَرْجِعُونَ (৩২) وَإِن كُلٌّ لَّمَّا جَمِيعٌ لَّدَيْنَا مُحْضَرُونَ ☆

ক্বুরূনি আন্নাহুম্ ইলাইহিম্ লা-ইয়ার্জ্বি'উন্। ৩২। অইন্ কুল্লু ল্লাম্মা-জ্বামী'উল্লাদাইনা-মুহ্দ্বোয়ারূন্।
করে দিয়েছি, যারা পুনরায় আর কখনও ফিরে আসবে না?(৩২) আর তাদের সবাইকে আমার কাছে সমবেত করা হবে।

ওয়াকফে গোফরান

রুকু ২ / ২০ / ১

আয়াত-২৩ ঃ অর্থাৎ তোমরা যাদেরকে তোমাদের উপাস্য সাব্যস্ত করেছ, তাদের তো কোন ক্ষমতাই নেই। আল্লাহ আমাকে কোন কষ্ট দিতে চাইলে তিনি তা দিতে পারেন, আবার নাও দিতে পারেন। আর আমি সর্ব শক্তিমান আল্লাহকে বাদ দিয়ে এসব অক্ষম ও অসহায়দের উপাসনা করলে আমি অত্যন্ত পথভ্রষ্ট হয়ে যাব। (ইবঃ কাঃ) আয়াত-২৯ঃ আল্লাহ্ বলেন, তাদের শহীদ হওয়ার পর অবাধ্য সম্প্রদায়ের ধ্বংসের জন্য আমিও আসমান হতে কোন সেনাবাহিনী প্রেরণ করি নি; বরং তাদের ধ্বংসের জন্য কেবল একটি বিকট ধ্বনিই যথেষ্ট হল। তারা মুহূর্তের মধ্যে মৃত হয়ে পড়ে রইল। আল্লাহ্ অনুতাপ করে বলেন-যখনই তাদের নিকট কোন রাসূল প্রেরণ করেছি, তখনই তারা তাকে বিদ্রূপ করল। এটা বুঝতে চেষ্টা করল না যে, দুনিয়াতে কেউ স্থায়ী ছিল না। (তাফঃ হক্কানী)

﴿٣٣﴾ وَءَايَةٌ لَّهُمُ ٱلْأَرْضُ ٱلْمَيْتَةُ أَحْيَيْنَٰهَا وَأَخْرَجْنَا مِنْهَا حَبًّا فَمِنْهُ يَأْكُلُونَ

৩৩। অ আ-ইয়াতু ল্লাহুমুল্ আরদ্বুল্ মাইতাতু আহ্ইয়াইনা-হা অ আখ্রজ্না-মিন্হা-হাব্বান্ ফামিন্হু ইয়া"কুলূন্।
(৩৩) তাদের জন্য নিদর্শন-মৃত ভূমি, যা আমি জীবিত করি, এবং তা থেকে শস্য বের করি যা তারা আহার করে।

﴿٣٤﴾ وَجَعَلْنَا فِيهَا جَنَّٰتٍ مِّن نَّخِيلٍ وَأَعْنَٰبٍ وَفَجَّرْنَا فِيهَا مِنَ ٱلْعُيُونِ

৩৪। অজ্আ'আল্না- ফীহা-জ্বান্না-তিম্ মিন্ নাখীলিঁও অআ'না বিঁও অফাজ্জ্বার্না-ফীহা-মিনাল্ 'উইয়ূন্।
(৩৪) আর আমি তাতে সৃষ্টি করেছি খেজুর ও আঙ্গুর বাগানসমূহ এবং প্রস্রবণ সমূহ প্রবাহিত করে দিয়েছি।

﴿٣٥﴾ لِيَأْكُلُوا۟ مِن ثَمَرِهِۦ وَمَا عَمِلَتْهُ أَيْدِيهِمْ ۖ أَفَلَا يَشْكُرُونَ ﴿٣٦﴾ سُبْحَٰنَ ٱلَّذِى خَلَقَ

৩৫। লিয়া"কুলূ মিন্ ছামারিহী অমা 'আমিলাত্হু আইদীহিম্; আফালা-ইয়াশ্কুরূন্। ৩৬। সুব্হা-নাল্লাযী খলাক্বল্
(৩৫) যেন তারা ফল খেতে পারে, আর তাদের হাতসমূহ এটা সৃষ্টি করেনি; তবু কি তারা কৃতজ্ঞ হবে না। (৩৬) পবিত্র মহান

ٱلْأَزْوَٰجَ كُلَّهَا مِمَّا تُنۢبِتُ ٱلْأَرْضُ وَمِنْ أَنفُسِهِمْ وَمِمَّا لَا يَعْلَمُونَ ﴿٣٧﴾ وَءَايَةٌ لَّهُمُ

আয্ওয়াজ্বা কুল্লাহা-মিম্মা-তুম্বিতুল্ আরদ্বু অমিন্ আন্ফুসিহিম্ অমিম্মা-লা-ইয়া'লামূন্। ৩৭। অআ-ইয়াতুল্লা হুমুল্
সেই সত্বা, যিনি প্রত্যেককে জোড়া জোড়া সৃষ্টি করেছেন, যা মানুষ জানে না। (৩৭) তাদের জন্য আর একটি নিদর্শন রাত,

ٱلَّيْلُ نَسْلَخُ مِنْهُ ٱلنَّهَارَ فَإِذَا هُم مُّظْلِمُونَ ﴿٣٨﴾ وَٱلشَّمْسُ تَجْرِى لِمُسْتَقَرٍّ لَّهَا ۚ

লাইলু নাস্লাখু মিন্ হুন্নাহা-র ফাইযা-হুম্ মুজ্লিমূন্ ৩৮। অশ্শাম্সু তাজ্রী লিমুস্তাক্বররিল্লাহা-;
আমি তা হতে দিন বের করি, ফলে তারা তৎক্ষণাৎ অন্ধকারে পড়ে যায়। (৩৮) আর সূর্য নির্দিষ্ট স্থানে পরিভ্রমণ করে,

ذَٰلِكَ تَقْدِيرُ ٱلْعَزِيزِ ٱلْعَلِيمِ ﴿٣٩﴾ وَٱلْقَمَرَ قَدَّرْنَٰهُ مَنَازِلَ حَتَّىٰ عَادَ كَٱلْعُرْجُونِ

যা-লিকা তাক্ব্দীরুল্ 'আযীযিল্ 'আলীম্। ৩৯। অল্ ক্বমার ক্বদ্দার্না-হু মানা-যিলা হাত্তা- 'আ-দা কাল্ 'উর্জুনিল্
এটা পরাক্রমশীল মহাজ্ঞানীর নির্ধারণী। (৩৯) আর আমি চন্দ্রের জন্য বিভিন্ন স্তর রেখেছি, অবশেষে জীর্ণ খেজুর শাখার

ٱلْقَدِيمِ ﴿٤٠﴾ لَا ٱلشَّمْسُ يَنۢبَغِى لَهَآ أَن تُدْرِكَ ٱلْقَمَرَ وَلَا ٱلَّيْلُ سَابِقُ ٱلنَّهَارِ ۚ

ক্বদীম্। ৪০। লাশ্ শাম্সু ইয়াম্বাগী লাহা ~ আন্ তুদ্রিকাল্ ক্বমার অলাল্লাইলু সা-বিক্বুন্ নাহা-র্;
মত হয়ে যায়। (৪০) সূর্যের সাধ্য নেই যে, সে নাগাল পায় চন্দ্রের, রাত-দিনকে অতিক্রম করে না, প্রত্যেকে আপন

وَكُلٌّ فِى فَلَكٍ يَسْبَحُونَ ﴿٤١﴾ وَءَايَةٌ لَّهُمْ أَنَّا حَمَلْنَا ذُرِّيَّتَهُمْ فِى ٱلْفُلْكِ ٱلْمَشْحُونِ

অ কুল্লুন্ ফী ফালাকিইঁ ইয়াস্বাহূন্। ৪১। অ আ-ইয়াতুল্লাহুম্ আন্না-হামাল্না যুররিয়্যাতাহুম্ ফিল্ ফুল্কিল্ মাশ্হূন্।
আপন কক্ষ পথে চলে। (৪১) আর তাদের জন্য নিদর্শন হল, আমি তাদের বংশকে বোঝাই নৌযানে আরোহণ করিয়েছি।

﴿٤٢﴾ وَخَلَقْنَا لَهُم مِّن مِّثْلِهِۦ مَا يَرْكَبُونَ ﴿٤٣﴾ وَإِن نَّشَأْ نُغْرِقْهُمْ فَلَا صَرِيخَ لَهُمْ وَلَا هُمْ

৪২। অখলাক্ব্না-লাহুম্ মিম্ মিছ্লিহী মা-ইয়ারকাবূন্। ৪৩। অইন্ নাশা"নুগ্রিক্ব্ হুম্ ফালা-ছোয়ারীখ লাহুম্ অলা-হুম্
(৪২) তাদের জন্য অনুরূপই বানিয়েছি, যেন তারা আরোহণ করে। (৪৩) আর আমি ইচ্ছা করলে ডুবাতে পারি, তখন না সহায়ক পাবে, না পাবে

يُنْقَذُونَ ﴿٤٤﴾ إِلَّا رَحْمَةً مِّنَّا وَمَتَاعًا إِلَىٰ حِينٍ ﴿٤٥﴾ وَإِذَا قِيلَ لَهُمُ اتَّقُوا مَا بَيْنَ

ইয়ুন্‌কাযূন্। ৪৪। ইল্লা-রহ্‌মাতাম্ মিন্না- অমাতা-'আন্ ইলা-হীন্। ৪৫। অইযা-ক্বীলা লাহুমুত্তাক্বূ মা-বাইনা

তারা মুক্তি। (৪৪) কিন্তু আমার অনুগ্রহ কিছুকাল ভোগ করবে। (৪৫) যখন তাদেরকে বলা হয়, সামনে ও পেছনের

أَيْدِيكُمْ وَمَا خَلْفَكُمْ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿٤٦﴾ وَمَا تَأْتِيهِم مِّنْ آيَةٍ مِّنْ آيَاتِ رَبِّهِمْ

আইদীকুম্ অমা-খল্‌ফাকুম্ লা'আল্লাকুম্ তুর্‌হামূন্। ৪৬। অমা-তা''তীহিম্ মিন্ আ-ইয়া-তীম্ মিন্ আ-ইয়া-তি রব্বিহিম্

বিষয়ে সতর্কতা অবলম্বন কর, যেন তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও। (৪৬) তাদের রবের কোন আয়াত আসলেই তারা তা

إِلَّا كَانُوا عَنْهَا مُعْرِضِينَ ﴿٤٧﴾ وَإِذَا قِيلَ لَهُمْ أَنفِقُوا مِمَّا رَزَقَكُمُ اللَّهُ قَالَ الَّذِينَ

ইল্লা-কা-নূ 'আন্‌হা-মু'রিদ্বীন্। ৪৭। অ ইযা- ক্বীলা লাহুম্ আনফিক্বূ মিম্মা-রযাক্বা কুমুল্লা-হু ক্ব-লাল্লাযীনা

হতে মুখ ফিরিয়ে নেয়। (৪৭) যখন তাদের বলা হয়, আল্লাহর রিযিক হতে ব্যয় কর। তখন কাফেররা মু'মিনদেরকে

كَفَرُوا لِلَّذِينَ آمَنُوا أَنُطْعِمُ مَن لَّوْ يَشَاءُ اللَّهُ أَطْعَمَهُ إِنْ أَنتُمْ إِلَّا فِي ضَلَالٍ

কাফারূ লিল্লাযীনা আ-মানূ ~ আনুত্বই'মু মাল্লাও ইয়াশা — য়ুল্লা-হু আত্বআমাহূ ~ ইন্ আন্‌তুম্ ইল্লা-ফী দ্বোয়ালা-লিম্

বলে, আল্লাহ ইচ্ছা করলে যাকে আহার করাতে পারেন তাকে কি আমরা আহার করাব? তোমরা তো স্পষ্ট বিভ্রান্তিতে

مُّبِينٍ ﴿٤٨﴾ وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٤٩﴾ مَا يَنظُرُونَ إِلَّا

মুবীন্। ৪৮। অ ইয়াক্বূলূনা মাতা-হা-যাল্ ওয়া'দু ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্ ৪৯। মা-ইয়ানজুরূনা ইল্লা-

আছ। (৪৮) আর বলে, সত্যবাদী হলে বল, কবে এ ওয়াদা পূর্ণ হবে? (৪৯) এরা তো একটি শব্দের অপেক্ষায়, যা

صَيْحَةً وَاحِدَةً تَأْخُذُهُمْ وَهُمْ يَخِصِّمُونَ ﴿٥٠﴾ فَلَا يَسْتَطِيعُونَ تَوْصِيَةً وَلَا إِلَىٰ

ছোয়াইহাতাওঁ ওয়া-হিদাতান্ তা''খুযুহুম্ অহুম্ ইয়াখিছ্‌ছিমূন্। ৫০। ফালা-ইয়াস্‌তাত্বী'উনা তাওছিয়াতাঁও অলা ~ ইলা ~

তাদেরকে পাকড়াও করবে এমন অবস্থায় যে, তারা পরস্পর বাকবিতণ্ডায় লিপ্ত থাকবে। (৫০) না উপদেশ দিতে সমর্থ হবে, না

أَهْلِهِمْ يَرْجِعُونَ ﴿٥١﴾ وَنُفِخَ فِي الصُّورِ فَإِذَا هُم مِّنَ الْأَجْدَاثِ إِلَىٰ رَبِّهِمْ يَنسِلُونَ

আহ্‌লিহিম্ ইয়ারজ্বি'উন্। ৫১। অনুফিখ ফিছ্ ছূরি ফাইযা-হুম্ মিনাল্ আজ্বদা-ছি ইলা-রব্বিহিম্ ইয়ান্‌সিলূন্।

পরিবারে ফিরে যেতে পারবে। (৫১) যখন শিংগায় ফুঁক দেয়া হবে, তখন তারা স্বীয় রবের দিকে কবর হতে ছুটে আসবে।

﴿٥٢﴾ قَالُوا يَا وَيْلَنَا مَن بَعَثَنَا مِن مَّرْقَدِنَا ۜ هَٰذَا مَا وَعَدَ الرَّحْمَٰنُ وَصَدَقَ

৫২। ক্বা-লূ ইয়া-অইলানা-মাম্ বা'আছানা-মিম্ মার্‌ক্বাদিনা-,হা-যা-মা-অ'আদার্ রহ্‌মা-নু অ ছদাক্বাল্

(৫২) তারা বলবে, হায়! নিদ্রা হতে কে আমাদেরকে জাগ্রত করল? দয়াময় তো এ প্রতিশ্রুতিই দিয়েছেন, আর

টীকা-১। আয়াত-৪৭ ঃ কাফেররা কিয়ামতের বর্ণনা শুনে বিদ্রূপ ও আশ্চর্যবোধ করে মুসলমানদের বলত, তোমাদের কথানুযায়ী কিয়ামত যদি আসে তবে তোমরা আরামে থাকবে আর আমরা শাস্তিতে থাকব। আচ্ছা বল তো সে কিয়ামত কবে হবে? উত্তরে আল্লাহ বলেন– তাদেরকে এক বিকট ধ্বনির অপেক্ষা করা উচিত। মানুষ তাদের প্রতিদিনের কাজ-কর্মে ব্যস্ত থাকবে, অকস্মাৎ এক ভীষণ শব্দ এসে সমস্ত জগত ধ্বংস করে ফেলবে। চল্লিশ বছর পর আবার ইসরাফিলের দ্বিতীয় ফুঁৎকারে সব মানুষ পুনরায় কবর হতে উঠে বলাবলি করতে থাকবে কে আমাদেরকে ঘুম হতে জাগাল? তখন মু'মিনরা বলবে-আল্লাহ ও তাঁর রাসূলের ওয়াদানুযায়ী এটিই কিয়ামত। (ইবঃ কাঃ, তাফঃ খাযেন)

ওয়াকুফে গোফরান ওয়াকুফে মনযিল ৩ ওয়াকুফে লাযেম রুকু ২ ع ১৮

الْمُرْسَلُونَ ﴿٥٣﴾ إِن كَانَتْ إِلَّا صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ جَمِيعٌ لَّدَيْنَا

মুর্সালূন্। ৫৩। ইন্ কা- নাত্ ইল্লা- ছোয়াইহাতাঁও ওয়া-দাহিদাতান্ ফাইযা-হুম্ জ্বামী'উল্ লাদাইনা-
রাসূলরা সত্যই বলেছেন। (৫৩) ওটা তো হবে কেবল একটি বিকট শব্দ, যার ফলে তাদের সবাই আমার সামনে এসে

مُحْضَرُونَ ﴿٥٤﴾ فَالْيَوْمَ لَا تُظْلَمُ نَفْسٌ شَيْئًا وَلَا تُجْزَوْنَ إِلَّا مَا كُنتُمْ تَعْمَلُونَ

মুহ্দ্বোয়ারূন্। ৫৪। ফাল্ ইয়াওমা লা-তুজ্লামু নাফ্সুন্ শাইয়াঁও অলা-তুজ্ যাওনা ইল্লা-মা-কুন্তুম্ তা'মালূন্।
উপস্থিত হবে।(৫৪) আজ কারো প্রতি জুলুম করা হবে না, এবং প্রত্যেকেই যার যার আমল অনুসারে প্রতিদান পাবে।

﴿٥٥﴾ إِنَّ أَصْحَابَ الْجَنَّةِ الْيَوْمَ فِي شُغُلٍ فَاكِهُونَ ﴿٥٦﴾ هُمْ وَأَزْوَاجُهُمْ فِي ظِلَالٍ

৫৫। ইন্না আছ্হা-বাল্ জ্বান্নাতিল্ ইয়াওমা ফী শুগুলিন্ ফাকিহূন্। ৫৬। হুম্ অআয্ওয়া-জুহুম্ ফী জিলা-লিন্
(৫৫) জান্নাতের অধিবাসিরা এ দিন আহ্লাদে নিমগ্ন থাকবে। (৫৬) তারা এবং তাদের স্ত্রীরা সুশীতল ছায়ায় সুসজ্জিত

عَلَى الْأَرَائِكِ مُتَّكِئُونَ ﴿٥٧﴾ لَهُمْ فِيهَا فَاكِهَةٌ وَلَهُم مَّا يَدَّعُونَ ﴿٥٨﴾ سَلَامٌ

'আলাল্ আর — য়িকি মুত্তাকিয়ূন্। ৫৭। লাহুম্ ফীহা-ফা-কিহাতুঁও অলাহুম্ মা- ইয়াদ্দা'উন্। ৫৮। সালা-মুন্
পালঙ্কে হেলান দিয়ে উপবিষ্ট থাকবে। (৫৭) সেখানে তারা ফল-মূল পাবে, ইচ্ছা মত সব পাবে। (৫৮) দয়ালু রবের

قَوْلًا مِّن رَّبٍّ رَّحِيمٍ ﴿٥٩﴾ وَامْتَازُوا الْيَوْمَ أَيُّهَا الْمُجْرِمُونَ ﴿٦٠﴾ أَلَمْ أَعْهَدْ إِلَيْكُمْ

ক্বওলাম্ মির্ রব্বির্ রহীম্। ৫৯। ওয়াম্তা-যুল্ ইয়াওমা আইয়ুহাল্ মুজ্ রিমূন্। ৬০। আলাম্ আ'হাদ্ ইলাইকুম্
পক্ষ হতে বলা হবে 'সালাম', (৫৯) আর হে অপরাধীরা! আজ তোমরা পৃথক হয়ে যাও। (৬০) আমি কি তোমাদেরকে

يَا بَنِي آدَمَ أَن لَّا تَعْبُدُوا الشَّيْطَانَ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُّبِينٌ ﴿٦١﴾ وَأَنِ اعْبُدُونِي

ইয়া-বানী ~ আ-দামা আল্লা-তা'বুদুশ্ শাইত্বোয়া-না ইন্নাহূ লাকুম্ 'আদুওয়্যুম্ মুবীন্। ৬১। অআ নি'বুদূনী
বলিনি? হে বণী আদম! শয়তানের উপাসনা কর না? সে তোমাদের প্রকাশ্য শত্রু।(৬১) আর কেবল মাত্র আমারই দাসত্ব

هَٰذَا صِرَاطٌ مُّسْتَقِيمٌ ﴿٦٢﴾ وَلَقَدْ أَضَلَّ مِنكُمْ جِبِلًّا كَثِيرًا أَفَلَمْ تَكُونُوا تَعْقِلُونَ

হা-যা-ছির- তুম্ মুস্তাক্বীম্। ৬২। অলাক্বদ্ আদ্বোয়াল্লা মিন্কুম্ জ্বিবিল্লান্ কাছীর-; আফালাম্ তাকূনূ তা'ক্বিলূন্।
কর, এটাই সরল পথ। (৬২) আর শয়তান তো তোমাদের বহু দলকে পথভ্রষ্ট করেছে, তবুও কি তোমরা বুঝবে না?

﴿٦٣﴾ هَٰذِهِ جَهَنَّمُ الَّتِي كُنتُمْ تُوعَدُونَ ﴿٦٤﴾ اصْلَوْهَا الْيَوْمَ بِمَا كُنتُمْ تَكْفُرُونَ

৬৩। হা-যিহী জ্বাহান্নামুল্লাতী কুন্তুম্ তূ'আদূন্। ৬৪। ইছ্লাওহাল্ ইয়াওমা বিমা-কুন্তুম্ তাক্ফুরূন্।
(৬৩) এটাই সে জাহান্নাম যার ওয়াদা দেয়া হয়েছে। (৬৪) তোমাদের কুফ্রীর কারণে আজ তাতে প্রবেশ কর।

﴿٦٥﴾ الْيَوْمَ نَخْتِمُ عَلَىٰ أَفْوَاهِهِمْ وَتُكَلِّمُنَا أَيْدِيهِمْ وَتَشْهَدُ أَرْجُلُهُم بِمَا كَانُوا

৬৫। আল্ইয়াওমা নাখ্তিমু 'আলা ~ আফ্ওয়া-হিহিম্ অ তুকাল্লিমুনা ~ আইদীহিম্ অতাশ্হাদু আর্জুলুহুম্ বিমা-কা-নূ
(৬৫) আজ আমি তাদের মুখ বন্ধ করে দেব, এদের হাত আমার সাথে কথা বলবে, এদের পা এদের কৃতকর্মের

ওয়াক্বফে গোফরান

يَكْسِبُونَ ﴿٦٦﴾ وَلَوْ نَشَاءُ لَطَمَسْنَا عَلَىٰ أَعْيُنِهِمْ فَاسْتَبَقُوا الصِّرَاطَ فَأَنَّىٰ يُبْصِرُونَ

ইয়াক্সিবূন্। ৬৬। অলাও নাশা — য়ু লাত্বোয়ামাস্না-'আলা ~ আ' ইয়ুনিহিম্ ফাস্তাবাক্বুছ্ ছির-ত্বোয়া ফাআন্না-ইয়ুব্ছিরূন্।
সাক্ষ্য দেবে। (৬৬) আর আমি ইচ্ছা করলে তাদের চোখ নষ্ট করেদিতে পারি, পথ চলতে চাইলে তারা কিভাবে দেখবে?

৪ ع ১৭ ৩ রুকু

﴿٦٧﴾ وَلَوْ نَشَاءُ لَمَسَخْنَاهُمْ عَلَىٰ مَكَانَتِهِمْ فَمَا اسْتَطَاعُوا مُضِيًّا وَلَا يَرْجِعُونَ

৬৭। অলাও নাশা — য়ু লামাসাখ্না-হুম্ 'আলা-মাকা-নাতিহিম্ ফামাস্ তাত্বোয়া-'উ মুদ্বিয়্যাওঁ অলা- ইয়ার্জি'উন্।
(৬৭) আর আমি ইচ্ছা করলে স্ব-স্ব স্থানে বিকৃত করতে পারতাম, চলতে পারত না, প্রত্যাবর্তন করতেও পারত না।

﴿٦٨﴾ وَمَنْ نُعَمِّرْهُ نُنَكِّسْهُ فِي الْخَلْقِ ۖ أَفَلَا يَعْقِلُونَ ﴿٦٩﴾ وَمَا عَلَّمْنَاهُ الشِّعْرَ وَمَا

৬৮। অ মান্ নু'আ ম্মিরহু নুনাক্কিস্হু ফিল্ খল্ক্ব্; আফালা-ইয়া'ক্বিলূন্। ৬৯। অমা-'আল্লাম্না-হুশ্ শি'রা অমা-
(৬৮) যাকে আমি দীর্ঘ জীবন দিই তার আকৃতি কুজো করি, তবুও কি তারা বুঝবে না? (৬৯) আমি তাকে কবিতা শিখাই নি,

يَنْبَغِي لَهُ ۚ إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ وَقُرْآنٌ مُبِينٌ ﴿٧٠﴾ لِيُنْذِرَ مَنْ كَانَ حَيًّا وَيَحِقَّ

ইয়াম্বাগী লাহ্; ইন্ হুওয়া ইল্লা-যিক্রুঁও অকু্রআ-নুম্ মুবীন্।৭০। লিইয়ুন্যির মান্ কা-না হাইয়্যাঁও অ ইয়াহিক্ব্ ক্বল্
এবং এটা তার জন্য উচিতও নয়, এটা তো সুস্পষ্ট কোরআন।(৭০) যেন যারা জীবিত তাদেরকে সাবধান ও কাফেরদের

الْقَوْلُ عَلَى الْكَافِرِينَ ﴿٧١﴾ أَوَلَمْ يَرَوْا أَنَّا خَلَقْنَا لَهُمْ مِمَّا عَمِلَتْ أَيْدِينَا أَنْعَامًا فَهُمْ

ক্বওলু 'আলাল্ কা-ফিরীন্। ৭১। আওয়া লাম্ ইয়ারাও আন্না-খলাক্না-লাহুম্ মিম্মা-'আমিলাত্ আইদীনা ~ আন্'আ-মান্ ফাহুম্
বিরুদ্ধে অভিযোগ প্রমাণ হয়। (৭১) তারা কি দেখে না, তাদের জন্য নিজ হাতে গড়া জীব সৃষ্টি করলাম, ফলে তারাই

لَهَا مَالِكُونَ ﴿٧٢﴾ وَذَلَّلْنَاهَا لَهُمْ فَمِنْهَا رَكُوبُهُمْ وَمِنْهَا يَأْكُلُونَ ﴿٧٣﴾ وَلَهُمْ فِيهَا مَنَافِعُ

লাহা-মা-লিকূন্।৭২। অ যাল্লাল্না-হা লাহুম্ ফামিন্হা- রকূবুহুম্ অ মিন্হা-ইয়া"কুলূন্।৭৩। অলাহুম্ ফীহা-মানা-ফি'উ
তার মালিক। (৭২) সেগুলোকে তাদের অনুগত করেছি, তারা কিছুতে আরোহণ করে, কিছু খায়। (৭৩) তাতে তাদের উপকার

وَمَشَارِبُ ۖ أَفَلَا يَشْكُرُونَ ﴿٧٤﴾ وَاتَّخَذُوا مِنْ دُونِ اللَّهِ آلِهَةً لَعَلَّهُمْ

অমাশা-রিব্; আফালা- ইয়াশ্কুরূন্। ৭৪। অত্তাখযূ মিন্ দূনিল্লা-হি আ-লিহাতাল্ লা'আল্লাহুম্
ও পানীয় আছে। তবু কি তারা কৃতজ্ঞ হবে না? (৭৪) তারা আল্লাহ ছাড়া অন্য ইলাহ্ নিয়েছে, যেন তারা সাহায্য প্রাপ্ত

يُنْصَرُونَ ﴿٧٥﴾ لَا يَسْتَطِيعُونَ نَصْرَهُمْ وَهُمْ لَهُمْ جُنْدٌ مُحْضَرُونَ ﴿٧٦﴾ فَلَا يَحْزُنْكَ

ইয়ুন্ছোয়ারূন্। ৭৫। লা-ইয়াস্তাত্বী'উনা নাছ্রহুম্ অহুম্ লাহুম্ জুন্দুম্ মুহ্দ্বোয়ারূন্।৭৬। ফালা- ইয়াহ্যুন্কা
হবে। (৭৫) এসব ইলাহ তাদের কোনই সাহায্য করতে পারে না, বরং তাদের বাহিনীরূপে হাযির হবে। (৭৬) অতঃপর আপনাকে

ওয়াকফে লাযেম

قَوْلُهُمْ ۘ إِنَّا نَعْلَمُ مَا يُسِرُّونَ وَمَا يُعْلِنُونَ ﴿٧٧﴾ أَوَلَمْ يَرَ الْإِنْسَانُ أَنَّا

ক্বওলুহুম্; ইন্না-না'লামু মা-ইয়ুসিরূনা অমা-ইয়ু'লিনূন্। ৭৭। আওয়ালাম্ ইয়ারল্ ইন্সা-নু আন্না-
তাদের কথা যেন পীড়া না দেয়। আমি অবশ্যই অবগত আছি তাদের গোপন-প্রকাশ্য সবকিছু। (৭৭) মানুষ ভাবে না, তাকে

خَلَقْنٰهُ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ ﴿٧٧﴾ وَضَرَبَ لَنَا مَثَلًا وَّنَسِيَ خَلْقَهٗ

খলাক্ব্না-হু মিন্ নুত্ব্ফাতিন্ ফাইযা-হুঅ খছীমুম্ মুবীন্। ৭৮। অ দ্বোয়ারাবা লানা-মাছালাঁও অ নাসিয়া খল্ক্বাহ্;
শুক্র হতে সৃষ্টি করেছি? ফলে সে বিতর্কিত হয়। (৭৮) আর আমার জন্য উপমা প্রদান করে অথচ সে নিজের সৃষ্টির

قَالَ مَنْ يُّحْيِ الْعِظَامَ وَهِيَ رَمِيْمٌ ﴿٧٨﴾ قُلْ يُحْيِيْهَا الَّذِيْٓ اَنْشَاَهَآ اَوَّلَ

ক্ব-লা মাইঁ ইয়ুহ্য়িল্ 'ইজোয়া-মা অহিয়া রমীম্। ৭৯। কু্ল্ ইয়ুহ্য়ীহাল্লাযী ~ আন্শায়াহা ~ আও অলা
কথা বলে, কে তাকে জীবিত করবে এ হাড়সমূহ যখন পঁচে গলে যাবে?(৭৯) আপনি বলেদিন তিনিই প্রাণ দেবেন যিনি

مَرَّةٍ ۗ وَهُوَ بِكُلِّ خَلْقٍ عَلِيْمٌ ﴿٧٩﴾ الَّذِيْ جَعَلَ لَكُمْ مِّنَ الشَّجَرِ

মার্রাহ্; অহুওয়া বিকুল্লি খল্ক্বিন্ 'আলীমুনি। ৮০। ল্লাযী জ্বা'আলা লাকুম্ মিনাশ্ শাজ্বারিল্
প্রথমে সৃষ্টি করেছেন, তিনি সব সৃষ্টি সম্বন্ধে অবগত আছেন। (৮০) যিনি সবুজ বৃক্ষ হতে তোমাদের জন্য আগুন

الْاَخْضَرِ نَارًا فَاِذَآ اَنْتُمْ مِّنْهُ تُوْقِدُوْنَ ﴿٨٠﴾ اَوَلَيْسَ الَّذِيْ خَلَقَ

আখ্দ্বোয়ারি না-রন্ ফাইযা ~ আন্তুম্ মিন্হু তূক্বিদূ ন্। ৮১। আওয়া লাইসাল্লাযী খলাক্বস্
প্রদান করেন, অতঃপর যা থেকে তোমরা আগুন প্রজ্বলিত কর। (৮১) আর আকাশ মণ্ডল ও পৃথিবী তিনিই সৃষ্টি

السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِقٰدِرٍ عَلٰٓى اَنْ يَّخْلُقَ مِثْلَهُمْ ۗ بَلٰى ۚ وَهُوَ الْخَلّٰقُ

সামা-ওয়া-তি অল্ আরদ্বোয়া বিক্ব-দিরিন্ 'আলা ~ আইঁ ইয়াখ্লুক্ব মিছ্লাহুম্; বালা-অহুওয়াল্ খল্লাক্বু্ল্
করেছেন, সুতরাং তাদের অনুরূপ সৃষ্টি করতে কি তিনি সক্ষম নন? নিশ্চয়ই তিনিই (পুনঃ সৃষ্টিতে) সক্ষম, তিনি মহানস্রষ্টা,

الْعَلِيْمُ ﴿٨١﴾ اِنَّمَآ اَمْرُهٗٓ اِذَآ اَرَادَ شَيْـًٔا اَنْ يَّقُوْلَ لَهٗ كُنْ فَيَكُوْنُ

'আলীম্। ৮২। ইন্নামা ~ আম্রুহূ ~ ইযা ~ আর-দা শাইয়ান্ আইঁ ইয়াক্বূলা লাহূ কুন্ ফাইয়াকূন্
মহাজ্ঞানী।(৮২) তাঁর বিষয় হল, যখন তিনি কোন বস্তু সৃষ্টি করতে ইচ্ছা করেন 'হও' বলেন, আর অমনি তা হয়ে যায়।

﴿٨٢﴾ فَسُبْحٰنَ الَّذِيْ بِيَدِهٖ مَلَكُوْتُ كُلِّ شَيْءٍ وَّاِلَيْهِ تُرْجَعُوْنَ

৮৩। ফাসুব্হা-নাল্ লাযী বিয়াদিহী মালাকূতু কুল্লি শাইয়িঁও অ ইলাইহি তুর্জ্বাউ'ন্
(৮৩) অতএব, পবিত্র সত্বা তিনি, যাঁর হাতে সব কিছুর পূর্ণক্ষমতা তাঁর দিকেই তোমাদের সকলকে প্রত্যাবর্তিত হতে হবে।

ওয়াক্বফে গোফরান

ع ৫ ১৬ ৪ রুকু

সূরা ছোয়া-ফ্ফা-ত্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৮২
রুকূ ঃ ৫

وَالصّٰٓفّٰتِ صَفًّا ﴿١﴾ فَالزّٰجِرٰتِ زَجْرًا ﴿٢﴾ فَالتّٰلِيٰتِ ذِكْرًا ﴿٣﴾ اِنَّ اِلٰهَكُمْ لَوَاحِدٌ

১। অছ্ছোয়া — ফ্ফা-তি ছোয়াফ্ফা-। ২। ফায্যা-জ্বির-তি যাজ্ র-। ৩। ফাত্তা-লিয়া-তি যিক্র-। ৪। ইন্না-ইলা-হাকুম্ লাওয়া-হিদ্।
(১) শপথ তাদের যারা সারিবদ্ধভাবে দণ্ডায়মান। (২) যারা ধমক দাতা তাদের। (৩) যারা কুরআন তেলাওয়াতকারী। (৪) নিশ্চয়ই তোমাদের ইলাহ এক।

মন্জিল ৬

رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا وَرَبُّ الْمَشَارِقِ ﴿٥﴾ اِنَّا زَيَّنَّا السَّمَآءَ

৫। রব্বুস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্বি অমা-বাইনাহুমা-অরব্বুল্ মাশা-রিক্ব্। ৬। ইন্না-যাইয়্যান্নাস্ সামা — য়াদ্
(৫) যিনি আকাশ মণ্ডল ও পৃথিবী এবং মধ্যবর্তী সব কিছুর রব এবং উদয়স্থলের রব। (৬) নিশ্চয়ই আমি দুনিয়ার নিকট-

الدُّنْيَا بِزِيْنَةِ الْكَوَاكِبِ ﴿٦﴾ وَحِفْظًا مِّنْ كُلِّ شَيْطٰنٍ مَّارِدٍ ﴿٧﴾ لَا يَسَّمَّعُوْنَ اِلَى

দুন্ইয়া-বিযীনাতিনিল্ কাওয়া-কিব্। ৭। অ হিফ্জোয়াম্ মিন্ কুল্লি শাইত্বোয়া-নিম্ মা-রিদ্। ৮। লা-ইয়াস্ সাম্মা'উনা ইলাল্
আকাশকে সুন্দর করেছি নক্ষত্র দ্বারা। (৭) প্রত্যেক অবাধ্য শয়তান হতে রক্ষা করেছি। (৮) ফলে উর্ধ্ব জগতের কিছুই

الْمَلَاِ الْاَعْلٰى وَيُقْذَفُوْنَ مِنْ كُلِّ جَانِبٍ ﴿٨﴾ دُحُوْرًا وَّلَهُمْ عَذَابٌ وَّاصِبٌ ﴿٩﴾ اِلَّا

মালায়িল্ আ'লা-অইয়ুক্ব্ যাফূনা মিন্ কুল্লি জ্বা-নিব্। ৯। দুহূরাঁও অলাহুম্ 'আযা-বুঁও ওয়া-ছিব্। ১০। ইল্লা-
শুনতে পায় না, সকল দিক হতে উল্কা নিক্ষিপ্ত হয়'। (৯) তাড়ানোর জন্য, তাদের জন্য রয়েছে চিরশাস্তি। (১০) কিন্তু

مَنْ خَطِفَ الْخَطْفَةَ فَاَتْبَعَهٗ شِهَابٌ ثَاقِبٌ ﴿١٠﴾ فَاسْتَفْتِهِمْ اَهُمْ اَشَدُّ خَلْقًا اَمْ مَّنْ

মান্ খত্বিফাল্ খত্ব্ফাতা ফাআত্বা'আহূ শিহা-বুন্ ছা-ক্বিব্। ১১। ফাস্তাফ্তিহিম্ আহুম্ আশাদ্দু খল্ক্বন্ আম্মান্
(শয়তান) হঠাৎ কিছু শুনে ফেললে জ্বলন্ত উল্কা তার পিছু ছুটে।(১১) জিজ্ঞাসা করুন, তাদেরকে সৃষ্টি কঠিন, না আমি অন্য যা কিছু

خَلَقْنَا اِنَّا خَلَقْنٰهُمْ مِّنْ طِيْنٍ لَّازِبٍ ﴿١١﴾ بَلْ عَجِبْتَ وَيَسْخَرُوْنَ ﴿١٢﴾ وَاِذَا ذُكِّرُوْا

খলাক্ব্না-; ইন্না খলাক্ব্নাহুম্ মিন্ ত্বীনিল্ লা-যিব্। ১২। বাল্ 'আজ্বিব্তা অ ইয়াস্খরূন্। ১৩। অইযা-যুক্কিরূ
সৃষ্টি করেছি তা ? তাদেরকে কাদা মাটিতে সৃষ্টি করেছি।(১২) বরং আপনি তো বিস্মিত হন, আর তারা ঠাট্টা করে।(১৩) আর উপদেশ

لَا يَذْكُرُوْنَ ﴿١٣﴾ وَاِذَا رَاَوْا اٰيَةً يَّسْتَسْخِرُوْنَ ﴿١٤﴾ وَقَالُوْٓا اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿١٥﴾

লা-ইয়ায্কুরূন্। ১৪। অইযা-রয়াও আ-ইয়াতাই ইয়াস্তাস্ খিরূন্। ১৫। অক্বা-লূ ~ ইন্ হাযা ~ ইল্লা-সিহ্রুম্ মুবীন্।
দিলে গ্রহণ করে না। (১৪) নিদর্শন দেখলে বিদ্রূপ করে। (১৫) এবং বলে, এটা তো যাদু ছাড়া আর কিছু নয়।

ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ﴿١٦﴾ اَوَاٰبَآؤُنَا الْاَوَّلُوْنَ ﴿١٧﴾

১৬। আ ইযা-মিত্না-অকুন্না-তুর-বাঁও অ ঈজোয়া-মান্ আইন্না-লামাব্'উছূন্। ১৭। আওয়া আ-বা — য়ুনাল্ আউয়্যালূন্।
(১৬) মরেগেলে তো মাটি ও অস্থি হয়ে যাব, তখন কি আমরা পুনরুত্থিত হব?(১৭) আর আমাদের পূর্ব পুরুষদেরকেও কি?

قُلْ نَعَمْ وَاَنْتُمْ دَاخِرُوْنَ ﴿١٨﴾ فَاِنَّمَا هِيَ زَجْرَةٌ وَّاحِدَةٌ فَاِذَا هُمْ يَنْظُرُوْنَ ﴿١٩﴾

১৮। ক্বুল্ না'আম্ অআন্তুম্ দা-খিরূন্। ১৯। ফাইন্নামা-হিয়া যাজ্রতুঁও ওয়া-হিদাতুন্ ফাইযা-হুম্ ইয়ান্জুরূন্।
(১৮) আপনি বলে দিন, হ্যাঁ, অবশ্যই লাঞ্ছিত হবে। (১৯) বস্তুত তা তো এক বিকট শব্দ, তখনই তারা দেখতে পাবে।

আয়াত-৬ ঃ অত্র আয়াত দ্বারা বুঝা যায় যে, তারককাসমূহ পৃথিবীর উপরস্থিত আসমানে বিদ্যমান। পক্ষান্তরে জ্যোতির্বিদগণের নিকট তারকাসমূহ বিভিন্ন আসমানে থাকবার কোন উপযুক্ত প্রমাণ নেই, উপযুক্ত প্রমাণে প্রমাণিত হলেও তারকারাজি দিয়ে এ আসমানকে সজ্জিত করা সম্ভব। (বঃ কোঃ) আয়াত-৭ ঃ ইব্নে আব্বাস (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, পূর্বে শয়তানরা উর্ধ্বাকাশে পৌঁছে আল্লাহ্র হুকুমসমূহ শ্রবণ করে একটি সত্যের সাথে নয়টি মিথ্যা যুক্ত করে নিত। তখনও তারা উজ্জ্বল নক্ষত্ররাজি দ্বারা প্রহৃত হত। কিন্তু মহানবী (ছঃ)-এর আবির্ভাবের পর তারা আর উর্ধ্বাকাশে পৌঁছে চুরি করে আল্লাহ্র কোন হুকুম শুনতে পারে না। কোন শয়তান অকস্মাৎ ঐরূপ চেষ্টা করলে, অমনি একটি উজ্জ্বল তারকা তার পশ্চাতে ছুটে তাকে ভস্ম করে ফেলে। ফলে, সে কোন খবর যমীনে পৌছাতে সক্ষম হয় না। (ইবঃ কাঃ)

২০ । অ ক্বা-লূ ইয়া-অইলানা-হা-যা- ইয়াওমুদ্দীন্ । ২১ । হা-যা-ইয়াওমুল্ ফাছ্লিল্লাযী কুন্তুম্ বিহী তুকায্যিবূন্ ।
(২০) এবং বলবে, হায় আমাদের দুর্ভাগ্য! এটাই তো কর্মফল দিন । (২১) এটা সেই ফয়সালার দিন, যা তোমরা অস্বীকার করতে ।

২২ । উহ্শুরু ল্লাযীনা জোয়ালামূ অআয্ওয়া- জ্বাহুম্ অমা-কা-নূ ইয়া'বুদূন্ । ২৩ । মিন্ দূনিল্লা-হি
(২২) একত্র কর জালিমদেরকে এবং তাদের সঙ্গীদেরকে এবং তাদের উপাস্যকে, যাদের এবাদত করত । (২৩) আল্লাহ ছাড়া এবং

ফাহ্দূ হুম্ ইলা-ছির-ত্বিল্ জ্বাহীম্ । ২৪ । অ ক্বিফূহুম্ ইন্নাহুম্ মাস্য়ূলূন্ । ২৫ । মা-লাকুম্ লা-
তাদেরকে জাহান্নামের পথে চালাও,(২৪) তাদেরকে থামাও, তারা জিজ্ঞাসিত হবে । (২৫) এখন কি হল, তোমরা পরস্পর

তানা-ছোয়ারূন্ । ২৬ । বাল্ হুমুল্ ইয়াওমা মুস্তাস্লিমূন্ । ২৭ । অআক্ববালা বা'দ্বুহুম্ 'আলা- বা'দ্বিই
সহযোগিতা কর না? (২৬) বরং ওই দিন তারা আত্মসমর্পণ করবে । (২৭) এবং সামনা-সামনি তাদেরকে জিজ্ঞাসাবাদ

ইয়াতাসা — য়ালূন্ । ২৮ । ক্বা-লূ ~ ইন্নাকুম্ কুন্তুম্ তা''তূনানা -'আনিল্ ইয়ামীন্ । ২৯ । ক্বা-লূ বাল্ লাম্ তাকূ নূ
করা হবে । (২৮) দুর্বল সবলদের বলবে, তোমরা তো শক্তি নিয়ে আগমন করতে । (২৯) সবলরা বলবে, তোমরা মূলতঃ

মু'মিনীন্ । ৩০ । অমা-কা-না লানা- 'আলাইকুম্ মিন্ সুল্ত্বোয়া- নিম্ বাল্ কুন্তুম্ ক্বওমান্ ত্বোয়া-গীন্ । ৩১ । ফাহাক্ব্ক্ব
মু'মিনই ছিলে না । (৩০) আর তোমাদের ওপর আমাদের কোন হাত ছিল না, বরং তোমরা সীমালংঘণকারী । (৩১) আমাদের

'আলাইনা-ক্বওলু রব্বিনা ~ ইন্না- লাযা — য়িক্বূন্ । ৩২ । ফাআগ্ওয়াইনা-কুম্ ইন্না-কুন্না-গ-ওয়ীন্ । ৩৩ । ফাইন্নাহুম্
ব্যাপারে রবের কথা সত্য হল । আমরা অবশ্যই শাস্তি পাব, আমরা ভ্রান্ত হয়ে তোমাদেরকে ভ্রান্ত করলাম । (৩৩) সেদিন সবাই

ইয়াওমায়িযিন্ ফিল্ 'আযা-বি মুশ্তারিকূন্ । ৩৪ । ইন্না-কাযা-লিকা নাফ্'আলু বিল্মুজ্রিমীন্ । ৩৫ । ইন্নাহুম্
আযাবে শামীল হবে । (৩৪) আর আমি দোষীদের সাথে এরূপই করে থাকি । (৩৫) তাদের যখন বলা হত, আল্লাহ

কা-নূ ~ ইযা-ক্বীলা লাহুম্ লা ~ ইলা-হা ইল্লাল্লা-হু ইয়াস্তাক্বিরূন্ । ৩৬ । অ ইয়াক্বূলূনা আয়িন্না-লাতা-রিকূ ~ আ-লি হাতিনা-
ছাড়া কোন ইলাহ্ নেই, তখন তারা অহংকার করত । (৩৬) এবং বলত, এক উন্মাদ কবির কথায় কি আমরা আমাদের ইলাহকে

لِشَاعِرٍ مَّجْنُوْنٍ ﴿٣٦﴾ بَلْ جَاءَ بِالْحَقِّ وَصَدَّقَ الْمُرْسَلِيْنَ ﴿٣٧﴾ اِنَّكُمْ لَذَآئِقُوا

লিশা-'ইরিম্ মাজ্‌নূন্। ৩৭। বাল্ জ্বা — য়া বিল্‌হাক্কিক্ব অছোয়াদ্দাক্বল্ মুরসালীন্। ৩৮। ইন্নাকুম্ লাযা — য়িকুল্
ছেড়ে দেব? (৩৭) বরং তিনি হক নিয়ে এসেছেন, রাসূলদেরকে সমর্থন করেছেন। (৩৮) তোমরা অবশ্যই ভোগ

الْعَذَابِ الْاَلِيْمِ ﴿٣٨﴾ وَمَا تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٣٩﴾ اِلَّا عِبَادَ اللّٰهِ

'আযা-বিল্ আলীম্। ৩৯। অমা-তুজ্‌যাওনা ইল্লা-মা-কুন্‌তুম্ তা'মালূন্। ৪০। ইল্লা-'ইবা দাল্লা-হিল্
করবে কঠিন শাস্তি। (৩৯) আর তোমরা তোমাদের কৃতকর্মের ফল প্রাপ্ত হবে। (৪০) যারা আল্লাহর খাঁটি বান্দাহ তারা

الْمُخْلَصِيْنَ ﴿٤٠﴾ اُولٰٓئِكَ لَهُمْ رِزْقٌ مَّعْلُوْمٌ ﴿٤١﴾ فَوَاكِهُ ج وَهُمْ مُّكْرَمُوْنَ ﴿٤٢﴾ فِىْ

মুখ্‌লাছীন্। ৪১। উলা — য়িকা লাহুম্ রিয্‌ক্বুম্ মা'লূম্। ৪২। ফাওয়া-কিহু অহুম্ মুক্‌রমূন্। ৪৩। ফী
ছাড়া। (৪১) তারা (আল্লাহর পক্ষ থেকে) নির্দিষ্ট রিযিক্ প্রাপ্ত হবে। (৪২) ফলমূল ও সম্মান প্রাপ্ত হবে। (৪৩) তারা থাকবে

جَنّٰتِ النَّعِيْمِ ﴿٤٣﴾ عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ ﴿٤٤﴾ يُطَافُ عَلَيْهِمْ بِكَاْسٍ مِّنْ مَّعِيْنٍ

জান্না-তিন্ নাঈ'ম্। ৪৪। 'আলা-সুরুরিম্ মুতাক্বা-বিলীন্। ৪৫। ইয়ুত্বোয়া-ফু 'আলাইহিম্ বিকা''সিম্ মিম্ মা'ঈম্।
নিয়ামতপূর্ণ জান্নাতে। (৪৪) তারা সামনা-সামনি আসনে উপবেশন করবে। (৪৫) তাদের চারদিকে সুরাপূর্ণ পাত্র ঘুরবে,

﴿٤٥﴾ بَيْضَاءَ لَذَّةٍ لِّلشّٰرِبِيْنَ ﴿٤٦﴾ لَا فِيْهَا غَوْلٌ وَّلَا هُمْ عَنْهَا يُنْزَفُوْنَ ﴿٤٧﴾ وَعِنْدَهُمْ

৪৬। বাইদ্বোয়া — য়া লায্ যাতি ল্লিশ্ শা-রিবীন্। ৪৭। লা-ফীহা-গাওলুঁও অলা-হুম্ 'আন্‌হা-ইয়ুন্‌যাফূন্। ৪৮। অ 'ইন্দাহুম্
(৪৬) তা পানকারীদের জন্য অত্যন্ত শুভ্র ও সুস্বাদু।(৪৭) তাতে ক্ষতি থাকবে না, আর মাতালও হবে না। (৪৮) তাদের কাছে

قٰصِرٰتُ الطَّرْفِ عِيْنٌ ﴿٤٨﴾ كَاَنَّهُنَّ بَيْضٌ مَّكْنُوْنٌ ﴿٤٩﴾ فَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى

ক্বা-ছির-তুত্ব্‌ত্বোয়ারফি 'ঈন্। ৪৯। কাআন্নাহুন্না বাইদ্বুম্ মাক্‌নূন্। ৫০। ফাআক্ববালা বা'দ্বুহুম্ 'আলা-
থাকবে আনত নয়না প্রশান্ত চক্ষু বিশিষ্ট হুররা। (৪৯) যেন রক্ষিত ডিম। (৫০) তারা সামনা সামনি উপবেশন করে পরস্পরকে

بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٥٠﴾ قَالَ قَآئِلٌ مِّنْهُمْ اِنِّىْ كَانَ لِىْ قَرِيْنٌ ﴿٥١﴾ يَّقُوْلُ اَئِنَّكَ

বা'দ্বিই ইয়াতাসা — য়ালূন্। ৫১। ক্বা-লা ক্ব — য়িলুম্ মিন্‌হুম্ ইন্নী কা-না লী ক্বরীন্। ৫২। ইয়াক্বূলু আইন্নাকা
জিজ্ঞাসাবাদ করবে।(৫১) তাদের মধ্য থেকে একজন বলবে, আমার এক সাথী ছিল;(৫২) সে আমাকে বলত, তুমি কি

لَمِنَ الْمُصَدِّقِيْنَ ﴿٥٢﴾ ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَدِيْنُوْنَ ﴿٥٣﴾ قَالَ

লামিনাল্ মুছোয়াদ্দিক্বীন্। ৫৩। আ ইযা-মিত্‌না-অকুন্না- তুরা-বাঁও অ 'ইজোয়া- মান্ য়াইন্না- লামাদীনূন্। ৫৪। ক্বা-লা
এ কথা বিশ্বাস কর যে, (৫৩) মরে মাটি ও অস্থি হয়ে যাওয়ার পরও কি আমরা প্রতিফল প্রাপ্ত হব? (৫৪) আপনি বলবেন,

আয়াত-৪১ঃ এটি তৃতীয় কাহিনী, সান্ত্বনা দেয়ার জন্যই হযরত আইয়ুব (আঃ)-এর এ কাহিনী বলা হচ্ছে। তিনি যখন খুব পীড়িত হলেন, তখন শয়তান মানব আকৃতি ধারণ করে তার স্ত্রীকে বলল, আমি চিকিৎসক, আইয়ুব আরোগ্য লাভ করতে চাইলে বলবে, আমিই এ রোগ উপশম করেছি, এতদ প্রচার ব্যতীত আমি অন্য কোন অর্থ কড়ি কামনা করছি না। স্ত্রী হযরত আইয়ব (আঃ)-কে একথা বললে তিনি বললেন, সে তো ছিল একজন শয়তান! আমি প্রতিজ্ঞা করছি যে, আল্লাহ্ আমাকে সুস্থ করলে আমি তোমাকে একশ'টি বেত মারব। এরূপে হযরত ইবনে আব্বাসের বর্ণনানুসারে বর্ণিত আছে, হযরত আইয়ুব (আঃ) এ বিষয়ে অত্যন্ত বিমর্ষিত হয়ে বলেছিলেন, আমার পীড়ার সুযোগে শয়তানের এত স্পর্ধা বেড়ে গেছে যে, আমার অন্তরঙ্গ স্ত্রী দ্বারাই এরূপ শিরকযুক্ত বাক্য উচ্চারণ করাতে চায়। যদিও এটি ভিন্ন অর্থে শিরক থাকে না। (মসনদে আহমদ)

هَلْ أَنتُم مُّطَّلِعُونَ ﴿٥٤﴾ فَاطَّلَعَ فَرَآهُ فِي سَوَاءِ الْجَحِيمِ ﴿٥٥﴾ قَالَ تَاللَّهِ إِن كِدتَّ

হাল্ আন্তুম্ মুত্ত্বোয়ালি'উন্। ৫৫। ফাত্ত্বোয়ালা'আ ফারয়া-হু ফী সাওয়া — য়িল্ জ্বাহীম্। ৫৬। ক্ব-লা তাল্লা-হি ইন্ কিত্তা
তোমরা কি তাঁকে দেখতে চাও? (৫৫) দেখবে যে, সে জাহান্নামে। (৫৬) সে বলবে, আল্লাহর কসম! তুমি তো আমাকে

لَتُرْدِينِ ﴿٥٦﴾ وَلَوْلَا نِعْمَةُ رَبِّي لَكُنتُ مِنَ الْمُحْضَرِينَ ﴿٥٧﴾ أَفَمَا نَحْنُ بِمَيِّتِينَ

লা-তুর্দীন্। ৫৭। অলাওলা- নি'মাতু রব্বী লাকুন্তু মিনাল্ মুহ্দ্বোয়ারীন্। ৫৮। আফামা-নাহ্নু বিমাইয়্যিতীন্।
ধ্বংস করছিলে। (৫৭) আর রবের অনুগ্রহ যদি না থাকত, তবে আমিও আটক হতাম।(৫৮) আমরা কি এখন আর মরব না।

إِلَّا مَوْتَتَنَا الْأُولَىٰ وَمَا نَحْنُ بِمُعَذَّبِينَ ﴿٥٩﴾ إِنَّ هَٰذَا لَهُوَ الْفَوْزُ الْعَظِيمُ

৫৯। ইল্লা-মাওতাতানাল্ উলা-অমা-নাহ্নু বিমু'আয্যাবীন্। ৬০। ইন্না হাযা-লাহুওয়াল্ ফাওযুল্ 'আজীম্।
(৫৯) আমাদের শুধু প্রথম মৃত্যু আমরা কি আর শাস্তিও প্রাপ্ত হব না? (৬০) নিঃসন্দেহে এটা বিরাট সাফল্য।

لِمِثْلِ هَٰذَا فَلْيَعْمَلِ الْعَامِلُونَ ﴿٦١﴾ أَذَٰلِكَ خَيْرٌ نُّزُلًا أَمْ شَجَرَةُ الزَّقُّومِ

৬১। লিমিছ্লি হা-যা-ফাল্ইয়া'মালিল্ 'আ-মিলূন্। ৬২। আ যা-লিকা খইরুন্ নুযুলান্ আম্ শাজারতুয্ যাক্কূম্।
(৬১)এ ধরনের সফলতার জন্য কর্মপরায়নদের কর্ম করা উচিত। (৬২) আর এটাই কি আপ্যায়নে উত্তম, না কি যাক্কুম বৃক্ষ?

إِنَّا جَعَلْنَاهَا فِتْنَةً لِّلظَّالِمِينَ ﴿٦٣﴾ إِنَّهَا شَجَرَةٌ تَخْرُجُ فِي أَصْلِ الْجَحِيمِ

৬৩। ইন্না- জা'আল্না-হা-ফিত্নাতা ল্লিজ্ জোয়া-লিমীন্। ৬৪। ইন্নাহা-শাজ্বারতুন্ তাখ্রুজু ফী ~ আছ্লিল্ জ্বাহীম্।
(৬৩) আমিই তা পরীক্ষার জন্য বানিয়েছি জালিমদের জন্য। (৬৪)এটা এমন বৃক্ষ যা জাহান্নামের নিচ হতে বের হয়।

طَلْعُهَا كَأَنَّهُ رُءُوسُ الشَّيَاطِينِ ﴿٦٥﴾ فَإِنَّهُمْ لَآكِلُونَ مِنْهَا فَمَالِئُونَ مِنْهَا

৬৫। ত্বোয়াল্'উহা-কাআন্নাহূ রুয়ূসুশ্ শাইয়া-ত্বীন্। ৬৬। ফাইন্নাহুম্ লাআ- কিলূনা মিন্হা-ফামা-লিয়ূনা মিন্হাল্
(৬৫) তার মোচা যেন শয়তানের মাথা। (৬৬) অতঃপর তারা তা আহার করবে আর পেট পূর্ণ করবে এ বৃক্ষ

الْبُطُونَ ﴿٦٦﴾ ثُمَّ إِنَّ لَهُمْ عَلَيْهَا لَشَوْبًا مِّنْ حَمِيمٍ ﴿٦٧﴾ ثُمَّ إِنَّ مَرْجِعَهُمْ لَإِلَى

বুত্বূন্। ৬৭। ছুম্মা ইন্না লাহুম্ 'আলাইহা-লাশাওবাম্ মিন্ হামীম্। ৬৮। ছুম্মা ইন্না মার্জ্বি'আহুম্ লা-ইলাল্
থেকে। (৬৭) আরও তাদের পান করার জন্য থাকবে গরম পানি। (৬৮) অতঃপর তাদের প্রত্যাবর্তন হবে আগুনের

الْجَحِيمِ ﴿٦٨﴾ إِنَّهُمْ أَلْفَوْا آبَاءَهُمْ ضَالِّينَ ﴿٦٩﴾ فَهُمْ عَلَىٰ آثَارِهِمْ يُهْرَعُونَ ﴿٧٠﴾ وَلَقَدْ

শানেনুযূল ঃ আয়াত-১ ঃ যুদ্ধে আসার পূর্বে কিছু কিছু লোক যুদ্ধের আকাঙ্খা প্রকাশ করত। কিন্তু যখনই যুদ্ধের আদেশ নাযিল হল, তখন ভীত-সন্ত্রস্ত হতে লাগল। তখন আল্লাহ বলেন, এ কথায় আল্লাহ অত্যন্ত অসন্তুষ্ট যে, কেউ মুখে যা প্রতিশ্রুতি দেয় সে অনুসারে কাজ করে না। ছহীহ্ বোখারী ও মুসলিমের হাদীসে বর্ণিত রয়েছে যে, মুখে প্রতিশ্রুতি দিয়ে তদানুসারে আ'মল না করা, দৈনন্দিনের কথা-বার্তায় মিথ্যা বলা এবং আমানতে খেয়ানত করা এগুলো খাঁটি মুসলমানের চিহ্ন নয়। (ইবঃ কাঃ) আয়াত-৪ঃ যে অট্টালিকার প্রাচীর সীসা ঢালা সে অট্টালিকা যেমন অপ্রতিরোধ্য তেমনি আল্লাহর পথে যিহাদকারীরা শত্রুর মোকাবেলায় তেমনি মজবুতভাবে দাঁড়িয়ে থাকে। পশ্চাদপদ হয় না।

الْقَوْمَ الْفٰسِقِيْنَ ⑤ وَاِذْ قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ يٰبَنِىْٓ اِسْرَآءِيْلَ اِنِّىْ رَسُوْلُ

ক্বওমাল্ ফা-সিক্বীন্। ৬। অইয্ ক্ব-লা 'ঈসাব্নু মার্‌ইয়ামা ইয়াবানী ~ ইস্‌র — ঈলা ইন্নী রসূলুল্
পাপীদের হেদায়েতের পথ দেখান না। (৬) আর স্মরণ কর, যখন মরিয়ম পুত্র ঈসা বলল, হে বনী ইস্রাঈল! নিশ্চয়ই আমি আল্লাহর

اللّٰهِ اِلَيْكُمْ مُّصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَىَّ مِنَ التَّوْرٰىةِ وَمُبَشِّرًا بِرَسُوْلٍ يَّاْتِىْ

লা-হি ইলাইকুম্ মুছোয়াদ্দিক্বাল্লিমা-বাইনা ইয়াদাইয়্যা মিনাত তাওর-তি অমুবাশ্‌শিরম্ বিরাসূলিঁই ইয়া''তী
প্রেরিত রাসূল হিসাবে তোমাদের নিকট এসেছি, আর আমার পূর্বে প্রেরিত তাওরাতের সমর্থক এবং আমি সুসংবাদ দাতা এমন একজন রাসূলের যিনি

مِنْۢ بَعْدِى اسْمُهٗٓ اَحْمَدُ ؕ فَلَمَّا جَآءَهُمْ بِالْبَيِّنٰتِ قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ⑦ وَ

মিম্ বা'দিস্‌মুহূ ~ আহ্‌মদ্; ফালাম্মা-জ্বা — য়াহুম্ বিল্ বাইয়্যিনা-তি ক্ব-লূ হা-যা সিহ্‌রুম্ মুবীন্।৭। অ
আমার পরে আসবেন, এবং যাঁর নাম আহ্‌মাদ। অনন্তর যখন প্রমাণসহ আসল, বলল, এটা প্রকাশ্য যাদু। (৭) আর যে

مَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ الْكَذِبَ وَهُوَ يُدْعٰٓى اِلَى الْاِسْلَامِ ؕ وَاللّٰهُ

মান্ আজ্‌লামু মিম্মানিফ্‌তার- 'আলাল্লা-হিল্ কাযিবা অহুওয়া ইয়ুদ্'আ ~ ইলাল্ ইস্‌লা-ম্; অল্লা-হু
ইসলামের প্রতি আহ্বানের পরও যে আল্লাহ সম্বন্ধে মিথ্যা রচনা করে তার চেয়ে বড় জালিম আর কে আছে? আর আল্লাহ

لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ⑧ يُرِيْدُوْنَ لِيُطْفِـُٔوْا نُوْرَ اللّٰهِ بِاَفْوَاهِهِمْ وَاللّٰهُ

লা-ইয়াহ্‌দিল্ ক্বওমাজ্ জোয়া-লিমীন্। ৮। ইয়ুরীদূনা লিইয়ুত্‌ব্ ফিয়ূ নূরল্লা-হি বিআফ্‌ওয়া-হিহিম্ অল্লাহু
জালীমদেরকে হেদায়েতের পথ দেখান না। (৮) তারা আল্লাহর নূর ফুৎকার দিয়ে নিভিয়ে দিতে চায়, অথচ আল্লাহ তার

مُتِمُّ نُوْرِهٖ وَلَوْ كَرِهَ الْكٰفِرُوْنَ ⑨ هُوَ الَّذِىْٓ اَرْسَلَ رَسُوْلَهٗ بِالْهُدٰى وَدِيْنِ

মুতিম্মু নূরিহী অলাও কারিহাল্ কা-ফিরূন্। ৯। হুওয়াল্লাযী আর্‌সালা রাসূলাহূ বিল্ হুদা অদীনিল্
নূর পূর্ণ বিকশিত করবেন, যদিও কাফেররা তা অপছন্দ করে। (৯) তিনিই হেদায়াত ও সত্য দ্বীনসহ রাসূল প্রেরণ করলেন,

الْحَقِّ لِيُظْهِرَهٗ عَلَى الدِّيْنِ كُلِّهٖ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُوْنَ ⑩ يٰٓاَيُّهَا الَّذِيْنَ

হাক্ব্ ক্বি লিইয়ুজ্ হিরাহূ 'আলাদ্দীনি কুল্লিহী অলাও কারিহাল্ মুশ্‌রিকূন্। ১০। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা
যেন অন্য সকল দ্বীনের ওপর তাকে বিজয়ী করেন, যদিও মুশরিকরা তা অপছন্দ করে। (১০) হে লোকেরা তোমরা যারা ঈমান এনেছ!

১ ع ৯ ৯ রুকু

اٰمَنُوْا هَلْ اَدُلُّكُمْ عَلٰى تِجَارَةٍ تُنْجِيْكُمْ مِّنْ عَذَابٍ اَلِيْمٍ ⑪ تُؤْمِنُوْنَ بِاللّٰهِ

আ-মানূ হাল্ আদুল্লু কুম্ 'আলা- তিজ্বা-রতিন্ তুনজ্বীকুম্ মিন্ 'আযা-বিন্ আলীম্। ১১। তু''মিনূনা বিল্লা-হি
এমন বাণিজ্যের সন্ধান কি আমি তোমাদেরকে দেব, যা তোমাদেরকে মর্মন্তুদ শাস্তি হতে রক্ষা করবে? (১১) তোমরা ঈমান আনবে

وَرَسُوْلِهٖ وَتُجَاهِدُوْنَ فِىْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ

অরসূলিহী অতুজ্বা- হিদূনা ফী সাবীলিল্লা-হি বিআম্‌ওয়া লিকুম্ অ আন্‌ফুসিকুম্; যা-লিকুম্ খইরুল্লাকুম্
আল্লাহর উপর ও তাঁর রাসূলের উপর এবং আল্লাহর পথে তোমাদের জান এবং তোমাদের মাল দিয়ে জিহাদ করবে। এটাই তোমাদের

إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿١٢﴾ يَغْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنّٰتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا

ইন্ কুন্তুম্ তা'লামূন্। ১২। ইয়াগ্ফির লাকুম্ যুনূবাকুম্ অ ইয়ুদ্খিল্কুম্ জ্বান্না-তিন্ তাজ্বরী মিন্ তাহ্তিহাল্
জন্য উত্তম, যদি তোমরা বুঝ। (১২) তোমাদের পাপ ক্ষমা করবেন, আর এমন জান্নাতে প্রবেশ করাবেন, যার নিচ দিয়ে

الْأَنْهٰرُ وَمَسٰكِنَ طَيِّبَةً فِي جَنّٰتِ عَدْنٍ ۚ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿١٣﴾ وَأُخْرٰى

আন্হা-রু অ মাসা-কিনা ত্বোয়াইয়িবাতান্ ফী জ্বান্না-তি আদ্ন; যা-লিকাল্ ফাওযুল্ 'আজীম্। ১৩। অউখ্রা-
নহরসমূহ প্রবাহিত, আর চিরস্থায়ী অবস্থানের জান্নাতে উত্তম আবাস, এটা মহা সাফল্য। (১৩) আর তোমাদের পছন্দনীয় আরও একটি

تُحِبُّونَهَا ۖ نَصْرٌ مِنَ اللَّهِ وَفَتْحٌ قَرِيبٌ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ ﴿١٤﴾ يٰٓأَيُّهَا الَّذِينَ آمَنُوا

তুহিব্বূনাহা-; নাছ্রুম্ মিনাল্লা-হি অফাত্হুন্ ক্বারীব; অবাশ্শিরিল্ মু'মিনীন্। ১৪। ইয়া ~ আইয়ুহাল্ লাযীনা আ-মানূ
অনুগ্রহ, তা হল আল্লাহর পক্ষ হতে সাহায্য ও আসন্ন বিজয়,(হে রাসূল আপনি) মু'মিনদেরকে এ সুসংবাদ দিন।(১৪) হে মু'মিনরা!

كُونُوٓا أَنْصَارَ اللَّهِ كَمَا قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيِّينَ مَنْ أَنْصَارِيٓ إِلَى

কূনূ ~ আন্ছোয়া-রল্লা-হি কামা-ক্বা-লা 'ঈসাব্নু মার্ইয়ামা লিল্ হাওয়া-রিয়্যীনা মান্ আন্ছোয়া-রী ~ ইলা
তোমরা আল্লাহর সাহায্যকারী হও, যেমন ঈসা ইবনে মরিয়ম হাওয়ারীদেরকে বলল, আল্লাহর পথে কে আমার সাহায্যকারী

اللَّهِ ۖ قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنْصَارُ اللَّهِ فَآمَنَتْ طَآئِفَةٌ مِنْ بَنِيٓ إِسْرَآءِيلَ

ল্লা-হ্; ক্বা-লাল্ হাওয়া-রিয়ূ্যনা নাহ্নু আন্ছোয়া-রুল্লা-হি ফাআমানাত্ ত্বোয়া — য়িফাতুম্ মিন্ বানী ~ ইস্র — য়ীলা
হবে? হাওয়ারীরা বলল, 'আমরাই আল্লাহর পথে সাহায্যকারী হব। বনী ইস্রাঈলদের মধ্যে হতে একদল লোক ঈমান আনল,

وَكَفَرَتْ طَآئِفَةٌ ۖ فَأَيَّدْنَا الَّذِينَ آمَنُوا عَلٰى عَدُوِّهِمْ فَأَصْبَحُوا ظٰهِرِينَ

অকাফারাত্ ত্বোয়া — য়িফাতুন্ ফাআইইয়াদ্নাল্ লাযীনা আ-মানূ 'আলা- 'আদুওওয়িহিম্ ফাআছ্বাহূ জোয়া-হিরীন্।
আর একদল লোক কাফের থেকে গেল। অতএব আমি শত্রুদের মোকাবেলায় ঈমানদারদেরকে সাহায্য করলাম, তারা বিজয়ী হল।

২ ع ৫ ১০ রুকু

সূরা জুমু'আহ্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১১
রুকূ ঃ ২

يُسَبِّحُ لِلَّهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْأَرْضِ الْمَلِكِ الْقُدُّوسِ الْعَزِيزِ الْحَكِيمِ ﴿١﴾

১। ইয়ুসাব্বিহু লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আর্দ্বিল্ মালিকিল্ ক্বুদ্দূসিল্ 'আযীযিল্ হাকীম্।
(১) যা আকাশে আছে ও পৃথিবীতে আছে তার সমুদয় বস্তুই আল্লাহর মহিমা বর্ণনা করে, যিনি মালিক, পবিত্র, পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

﴿٢﴾ هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيّٖنَ رَسُولًا مِنْهُمْ يَتْلُوا عَلَيْهِمْ آيٰتِهِ وَيُزَكِّيهِمْ

২। হুওয়াল্লাযী বা'আছা ফিল্ উম্মিয়্যীনা রসূলাম্ মিন্হুম্ ইয়াত্লূ 'আলাইহিম্ আ-ইয়া-তিহী অ ইয়ুযাক্কীহিম্
(২) তিনিই উম্মীদের মধ্যে একজন রাসূল প্রেরণ করলেন, যে তাদেরকে আয়াত শ্রবণ করায়, তাদেরকে পবিত্র করে বাতিল

وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ق وَإِنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلٰلٍ مُّبِينٍ ﴿٣﴾ وَ

অইয়ু'আল্লিমুহুমুল্ কিতা-বা অল্‌হিক্‌মাতা অইন্ কা-নূ মিন্ ক্বব্‌লু লাফী দ্বোয়ালা-লিম্ মুবীনি। ৩। অ

আকায়েদ ও মন্দ চরিত্র হতে এবং তাদেরকে কিতাব ও হিকমাত শিক্ষা দেয় ইতোপূর্বে এরা স্পষ্ট ভ্রান্তিতে ছিল। (৩) আর

اٰخَرِيْنَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ ط وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٤﴾ ذٰلِكَ فَضْلُ اللّٰهِ يُؤْتِيْهِ

আ-খরীনা মিনুহুম্ লাম্মা-ইয়াল্‌হাকূ বিহিম্; অহুওয়াল্ 'আযীযুল্ হাকীম্। ৪। যা-লিকা ফাদ্বলুল্লা-হি ইয়ু"তীহি

তাঁকে পাঠানো হয়েছে অন্যান্যদের জন্যও, যারা শামিল হয় নি। আল্লাহ পরাক্রমশালী, বিজ্ঞ। (৪) তা আল্লাহর অনুগ্রহ,

مَنْ يَّشَآءُ ط وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ ﴿٥﴾ مَثَلُ الَّذِيْنَ حُمِّلُوا التَّوْرٰىةَ ثُمَّ لَمْ

মাইঁ ইয়াশা — য়্; অল্লা-হু যুল্ ফাদ্বলিল্ 'আজীম্। ৫। মাছালুল্লাযীনা হুম্মিলুত্তাওর-তা ছুম্মা লাম্

তিনি যাকে ইচ্ছা এ অনুগ্রহ দান করে থাকেন। তিনি মহা অনুগ্রহশীল।(৫) তওরাত অর্পণের পর যারা তদানুযায়ী আমল করেনি,

يَحْمِلُوْهَا كَمَثَلِ الْحِمَارِ يَحْمِلُ اَسْفَارًا ط بِئْسَ مَثَلُ الْقَوْمِ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِ

ইয়াহ্‌মিলূহা-কামাছালিল্ হিমা-রি ইয়াহ্‌মিলু আস্‌ফা-র-; বি'"সা মাছালুল্ ক্বওমিল্লাযীনা কায্‌যাবূ বিআ-ইয়া-তিল্

তাদের অবস্থা ঐ গর্দভের অবস্থার ন্যায় যে বহু কিতাবের বোঝা বহন করেছে। আল্লাহর আয়াত প্রত্যাখ্যানকারীর দৃষ্টান্ত কতই না

اللّٰهِ ط وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٦﴾ قُلْ يٰٓاَيُّهَا الَّذِيْنَ هَادُوْٓا اِنْ زَعَمْتُمْ

লা-হ্; অল্লা-হু লা-ইয়াহ্‌দিল্ ক্বওমাজ্ জোয়া-লিমীন্। ৬। কুল্ ইয়া ~ আইয়ুহাল্ লাযীনা হা-দূ ~ ইন্ যা'আম্‌তুম্

নিকৃষ্ট! আর আল্লাহ জালিমদেরকে সৎ পথ দেখান না। (৬) আপনি তাদেরকে বলুন, হে ইহুদীরা! যদি তোমরা ধারণা কর যে,

اَنَّكُمْ اَوْلِيَآءُ لِلّٰهِ مِنْ دُوْنِ النَّاسِ فَتَمَنَّوُا الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٧﴾ وَلَا

আন্নাকুম্ আওলিয়া — য়ু লিল্লা-হি মিন্ দূনিন্ না-সি ফাতামান্নাওয়ুল্ মাওতা ইন্ কুন্‌তুম্ ছোয়া-দিক্বীন্। ৭। অলা

অন্যান্য মানুষের মধ্যে তোমরাই আল্লাহর বন্ধু, তবে তোমরা মৃত্যু কামনা কর, যদি তোমরা সত্যবাদী হও। (৭) আর তারা

يَتَمَنَّوْنَهٗٓ اَبَدًا بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ ط وَاللّٰهُ عَلِيْمٌ بِالظّٰلِمِيْنَ ﴿٨﴾ قُلْ اِنَّ الْمَوْتَ

ইয়াতামান্নাওনাহূ ~ আবাদাম্ বিমা-ক্বদ্দামাত্ আইদীহিম্ অল্লা-হু 'আলীমুম্ বিজ্‌জোয়া-লিমীন্। ৮। ক্বুল্ ইন্নাল্ মাওতাল্

কখনই তা কামনা করবে না, তাদের কৃতকর্মের শাস্তির ভয়ের কারণে, আল্লাহ জালিমদেরকে চেনেন। (৮) বলুন, যে

الَّذِيْ تَفِرُّوْنَ مِنْهُ فَاِنَّهٗ مُلٰقِيْكُمْ ثُمَّ تُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ

লাযী তাফির্‌রূনা মিন্‌হু ফাইন্নাহূ; মুলা-ক্বীকুম্ ছুম্মা তুরদ্দূনা ইলা-'আ-লিমিল্-গইবি অশশাহা-দাতি

মৃত্যু হতে তোমরা পলায়ন করতে চাও, তা একদিন তোমাদেরকে পাকড়াও করবেই, পরে অদৃশ্য-দৃশ্যের জ্ঞানীর

আয়াত-৩ ঃ এ কথা দ্বারা আরবী, আ'যমী এবং বর্তমান ও ভবিষ্যতের সমস্ত উম্মতই অন্তর্ভুক্ত হয়েছে। অর্থাৎ এখনও যারা ইসলাম গ্রহণ বা জন্ম গ্রহণ করে নি, তারাও ইসলাম গ্রহণ করলে এ উম্মতের মধ্যে শামিল হবে। (বঃ কোঃ) আয়াত-৪ ঃ অর্থাৎ তিনি রাসূল (ছঃ) কে এ শ্রেষ্ঠত্ব দান করলেন এবং এ উম্মতকে এতো বড় মর্যাদাশীল রাসূল দান করলেন। অতএব, আল্লাহর এ অবদানের কারণে তিনি প্রশংসারযোগ্য। আর মুসলমানদেরও উচিত এই 'ইনাম ও অবদানের কদর করা এবং রাসূল (ছঃ) এর শিক্ষা-দীক্ষায় উপকৃত হতে বিন্দুমাত্রও অলসতা না করা। (ফাওঃ ওছঃ) আয়াত-৫ ঃ অর্থাৎ ইহুদীদের উপর তাওরাতের বোঝা রাখা হয়েছিল এবং তাদেরকে এর দায়িত্ব প্রদান করা হয়েছিল। কিন্তু তারা এর শিক্ষা ও হেদায়েতের প্রতি ভ্রুক্ষেপ করেনি। (ফাওঃ ওছঃ)

فَيُنَبِّئُكُم بِمَا كُنتُمْ تَعْمَلُونَ ۝ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا نُودِيَ لِلصَّلَاةِ مِن

ফাইয়ুনাব্বিয়ুকুম্ বিমা-কুন্তুম্ তা'মালূন্। ৯। ইয়া ~ আইয়ুহাল্লাযীনা আ-মানূ ~ ইযা-নূদিয়া লিছ্ছলা-তি মিঁই
কাছে যাবেই, কৃতকর্ম অবগত করানো হবে।(৯) হে ঈমানদারা! জুমার দিনে যখন তোমাদেরকে নামাযের জন্য আহ্বান করা

يَوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا إِلَىٰ ذِكْرِ اللَّهِ وَذَرُوا الْبَيْعَ ۚ ذَٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ إِن كُنتُمْ تَعْلَمُونَ

ইয়াওমিল্ জুমু'আতি ফাস্'আও ইলা- যিক্রিল্লা-হি অযারুল্ বাই'আ যা-লিকুম্ খইরুল্লাকুম্ ইন্ কুন্তুম্ তা'লামূন্।
হয় তখন তোমরা আল্লাহর স্মরণে প্রতি ধাবিত হও এবং ক্রয়-বিক্রয় বন্ধ কর; এটাই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা বুঝ।

فَإِذَا قُضِيَتِ الصَّلَاةُ فَانتَشِرُوا فِي الْأَرْضِ وَابْتَغُوا مِن فَضْلِ اللَّهِ وَاذْكُرُوا

১০। ফাইযা- ক্বুদ্বিয়াতিছ্ ছলা-তু ফান্তাশিরূ ফিল্ আরদ্বি অবতাগূ মিন্ ফাদ্বলিল্লা-হি অয্কুরুল্
(১০) নামায শেষে তোমরা যমীনে ছড়িয়ে পড়বে, আল্লাহর অনুগ্রহ তালাশ কর এবং এ সময় বেশি বেশি আল্লাহকে স্মরণ

اللَّهَ كَثِيرًا لَّعَلَّكُمْ تُفْلِحُونَ ۝ وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ لَهْوًا انفَضُّوا إِلَيْهَا وَتَرَكُوكَ

লা-হা কাছীরল্ লা'আল্লাকুম্ তুফ্লিহূন্। ১১। অইযা রয়াও তিজ্বা- রতান্ আও লাহ্ওয়া নিন্ ফাদ্দ্বূ ~ ইলাইহা-অতারকূকা
করবে, যেন সফল হও। (১১) আর যখন তারা ব্যবসা ও তামাশা দেখে তখন তারা আপনাকে ছেড়ে সেদিকে ছুটে যায়।

قَائِمًا ۚ قُلْ مَا عِندَ اللَّهِ خَيْرٌ مِّنَ اللَّهْوِ وَمِنَ التِّجَارَةِ ۚ وَاللَّهُ خَيْرُ الرَّازِقِينَ

ক্ব — য়িমা-; ক্বুল্ মা- 'ইন্দাল্লা-হি খইরুম্ মিনাল্লাহ্ওয়ি অমিনাত্তিজ্বা-রহ্; অল্লা-হু খইরুর্ র-যিক্বীন্।
বলুন, আল্লাহর কাছে যা আছে, তা ক্রীড়া ও ব্যবসায়ের বস্তু হতে অনেক অনেক বেশি উত্তম; আল্লাহই উত্তম রিযিক্দাতা।

সূরা মুনা-ফিক্বূন্
মদীনাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্মিল্লা-হির রাহ্মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১১
রুকূ ঃ ২

إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ قَالُوا نَشْهَدُ إِنَّكَ لَرَسُولُ اللَّهِ ۗ وَاللَّهُ يَعْلَمُ إِنَّكَ لَرَسُولُهُ

১। ইযা-জ্বা — য়াকাল্ মুনা-ফিক্বূনা ক্বা-লূ নাশ্হাদু ইন্নাকা লারাসূ লুল্লা-হ্। অল্লা-হু ইয়া'লামু ইন্নাকা লারসূলুহ্;
(১) মুনাফেকরা আপনার কাছে এসে বলে, আমরা সাক্ষ্য দিচ্ছে যে, আপনিই আল্লাহর রাসূল। আল্লাহ জানেন, নিশ্চয়ই

وَاللَّهُ يَشْهَدُ إِنَّ الْمُنَافِقِينَ لَكَاذِبُونَ ۝ اتَّخَذُوا أَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوا عَن سَبِيلِ

অল্লা-হু ইয়াশ্হাদু ইন্নাল্ মুনা-ফিক্বীনা লাকা-যিবূন্। ২। ইত্তাখাযূ ~ আইমা-নাহুম্ জুন্নাতান্ ফাছোয়াদ্দূ 'আন্ সাবীলিল
আপনি রাসূল! আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন, মুনাফেকরা মিথ্যাবাদী। (২) তারা শপথকে ঢালরূপে ব্যবহার করে আর আল্লাহর পথে

اللَّهِ ۚ إِنَّهُمْ سَاءَ مَا كَانُوا يَعْمَلُونَ ۝ ذَٰلِكَ بِأَنَّهُمْ آمَنُوا ثُمَّ كَفَرُوا فَطُبِعَ عَلَىٰ

লা-হ্; ইন্নাহুম্ সা — য়া মা-কা-নূ ইয়া'মালূন্। ৩। যা-লিকা বিআন্নাহুম্ আ-মানূ ছুম্মা কাফারূ ফাতুবি'আ 'আলা-
বাঁধ সাধে। তাদের কর্ম কতই না নিকৃষ্ট। (৩) এটা এ কারণে যে, তারা ঈমান এনে কুফরী করেছে, ফলে তাদের অন্তরে

ع ১ ১১ রুকূ
ع ২ ১৪ রুকূ
ওয়াক্ফে লাযেম

قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُوْنَ ﴿٤﴾ وَإِذَا رَأَيْتَهُمْ تُعْجِبُكَ أَجْسَامُهُمْ ۖ وَإِنْ يَقُوْلُوْا

ক্বুলূবিহিম্ ফাহুম্ লা-ইয়াফ্ক্বাহূন্। ৪। অইযা-রায়াইতাহুম্ তু'জিবুকা আজ্ সা-মুহুম্; অইঁ ইয়াক্বূলূ
মোহর মেরে দিয়েছেন। তারা বুঝে না। (৪) আর যখন আপনি তাদেরকে দেখবেন সু-আকৃতিই মনে হবে; আর তারা যদি কথা বলতে

تَسْمَعْ لِقَوْلِهِمْ ۖ كَأَنَّهُمْ خُشُبٌ مُّسَنَّدَةٌ ۖ يَحْسَبُوْنَ كُلَّ صَيْحَةٍ عَلَيْهِمْ ۚ هُمُ

তাস্মা-লিক্বওলিহিম্; কায়ান্নাহুম্ খুশুবুম্ মুসান্নাদাহ্; ইয়াহ্সাবূনা কুল্লা ছোয়াইহাতিন্ 'আলাইহিম্; হুমুল্
থাকে আপনি তাদের কথা শ্রবণ করবেন। তারা যেন ঠেশ লাগান কাঠ। তারা প্রত্যেক শব্দকেই ভয় পায়। তারাই আপনার শত্রু,

الْعَدُوُّ فَاحْذَرْهُمْ ۚ قَاتَلَهُمُ اللّٰهُ ۖ أَنّٰى يُؤْفَكُوْنَ ﴿٥﴾ وَإِذَا قِيْلَ لَهُمْ تَعَالَوْا

আ'দুওয়্যু ফাহ্যারহুম্;ক্ব-তালাহুমুল্লা-হু আন্না- ইয়ু''ফাকূন্। ৫। অইযা-ক্বীলা লাহুম্ তা'আ-লাও
আপনি তাদের থেকে সতর্ক থাকুন। আল্লাহ তাদেরকে বিনাশ করুন! তারা কোথায় ফিরছে?(৫) যখন বলা হয়, আস। রাসূল

يَسْتَغْفِرْ لَكُمْ رَسُوْلُ اللّٰهِ لَوَّوْا رُءُوْسَهُمْ وَرَأَيْتَهُمْ يَصُدُّوْنَ وَهُمْ مُّسْتَكْبِرُوْنَ

ইয়াস্তাগ্ফির্ লাকুম্ রসূলুল্লা-হি লাওঁয়্যাও রুয়ূসাহুম্ অরয়াইতাহুম্ ইয়াসুদ্দূনা অহুম্ মুস্তাক্বিরূন্।
তোমাদের জন্য ক্ষমা চাইবেন, তখন তারা মাথা ফিরায় এবং আপনি তাদের দেখবেন তারা অহংকারের সাথে ফিরে যায়।

﴿٦﴾ سَوَآءٌ عَلَيْهِمْ أَسْتَغْفَرْتَ لَهُمْ أَمْ لَمْ تَسْتَغْفِرْ لَهُمْ ۖ لَنْ يَّغْفِرَ اللّٰهُ لَهُمْ ۖ إِنَّ اللّٰهَ

৬। সাওয়া — য়ুন্ 'আলাইহিম্ আস্তাগ্ফার্তা লাহুম্ আম্ লাম্ তাস্তাগ্ফির্ লাহুম্; লাইঁ ইয়াগ্ফিরল্লা-হু লাহুম্; ইন্নাল্লা-হা
(৬) আপনি তাদের জন্য ক্ষমা চান বা না চান, তাদের জন্য সবই সমান, আল্লাহ তাদেরকে কখনও ক্ষমা করবেন না। আল্লাহ

لَا يَهْدِي الْقَوْمَ الْفٰسِقِيْنَ ﴿٧﴾ هُمُ الَّذِيْنَ يَقُوْلُوْنَ لَا تُنْفِقُوْا عَلٰى مَنْ عِنْدَ

লা-ইয়াহ্দিল্ ক্বওমাল্ ফা-সিক্বীন্। ৭। হুমুল্লাযীনা ইয়াক্বূলূনা লা-তুন্ফিক্বূ 'আলা-মান্ 'ইন্দা
পাপাচারীদেরকে হেদায়াতের পথ প্রদর্শন করেন না। (৭) তারাই বলে, আল্লাহর রাসূলের সাথে যারা আছে তাদের জন্য ব্যয়

رَسُوْلِ اللّٰهِ حَتّٰى يَنْفَضُّوْا ۗ وَلِلّٰهِ خَزَآئِنُ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَلٰكِنَّ

রাসূলিল্লা-হি হাত্তা ইয়ান্ফাদ্দূ; অলিল্লা-হি খাযা — য়িনুস্ সামা-ওয়া-তি অল্ আর্দ্বি অলা-কিন্নাল্
করো না, যতক্ষণ পর্যন্ত না তারা সরে পড়ে। মূলতঃ আকাশ ও পৃথিবীর ধনভাণ্ডারসমূহ আল্লাহরই অধিকারে রয়েছে কিন্তু

الْمُنٰفِقِيْنَ لَا يَفْقَهُوْنَ ﴿٨﴾ يَقُوْلُوْنَ لَئِنْ رَّجَعْنَآ إِلَى الْمَدِيْنَةِ لَيُخْرِجَنَّ الْأَعَزُّ

মুনা-ফিক্বীনা লা-ইয়াফ্ক্বাহূন্। ৮। ইয়াক্বূলূনা লায়ির্ রাজা'না ~ ইলাল্ মাদীনাতি লাইয়ুখ্রিজান্নাল্ আ'আয্যু
মুনাফিক্রা তা বুঝে না। (৮) তারা এরূপই বলে যে, মদীনায় ফিরে আমরা দুর্বলদেরকে অবশ্যই সেখান থেকে বের

শানেনুযূল ঃ আয়াত-৮ঃ কোন এক সফরে একজন মুহাজির ও একজন আনসার পরস্পর কলহরত হলে রাসূল(ছঃ) তাদেরকে মিলিয়ে দিলেন। মুনাফিকরা পিছনে বলল, আমরা তাদেরকে আমাদের শহরে স্থান না দিলে আমাদের সম্মুখীন কি করে হত? একজন অপরজনকে বলল, তোমরাই তো তাদের খোঁজ-খবর নিচ্ছ। ফলে এরা রাসূল (ছঃ) এর নিকটে একত্রিত থাকে, খোঁজ-খবর নেয়া বন্ধ করে দিল, তারা ছড়িয়ে পড়বে, একজন বলে উঠল, এ সফর হতে মদীনা পৌছলে আমাদের অসম্মানীদেরকে মদীনা হতে বহিস্কার করে দিবে। জনৈক ছাহাবী এ কথাগুলো শুনে রাসূল (ছঃ) এর নিকট বলে দিলে, তিনি মুনাফিকদেরকে ডেকে জিজ্ঞাসা করলেন। তারা শপথ করে বলল, ছাহাবী আমাদের সাথে শত্রুতার কারণে মিথ্যা বলেছে, তখন আল্লাহ তা'আলা এ আয়াত অবতীর্ণ করেন। (মুঃ কোঃ)

مِنْهَا الْاَذَلَّ ۚ وَلِلّٰهِ الْعِزَّةُ وَلِرَسُوْلِهٖ وَلِلْمُؤْمِنِيْنَ وَلٰكِنَّ الْمُنٰفِقِيْنَ لَا

মিন্‌হাল্ আযাল্; অলিল্লা-হিল্ ই'য্‌যাতু অলিরসূলিহী অলিল্‌মু"মিনীনা অলা-কিন্নাল্ মুনা-ফিক্বীনা লা-
করে দেব। কিন্তু প্রকৃত মর্যাদা আল্লাহরই জন্য এবং তাঁর রাসূলের জন্য এবং মু'মিনদের জন্য। কিন্তু মুনাফিকরা তা

يَعْلَمُوْنَ ﴿٨﴾ يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُلْهِكُمْ اَمْوَالُكُمْ وَلَاۤ اَوْلَادُكُمْ عَنْ

ইয়া'লামূন্। ৯। ইয়া ~ আইয়ু হাল্লাযীনা আ-মানূ লা-তুল্‌হিকুম্। আমওয়া-লুকুম্ অলা ~ আওলা-দুকুম্ 'আন্
অবগত নয়। (৯) হে ঈমানদাররা! তোমাদেরকে যেন নিবৃত্ত করতে না পারে! তোমাদের ধন-সম্পদ এবং তোমাদের

১ ع ৮ ১৩ রুকু

ذِكْرِ اللّٰهِ ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَاُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿١٠﴾ وَاَنْفِقُوْا

যিক্‌রিল্লা-হি অমাঁই ইয়াফ্'আল্ যা-লিকা ফাউলা — ইকা হুমুল্ খ-সিরূন্। ১০। অআন্‌ফিক্বূ
সন্তান-সন্ততি আল্লাহর স্মরণ থেকে। আর এরূপ যারা করবে, তারাই ক্ষতিগ্রস্ত হবে। (১০) আমি তোমাদেরকে যা প্রদান

مِنْ مَّا رَزَقْنٰكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ اَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُوْلَ رَبِّ

মিম্‌মা-রযাক্ব না-কুম্ মিন্ ক্বব্‌লি আইঁ ইয়া"তিয়া আহাদাকুমুল্ মাওতু ফাইয়াক্বূলা রব্বি
করছি তা থেকে তোমরা খরচ কর, তোমাদের কারো মৃত্যু আসার পূর্বে; নচেৎ সে বলবে, হে আমার রব! আমাকে আরো

لَوْلَاۤ اَخَّرْتَنِيْۤ اِلٰۤى اَجَلٍ قَرِيْبٍ ۙ فَاَصَّدَّقَ وَاَكُنْ مِّنَ الصّٰلِحِيْنَ

লাওলা ~ আখ্‌খার্‌তানী ~ ইলা ~ আজ্বালিন্ ক্বরীবিন ফাআছ্‌ছোয়াদ্দাক্ব অআকুম্ মিনাছ্ ছোয়া-লিহীন্।
কিছু কালের জন্য অবকাশ প্রদান করলে আমি দান-খয়রাত করে দিতাম, আর আমি সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত হতাম।

﴿١٠﴾ وَلَنْ يُّؤَخِّرَ اللّٰهُ نَفْسًا اِذَا جَآءَ اَجَلُهَا ۚ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ

১১। অলাইঁ ইয়ুয়াখ্‌খিরল্লা-হু নাফ্‌সান্ ইযা-জ্বা — য়া আজ্বালুহা-; অল্লা-হু খবীরুম্ বিমা-তা'মালূন্।
(১১) আর যখন নির্দিষ্ট সময় এসে পড়বে তখন আর আল্লাহ কাকেও অবকাশ দেবেন না। আল্লাহ তোমাদের কর্ম জানেন।

২ ع ৩ ১২ রুকু

সূরা তাগা-বুন্

মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১৮
রুকূ ঃ ২

﴿١﴾ يُسَبِّحُ لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ۚ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ ۫ وَهُوَ عَلٰى

১। ইয়ুসাব্বিহু লিল্লা-হি মা-ফিস্ সামা-ওয়া-তি অমা-ফিল্ আরদ্বি লাহুল্ মুলকু অলাহুল্ হাম্‌দু অহুওয়া 'আলা-
(১) আকাশসমূহ ও পৃথিবীর সবই আল্লাহর মহিমা বর্ণনা করে। সর্বময় কর্তৃত্ব তাঁরই, আর সকল প্রশংসা তাঁরই, তিনি

كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٢﴾ هُوَ الَّذِيْ خَلَقَكُمْ فَمِنْكُمْ كَافِرٌ وَّمِنْكُمْ مُّؤْمِنٌ ۚ وَاللّٰهُ بِمَا

কুল্লি শাইয়িন্ ক্বদীর্। ২। হুওয়াল্ লাযী খলাক্বকুম্ ফামিন্‌কুম্ কা-ফিরুঁও অমিন্‌কুম্ মু"মিন্; অল্লা-হু বিমা-
সর্বশক্তিমান। (২) তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন, তোমাদের মধ্যে কেউ কাফের হল, কেউ মু'মিন হল। আল্লাহ

تَعْمَلُوْنَ بَصِيْرٌ ۝ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ وَصَوَّرَكُمْ فَاَحْسَنَ صُوَرَكُمْ

তা'মালূনা বাছীর্। ৩। খলাক্বাস্ সামা- ওয়া- তি অল্ আরদ্বোয়া বিল্‌হাক্ব্ ক্বি অছোয়াওয়্যারকুম্ ফাআহ্‌সানা ছুঅরকুম্
তোমাদের কার্যাবলী দেখেন। (৩) আসমানসমূহ ও যমীন তিনিই যথাযথভাবে সৃষ্টি করলেন, তোমাদেরকে উত্তম আকৃতি প্রদান

وَاِلَيْهِ الْمَصِيْرُ ۝ يَعْلَمُ مَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَيَعْلَمُ مَا تُسِرُّوْنَ وَمَا

অইলাইহিল্ মাছীর্। ৪। ইয়া'লামু মা-ফিস্ সামা-ওয়া-তি অল্ আরদ্বি অ ইয়া'লামু মা-তুসিররূনা অমা-
করলেন, আর একদিন তাঁরই কাছে তোমরা প্রত্যাবর্তন করবে। (৪) আকাশ ও পৃথিবীর সবকিছু সম্পর্কে তিনি জানেন, গোপন-প্রকাশ্য

تُعْلِنُوْنَ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ بِذَاتِ الصُّدُوْرِ ۝ اَلَمْ يَاْتِكُمْ نَبَؤُا الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَبْلُ ز

তু'লিনূন্; অল্লা-হু 'আলীমুম্ বিযা-তিছ্ ছুদূর্। ৫। আলাম্ ইয়া''তিকুম্ নাবায়ুল্লাযীনা কাফারূ মিন্ ক্বব্লু
জানেন। আল্লাহই অন্তর্যামী। (৫) তোমাদের নিকট কি পূর্বের কাফেরদের খবর আসে নি? নিজেদের খারাপ কর্মফল

فَذَاقُوْا وَبَالَ اَمْرِهِمْ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۝ ذٰلِكَ بِاَنَّهٗ كَانَتْ تَّاْتِيْهِمْ

ফাযা-ক্বূ অবা-লা আম্‌রিহিম্ অলাহুম্ 'আযা-বুন্ আলীম্। ৬। যা-লিকা বিআন্নাহূ কা-নাত্ তা''তীহিম্
ভুগেছে। যন্ত্রাদায়ক শাস্তি রয়েছে তাদের জন্য। (৬) কেননা, রাসূলগণ স্পষ্ট আয়াতসহ আগমন করলে তারা বলত,

رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ فَقَالُوْا اَبَشَرٌ يَّهْدُوْنَنَا ز فَكَفَرُوْا وَتَوَلَّوْا وَّاسْتَغْنَى اللّٰهُ ؕ

রুসুলুহুম্ বিল্‌বাইয়্যিনা-তি ফাক্ব-লূ ~ আবাশারুঁই ইয়াহ্‌দূনানা- ফাকাফারূ অতাওয়াল্লাওঁ অস্‌তাগ্‌নাল্লা-হ্;
মানুষই কি আমাদেরকে পথ প্রদর্শন করবে? তাই তারা কুফরী করল ও বিমুখ হল, এতে আল্লাহর কিছু যায় আসে না।

وَاللّٰهُ غَنِيٌّ حَمِيْدٌ ۝ زَعَمَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَنْ لَّنْ يُّبْعَثُوْا ؕ قُلْ بَلٰى وَرَبِّيْ لَتُبْعَثُنَّ

অল্লা-হু গনিইয়ুন্ হামীদ্। ৭। যা'আমাল্লাযীনা কাফারূ ~ আল্লাঁই ইয়ুব্'আছূ; ক্বু-ল্ বালা- অরব্বী লাতুব্'আছুন্না
আল্লাহ অভাবমুক্ত প্রশংসিত। (৭) কাফেররা ধারণা করে যে, পুনরুত্থিত হবে না। বলুন, নিশ্চয়, রবের শপথ! অবশ্যই

ثُمَّ لَتُنَبَّؤُنَّ بِمَا عَمِلْتُمْ ؕ وَذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ۝ فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهٖ

ছুম্মা লাতুনাব্বাউন্না বিমা-'আমিল্‌তুম্; অযা-লিকা 'আলাল্লা-হি ইয়াসীর্। ৮। ফাআ-মিনূ বিল্লা-হি অরসূলিহী
পুনরুত্থিত হবে। পরে কর্মের খবর পাবে। এটা আল্লাহর পক্ষে সহজ। (৮) ঈমান আন আল্লাহ, রাসূল ও নাযীলকৃত

وَالنُّوْرِ الَّذِيْٓ اَنْزَلْنَا ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ۝ يَوْمَ يَجْمَعُكُمْ لِيَوْمِ الْجَمْعِ

অন্নূ রিল্লাযী ~ আন্‌যাল্‌না-; অল্লা-হু বিমা-তা'মালূনা খবীর্। ৯। ইয়াওমা ইয়াজ্‌মা'উকুম্ লিইয়াওমিল্ জাম্'ই
নূরের প্রতি। আল্লাহ কর্মের সব খবর রাখেন। (৯) যেদিন তিনি তোমাদেরকে একত্র করবেন, তা লাভ-ক্ষতির দিন।

আয়াত-৩ ঃ কেননা, মানবজাতির অঙ্গ-প্রত্যঙ্গের মধ্যে পরস্পর যেমন সুন্দর মিল রয়েছে, এমন সুন্দর মিল আর কোন প্রাণীর অঙ্গ-প্রত্যঙ্গে নেই। (বঃ কোঃ) আয়াত-৭ ঃ এটি কিয়ামতের যথার্থতার ব্যাপারে তৃতীয় আয়াত। যাতে আল্লাহ্‌র রাসূল (ছঃ) কে শপথ করার নির্দেশ দিয়েছেন। (ইবঃ কাঃ) আয়াত-৮ ঃ এখানে নূর বলে কোরআনকে বুঝানো হয়েছে। কারণ, নূরের স্বরূপ হল, সে নিজেও দেদীপ্যমান ও উজ্জ্বল এবং অপরকে দেদীপ্যমান ও উজ্জ্বল করে। কোরআন স্বকীয় অলৌকিকতার কারণে নিজে যে উজ্জ্বল ও সুস্পষ্ট, তা বর্ণনার অপেক্ষা রাখে না। কোরআনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি ও অসন্তুষ্টির কারণাদি, বিধি-বিধান, শরীয়ত এবং আখেরাতের সঠিক তথ্যাদি উজ্জ্বল হয়ে উঠে। এগুলো জানা মানুষের জন্য জরুরী। (মাঃ কোঃ)

ذٰلِكَ يَوْمُ التَّغَابُنِ ۗ وَمَن يُؤْمِن بِاللَّهِ وَيَعْمَلْ صَالِحًا يُكَفِّرْ عَنْهُ سَيِّئَاتِهِ وَ

যা-লিকা ইয়াওমুত্তাগ-বুন্; অমাইঁ ইয়ু'মিম্ বিল্লা-হি অইয়া'মাল্ ছোয়া-লিহাইঁ ইয়ুকাফ্ফির্ 'আন্হু সাইয়িয়া-তিহী অ

যে আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে ও সৎকাজ করে, আল্লাহ তার গুনাহসমূহ দূরীভূত করে দিবেন; আর তাকে এমন

يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِن تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۚ ذٰلِكَ الْفَوْزُ

ইয়ুদ্খিল্হু জান্না-তিন্ তাজ্ রী মিন্ তাহ্তিহাল্ আন্হা-রু খা- লিদীনা ফীহা ~ আবাদা-; যা-লিকাল্ ফাওযুল্

জান্নাতে প্রবেশ করাবেন , যার নিচ দিয়ে ঝরণা ধারা প্রবাহিত থাকবে, যেখানে তারা অনন্তকাল অবস্থান করবে, এটাই মহা

الْعَظِيمُ ﴿١٠﴾ وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا أُولٰئِكَ أَصْحَابُ النَّارِ خَالِدِينَ

'আজীম্। ১০। অল্লাযীনা কাফারূ অকায্যাবূ বিআ-ইয়া-তিনা ~ উলা — য়িকা আছ্হা-বুন্ না-রি খ-লিদীনা

সাফল্য। (১০) কাফের ও আয়াত প্রত্যাখ্যানকারীরাই জাহান্নামের অধিবাসী, তারা সেখানে অনন্তকাল থাকবে। কতই না

فِيهَا ۖ وَبِئْسَ الْمَصِيرُ ﴿١١﴾ مَا أَصَابَ مِن مُّصِيبَةٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ ۗ وَمَن يُؤْمِن

ফীহা-; অবি'সাল্ মাছীর্। ১১। মা ~ আছোয়া-বা মিম্ মুছীবাতিন্ ইল্লা-বিইয্নিল্লা-হ্; অমাইঁ ইয়ু'মিম্

মন্দ তাদের এ প্রত্যাবর্তন স্থান। (১১) কোন বিপদই আল্লাহর নির্দেশ ছাড়া আসে না, যে আল্লাহর প্রতি ঈমান রাখে,

بِاللَّهِ يَهْدِ قَلْبَهُ ۚ وَاللَّهُ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿١٢﴾ وَأَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ ۚ ج

বিল্লা-হি ইয়াহ্দি ক্বল্বাহ্; অল্লা-হু বিকুল্লি শাইয়িন্ 'আলীম্। ১২। অআত্বী 'উল্লা-হা অআত্বী 'উর্ রসূলা

তিনি তার মনকে হেদায়াত দেন। আল্লাহ সর্বজ্ঞাত।(১২) আর আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য কর, যদি তোমরা মুখ ফিরিয়ে

فَإِن تَوَلَّيْتُمْ فَإِنَّمَا عَلَىٰ رَسُولِنَا الْبَلَاغُ الْمُبِينُ ﴿١٣﴾ اللَّهُ لَا إِلٰهَ إِلَّا هُوَ ۚ وَعَلَى اللَّهِ

ফাইন্ তাওয়াল্লাইতুম্ ফাইন্নামা-'আলা-রসূলিনাল্ বালাগুল্ মুবীন্। ১৩। আল্লাহু লা ~ ইলা-হা ইল্লা-হু; অ 'আলাল্লা-হি

নেও, তবে রাসূলের দায়িত্ব তো কেবল স্পষ্টভাবে প্রচার কর। (১৩) আল্লাহ ছাড়া আর কোন ইলাহ নেই, আর আল্লাহর

فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١٤﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّ مِنْ أَزْوَاجِكُمْ وَأَوْلَادِكُمْ عَدُوًّا لَّكُمْ

ফাল্ ইয়াতাওয়াক্কালিল্ মু'মিনূন্। ১৪। ইয়া ~ আইয়্যুহা ল্লাযীনা আ-মানূ ~ ইন্না মিন্ আয্ওয়া-জ্বিকুম্ অআওলা-দিকুম্ 'আদুওয়াল্লাকুম্

ওপরই মু'মিনরা ভরসা করবে। (১৪) হে ঈমানদারেরা! তোমাদের স্ত্রী ও সন্তানদের মধ্যে কেউ কেউ তোমাদের শত্রু,

فَاحْذَرُوهُمْ ۚ وَإِن تَعْفُوا وَتَصْفَحُوا وَتَغْفِرُوا فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿١٥﴾ إِنَّمَا

ফাহ্যারূ হুম্ অইন্ তা'ফূ অতাছ্ফাহূ অতাগ্ফিরূ ফাইন্নাল্লা-হা গফূরুর্ রহীম্। ১৫। ইন্নামা ~

সতর্ক থেকো। আর যদি তাদের দোষ-ত্রুটি উপেক্ষা ও ক্ষমা কর, তবে আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (১৫) নিশ্চয়ই তোমাদের ধন

أَمْوَالُكُمْ وَأَوْلَادُكُمْ فِتْنَةٌ ۚ وَاللَّهُ عِندَهُ أَجْرٌ عَظِيمٌ ﴿١٦﴾ فَاتَّقُوا اللَّهَ مَا اسْتَطَعْتُمْ

আম্ওয়া লুকুম্ অআওলা-দুকুম্ ফিত্নাহ্; অল্লা-হু 'ইন্দাহূ ~ আজ্ রুন্ 'আজীম্। ১৬। ফাত্তাকুল্লা-হা মাস্তাত্বোয়া'তুম্

ও তোমাদের জন তোমাদের জন্য পরীক্ষামূলক, আর আল্লাহর কাছেই রয়েছে মহা-পুরস্কার। (১৬) অতঃপর আল্লাহকে যতদূর সম্ভব

১ ع ১০ ১৫ রুকু

● তিন চতুর্থাংশ

وَاسْمَعُوا وَأَطِيعُوا وَأَنْفِقُوا خَيْرًا لِأَنْفُسِكُمْ ۗ وَمَنْ يُوقَ شُحَّ نَفْسِهِ

অস্‌মাউ' অআত্বী'উ অআন্‌ফিক্বূ খইরল্ লিআন্‌ফুসিকুম্; অ মাইঁ ইয়ূক্ব শুহ্‌হা নাফ্‌সিহী

ভয় কর; আর তাঁর নির্দেশাবলী শ্রবণ কর, মান ও আনুগত্য কর ও নিজের কল্যাণে জন্যই ব্যয় কর; যারা মনের কার্পণ্য মুক্ত,

فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ﴿١٧﴾ إِنْ تُقْرِضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا يُضَاعِفْهُ لَكُمْ وَ

ফাউলা — য়িকা হুমুল্ মুফলিহূন্। ১৭। ইন্ তুক্বরিদ্বু ল্লা-হা ক্বারদ্বোয়ান্ হাসানাইঁ ইয়ুদ্বোয়া-ই'ফ্‌হু লাকুম্ অ

এরূপ লোকেরাই আখেরাতে সফলতা লাভ করবে (১৭) আর তোমরা যদি আল্লাহকে উত্তম ঋণ দাও, তবে তিনি তোমাদেরকে বহুগুণ বৃদ্ধি করে দিবেন ও

يَغْفِرْ لَكُمْ ۚ وَاللَّهُ شَكُورٌ حَلِيمٌ ﴿١٨﴾ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيزُ الْحَكِيمُ

ইয়াগ্‌ফির্ লাকুম্; অল্লা-হু শাকূরুন্ হালীম্। ১৮। আ'লিমুল্ গইবি অশ্‌শাহা- দাতিল্ 'আযীযুল্ হাকীম্।

(তোমাদের গুনাহসমূহ) ক্ষমা করবেন। আল্লাহ গুণগ্রাহী ও পরম ধৈর্যশীল। (১৮) গুপ্ত ও প্রকাশ্য জানেন, পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

২ ع ৮ ১৬ রুকূ

সূরা ত্বালাক্ব
মদীনাবতীর্ণ

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১২
রুকূ ঃ ২

﴿١﴾ يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا طَلَّقْتُمُ النِّسَاءَ فَطَلِّقُوهُنَّ لِعِدَّتِهِنَّ وَأَحْصُوا الْعِدَّةَ ۚ

১। ইয়া ~ আইয়্যুহান্ নাবিয়্যু ইযা-ত্বোয়াল্লাক্বতুমুন্ নিসা — য়া ফাত্বোয়াল্লিক্বূ হুন্না লিই'দ্দাতিহিন্না অআহ্‌ছুল্ ই'দ্দাতা

(১) হে নবী! তোমরা যখন তোমাদের স্ত্রীদেরকে তালাক প্রদান করবে, তখন, তাদের ইদ্দতের প্রতি লক্ষ্য রাখবে, ইদ্দত গুনবে;

وَاتَّقُوا اللَّهَ رَبَّكُمْ ۖ لَا تُخْرِجُوهُنَّ مِنْ بُيُوتِهِنَّ وَلَا يَخْرُجْنَ إِلَّا أَنْ يَأْتِينَ

অত্তাক্বু ল্লা-হা রব্বাকুম্ লা-তুখ্‌রিজূ হুন্না মিম্ বুইয়ূতিহিন্না অলা-ইয়াখ্‌রুজ্‌না ইল্লা ~ আইঁ ইয়া''তীনা

তোমাদের রব-আল্লাহকে ভয় করবে, ঘর হতে তাদেরকে বের করবে না; তারাও যেন সেচ্ছায় বের না হয়; আর যদি তারা

بِفَاحِشَةٍ مُبَيِّنَةٍ ۚ وَتِلْكَ حُدُودُ اللَّهِ ۚ وَمَنْ يَتَعَدَّ حُدُودَ اللَّهِ فَقَدْ ظَلَمَ نَفْسَهُ ۚ

বিফা-হিশাতিম্ মুবাইয়্যিনাহ্; অতিল্‌কা হুদূদুল্লা-হ্; অমাইঁয়্যাতা'আদ্দা হুদূদাল্লা-হি ফাক্বদ্ জোয়ালামা নাফ্‌সাহ্;

স্পষ্ট পাপে লিপ্ত হয়, তবে তা আলাদা এটা আল্লাহর নির্ধারিত বিধান; যে আল্লাহর বিধান লংঘন করে সে নিজের প্রতি

لَا تَدْرِي لَعَلَّ اللَّهَ يُحْدِثُ بَعْدَ ذَٰلِكَ أَمْرًا ﴿٢﴾ فَإِذَا بَلَغْنَ أَجَلَهُنَّ فَأَمْسِكُوهُنَّ

লা-তাদ্‌রী লা 'আল্লা-হা ইয়ুহ্‌দিছু বা'দা যা-লিকা আম্‌র-। ২। ফাইযা- বালাগ্‌না আজ্বালাহুন্না ফাআম্‌সিকূ হুন্না

জুলুম করে; আপনি জানেন না, হয়ত আল্লাহ অন্য কোন উপায় করে দিবেন। (২) অতঃপর ইদ্দত পূর্ণ হলে, তখন তাদেরকে

بِمَعْرُوفٍ أَوْ فَارِقُوهُنَّ بِمَعْرُوفٍ وَأَشْهِدُوا ذَوَيْ عَدْلٍ مِنْكُمْ وَأَقِيمُوا

বিমা'রূফিন্ আওফা-রিক্বূ হুন্না বিমা'রূফিঁও অআশ্‌হিদূ যাওয়াই 'আদ্‌লিম্ মিন্‌কুম্ অ আক্বীমুশ্

সদ্ভাবে রাখবে বা সদ্ভাবে ছেড়ে দিবে, আর তোমাদের নিজেদের মধ্য হতে দুজন ন্যায়পরায়ন লোককে সাক্ষী রাখবে; আল্লাহর

৯০০

الشَّهَادَةَ لِلَّهِ ۚ ذَٰلِكُمْ يُوعَظُ بِهِ مَن كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ۚ وَمَن

শাহা-দাতা লিল্লা-হ্; যা-লিকুম্ ইয়ূ 'আজু বিহী মান্ কা-না ইয়ু''মিনূ বিল্লা-হি অল্ইয়াওমিল্ আ-খির্; অমাইঁ

ওয়াস্তে সঠিক সাক্ষ্য দিবে। আর এর দ্বারা তোমাদের মধ্যে যে, আল্লাহ ও পরকালে বিশ্বাসী এটা দ্বারা উপদেশ পাচ্ছে,

يَتَّقِ اللَّهَ يَجْعَل لَّهُ مَخْرَجًا ۝ وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ ۚ وَمَن

ইয়াত্তাক্বি ল্লা-হা ইয়াজ্ব্'আল্ লাহূ মাখ্রজ্বা-। ৩। অইয়ার্যুক্ব্হু মিন্ হাইছু লা-ইয়াহ্তাসিব্; অমাইঁ

যে আল্লাহকে ডরায়, তিনি তারপথ করে দেন, (৩) আর তাকে তখন ধারণাতীত উৎস হতে রিযিক দিবেন, যে আল্লাহতে

يَتَوَكَّلْ عَلَى اللَّهِ فَهُوَ حَسْبُهُ ۚ إِنَّ اللَّهَ بَالِغُ أَمْرِهِ ۚ قَدْ جَعَلَ اللَّهُ لِكُلِّ شَيْءٍ قَدْرًا

ইয়া তাওয়াক্কাল্ 'আলাল্লা-হি ফাহুওয়া হাস্বুহূ; ইন্নাল্লা-হা বা-লিগু আম্রিহ্; ক্বদ্ জ্বা'আলাল্লা-হু লিকুল্লি শাইয়িন্ ক্বদ্রা।

ভরসা করে, তার জন্য তিনিই যথেষ্ট। নিশ্চয়ই আল্লাহ তাঁর নিজের ইচ্ছা পূরণকারী, প্রত্যেক বস্তুর নির্দিষ্ট মাত্রা স্থির করেছেন।

۝ وَاللَّائِي يَئِسْنَ مِنَ الْمَحِيضِ مِن نِّسَائِكُمْ إِنِ ارْتَبْتُمْ فَعِدَّتُهُنَّ ثَلَاثَةُ

৪। অল্লা — য়ী ইয়াইস্না মিনাল্ মাহীদ্বি মিন্ নিসা — য়িকুম্ ইনির্ তাব্তুম্ ফা'ইদ্দাতুহুন্না ছালা-ছাতু

(৪) আর তোমাদের তালাক প্রদত্তা স্ত্রীদের হায়েয শেষ এবং শুরু হয়নি এমন সন্দেহ হয়, তবে তাদের ইদ্দত তিনমাস।

أَشْهُرٍ وَاللَّائِي لَمْ يَحِضْنَ ۚ وَأُولَاتُ الْأَحْمَالِ أَجَلُهُنَّ أَن يَضَعْنَ حَمْلَهُنَّ ۚ

আশ্হুরিঁও অল্লা — য়ী লাম্ ইয়াহিদ্বন্; অ উলা-তুল্ আহ্মা-লি আজ্বালুহুন্না আইঁ ইয়াদ্বোয়া'না হাম্লাহুন্;

আর এখনও যাদের ঋতুস্রাব শেষ হয়নি তাদের ইদ্দত তিনমাস। গর্ভবর্তী স্ত্রীলোকদের ইদ্দত তাদের গর্ভ খালাস হয়ে যাওয়া।

وَمَن يَتَّقِ اللَّهَ يَجْعَل لَّهُ مِنْ أَمْرِهِ يُسْرًا ۝ ذَٰلِكَ أَمْرُ اللَّهِ أَنزَلَهُ إِلَيْكُمْ ۚ وَمَن

অমাইঁইয়াত্তাক্বিল্লা-হা ইয়াজ্ব্'আল্ লাহূ মিন্ আম্রিহী ইয়ুস্র-। ৫। যা-লিকা আম্রুল্লা-হি আন্যালাহূ~ ইলাইকুম্; অমাইঁ

যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার সব কাজের সহজ সমাধান দিয়ে থাকেন। (৫) এটা আল্লাহর অবতারিত বিধান, যে

يَتَّقِ اللَّهَ يُكَفِّرْ عَنْهُ سَيِّئَاتِهِ وَيُعْظِمْ لَهُ أَجْرًا ۝ أَسْكِنُوهُنَّ مِنْ حَيْثُ سَكَنتُم

ইয়াত্তাক্বিল্লা-হা ইয়ুকাফ্ফির্ 'আন্হু সাইয়িয়া-তিহী অইয়ু'জিম্ লাহূ~ আজ্ র-। ৬। আস্কিনূ হুন্না মিন্ হাইছু সাকান্তুম্

আল্লাহকে ভয় করে তিনি তার পাপসমূহ ক্ষমা করে দিবেন আর তাকে মুছবেন ও মহা পুরস্কার প্রদান করবেন। (৬) সামর্থ্য

مِّن وُجْدِكُمْ وَلَا تُضَارُّوهُنَّ لِتُضَيِّقُوا عَلَيْهِنَّ ۚ وَإِن كُنَّ أُولَاتِ حَمْلٍ

মিঁও উজ্ব্ দিকুম্ অলাতুদ্বোয়া — র্রুহুন্না লিতুদ্বোয়াইয়িক্ব্ 'আলাইহিন্; অইন্ কুন্না উলা-তি হাম্লিন্

অনুযায়ী তোমাদের আবাসে তাদেরকে স্থান দিবে, তাদেরকে হয়রানির উদ্দেশ্যে কষ্ট দিও না, যদি তারা গর্ভবতী হয়, তবে গর্ভের

আয়াত-৬ ঃ গর্ভবতী তালাকপ্রাপ্ত স্ত্রীলোকের বাসগৃহ ও খরচ পাওয়ার ব্যাপারে কারও দ্বিমত নেই। কিন্তু যে গর্ভবতী স্ত্রীলোকের স্বামী মৃত্যুবরণ করেছে তার ব্যাপারে মতভেদ রয়েছে। আলী (রাঃ), ইবনে ওমর (রাঃ), ইবনে মাস্উদ (রাঃ) প্রমুখ ছাহাবীদের মতে সন্তান প্রসব হওয়া পর্যন্ত তাকে মোট সম্পদ হতে খরচ দেয়া হবে। আর ইবনে আব্বাস (রাঃ), ইবনে যুবাইর (রাঃ) প্রমুখ ছাহাবীরা বলেন, তার উত্তরাধিকারী সূত্রে পাওনা অংশ হতে তার উপর ব্যয় করা হবে। এটিই সটিক মত। (ফতঃ বয়াঃ) ২। সন্তানের খরচ পিতার উপর। গর্ভে থাকাকালীন সময়ে মাতাকে পানাহার ও পরিধেয় দিবে। মাতা দুধপান করালে, অন্যে দুধপান করালে যা দিতে হয়, মাতাকেও তা দিতে হবে। মাতা দুধপান করাতে রাযী না হলে অন্যের দ্বারা দুধপান করাবে। তালাকপ্রাপ্ত স্ত্রী গর্ভবতী না হলেও ই'দ্দত পর্যন্ত তাকে বাসগৃহ দিতে হবে। (মুঃ কোঃ)

فَأَنفِقُوا عَلَيْهِنَّ حَتَّىٰ يَضَعْنَ حَمْلَهُنَّ ۚ فَإِنْ أَرْضَعْنَ لَكُمْ فَآتُوهُنَّ أُجُورَهُنَّ ۖ

ফাআন্ফিক্বূ 'আলাইহিন্না হাত্তা-ইয়াদ্বোয়া'না হাম্লাহুন্না ফাইন্ আরদ্বোয়া'না লাকুম্ ফাআ-তূ হুন্না উজূরাহুন্না

সন্তান প্রসব না হওয়া পর্যন্ত তাদের পানাহারের ব্যয়ভার বহন করবে। তারা যদি স্তন পান করায়, তবে তাদের প্রতিদান দিও। এ

وَأْتَمِرُوا بَيْنَكُم بِمَعْرُوفٍ ۖ وَإِن تَعَاسَرْتُمْ فَسَتُرْضِعُ لَهُ أُخْرَىٰ ⑦ لِيُنفِقْ

অ"তামিরূ বাইনাকুম্ বিমা'রূফিন্ অইন্ তা'আ-সার্তুম্ ফাসাতুরদ্বি'উ লাহূ ~ উখ্রা- ।৭। লিইয়ুন্ফিক্ব

ব্যাপারে পরস্পর সমঝোতা করো। যদি তোমরা অসুবিধায় পড় তবে অন্য ধাত্রীর দুধ পান করাবে। (৭) বিত্তবান ব্যক্তি তার

ذُو سَعَةٍ مِّن سَعَتِهِ ۖ وَمَن قُدِرَ عَلَيْهِ رِزْقُهُ فَلْيُنفِقْ مِمَّا آتَاهُ اللَّهُ ۚ لَا يُكَلِّفُ اللَّهُ

যূ সা'আতিম্ মিন্ সা'আতিহ্; অমান্ ক্বুদিরা 'আলাইহি রিয্ক্বুহূ ফাল্ইয়ুন্ফিক্ব্ মিম্মা ~ আ-তা-হু ল্লা-হ্; লা-ইয়ুকাল্লিফুল্লা -হু

সামর্থানুযায়ী ব্যয় করবে। আর যে অসচ্ছল ব্যক্তি, সে আল্লাহর দান অনুযায়ী ব্যয় করবে। আর প্রদত্ত ক্ষমতার বাইরে

نَفْسًا إِلَّا مَا آتَاهَا ۚ سَيَجْعَلُ اللَّهُ بَعْدَ عُسْرٍ يُسْرًا ⑧ وَكَأَيِّن مِّن قَرْيَةٍ عَتَتْ

নাফ্সান্ ইল্লা-মা ~ আ-তা-হা-;সাইয়াজ্'আলু ল্লা-হু বা'দা 'উস্রিন্ ইয়ুস্র- । ৮। অকায়াইয়িম্ মিন্ ক্বর্ইয়াতিন্ 'আতাত্

আল্লাহপাক কাউকে কষ্ট প্রদান করেন না। অবশ্যই আল্লাহ কষ্টের পর স্বস্তি দেন। (৮) আর বহু জনপদ তাদের রব ও তাদের নিকট আগত রাসূলদের নির্দেশ

عَنْ أَمْرِ رَبِّهَا وَرُسُلِهِ فَحَاسَبْنَاهَا حِسَابًا شَدِيدًا وَعَذَّبْنَاهَا عَذَابًا نُّكْرًا

'আন্ আম্রি রব্বিহা- অরুসুলিহী ফাহা-সাব্না-হা- হিসা- বান্ শাদীদাঁও অ 'আয্যাব্না-হা-'আযা-বান্ নুক্র- ।

পালনে অহংকার করেছিল, ফলে আমি তাদের (কার্যাবলীর) কঠোর হস্তে হিসেব গ্রহণ করেছি, কঠিন শাস্তিও প্রদান করেছি।

⑨ فَذَاقَتْ وَبَالَ أَمْرِهَا وَكَانَ عَاقِبَةُ أَمْرِهَا خُسْرًا ⑩ أَعَدَّ اللَّهُ لَهُمْ عَذَابًا

৯। ফাযা-ক্বত্ অবা-লা আম্রিহা- অকা-না 'আ-ক্বিবাতু আম্রিহা- খুস্র- । ১০। আ'আদ্দাল্লা-হু লাহুম্ 'আযা-বান্

(৯) অনন্তর তাদের কর্মের শাস্তি ভুগিয়েছে, তাদের কৃতকর্মের পরিণাম ছিল ক্ষতিই।(১০) আল্লাহ তাদের জন্য কঠিন শাস্তি

شَدِيدًا ۖ فَاتَّقُوا اللَّهَ يَا أُولِي الْأَلْبَابِ الَّذِينَ آمَنُوا ۚ قَدْ أَنزَلَ اللَّهُ إِلَيْكُمْ ذِكْرًا

শাদীদান্ ফাত্তাকু ল্লা-হা ইয়া ~ উলিল্ আল্বা-বি ল্লাযীনা আ-মানূ ; ক্বদ্ আন্যালাল্লা-হু ইলাইকুম্ যিক্র- ।

প্রস্তুত করে রেখেছেন, হে জ্ঞানী মু'মিনরা! আল্লাহকে ভয় কর। আল্লাহ তোমাদের কাছে নাযীল করেছেন উপদেশ বাণী,

⑪ رَّسُولًا يَتْلُو عَلَيْكُمْ آيَاتِ اللَّهِ مُبَيِّنَاتٍ لِّيُخْرِجَ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا

১১। রসূলাই ইয়াত্লূ 'আলাইকুম্ আ-ইয়া-তিল্লা-হি মুবাইয়িনা-তিল্ লিইয়ুখ্রিজাল্ লাযীনা আ-মানূ অ'আমিলুছ্

(১১) এমন একজন রাসূল যিনি তোমাদেরকে (আল্লাহর) স্পষ্ট আয়াত শুনান, যেন তিনি যারা ঈমান এনেছে ও সৎকর্ম

الصَّالِحَاتِ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ ۚ وَمَن يُؤْمِن بِاللَّهِ وَيَعْمَلْ صَالِحًا يُدْخِلْهُ

ছোয়া-লিহা-তি মিনাজ্ জুলুমা-তি ইলান্ নূর; অমাইঁইয়ু"মিম্ বিল্লা-হি অইয়া'মাল্ ছোয়া-লিহাঁই ইয়ুদ্খিল্হু

করেছে তাদেরকে অন্ধকার হতে আলোতে আনেন; যে আল্লাহর উপর বিশ্বাসী এবং সৎকর্ম করে, তাকে প্রবেশ করাবেন

১ ع ৭ ১৭ রুকু

মোআ-১৪

جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ قَدْ اَحْسَنَ اللّٰهُ لَهٗ رِزْقًا ۞

জান্না-তিন্ তাজ্‌রী মিন্ তাহ্‌তিহাল্ আন্ হা-রু খ-লিদীনা-ফীহা ~ আবাদা-; ক্বদ্ আহ্‌সানাল্লা-হু লাহূ রিয্‌ক্বা-।

চিরস্থায়ী জান্নাতে, যার নিচ দিয়ে ঝরর্ণা ধারা প্রবাহিত। তথায় আল্লাহ অবশ্যই তাকে উত্তম রিযিক প্রদান করবেন।

اَللّٰهُ الَّذِىْ خَلَقَ سَبْعَ سَمٰوٰتٍ وَّمِنَ الْاَرْضِ مِثْلَهُنَّ ؕ يَتَنَزَّلُ الْاَمْرُ بَيْنَهُنَّ

১২। আল্লা-হুল্লাযী খলাক্ব সাব্'আ সামা-ওয়া-তিঁও অমিনাল্ আরদ্বি মিছ্‌লাহুন্; ইয়াতানায্‌যালুল্ আম্‌রু বাইনাহুন্না

(১২) আল্লাহ এমন যে, তিনি সাত আসমান ও অনুরূপ সাত যমীন সৃষ্টি করলেন, এ সবের মধ্যে অবতীর্ণ হতে থাকে তার

لِتَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ۙ وَّاَنَّ اللّٰهَ قَدْ اَحَاطَ بِكُلِّ شَىْءٍ عِلْمًا ۞

লিতা'লামূ ~ আন্নাল্লা-হা 'আলা-কুল্লি শাইয়িন্ ক্বদীরুঁও অআন্নাল্লা-হা ক্বদ্ আহা-ত্বোয়া বিকুল্লি শাইয়িন্ ই'ল্‌মা-।

বিধান, যেন তোমরা বুঝ, আল্লাহ সর্বশক্তিমান, আল্লাহ প্রত্যেক বস্তুকে স্বীয় জ্ঞান দ্বারা পরিবেষ্টন করে রেখেছেন।

২ ع ৫ ১৮ রুকু

সূরা তাহ্‌রীম্ মদীনাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ১২
রুকূ ঃ ২

يٰٓاَيُّهَا النَّبِىُّ لِمَ تُحَرِّمُ مَآ اَحَلَّ اللّٰهُ لَكَ ۚ تَبْتَغِىْ مَرْضَاتَ اَزْوَاجِكَ ؕ

১। ইয়া ~ আইয়্যুহান্নাবিয়্যু লিমা-তুহার্‌রিমু মা ~ আহাল্লাল্লা-হু লাকা তাব্‌তাগী মার্‌দ্বোয়া-তা আয্‌ওয়া-জ্বিক্;

(১) হে নবী! আল্লাহ যে বস্তুকে আপনার জন্য বৈধ করেছেন, আপনি তা কেন (নিজের জন্য) হারাম করেন? নিজের স্ত্রীদের সন্তোষ

وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ۞ قَدْ فَرَضَ اللّٰهُ لَكُمْ تَحِلَّةَ اَيْمَانِكُمْ ۚ وَاللّٰهُ مَوْلٰىكُمْ ۚ وَهُوَ

অল্লা-হু গফূরুর্ রহীম্। ২। ক্বদ্ ফারাদ্বোয়াল্লা-হু লাকুম্ তাহিল্লাতা আইমা-নিকুম্ অল্লা-হু মাওলা-কুম্ অহুওয়াল্

লাভের জন্য, আল্লাহ অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু। (২) আল্লাহ্ তোমাদের কসম্ থেকে-মুক্তি লাভের ব্যবস্থা করলেন, তিনিই বন্ধু,

الْعَلِيْمُ الْحَكِيْمُ ۞ وَاِذْ اَسَرَّ النَّبِىُّ اِلٰى بَعْضِ اَزْوَاجِهٖ حَدِيْثًا ۚ فَلَمَّا نَبَّاَتْ بِهٖ وَ

'আলী মুল্ হাকীম্। ৩। অইয্ আসার্‌রন্নাবিয়্যু ইলা-বা'দ্বি আয্‌ওয়া-জ্বিহী হাদীছান্ ফালাম্মা-নাব্বায়াত্ বিহী অ-

তিনিই সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। (৩) আর নবী যখন তাঁর কোন স্ত্রীর কাছে গোপনে একটি কথা বলেছিলেন, অতঃপর যখন সে স্ত্রী অন্যকে

اَظْهَرَهُ اللّٰهُ عَلَيْهِ عَرَّفَ بَعْضَهٗ وَاَعْرَضَ عَنْۢ بَعْضٍ ۚ فَلَمَّا نَبَّاَهَا بِهٖ قَالَتْ مَنْ

আজ্‌হারহুল্লা-হু 'আলাইহি 'আর্‌রফা বা'দ্বোয়াহূ অআ'রদ্বোয়া 'আম্ বা'দ্বিন্ ফালাম্মা-নাব্বায়াহা বিহী ক্বলাত্ মান্

তা বলে দিল এবং আল্লাহ তা নবীকে জানিয়েছিলেন, তিনি কিছু ব্যক্ত করলেন কিছু অব্যক্ত রাখলেন, স্ত্রীকে বললে সে বলল,

اَنْۢبَاَكَ هٰذَا ؕ قَالَ نَبَّاَنِىَ الْعَلِيْمُ الْخَبِيْرُ ۞ اِنْ تَتُوْبَآ اِلَى اللّٰهِ فَقَدْ صَغَتْ قُلُوْبُكُمَا ۚ

আম্‌বায়াকা হা-যা; ক্ব-লা নাব্বায়ানিয়াল্ 'আলীমুল্ খবীর্।৪।ইন্ তাতূ বা ~ ইলাল্লা-হি ফাক্বদ্ ছোয়াগাত্ কুলূবুকুমা-

কে জানাল? বললেন, সর্বজ্ঞ জ্ঞানীই জানালেন। (৪) তোমাদের উভয়ের মন বাঁকা হয়ে গিয়েছিল তাই উভয়ে তওবা কর,

وَإِن تَظَٰهَرَا عَلَيۡهِ فَإِنَّ ٱللَّهَ هُوَ مَوۡلَىٰهُ وَجِبۡرِيلُ وَصَٰلِحُ ٱلۡمُؤۡمِنِينَۖ وَٱلۡمَلَٰٓئِكَةُ بَعۡدَ

অ ইন্ তাজোয়া-হার 'আলাইহি ফাইন্নাল্লা-হা হুওয়া মাওলা-হু অজ্বিব্‌রীলু অছোয়া-লিহুল্ মু"মিনীনা অল্ মালা — য়িকাতু বা'দা
কিন্তু যদি তোমরা বিরোধিতায় থাক- তবে আল্লাহ্ই তাঁর বন্ধু এবং জিবরাঈল ও নেক্কার মু'মিনরা! অন্য ফেরেশতারাও তার

ذَٰلِكَ ظَهِيرٌ ۝٤ عَسَىٰ رَبُّهُۥٓ إِن طَلَّقَكُنَّ أَن يُبۡدِلَهُۥٓ أَزۡوَٰجًا خَيۡرًا مِّنكُنَّ مُسۡلِمَٰتٍ

যা-লিকা জোয়াহীর্। ৫। 'আসা- রব্বুহূ ~ ইন্ ত্বোয়াল্লাক্বকুন্না আঁই ইয়ুব্‌দি লাহূ ~ আয্ওয়া-জ্বান্ খইরাম্ মিন্‌কুন্না মুস্‌লিমা -তিম্
সাহায্যকারী। (৫) যদি নবী তোমাদেরকে তালাক দিয়ে দেন, তবে তাঁর রব আরও উত্তম স্ত্রীর ব্যবস্থা করবেন, যারা

مُّؤۡمِنَٰتٍ قَٰنِتَٰتٍ تَٰٓئِبَٰتٍ عَٰبِدَٰتٍ سَٰٓئِحَٰتٍ ثَيِّبَٰتٍ وَأَبۡكَارًا ۝٥ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ

মু"মিনা-তিন্ ক্বা-নিতা-তিন্ তা — য়িবা-তিন্ 'আ-বিদা-তিন্ সা — য়িহা-তিন্ ছাইয়িবা-তিঁও অ আব্‌কা-র-। ৬। ইয়া ~ আইয়্যুহাল্লাযীনা আ-মানূ
মুসলিমা, মু'মিনা, অনুগতা, তাওবাকারীনি, ইবাদাতকারীনি, রোযাদার, অকুমারী ও কুমারী। (৬) হে মু'মিনরা! জাহান্নামের

قُوٓاْ أَنفُسَكُمۡ وَأَهۡلِيكُمۡ نَارًا وَقُودُهَا ٱلنَّاسُ وَٱلۡحِجَارَةُ عَلَيۡهَا مَلَٰٓئِكَةٌ غِلَاظٌ

ক্বূ ~ আন্‌ফুসাকুম্ অআহ্‌লীকুম্ না-রঁও অক্বূ দুহান্ না-সু অল্‌হিজ্বা-রতু 'আলাইহা-মালা — য়িকাতুন্ গিলা-জুন্
আগুন থেকে নিজদেরকে ও স্বজনদেরকে রক্ষা কর, যার ইন্ধন মানুষও পাথর, যেখানে নিয়োজিত আছে কঠোর, নির্মম,

شِدَادٌ لَّا يَعۡصُونَ ٱللَّهَ مَآ أَمَرَهُمۡ وَيَفۡعَلُونَ مَا يُؤۡمَرُونَ ۝٦ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ كَفَرُواْ

শিদাদুল্লা-ইয়া'ছূনাল্লা-হা মা ~ আমারহুম্ অইয়াফ্'আলূনা মা-ইয়ু'মারূন্। ৭। ইয়া ~ আইয়্যুহাল্ লাযীনা কাফারূ
ও শক্তিশালী ফেরেশ্‌তারা, যারা আল্লাহর আদেশকে তৎক্ষণাৎ মান্য করে, কখনও অমান্য করে। (৭) হে কাফেররা!

১ ع ৭ ১৯ রুকু

لَا تَعۡتَذِرُواْ ٱلۡيَوۡمَۖ إِنَّمَا تُجۡزَوۡنَ مَا كُنتُمۡ تَعۡمَلُونَ ۝٧ يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ

লা-তা'তাযিরুল্ ইয়াওম্; ইন্নামা-তুজ্ যাওনা মা-কুন্‌তুম্ তা'মালূন্। ৮। ইয়া ~ আইয়্যুহাল্ লাযীনা আ-মানূ
তোমরা আজ ওযর করো না, তোমাদেরকে তার প্রতিফল দেয়া হবে যা তোমরা করতে। (৮) হে মু'মিনরা! আল্লাহর

تُوبُوٓاْ إِلَى ٱللَّهِ تَوۡبَةً نَّصُوحًا عَسَىٰ رَبُّكُمۡ أَن يُكَفِّرَ عَنكُمۡ سَيِّـَٔاتِكُمۡ وَيُدۡخِلَكُمۡ

তূবূ ~ ইলাল্লা-হি তাওবাতান্নাছূহা-; 'আসা-রব্বুকুম্ আঁই ইয়ুকাফ্‌ফির 'আন্‌কুম্ সাইয়িয়া-তিকুম্ অইয়ুদ্‌খিলাকুম্
কাছে খাঁটিভাবে তওবা কর, আশা করা যায় তোমাদের রব তোমাদের পাপসমূহ মার্জনা করবেন এবং এমন জান্নাতে

جَنَّٰتٍ تَجۡرِي مِن تَحۡتِهَا ٱلۡأَنۡهَٰرُ يَوۡمَ لَا يُخۡزِي ٱللَّهُ ٱلنَّبِيَّ وَٱلَّذِينَ

জান্না-তিন্ তাজ্ রি মিন্ তাহ্‌তিহাল্ আন্‌হা-রু ইয়াওমা লা-ইয়ুখ্‌যিল্লা-হুন্ নাবিইয়া, অল্লাযীনা
দাখিল করবেন, যার নিচ দিয়ে ঝর্ণাধারা প্রবাহিত, সেদিন আল্লাহ নবীকে ও তাঁর ঈমানদার সঙ্গীদেরকে লজ্জিত করবেন না,

ءَامَنُواْ مَعَهُۥۖ نُورُهُمۡ يَسۡعَىٰ بَيۡنَ أَيۡدِيهِمۡ وَبِأَيۡمَٰنِهِمۡ يَقُولُونَ رَبَّنَآ

আ-মানূ মা'আহূ নূরুহুম্ ইয়াস্'আ-বাইনা আইদীহিম্ অবিআইমা নিহিম্ ইয়াক্বূলূনা রব্বানা ~
তাদের নূর তাদের সামনে ও তাদের ডানে ছোটাছুটি করবে; তারা বলবে, হে আমাদের রব! নূরকে পূর্ণ করে দিন, আমাদেরকে

أَتْمِمْ لَنَا نُورَنَا وَاغْفِرْ لَنَا ۖ إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٩﴾ يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ

আত্‌মিম্‌ লানা-নূরানা- ওয়াগ্‌ফির্‌ লানা- ইন্নাকা 'আলা-কুল্লি শাইয়িন্‌ ক্বদীর্‌। ৯। ইয়া ~ আইয়্যুহান্নাবিয়্যু জ্বা-হিদিল্‌ কুফ্‌ফা-রা

ক্ষমা করে দিন, আপনি তো সর্বশক্তিমান। (৯) হে নবী! কাফেরের সাথে তরবারী[১] দ্বারা আর মুনাফিকদের বিরুদ্ধে কথার দ্বারা

وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ ۚ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ ۖ وَبِئْسَ الْمَصِيرُ ﴿١٠﴾ ضَرَبَ اللَّهُ

অল্‌ মুনা-ফিক্বীনা অগ্‌লুজ্‌ 'আলাইহিম্‌; অমা"ওয়া-হুম্‌ জ্বাহান্নাম্‌; অবি"সাল্‌ মাছীর্‌। ১০। দ্বোয়ারবাল্লা-হু

যুদ্ধ কর, কঠোর হও। নিঃসন্দেহে তাদের আবাস স্থল জাহান্নাম, সেটি কতই না নিকৃষ্ট স্থান! (১০) আল্লাহ কাফেরদের

مَثَلًا لِّلَّذِينَ كَفَرُوا امْرَأَتَ نُوحٍ وَامْرَأَتَ لُوطٍ ۖ كَانَتَا تَحْتَ عَبْدَيْنِ مِنْ

মাছালাল্‌ লিল্লাযীনা কাফারুম্‌ রয়াতা নূহিঁও অম্‌রয়াতা লূত্‌; কা-নাতা তাহ্‌তা 'আব্‌দাইনি মিন্‌

জন্য নূহের স্ত্রীর এবং লূতের স্ত্রীর দৃষ্টান্ত পেশ করছেন[২], তারা দুজন আমার সৎ ব্যক্তিদের মধ্য হতে দু সৎ ব্যক্তির অধীনে ছিল;

عِبَادِنَا صَالِحَيْنِ فَخَانَتَاهُمَا فَلَمْ يُغْنِيَا عَنْهُمَا مِنَ اللَّهِ شَيْئًا وَقِيلَ ادْخُلَا النَّارَ

ই'বাদিনা-ছোয়া-লিহাইনি ফাখানাতা-হুমা-ফালাম্‌ ইয়ুগ্‌নিয়া-'আন্‌হুমা-মিনাল্লা-হি শাইয়াঁও অক্বীলাদ্‌ খুলা ন্না-র

কিন্তু তারা উভয়েই তাদের হক নষ্ট করেছিল, ফলে নবীদ্বয় তাদের উভয়কে আল্লাহর শাস্তি হতে বাঁচাতে পারল না, বলা হল, জাহান্নামে

مَعَ الدَّاخِلِينَ ﴿١١﴾ وَضَرَبَ اللَّهُ مَثَلًا لِّلَّذِينَ آمَنُوا امْرَأَتَ فِرْعَوْنَ إِذْ

মা'আদ্‌ দা-খিলীন্‌। ১১। অদ্বোয়ারবাল্লা-হু মাছালাল্‌ লিল্লাযীনা আ-মানুম্‌ রয়াতা ফির'আউন্‌। ইয্‌

প্রবেশকারীদের সঙ্গে তোমরাও জাহান্নামে প্রবেশ কর। (১১) আর আল্লাহ মু'মিনদের জন্য উপমা দেন ফেরাউনের স্ত্রী

قَالَتْ رَبِّ ابْنِ لِي عِندَكَ بَيْتًا فِي الْجَنَّةِ وَنَجِّنِي مِن فِرْعَوْنَ وَعَمَلِهِ

ক্বা-লাত্‌ রব্বিব্‌নি লী 'ইন্‌দাকা বাইতান্‌ ফিল্‌ জ্বান্নাতি অনাজ্ব্‌জ্বিনী মিন্‌ ফির'আউনা অ 'আমালিহী

আছিয়ার অবস্থা সে বলল, হে রব! আপনার কাছে বেহেশ্‌তে আমার জন্য একখানা ঘর বানান[৩], আমাকে মুক্তি দিন

وَنَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ ﴿١٢﴾ وَمَرْيَمَ ابْنَتَ عِمْرَانَ الَّتِي أَحْصَنَتْ فَرْجَهَا

অনাজ্ব্‌জ্বিনী মিনাল্‌ ক্বওমিজ্‌ জোয়া-লিমীন। ১২। অমার্‌ইয়ামাব্‌নাতা 'ইম্‌র-নাল্‌ লাতী ~ আহ্‌ছোয়ানাত্‌ ফার্‌জ্বাহা-

ফেরাউন ও তার দুষ্কর্ম হতে, আমাকে জালিমদের হাত থেকে উদ্ধার করুন। (১২) আর মরিয়ম বিন্‌তে ইমরানের অবস্থা

فَنَفَخْنَا فِيهِ مِن رُّوحِنَا وَصَدَّقَتْ بِكَلِمَاتِ رَبِّهَا وَكُتُبِهِ وَكَانَتْ مِنَ الْقَانِتِينَ ★

ফানাফাখ্‌না- ফীহি মির্‌ রূহিনা- অছোয়াদ্দাক্বত্‌ বিকালিমা-তি রব্বিহা-অকুতুবিহী অকা-নাত্‌ মিনাল্‌ ক্ব-নিতীন্‌।

যে তার সতীত্ব রক্ষা করেছে, অনন্তর আমি তাতে রূহ্‌ ফুঁকিয়েছি, রবের বাণী ও তাঁর কিতাবকে সত্য বলে গ্রহণ করেছে, সে ছিল অনুগতা[৪]।

রুকু ২ ৫ ২০

টীকা-(১)ঃ কাফেরদের সাথে যুদ্ধ তরবারি দিয়ে আর মুনাফিকদের সাথে দলীল প্রমাণ ও সীমা নির্ধারণ করা দিয়ে হবে। (জাঃ বয়াঃ)
২। অর্থাৎ যেভাবে নূহ (আঃ) ও লূত (আঃ) এর স্ত্রীরা নবীর সান্নিধ্যে থাকার পরও তাদের কোন উপকারে আসে নি। তেমনি কাফেররা মুসলমানদের সাথে থাকলেও তাদের কোন উপকার হবে না, যে পর্যন্ত তাদের অন্তরে ঈমান না থাকবে। (৩) ফেরাউনের স্ত্রী বিবি আছিয়া হযরত মূসা (আঃ) কে লালন-পালন করেছিলেন এবং তাঁর সাহায্যকারিণী ছিলেন। ঈমানের কথা বলায় ফেরাউন তাঁকে হত্যা করলে তিনি শাহাদত বরণ করলেন। (৪) এ দৃষ্টান্তটি মুমিনদের সান্ত্বনার জন্য বর্ণনা করলেন যে, কাফেরদের মধ্যে যদি থাকেও তাতে তাদের কোন ক্ষতি নেই, যতক্ষণ তারা কাফেরদের মুখাপেক্ষী ন হয়। (ইবঃ কাঃ)

পারা ২৯

সূরা মুল্‌ক্
মক্কাবতীর্ণ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম

পরম করুণাময় ও দয়ালু আল্লাহর নামে

আয়াত ঃ ৩০
রুকূ ঃ ২

تَبٰرَكَ الَّذِىْ بِيَدِهِ الْمُلْكُ وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ۝١ الَّذِىْ خَلَقَ

১। তাবা-রকাল্লাযী বিইয়াদিহিল্ মুল্‌কু অহুওয়া 'আলা কুল্লি শাইয়িন্ ক্বদীরু। ২। নিল্লাযী খলাক্বল্
(১) বরকতময় সেই সত্তা, যাঁর হস্তে নিহিত রয়েছে সর্বময় কর্তৃত্ব। তিনি সর্বশক্তিমান। (২) যিনি মৃত্যু ও জীবন সৃষ্টি করলেন,

الْمَوْتَ وَالْحَيٰوةَ لِيَبْلُوَكُمْ اَيُّكُمْ اَحْسَنُ عَمَلًا ۗ وَهُوَ الْعَزِيْزُ الْغَفُوْرُ ۝٢ الَّذِىْ خَلَقَ

মাওতা অল্ হাইয়া-তা লিইয়াব্‌লুয়াকুম্ আইয়্যুকুম্ আহ্‌সানু 'আমালা-; অহুওয়াল্ 'আযীযুল্ গফূরু। ৩। আল্লাযী খলাক্ব
তোমাদের মধ্যে আমলের দিক দিয়ে কে শ্রেষ্ঠ তা পরীক্ষা করার জন্য, তিনি মহা পরাক্রমশালী, পরম ক্ষমাশীল। (৩)

سَبْعَ سَمٰوٰتٍ طِبَاقًا ۗ مَا تَرٰى فِىْ خَلْقِ الرَّحْمٰنِ مِنْ تَفٰوُتٍ ۗ فَارْجِعِ الْبَصَرَ ۙ

সাব্‌'আ সামা-ওয়া-তিন্ ত্বিবা-ক্ব-; মা-তার-ফী খল্‌ক্বির্ রহ্‌মানি মিন্ তাফা-ওয়ুত্; ফার্‌জ্বি'ঈ'ল্ বাছোয়ার
যিনি সাত আসমানকে সৃষ্টি করেছেন স্তরে স্তরে. তুমি আল্লাহর এ সৃষ্টিতে কোন খুঁত দেখতে পাবে না, সুতরাং তুমি পুনঃ

هَلْ تَرٰى مِنْ فُطُوْرٍ ۝٣ ثُمَّ ارْجِعِ الْبَصَرَ كَرَّتَيْنِ يَنْقَلِبْ اِلَيْكَ الْبَصَرُ خَاسِئًا

হাল্ তার-মিন্ ফুতূ্‌র্। ৪। ছুম্মার্ জ্বি'ইল্ বাছোয়ার কার্‌রতাইনি ইয়ান্‌ক্বলিব্ ইলাইকাল্ বাছোয়ারু খ-সিয়াঁও
দৃষ্টি ফেরাও, কোন ত্রুটি দৃষ্টিগোচর হয় কি? (৪) বার বার দৃষ্টি ফেরিয়ে দেখ, সে দৃষ্টি শ্রান্ত ও ক্লান্ত হয়ে তোমার দিকে

وَّهُوَ حَسِيْرٌ ۝٤ وَلَقَدْ زَيَّنَّا السَّمَآءَ الدُّنْيَا بِمَصَابِيْحَ وَجَعَلْنٰهَا رُجُوْمًا لِّلشَّيٰطِيْنِ

অহুওয়া হাসীর্। ৫। অলাক্বদ্ যাইয়্যান্নাস্ সামা — য়াদ্ দুন্‌ইয়া-বিমাছোয়া-বীহা অজ্বা'আল্‌নাহা-রুজূ্‌মাল্ লিশ্‌শাইয়াত্বীনি
ফিরে আসবে। (৫) আর আমি নিকটতম আকাশকে প্রদীপসমূহ দ্বারা সুসজ্জিত করেছি এবং সেগুলোকে শয়তানের দিকে

وَاَعْتَدْنَا لَهُمْ عَذَابَ السَّعِيْرِ ۝٥ وَلِلَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ عَذَابُ جَهَنَّمَ ۗ وَ

অআ'তাদ্‌না-লাহুম্ 'আযা-বাস্ সা'ঈর্। ৬। অলিল্লাযীনা কাফারূ বিরব্বিহিম্ 'আযা-বু জ্বাহান্নাম্; অ
নিক্ষেপযোগ্য করেছি, তাদের জন্য জাহান্নামের শাস্তি তৈরি করে রেখেছি। (৬) রবের অস্বীকারকারীদের জন্য জাহান্নামের

بِئْسَ الْمَصِيْرُ ۝٦ اِذَآ اُلْقُوْا فِيْهَا سَمِعُوْا لَهَا شَهِيْقًا وَّهِىَ تَفُوْرُ ۝٧ تَكَادُ تَمَيَّزُ مِنَ

বি'সাল্ মাছীর্। ৭। ইযা ~ উল্‌ক্বূ ফীহা- সামি'ঊ লাহা-শাহীক্বঁও অহিয়া তাফূর্। ৮। তাকা-দু তামাইয়্যাযু মিনাল্
আযাব. তা কতই না মন্দ স্থান! (৭) তাতে নিক্ষিপ্ত হলে তারা বিকট শব্দ শুনবে, যা উথ্‌লাতে থাকবে। (৮) ক্রোধে যেন

আয়াত-১ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (ছঃ) বলেন, 'সূরা মুল্‌ক' কবর আযাব হতে রক্ষা করে। ইবনে আব্বাস (রাঃ) এক ব্যক্তিকে বললেন, আমি কি তোমাকে একটি হাদীস উপহার দিব যাতে তুমি সন্তুষ্ট হবে? সে বলল, হ্যাঁ দিন, তিনি বললেন, সূরা মুলক নিজে পড়, পরিবারের সকল ছেলে-মেয়েকে এবং প্রতিবেশিকেও শিখাও। কেননা এটি শাস্তি হতে নাজাত দিবে এবং কিয়ামত দিবসে আল্লাহর সাথে ঝগড়া করে জাহান্নামের আগুন হতে নাজাত দিবে। আর এর পাঠকারী কবর আযাব হতে মুক্তি পাবে। রাসূল (ছঃ) বলেন, আমি ভালবাসি যে, আমার প্রত্যেক উম্মতের অন্তরে যেন এই সূরা থাকে। (ফতঃ বয়াঃ) আয়াত-৫ ঃ কাতাদাহ (রাঃ) বলেন, তিন উদ্দেশে তারকারাজী সৃষ্টি করা হয়েছে (১) আসমানের সৌন্দর্য বৃদ্ধি করা, (২) শয়তানদেরকে দূরীভূত করা, (৩) পথিকের দিক নির্দেশনার জন্য। (ইবঃ কাঃ)

الْغَيْظِ ۖ كُلَّمَا أُلْقِيَ فِيهَا فَوْجٌ سَأَلَهُمْ خَزَنَتُهَا أَلَمْ يَأْتِكُمْ نَذِيرٌ ۝٨ قَالُوا بَلَىٰ

গাইজ্‌; কুল্লামা ~ উল্‌ক্বিয়া ফীহা- ফাওজুন্‌ সায়ালাহুম্‌ খাযানাতুহা ~ আলাম্‌ ইয়া'তিকুম্‌ নাযীর্‌। ৯। ক্বা-লূ বালা-
জাহান্নাম ফেটে পড়বে, নিক্ষিপ্ত দলকে রক্ষীরা বলবে, তোমাদের কাছে কি সতর্ককারী আসে নি? (৯) তারা বলবে, নিশ্চয়

قَدْ جَاءَنَا نَذِيرٌ فَكَذَّبْنَا وَقُلْنَا مَا نَزَّلَ اللَّهُ مِنْ شَيْءٍ إِنْ أَنْتُمْ إِلَّا فِي ضَلَالٍ كَبِيرٍ

ক্বদ্‌ জ্বা — য়ানা নাযীরুন্‌ ফাকায্‌যাব্‌না-অক্বু লনা-মা-নায্‌যালাল্লা-হু মিন্‌ শাইয়িন্‌ ইন্‌ আন্‌তুম্‌ ইল্লা-ফী দ্বোয়ালা-লিন্‌ কাবীর্‌।
সতর্ককারী এসেছে, কিন্তু আমরা মানি নি। বলেছি, আল্লাহ কিছুই নাযীল করেন নি, তোমরা মহা বিভ্রান্তিতে পড়ে আছ।

وَقَالُوا لَوْ كُنَّا نَسْمَعُ أَوْ نَعْقِلُ مَا كُنَّا فِي أَصْحَابِ السَّعِيرِ ۝١٠ فَاعْتَرَفُوا بِذَنْبِهِمْ ۝١١

১০। অক্বা-লূ লাও কুন্না নাস্‌মা'উ আও না'ক্বিলু মা-কুন্না ফী ~ আছ্‌হা-বিস্‌ সা'ঈর্‌। ১১। ফা'তারাফূ বিযাম্‌বিহিম্‌
(১০) আর তারা বলবে, যদি কথা শুনতাম বা বুঝতাম, তবে আমরা জাহান্নামী হতাম না। (১১) অনন্তর তারা তাদের

فَسُحْقًا لِأَصْحَابِ السَّعِيرِ ۝١١ إِنَّ الَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُمْ بِالْغَيْبِ لَهُمْ مَغْفِرَةٌ

ফাসুহ্‌ক্বল্‌ লিআছ্‌হা-বিস্‌ সা'ঈর্‌। ১২। ইন্নাল্লাযীনা ইয়াখ্‌শাওনা রব্বাহুম্‌ বিল্‌গইবি লাহুম্‌ মাগ্‌ফিরতুঁও
অপরাধ স্বীকার করবে। ধিক্কার দোযখীদের প্রতি! (১২) নিশ্চয়ই যারা না দেখে তাদের রবকে ভয় করে তাদের জন্য ক্ষমা

وَأَجْرٌ كَبِيرٌ ۝١٢ وَأَسِرُّوا قَوْلَكُمْ أَوِ اجْهَرُوا بِهِ ۖ إِنَّهُ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ۝١٣ أَلَا

অআজ্‌রুন্‌ কাবীর্‌। ১৩। অআসিররূ ক্বওলাকুম্‌ আওয়িজ্‌হারূ বিহ্‌; ইন্নাহূ 'আলীমুম্‌ বিযা-তিছ্‌ ছুদূর্‌। ১৪। আলা-
ও মহাপুরস্কার। (১৩) আর তোমরা তোমাদের কথা গোপনে বল বা প্রকাশ্যে বল, তিনিই তো অন্তর্যামী। (১৪) তিনি কি

يَعْلَمُ مَنْ خَلَقَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ ۝١٤ هُوَ الَّذِي جَعَلَ لَكُمُ الْأَرْضَ ذَلُولًا

ইয়া'লামু মান্‌ খলাক্ব্‌; অহুওয়াল্‌ লাত্বীফুল্‌ খবীর্‌। ১৫। হুওয়াল্লাযী জ্বা'আলা লাকুমুল্‌ আর্‌দ্বোয়া যালূলান্‌
জানেন না, যিনি সৃষ্টি করলেন? তিনি সূক্ষ্মদর্শী, জ্ঞাতা। (১৫) তিনিই তোমাদের জন্য ভূমিকে করেছেন ব্যবহারযোগ্য

ع ১৪ ১ রুকু

فَامْشُوا فِي مَنَاكِبِهَا وَكُلُوا مِنْ رِزْقِهِ ۖ وَإِلَيْهِ النُّشُورُ ۝١٥ أَأَمِنْتُمْ مَنْ فِي السَّمَاءِ

ফা মৃশূ ফী মানা-কিবিহা-অকুলূ মির্‌ রিয্‌ক্বিহ্‌; অইলাইহিন্‌ নুশূর্‌। ১৬। আ আমিন্‌তুম্‌ মান্‌ ফিস্‌ সামা — য়ি
তোমরা দিগন্তে বিচরণ কর, রিযিক খাও, তারই কাছে যাবে। (১৬) তোমরা কি নিশ্চিত হয়েছ যে, আকাশে যিনি আছেন

أَنْ يَخْسِفَ بِكُمُ الْأَرْضَ فَإِذَا هِيَ تَمُورُ ۝١٦ أَمْ أَمِنْتُمْ مَنْ فِي السَّمَاءِ أَنْ يُرْسِلَ

আইয়্যাখ্‌সিফা বিকুমুল্‌ আর্‌দ্বোয়া ফা ইযা-হিয়া তামূর্‌। ১৭। আম্‌ আমিন্‌তুম্‌ মান্‌ ফিস্‌ সামা — য়ি আইঁ ইয়ুর্‌সিলা
তিনি তোমাদেরকেসহ ভূমি ধসাবেন না আর তা কাঁপবে; (১৭) না কি নিশ্চিত যে, আকাশে যিনি আছেন তিনি কংকর

عَلَيْكُمْ حَاصِبًا ۖ فَسَتَعْلَمُونَ كَيْفَ نَذِيرِ ۝١٧ وَلَقَدْ كَذَّبَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ

'আলাইকুম্‌ হা-ছিবা-; ফাসাতা'লামূনা কাইফা নাযীর্‌। ১৮। অলাক্বদ্‌ কায্‌যাবাল্‌ লাযীনা মিন্‌ ক্বব্‌লিহিম্‌
বর্ষাবেন না? বুঝবে, সুতরাং শীঘ্রই কেমন সতর্ককারী ছিল! (১৮) আর পূর্ববর্তীরা মিথ্যারোপ করেছিল, ফলে কেমন হয়েছিল

